
(d)—

RULE 51.—The members of the General Committees shall hold office for one year only, but shall be eligible for re-appointment.

RULE 52.—Save in the case of illness, a member of a General Committee who, without the previous permission of the District Board, shall fail to attend six consecutive meetings of such Committee, shall thereby cease to be a member, and the Committee shall apply to the Board to appoint another member in his place.

RULE 53.—The District Board may from time to time delegate to one or more of its members the duty of inspecting any work which is being carried out under its orders, or any institution under its control and management.

Proceedings of Committees.

RULE 54.—A Committee may meet and adjourn as it thinks proper.

RULE 55.—The quorum of a Committee shall be three members.

RULE 56.—A Committee may elect a Chairman of its meetings.

RULE 57.—If no Chairman is elected, or if the Chairman elected is not present at the time for holding any meeting, the members present shall choose one of their number to be Chairman.

RULE 58.—Every question at a meeting shall be determined by a majority of the votes of the members present and voting on that question.

RULE 59.—In case of an equal division of votes, the Chairman shall have a second or casting vote.

CLAUSE (e).

Powers of Chairman.

RULE 60.—The Chairman of the District Board is empowered to enter into contracts relating to works and expenditure sanctioned by the Board in respect of sums or involving values not exceeding Rs. 500.

RULE 61.—The general superintendence and control of the establishment maintained by the District Board shall vest in, and be exercised by, the Chairman.

RULE 62.—Subject to any resolutions which the District Board may from time to time pass, the general powers of control and administration which are vested or may be vested in the Board under Part III, Chapter 1 of the Act, shall be exercised by the Chairman.

RULE 63.—Subject to any resolution which the Board may pass from time to time, the general powers of control over the proceedings of inferior local authorities, conferred on the District Board by the Act, may be exercised by the Chairman.

MODEL RULES UNDER SECTION 32.

RULE 64.—The powers of the Vice-Chairman shall be such as the Chairman may by an order in writing delegate to him from time to time. Such powers may at any time be withdrawn or modified by an order similarly made: Provided that nothing done by the Vice-Chairman with the express or implied consent of the Chairman shall be invalid for want of such written order.

CLAUSE (f).

The persons by whom receipts shall be granted for money received under the Act.

RULE 65.—Receipts for money received under the Act shall be signed by the Chairman, Vice-Chairman, or, when a Secretary has been appointed, by the Secretary of the Board.

CLAUSE (g).

The duties, appointment, leave, suspension and removal of the officers and servants of the Board.

RULE 66.—Subject to the scale of establishment laid down by the District Board, the Chairman may appoint and dismiss all officers whose salary is less than Rs. 50 per month: Provided that all dismissals must be reported to the next ordinary meeting for confirmation.

[*Government Gazette, 9th November* 1886.]

৫০ ধারা।— কমিটীর কার্য্য নিম্নলিখিত রূপ হইবে।—

(ক)—

(খ)—

(গ)—

(ঘ)—

৫১ ধারা।—সাধারণ কমিটীর সভ্যেরা এক বৎসরের জন্য পদ ধারণ করিবেন। কিন্তু তাঁহারা পুনর্নিয়োগের অধিকারী হইবেন।

৫২ ধারা।—পীড়া ভিন্ন অন্য স্থলে সাধারণ কমিটীর কোন সভ্য যদি জিলাবোর্ডের অনুমতি পূর্ব্বে না লইয়া ক্রমানুয়ে এরূপ কমিটীর ছয় অধিবেশনে উপস্থিত না হন তাহা হইলে তিনি তজ্জন্য আর সভ্য রহিবেন না। এবং কমিটী তাঁহার স্থানে আর এক জন সভ্য নিযুক্ত করিবার জন্য বোর্ডের নিকট প্রার্থনা করিবেন।

৫৩ ধারা।—জিলাবোর্ড সময়ে সময়ে আপন আজ্ঞাধীনে যে সকল কার্য্য সম্পাদিত হইতেছে তাহার অথবা যে সকল বিদ্যালয়াদি আপন কর্ত্তৃত্ব বা তত্ত্বাবধারণাধীনে থাকে তাহার তত্ত্বাবধারণের ভার এক বা ততোধিক সভ্যের হস্তে অর্পণ করিতে পারিবেন।

কমিটী সমূহের কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।—

৫৪ ধারা।—কমিটী যেরূপ উচিত বিবেচনা করেন সেই রূপ অধিবেশন করিতে ও দিনান্তর ধার্য্য করিতে পারিবেন।

৫৫ ধারা।—তিন জন সভ্য উপস্থিত না থাকিলে কমিটীর কার্য্য চলিতে পারিবে না।

৫৬ ধারা।—অধিবেশন কালের জন্য কমিটী সভাপতি মনোনীত করিতে পারিবেন।

৫৭ ধারা।—যদি কোন সভাপতি মনোনীত করা না হয়, কিম্বা মনোনীত সভাপতি যদি কোন সভা বসিবার সময় উপস্থিত না থাকেন, তাহা হইলে উপস্থিত সভ্যগণ আপনাদিগের মধ্য হইতে এক জনকে সভাপতি মনোনীত করিয়া লইবেন।

৫৮ ধারা।—সভায় উত্থাপিত প্রত্যেক বিষয় যে সকল সভ্য উপস্থিত থাকেন এবং উক্ত বিষয়ে মতামত প্রদান করেন তাঁহাদের অধিকাংশের মত লইয়া স্থিরীকৃত হইবে।

৫৯ ধারা।—যদি দুই দিকে সমান সংখ্যার মত প্রকাশ হইয়া থাকে তাহা হইলে সভাপতি দ্বিতীয় মত জানাইতে পারিবেন ও তাঁহার মত প্রবল হইবে।

(ঙ) প্রকরণ।

সভাপতির ক্ষমতার কথা।

৬০ ধারা।—জিলাবোর্ডের সভাপতি বোর্ড যে সকল কার্য্য অথবা ব্যয় মঞ্জুর করিয়াছেন তৎসম্বন্ধে পাঁচশত টাকার অনধিক টাকা বা মূল্যের চুক্তি করিতে ক্ষমতা প্রাপ্ত হইবেন।

৬১ ধারা।—জিলা বোর্ডের অধীন সেরেস্তার সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানের ভার সভাপতির উপর অর্পিত হইবে ও তিনি তদনুসারে কার্য্য করিবেন।

৬২ ধারা।—আইনের ৩ ভাগের ১ অধ্যায়মতে তত্ত্বাবধান ও কার্য্য নির্ব্বাহের যে সাধারণ ক্ষমতা বোর্ডের উপর অর্পিত হইয়াছে বা হইবে জিলাবোর্ড সময়েং যে নির্দ্ধারণ পাস করেন তদধীনে সভাপতি ঐ সকল ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন।

৬৩ ধারা।—আইনে নিম্নস্থ স্থানীয় কর্তৃপক্ষের কার্য্যপ্রণালীর উপর তত্ত্বাবধানের যে সকল সাধারণ ক্ষমতা বোর্ডের উপর অর্পিত হইয়াছে বোর্ড সময়েং যে সকল নির্দ্ধারণ পাস করেন তদধীনে সভাপতি সেই সকল ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন।

৩২ ধারামত আদর্শবিধি।

৬৪ ধারা।—সভাপতি সময়েং লিখিত আজ্ঞাদ্বারা যে সকল ক্ষমতা প্রতিনিধি সভাপতির উপর অর্পণ করেন সেই সকল ক্ষমতাই প্রতিনিধি সভাপতির হইবে। ঐরূপে কৃত আজ্ঞাদ্বারা ঐ সকল ক্ষমতা সময়েং রহিত ও পরিবর্ত্তিত হইতে পারিবে। কিন্তু প্রতিনিধি সভাপতি সভাপতির স্পষ্ট অথবা ভাবতঃ সম্মতি অনুসারে যে কার্য্য করেন তাহা এইরূপ লিখিত আজ্ঞার অভাব প্রযুক্ত অসিদ্ধ হইবে না।

(চ) প্রকরণ।—

আইনমতে গৃহীত টাকার জন্য যে সকল ব্যক্তি রসীদ দিতে পারিবে তাহাদের কথা।

৬৫ ধারা।—বোর্ডের সভাপতি প্রতিনিধি সভাপতি অথবা যে স্থলে সেক্রেটরী নিযুক্ত হইয়াছেন সে স্থলে সেক্রেটরী আইনমতে গৃহীত টাকার রসীদে স্বাক্ষর করিবেন।

(ছ) প্রকরণ—

বোর্ডের কর্ম্মচারী ও চাকরদের কর্ত্তব্য নিয়োগ, ছুটী, স্থগিত করণ, ও অবসর করণের বিধি।

৬৬ ধারা।—জিলা বোর্ড যেরূপ সেরেস্তা নির্দ্দিষ্ট করিয়া দেন তদধীনে সভাপতি মাসিক পঞ্চাশ টাকার ন্যূন বেতনের কর্ম্মচারীদিগকে নিয়োগ করিতে বা অবসর দিতে পারিবেন কিন্তু অবসর প্রদান করিলে উহা দৃঢ়ী করণার্থ পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে রিপোর্ট করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ৯ নবেম্বর।]

RULE 67.—Except as otherwise provided in the Act or the General Rules, the appointment and dismissal of officers and servants of the Board employed on a salary of Rs. 50 or upwards shall rest with the District Board.

RULE 68.—Except as otherwise provided in the General Rules, the Chairman may suspend any officer or servant of the Board for misconduct or incompetence: Provided that the matter shall be laid before the Board for orders at their next ordinary meeting.

RULE 69.—Casual leave for a period not exceeding seven days at any one time, or 15 days in 12 months, and leave on medical certificate for any period not exceeding a month, may be granted by the Chairman with or without pay, and with or without the appointment of a substitute, to any officer or servant of the Board. All other leave must be granted by the Board at a meeting.

RULE 70.—Except as otherwise provided by the Act and the General Rules, all persons employed by the Board, whose services may be no longer required, shall be liable to discharge after the receipt of one month's notice, or one month's pay in lieu of notice; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for he period of one month, on pain of forfeiture of a month's salary.

RULE 71.—The Board shall have power to inflict for neglect of duty a fine not exceeding one month's pay upon any officer or servant employed by them. This power shall be exercised by the Chairman; provided that the orders of the Chairman inflicting a fine on an officer drawing Rs. 50 per mensem or upwards shall be submitted for the confirmation of the Board at its next ordinary meeting.

RULE 72.—All officers and servants employed by the District Board shall, if required, furnish such security as the Board may from time to time fix.

[*Government Gazette*, 9*th November* 1886.]

৬৭ ধারা।—আইনে অথবা সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন সর্ব্বত্র পঞ্চাশ বা ততোধিক টাকা বেতনে নিযুক্ত বোর্ডের কার্য্যকারক বা চাকরের নিয়োগ বা অবসর করণ কার্য্য জিলা বোর্ডের হস্তে থাকিবে।

৬৮ ধারা।—সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন সভাপতি অসদাচরণ কিম্বা অযোগ্যতা নিবন্ধন বোর্ডের যে কোন কার্য্যকারক বা চাকরকে স্থগিত করিতে পারিবেন কিন্তু এই বিষয় পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে আজ্ঞার নিমিত্ত বোর্ডের সম্মুখে অর্পণ করিতে হইবে।

৬৯ ধারা।—সভাপতি প্রতিনিধি নিযুক্ত করিয়া অথবা না করিয়া পূর্ণ বেতন দিয়া অথবা বিনা বেতনে বোর্ডের যে কোন কার্য্যকারক বা চাকরকে এক সময়ে ৭ দিনের অনধিক কালের জন্য অথবা বার-মাসের মধ্যে ১৫ দিনের জন্য এবং চিকিৎসকের সার্টিফিকেটক্রমে এক মাসের অনধিক কালের নিমিত্ত ছুটী দিতে পারিবেন। এতদ্ভিন্ন অন্য ছুটী বোর্ডের অধিবেশনে প্রদত্ত হওয়া আবশ্যক।

৭০ ধারা।—আইনে এবং সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন বোর্ড কর্ত্তৃক নিযুক্ত যে সকল লোকের কার্য্যে আর প্রয়োজন নাই তাহাদিগকে এক মাসের নোটিস দিয়া অথবা নোটিসের পরি-বর্ত্তে এক মাসের মাহিয়ানা দিয়া অবসর প্রদান করা যাইতে পারিবে এবং এরূপ কোন ব্যক্তি পূর্ব্বে এক মাসের নোটিস না দিয়া আপন পদের কার্য্য করিতে বিরত হইলে তাহার এক মাসের মাহিয়ানা কর্ত্তন করা যাইবে।

৭১ ধারা।—বোর্ড কর্ত্তৃক নিযুক্ত কোন কার্য্যকারক বা চাকরের কর্ত্তব্য কার্য্যে অমনোযোগ হইলে বোর্ড উহার এক মাসের বেতনের অনধিক টাকা দণ্ড বিধান করিতে পারিবেন। সভাপতি এই ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন। কিন্তু পঞ্চাশ টাকা বা ততোধিক বেতনভোগী কোন কার্য্যকারকের উপর জরি-মানা করা সম্বন্ধে সভাপতির আজ্ঞা, দৃঢ়ীকরণার্থ বোর্ডের পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে অর্পণ করিতে হইবে।

৭২ ধারা।—প্রয়োজন হইলে জিলাবোর্ডের নিযুক্ত সমস্ত কার্য্যকারক ও চাকর বোর্ড সময়ে২ যেরূপ নির্ণয় করিয়া দেন সেইরূপ জামিন দিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৬। ৯ নবেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৬ সাল ৯ নবেম্বর ।

চতুর্থ খণ্ড ।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৬ সালের ২৫ আগষ্ট তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায় ।—

১৮৮৬ সালের ২০ নম্বর।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৮৬ সালের আইনের পাণ্ডুলিপি ।

সূচীপত্র।

প্রথম অধ্যায় ।

উপক্রমণিকা ।

দ্বিতীয় অধ্যায় ।

সকল যাত্রার নিমিত্ত বিধি।

তৃতীয় অধ্যায় ।

অল্পকালীন যাত্রা বিষয়ক বিধি ।

The Native Passengers Ships Bill, 1886.

চতুর্থ অধ্যায় ।

দীর্ঘকালীন যাত্রার বিধি ।

পঞ্চম অধ্যায় ।

দণ্ডের বিধি ।

কার্য্যপ্রণালী বিষয়ক বিধি ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৬ । ৯ নবেম্বর ।]

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি ।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, অতএব এতদ্দারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

প্রথম অধ্যায় ।

উপক্রমণিকা ।

সংক্ষেপ নাম ।

১ ধারা । এই আইন এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৮৬ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ।

আইন যত দূর ও যেং স্থলে বর্ত্তিবে তাহার কথা ।

২ ধারা । (১) এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইয়া এইং স্থলে বর্ত্তিবে,—

(ক) ভারত বর্ষের যেং রাজগণ ও যেং দেশাধিকারী শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ আছেন তাঁহাদের দেশান্তর্গত শ্রীশ্রীমতীর সকল প্রজার প্রতি,

(খ) ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে শ্রীশ্রীমতীর ভারতবর্ষদেশীয় সকল প্রজার প্রতি, ও

(গ) এই ধারার (২) প্রকরণের লিখিত যেং জাহাজ বর্জিত করা গেল তাহা ছাড়া, যেং জাহাজে আশিয়া কি আফ্রিকা দেশীয় ত্রিশ জনের অধিক "চড়নদার থাকে সেইং জাহাজের প্রতি বর্ত্তে ।

(২) কিন্তু নিম্নলিখিত কোন জাহাজ প্রভৃতির প্রতি এই আইন বর্ত্তিবে না,

(১) শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধজাহাজের কি সেনাদির গমনীয় জাহাজের কিম্বা শ্রীশ্রীমতীর কার্য্যে নিযুক্ত জাহাজের প্রতি, কিম্বা

(২) ভিন্ন দেশীয় কোন রাজার কি দেশাধিকারির কোন যুদ্ধজাহাজের প্রতি, কিম্বা

(৩) পাইলের যে জাহাজে আশিয়া কি আফ্রিকা দেশীয় চড়নদার বলিয়া ত্রিশ জনের অধিক না থাকে সেই জাহাজের প্রতি, কিম্বা

(৪) যে ষ্টীমরে ঐ দেশীয় চড়নদার বলিয়া যাইট জনের অধিক না থাকে সেই ষ্টীমরের প্রতি, কিম্বা

(৫) পাইলন্তরে গমনকারি যে জাহাজে কি যে ষ্টীমরে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে কি কোন বন্দরে চড়নদারদিগকে লইয়া যাইবার কল্পনা না থাকে, তাহার প্রতি ।

কিন্তু এই প্রকরণের (৩) ও (৪) দফা সম্পর্কে স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক আসিয়া বা আফ্রিকা দেশীয় ১৫ জনের অধিক চড়নদার লইয়া পাইলন্তরেগামি জাহাজ বা তদ্রূপ জাহাজের কোন শ্রেণীর প্রতি ও ঐং দেশীয় ৩০ জনের অধিক চড়নদার লইয়া গমনকারি ষ্টীমর বা কোন শ্রেণীর ষ্টীমরের প্রতি এই আইনের সকল বা কোন বিধান বর্ত্তিবে বলিয়া প্রকাশ করিতে পারিবেন ।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা ।

৩ ধারা । মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইন প্রচলিত হইবার যে দিন নিরূপণ করেন, সেই দিনাবধি ইহা প্রচলিত হইবে ।

যে আইন রহিত হইবে তাহার কথা।

৪ ধারা । (১) এই আইনের তফসীলের লিখিত আইন ঐ তফসীলের ৩ ঘরে যতদূর রহিত হইল বলিয়া নির্দিষ্ট হইল, উক্ত দিনাবধি ততদূর রহিত হইবে ।

(২) কিন্তু উক্ত কোন আইনমতে যেং বন্দর ও স্থান নিরূপিত ও যেং কার্য্যকারক নিযুক্ত হইল ও যেং বিধি ও নির্দ্দেশ করা গেল ও মুক্তি প্রদত্ত হইল ও যেং নিবন্ধপত্র সম্পাদিত হইল ও যেং আদেশ ও সর্টিফিকেট দেওয়া গেল, তাহা ও তাহারা যত দূর হইতে পারে এই আইনমতে ক্রমান্বয়ে নিরূপিত ও নিযুক্ত ও কৃত ও প্রদত্ত হইল ও সম্পাদিত হইল ও দেওয়া গেল বলিয়া জ্ঞান হইবে, ও

(৩) কোন আইনে বা দলীলে এতদ্দারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকিলে ঐ উল্লেখ এই আইনের বা ইহার সমতুল্য অংশের উল্লেখ বলিয়া অর্থ করিতে হইবে ।

অর্থকরণের কথা ।

৫ ধারা । এই আইনে বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে,

(১) যে ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের অন্যূন ক্ষমতামতে কার্য্য করেন " মাজিষ্ট্রেট " শব্দে তাঁহাকে জানিতে হইবে । এই শব্দের মধ্যে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসও গণ্য, এবং আদেন বন্দরে রেসিডেন্ট সাহেব বা কোন আসিষ্টান্ট রেসীডেন্ট সাহেব ও গণ্য ।

(২) দাড় টানিয়া যে নৌকাদি যায় তাহা ছাড়া জলপথে যাইবার নিমিত্ত যে জাহাজ প্রভৃতির ব্যবহার হয়, " জাহাজ " শব্দে তাহা জানিতে হইবে ।

(৩) আড়কাটী ছাড়া যে ব্যক্তি জাহাজের উপর কর্ত্তৃত্ব কি অধ্যক্ষতা করেন, " কাপ্তান " শব্দে সেই প্রত্যেক ব্যক্তি গণ্য ।

(৪) " চড়নদার " শব্দে দ্বাদশ বৎসরের অধিক বয়সের [illegible]ব্যক্তিকে, ও এক বৎসরাবধি দ্বাদশ বৎসর পর্য্যন্ত বয়সের দুইং ব্যক্তিকে জানিতে হইবে । কিন্তু যে ব্যক্তি আশিয়া কি আফ্রিকা দেশীয় লোক নহেন, তাহার চাকর হইয়া যে যায় সে, ও এক বৎসরের কম বয়সের বালক, এ শব্দের মধ্যে গণ্য নয় ।

(৫) জাহাজ যে বন্দরহইতে খুলিয়া যায় ও শেষে যে বন্দরে গিয়া পঁহুছিবে " যাত্রা " শব্দে ঐ দুই বন্দরের মধ্য সমুদয় পথ জানিতে হইবে ।

(৬) কোন স্থানে যাইতে হইলে সাধারণ গতিকে জাহাজের ১২০ ঘন্টা কি তাহার অধিককাল বন্দরের বাহিরে থাকিতে হইলে তাহা " দীর্ঘকালীন যাত্রা " বলিয়া জানিতে হইবে ।

(৭) কোন স্থানে যাইতে হইলে সাধারণ গতিকে জাহাজ কখন ক্রমাগত ১২০ ঘন্টা বন্দরের বাহিরে না থাকিলে তাহা " অল্পকালীন যাত্রা " বলিয়া জানিতে হইবে ।

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৮৬ । ৯ নবেম্বর ।]

উদাহরণ।

কোন জাহাজ ক নামক বন্দরহইতে খুলিয়া শেষে খ নামক বন্দরে গিয়া পঁহুছিবে, ঐ দুই বন্দরের মধ্যে যাইতে সাধারণ গতিকে দশ দিন লাগে। কিন্তু পথে যাইতে২ চারিটী বন্দরে থামিবে, উহার মধ্যে এক বন্দর হইতে অন্য বন্দরে যাইতে সাধারণ গতিকে পাঁচ দিনের অধিক লাগে না। এইটি অল্প কালীন যাত্রা।

(৮) এই আইন যে২ বন্দরে প্রচলিত হয়, তন্মধ্যে বন্দরের কষ্টমের কর্ম্মবিভাগে কর্ম্মনির্ব্বাহক যে কার্য্যকারক উচ্চতম শ্রেণীভুক্ত হন "কষ্টমের প্রধান কার্য্যকারক" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

দ্বিতীয় অধ্যায়।

সকল যাত্রার নিমিত্ত বিধি।

কেবল গবর্ণমেণ্টের নিরূপিত বন্দর হইতে জাহাজের যাইতে পারিবার কথা।

৬ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে২ বন্দর ও স্থান নিরূপণ করেন, কোন জাহাজ চড়নদারদিগকে লইয়া সেই২ স্থান ছাড়া অন্য কোন বন্দর কি স্থান হইতে যাত্রা করিতে কি খুলিয়া যাইতে কিম্বা কোন বন্দরে কি স্থানে চড়নদারদিগকে নামাইয়া দিতে পাইবে না।

(২) কোন জাহাজ পূর্ব্বোক্তমতে নিরূপিত কোন বন্দর কি স্থানহইতে খুলিয়া গেলে কি যাত্রা করিলে পর উক্ত প্রকারে নিরূপিত অন্য স্থানছাড়া কোন স্থানে কি বন্দরে চড়নদার বলিয়া কোন ব্যক্তিকে তুলিয়া লওয়া যাইবে না।

কাপ্তানের খুলিয়া যাইবার দিনের নোটিস দিতে হইবার কথা।

৭ ধারা। (১) কোন জাহাজ তদ্রূপে যাইতে কি যাত্রা করিতে উদ্যত হইলে স্থানীয় গবর্ণমেণ্ট এই কার্য্যপক্ষে যে কর্ত্তৃপক্ষকে ক্ষমতা দেন, ঐ জাহাজের কাপ্তান কি স্বামী কি এজেন্ট তাঁহাকে নোটিস দিয়া, ঐ জাহাজে এদেশীয় চড়নদারেরা যাইবে এই কথা, ও যে স্থানে যাইবে, ও যে সময়ে খুলিয়া যাইতে কল্পনা করেন তাহা জানাইবেন।

(২) খুলিয়া যাইবার পূর্ব্বে ন্যূনকল্পে [illegible] ঘণ্টা থাকিতে তাঁহার সেই নোটিস দিতে হইবে।

জাহাজে গিয়া দেখিবার ক্ষমতার কথা।

৮ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক কিম্বা তাঁহা হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, সেই নোটিস পাইলে পর কোন সময়ে জাহাজে গিয়া, ঐ জাহাজ ও মাল, সরঞ্জাম ও খাদ্যদ্রব্য প্রভৃতি দেখিয়া লইতে পারিবেন।

দুইখানি সর্টিফিকেট না পাইলে খুলিয়া না যাইবারকথা।

৯ ধারা। (১) যে জাহাজে চড়নদারদিগকে লইয়া যাইবার কল্পনা থাকে সেই জাহাজের কাপ্তান পশ্চাল্লিখিত দুইধারার লিখিতমর্ম্মে দুই খানি সর্টিফিকেট না পাইলে, এই আইনমতে নিরূপিত কোন বন্দর কি স্থান হইতে খুলিয়া যাইবেন না।

(২) ঐ বন্দরহইতে সেই জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া গবর্ণমেণ্টের যে কার্য্যকারকের কর্ত্তব্য হয়, ঐ কাপ্তান তদ্রূপ সর্টিফিকট না পাইলে তিনি সেই অনুমতিপত্র দিবেন না।

A চিহ্নিত সর্টিফিকেটের মর্ম্মের কথা।

১০ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারায় ঐ সর্টিফিকেটের মধ্যে প্রথম খানির "A,, চিহ্নিত সর্টিফিকেট" নাম দেওয়া গেল। ঐ সর্টিফিকেটে এই২ কথা লেখা থাকিবে; জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও তন্মধ্যে উপযুক্ত সংখ্যার খালাসী ও উপযুক্ত সামগ্রী ও সরঞ্জাম আছে, তাহাতে বাতাসও ভাল খেলে, ও এতজন চড়নদার লইয়া যাইতে পারে।

B চিহ্নিত সর্টিফিকেটের মর্ম্মের কথা।

১১ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারায় ঐ সর্টিফিকেটের মধ্যে দ্বিতীয় খানির " B চিহ্নিত সর্টিফিকেট " নাম দেওয়া গেল। তন্মধ্যে এই২ কথা লেখা থাকিবে,—

(ক) জাহাজের যে স্থানে যাইবার কল্পনা থাকে, ও মধ্যে কোন বন্দরে যাইবার মনস্থ থাকিলে, যে২ বন্দরে যাইবে।

(খ) যত জন মালিম ও খালাসী থাকা উচিত তত জনই আছে।

(গ) খালাসী প্রভৃতির জন্যে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানী কাষ্ঠ কি কয়লা ও যত জল আবশ্যক তাহার অতিরিক্ত আহারীয় দ্রব্যাদি আছে, এবং এই আইন মতে যে বিধি করা যায় সেই বিধিতে আর কোন দ্রব্য লওয়ার বিধান থাকিলে, ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই সকল দ্রব্য বস্তাদিতে ভালমতে বদ্ধ হইয়া জাহাজে দেওয়া গিয়াছে ও কল্পিত যাত্রায় কারাইণ্টাইনের নিমিত্ত সম্ভাবিত বিলম্ব কাল ধরিয়া যত দিন লাগে চড়নদারদের নিমিত্ত তত দিন যত দ্রব্যে কুলাইবে ঐ বিধিমতে যৎকালীন যে হার নির্দ্ধারিত হইল সেই হারানুসারে ঐ দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে।

(ঘ) কাপ্তানের নিকট A চিহ্নিত সর্টিফিকেট আছে।

(ঙ) ঝড়বৃষ্টির কালে অল্পকালীন যাত্রা করিবার ও পরের ডুতকে চড়নদারদিগকে লইবার কল্পনা থাকিলে ডুতকের দেয়ালের পার্শ্বের তক্তা অতিশক্ত আছে, ও দোহারা ছাউনি, ও ঝড় বৃষ্টি হইতে রক্ষা পাইবার উপযুক্ত অন্য উপায় আছে।

(চ) সুপ সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যে জাহাজের যাইতে হয় সেই জাহাজ হইলে ঐ জাহাজ প্রধানতঃ বাষ্প দ্বারা চালিত হয়, এবং তাহাতে এক শতের অধিক আশিয়ার বা আফ্রিকার অধিবাসী চড়নদার থাকিলে এই আইনমতে প্রণীত বিধিঅনুসারে লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক ঐ জাহাজে আছেন।

(ছ) ঐ২ বিধিক্রমে অন্য কোন বিষয় নির্দ্দিষ্ট হইলে সেই বিষয় সম্বন্ধীয় কথা।

সর্টিফিকেট পাইবার কথা।

১২ ধারা। ৭ ধারায় যে কার্য্যকারকের উল্লেখ হইয়াছে, A ও B চিহ্নিত সর্টিফিকেট তাঁহারই স্থানে পাইতে হইবে।

A চিহ্নিত সর্টিফিকেটের পরিবর্তে সর্টিফিকেট দিবার কথা।

১৩ ধারা। জাহাজেরকাপ্তান উক্ত কার্য্যকারককে নিম্নলিখিত সর্টিফিকেটের মধ্যে একখানি সর্টিফিকেট দেখাইলে। অর্থাৎ

(ক) বোর্ড ট্রেডের কিম্বা ব্রিটিষ কোন উপনিবেশের গবর্নমেণ্টের যে সর্টিফিকেট তৎকালে বলবৎ থাকে এমত সর্টিফিকেট দেখাইলে, কিম্বা

(খ) ব্রিটিষ ভারতবর্ষের কোন গবর্নমেণ্টের আজ্ঞাক্রমে দত্ত যে সর্টিফিকেটের তারিখ জাহাজ খুলিয়া যাইবার প্রস্তাবিত তারিখের পূর্ব্ব এক বৎসরের অনধিক না হয়, ও জাহাজ যে যাত্রায় গমন করিবে বা যে কার্য্যে নিযুক্ত হইবে তৎসম্বন্ধে বর্ত্তে ও বলবৎ থাকে এমত সর্টিফিকেট দেখাইলে,

ও তন্মধ্যে ১০ ধারার নির্দ্দিষ্ট সকল কথার সর্টিফিকেট থাকিলে,

ঐ কার্য্যকারক ঐ সকল কথার প্রমাণ স্বরূপ উক্ত সর্টিফিকেট লইতে পারিবেন, তাহা হইলে এই আইনের কার্য্যপক্ষে ঐ সর্টিফিকেট A চিহ্নিত সর্টিফিকেট বলিয়া জ্ঞান হইবে।

জাহাজের অবস্থানুসন্ধান লইতে পারিবার কথা।

১৪ ধারা। (১) ৭ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল, পূর্ব্বোক্ত কার্য্যকারক সেই নোটিস পাইলে পর, বিহিত বোধ করিলে, উপযুক্ত সরবেয়রদের দ্বারা ঐ জাহাজের অবস্থার অনুসন্ধান লইতে পারিবেন। ঐ কার্য্যের খরচ কাপ্তানের কি স্বামীর দিতে হইবে। ঐ সরবেয়রেরা বিবেচনায় জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও কল্পিত যাত্রা বিবেচনায় তন্মধ্যে উপযুক্ত সকল লোক ও দ্রব্যাদি আছে ও তাহাতে বাতাস ভালমতে খেলে কি না, তাঁহারা ঐ কার্য্যকারকের নিকট ইহার রিপোর্ট করিবেন।

কিন্তু ১৩ ধারার (ক) কিম্বা (খ) প্রকরণে যে সর্টিফিকেটের কথা লেখা আছে, কোন জাহাজের সেই সর্টিফিকেট থাকিলে তিনি সেই জাহাজের অবস্থার অনুসন্ধান লওয়াইবেন না। কিন্তু জাহাজের কোন হানি হওয়াপ্রযুক্ত কিম্বা তাহার কোন অংশ পরিবর্ত্তন হওয়াপ্রযুক্ত কিম্বা অন্য সঙ্গত কারণে সেই জাহাজ সমুদ্রে যাইবার অনুপযুক্ত কিম্বা কল্পিত যাত্রা বিবেচনায় তন্মধ্যে যত খালাসী প্রভৃতি ও যত সামগ্রী ও সরঞ্জাম থাকা উচিত তত খালাসী প্রভৃতি নাই ও তাহাতে বাতাস ভালমতে খেলে না, ইহা প্রকাশ হইবার সম্ভাবনা থাকিলে, তিনি অবস্থার অনুসন্ধান লওয়াইতে পারিবেন।

(২) কোন জাহাজের উক্ত প্রকারের সর্টিফিকেট থাকিলে ও উক্ত কার্য্যকারক ঐ জাহাজের অবস্থার অনুসন্ধান লওয়াইলে, ও জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও কল্পিত যাত্রা বিবেচনায় জাহাজে যত জন খালাসী প্রভৃতি ও যত সরঞ্জাম থাকা উচিত তাহা আছে, ও তাহাতে বাতাস ভালমতে খেলে, ও সেই জাহাজ সমুদ্রে যাইবার অনুপযুক্ত বলিয়া, কি কল্পিত যাত্রা বিবেচনায় উপযুক্ত সংখ্যার লোক ও উপযুক্ত সরঞ্জাম প্রভৃতি নাই ও তাহাতে বাতাস ভালমতে খেলে না বলিয়া উক্ত কার্য্যকারকের অনুভব করিবার সঙ্গত কোন কারণ ছিল না, ঐ সরবেয়রেরা এমত রিপোর্ট করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট হইতে ঐ অবস্থানুসন্ধান লওয়ার খরচ দেওয়া যাইবে।

সর্টিফিকেট দেওয়া বা না দেওয়া ঐ কার্য্যকারকের বিবেচনাধীন থাকিবার কথা।

১৫ ধারা। (১) যে কার্য্যকারক এই আইনমতে সর্টিফিকেট দিতে ক্ষমতাপন্ন হন, জাহাজের বোঝাই কোন দ্রব্যের গুণ কি পরিমাণ হেতুক কিম্বা তাহা যে প্রকারে খোলে রাখা গেল তদ্ধেতুক চড়নদারদের স্বাস্থ্যের কি নিরাপদের বিঘ্ন হইবে না, তিনি ইহা হৃদ্বোধমতে না জানিলে, ঐ সর্টিফিকেট দিবেন না।

(২) কিন্তু পূর্ব্বোক্ত স্থল ছাড়া ও (৩) প্রকরণের বিধান প্রবল মানিয়া, এই আইনমতে সর্টিফিকেট দেওয়া বা না দেওয়া উক্ত কার্য্যকারকের বিবেচনাধীন কার্য্য।

(৩) ঐ কর্ম্ম স্বীয় বিবেচনাধীনে করিতে গেলে, ঐ কার্য্যকারক স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে, ও ঐ গবর্ণমেণ্ট এই কার্য্য পক্ষে মধ্যবর্ত্তিস্বরূপ অন্য যে কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন তাঁহার কর্ত্তৃত্বাধীনে থাকিবেন।

সর্টিফিকটের নকল দেখাইতে হইবার কথা।

১৬ ধারা। কোন জাহাজ সম্পর্কে এই আইনমতে যে সর্টিফিকেট প্রদত্ত হয় ঐ জাহাজের সকল লোক যেন তাহা দেখিতে পান এই নিমিত্ত জাহাজের স্বামী কি কাপ্তান কোন প্রকাশ স্থানে উক্ত প্রত্যেক সর্টিফিকটের নকল লটকাইয়া, যত দিন যাত্রা করেন তত দিন সেই স্থানে রাখিবেন।

চড়নদারদের নিজং আহারীয় দ্রব্য লইবার কথা।

১৭ ধারা। আইনমতে যে বিধি করা যায় কোন চড়নদার সেই বিধিমতে যৎকালে যে প্রকারের যত আহারীয় দ্রব্য লইতে হইবে নিজ ব্যবহারের নিমিত্ত সেই প্রকারের তত জাহাজে লইয়াছেন, স্থানীয় গবর্ণমেণ্টঐ কার্য্যপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহারএই রূপ বিবেচনা থাকিলে, এই আইনে চড়নদারদের জল যোগাইয়া দিবার যে বিধি আছে তাহা ছাড়া সেই ব্যক্তির পক্ষে আহারীয় দ্রব্য যোগাইয়া দিবার বিধি খাটিবে না।

তৃতীয় অধ্যায়।

অল্পকালীন যাত্রা বিষয়ক বিধি।

চড়নদারেরা যত স্থান পাইবেন তাহার কথা।

১৮ ধারা। (১) সুকালে কোন জাহাজ অল্পকালীন যাত্রা করিলে; নীচের তুতকে যত জন চড়নদার যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ঐ তুতকে ন্যূনকল্পে বর্গ ছয় ফুট ও ঘন ৩৬ ফুট স্থান নিরূপিত থাকিবে, ও উপরের তুতকে ঐরূপ প্রত্যেক জনের নিমিত্তে বর্গ চারি ফুটের কমস্থান নিরূপণ হইবে না, ও উপরেরতুতকে যত জন চড়নদার যায় তাহাদের প্রত্যেক জনের জন্য বর্গ ছয় ফুট নিরূপণ থাকিবে।

(২) কাল মন্দ হইলে পাইলভরে চালিত জাহাজ যদি অল্পকালীন যাত্রায় যায়, তবে যে চড়নদারেরা নীচের তুতকে যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে তুতকে ন্যূনকল্পে বর্গ ১২ ফুট ও ঘন ৭২ ফুট স্থান ও উপরের তুতকে তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ চারি ফুটস্থান নিরূপণ থাকিবে, ও উপরের তুতকের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ ১২ ফুট স্থান নিরূপণ থাকিবে।

[গবর্নমেণ্ট গেজেট ১৮৮৬। ৯ নবেম্বর।]

(৩) কাল মন্দ হইলে, জাহাজ কেবল বাষ্পদ্বারা কিম্বা অংশতঃ বাষ্পের বলে ও অংশতঃ পাইলভরে চালিত হইলে ও অল্পকালের যাত্রায় গেলে, তাহার নীচের তুতকের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ ৯ ফুট ও ঘন ৫৪ ফুট স্থান থাকিবে, ও উপরের তুতকে উক্ত প্রকারের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ চারি ফুট স্থান ও উপরের তুতকের প্রত্যেক চড়নদারের নিমিত্ত বর্গ নয় ফুট স্থান নিরূপণ থাকিবে।

(৪) কিন্তু সেই প্রকার কালে উপরের তুতকের দেয়ালের ন্যায় যে তক্তা থাকে তাহা অতি শক্ত না হইলে ও দোহারা ছাউনী কিম্বা ঝড় বৃষ্টি হইতে আশ্রয় পাইবার উপযুক্ত অন্য উপায় না থাকিলে, উপরের তুতকে চড়নদার লইতে হইবে না।

১৯ ধারা। কোন জাহাজ অল্পকালীন যাত্রায় গেলে যদি লক্ষিত বন্দরে পঁহুছিবার পূর্ব্বে মধ্য কোন বন্দরে কি স্থানে আর চড়নদারদিগকে লয়, তবে কাপ্তান ঐ বন্দরের উপযুক্ত কার্য্যকারকের স্থানে পরিশিষ্ট সর্টিফিকেট লইবেন তন্মধ্যে এই২ কথা লেখা থাকিবে: —

মধ্য কোন বন্দরে জাহাজে আর চড়নদার লইবার কথা।

(ক) তদ্রূপে যত জন চড়নদারকে জাহাজে লওয়া যায় তাহা ও

(খ) খালাসি প্রভৃতির জন্যে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানী কাষ্ঠ কি কয়লা ও যত জল আবশ্যক, তাহার অতিরিক্ত আহারীয় দ্রব্যাদি আছে, এবং এই আইনমতে যে বিধি করা যায় সেই বিধিতে আর কোন দ্রব্য লওয়ার বিধান থাকিলে, ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই সকল দ্রব্য বস্তাদিতে ভালমতে বন্ধ হইয়া জাহাজে দেওয়া গিয়াছে, ও কল্পিত যাত্রায় কারান্টাইনের নিমিত্ত সম্ভাবিত বিলম্বকাল ধরিয়া যত দিন লাগে চড়নদারদের নিমিত্ত তত দিন যত দ্রব্যে কুলাইবে ঐ বিধিমতে যৎকালীন যে হার নির্দ্ধারিত হইল সেই হারানুসারে ঐ দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে।

কিন্তু খালাসি প্রভৃতির নিমিত্ত যত আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠাদি ও পরিষ্কার জলের প্রয়োজন, তাহার অধিক লওয়া গিয়াছে ও এই আইনমত বিধিক্রমে আর কোন দ্রব্য লইবার বিধান থাকিলে ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই দ্রব্য বস্তাদিতে উপযুক্তমতে বন্ধ হইয়া জাহাজে যত জন চড়নদার যাইতে পারে তাহাদের সকলের যাহাতে কুলায় ঐ প্রকারের এত দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে, ঐ জাহাজের কাপ্তান সাহেবের B চিহ্নিত সর্টিফিকেটে এই কথা লেখা থাকিলে, ঐ কাপ্তান C ই পরিশিষ্ট সর্টিফিকেট লইতে বাধ্য হইবেন না।

২০ ধারা। পথের মধ্যে কোন চড়নদার মরিলে, জাহাজ লক্ষিত শেষ বন্দরে পঁহুছিলে, এতৎ কার্য্যপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কার্য্যকারককে নিযুক্ত করেন, ঐ জাহাজের কাপ্তান সেই কার্য্যকারকের নিকট ঐ চড়নদারের মরিবার তারিখ ও তাঁহার মৃত্যুর অনুভাবিত কারণ রিপোর্ট করিবেন।

যাত্রাকালে কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার রিপোর্ট করিবার কথা।

চতুর্থ অধ্যায়।

দীর্ঘকালীন যাত্রার বিধি।

২১ ধারা। (১) পাইলভরে যে জাহাজ যায় সেই জাহাজ দীর্ঘকালীন যাত্রা করিলে, তাহার নীচের তুতকে প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ ১২ ফুট ও ঘন ৭২ ফুট স্থান থাকিবে।

চড়নদারদের নিমিত্ত যত স্থান নিরূপণ করিতে হইবে তাহার কথা।

(২) বাষ্প দ্বারা যে জাহাজ চালিত হয়, কিম্বা অংশতঃ বাষ্পের বলে ও অংশতঃ পাইলের ভরে যে জাহাজ যায়, সেই জাহাজ দীর্ঘকালীন যাত্রা করিলে, তাহার নীচের তুতকে প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ ৯ ফুট ও ঘন ৫৪ ফুট স্থান নিরূপণ থাকিবে।

২২ ধারা। জাহাজের কাপ্তান ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর কি স্থানহইতে দীর্ঘকালীন যাত্রায় যাইবার কি খুলিয়া যাইবার পূর্ব্বে, যত জন চড়নদার, ও তাহাদের মধ্যে যত জন পুরুষ ও যত জন স্ত্রী, ও খালাসী প্রভৃতি যত জন জাহাজে থাকে, ইহার দুই খানি বর্ণনাপত্রে স্বাক্ষর করিয়া ২০ ধারামতে নিযুক্ত কার্য্যকারককে দিবেন। তাহা হইলে, ঐ বর্ণনাপত্রে যে সংখ্যা লেখা গেল তাহা নিশ্চয়রূপে ঠিক জানিলে, তিনি ঐ বর্ণনাপত্রে আড়সহী করিয়া ঐ কাপ্তানকে একখানি ফিরিয়া দিবেন।

চড়নদারদের বর্ণনাপত্রের কথা।

২৩ ধারা। পথে যাইতে২ কোন চড়নদারের মৃত্যু হইলে ঐ কাপ্তান ফিরাইয়া দেওয়া বর্ণনাপত্রে, এবং ইহার পশ্চাৎ ধারামতে আর যে বর্ণনাপত্র লিখিয়া দিতে হইবে সেই পত্রে, ঐ চড়নদারের মরণের তারিখ ও অনুভাবিত কারণ, ও আর কোন কথা লিখিতে হইলে তাহা লিখিয়া দিয়া, জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে কিম্বা অন্য যে বন্দরে চড়নদারদিগকে নামাইয়া দিবার কল্পনা থাকে সেই বন্দরে পঁহুছিলেই ও কোন চড়নদারের নামিয়া যাইবার পূর্ব্বে ভিন্নদেশীয় বন্দর হইলে সেই বন্দরে যিনি আইনমতে শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে কনসলের ক্ষমতানুসারে কার্য্য করেন তাঁহাকে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষকে, কিম্বা যে বন্দরে কিস্থানে চড়নদারদিগকে কি তাহাদের কোন ব্যক্তিকে নামাইয়া দিবার কল্পনা থাকে সেই বন্দরে কি স্থানে এই আইনমতে ঐ বর্ণনাপত্র গ্রহণ করিবার নিমিত্ত কোন কার্য্যকারক নিযুক্ত থাকিলে তাঁহাকে ঐ অধিক কথা সমেত ঐ বর্ণনাপত্র দিবেন।

যাত্রাকালে মৃত্যুর কথা।

২৪ ধারা। (১) নিম্নলিখিত কোন স্থলে, অর্থাৎ—

(ক) চড়নদারদের জাহাজে উঠিবার বন্দর কি স্থান বলিয়া ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে বন্দর কি স্থান এই আইনমতে নিরূপিত হয়, কোন জাহাজ দীর্ঘকালীন যাত্রায় গিয়া কি খুলিয়া গিয়া সেই২ বন্দরে কি স্থানে আর কএক জন চড়নদারকে তুলিয়া লইল, কিম্বা

জাহাজে আর চড়নদার উঠিলে ও মধ্য কোন বন্দরে জাহাজ থামিলে তাহার কথা।

(খ) ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে আর কএক জন চড়নদার তুলিয়া লইয়া ঐ যাত্রাকালে ঐ রূপ কোন বন্দরে থামিলে কি পঁহুছিলে,

ঐ বন্দরের উপযুক্ত কার্য্যকারকের স্থানে ঐ জাহাজের কাপ্তানের B চিহ্নিত সর্টিফিকেটের মর্ম্মানুসারে নূতন এক খানি সর্টিফিকেট লইতে হইবে, ও আর যতজন চড়নদার ও তাঁহাদের মধ্যে যত জন পুরুষ ও যত জন স্ত্রী আছে ইহার বর্ণনাও তাঁহার লিখিতে হইবে।

(২) এই কার্য্যপক্ষে এই আইনের পূর্ব্বোক্ত যে২ বিধান আছে তাহা এই ধারামতে প্রদত্ত সর্টিফিকেটের কি বর্ণনাপত্রের প্রতি বর্ত্তে।

শুষ্ক সমুদ্রের তীরস্থ বন্দরে জাহাজের যাইতে হইলে নিবন্ধপত্র লিখিবার কথা।

২৫ ধারা। কোন জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যাইতে উদ্যত হইলে,

(ক) যাইবার সময়ে আদেনে থামিবে, ও চড়নদারদের শারীরিক স্বাস্থ্যের সর্টিফিকেট পাইবে ও জাহাজে যাইট জনের অধিক চড়নদার থাকিলে ফিরিয়া আসিবার সময়েও ঐ প্রকারের কর্ম্ম করিবে; এবং

(খ) জাহাজের কাপ্তান ও চিকিৎসক থাকিলে তিনি যাইবার সময়ে ও জাহাজে যাইট জনের অধিক চড়নদার থাকিলে ফিরিয়া আসিবার সময়েও এই আইনের বিধান এবং ব্রিটিষভারতবর্ষের বন্দর ও শুষ্ক সমুদ্রের বন্দর এই উভয়ের মধ্যে যাতায়াতকারী জাহাজ সম্বন্ধীয় যে বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব এই আইনমতে প্রণয়ন করেন, সেই বিধির বিধান অনুসারে কার্য্য করিবেন;

না করিলে, ঐ জাহাজের স্বামী কিম্বা এজেন্ট কিম্বা কাপ্তান এবং ব্রিটিষ ভারতবর্ষ নিবাসী দুই জন জামিন ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট পাঁচসহস্র টাকা দণ্ড দিবেন, একত্র ও ও স্বতন্ত্র এই মর্ম্মের নিবন্ধপত্র লিখিয়া না দিলে, ও যাবৎ না দেন, জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া যে কার্য্যকারকের কর্ম্ম তিনি তাবৎ ঐ অনুমতিপত্র দিবেন না।

শুষ্ক সমুদ্রের তটস্থ বন্দরে কি বন্দর হইতে যে জাহাজ যায় আদেনে তাহার থামিবার কথা।

২৬ ধারা। কোন জাহাজ আশিয়া কি আফ্রিকা দেশীয় যাইট জনের অধিক চড়নদার লইয়া ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রের কোন বন্দরে গেলে, কিম্বা শুষ্কসমুদ্রে কোন বন্দরহইতে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে গেলে, আদেনে থামিবে, ও উপযুক্ত কার্য্যকারকের স্থানে শারীরিক স্বাস্থ্যের সর্টিফিকেট না পাইলে ঐ বন্দরহইতে খুলিয়া যাইবে না।

আদেনে স্বাস্থ্যের সর্টিফিকেটের কথা।

২৭ ধারা। এই আইনদ্বারা যত জন চড়নদারকে লইবার অনুমতি থাকে ঐ জাহাজে তাহার অধিক থাকিলে স্বাস্থ্যের ঐ সর্টিফিকেটদিতে-ক্ষমতাপন্ন আদেনস্থ কর্তৃপক্ষ ঐ সর্টিফিকেট দিতে অস্বীকার করিবেন ও এই আইনমত কোন বিধির আদেশ জাহাজে পালিত না হইলে তাহা দিতে অস্বীকার করিতে পারিবেন।

কোন কোন জাহাজে চিকিৎসক থাকিবার কথা।

২৮ ধারা। যে কোন জাহাজ এক শতের অধিক আশিয়ার বা আফ্রিকার অধিবাসী চড়নদার লইয়া ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যায় অথবা সমুদ্রের তীরস্থ কোন বন্দর হইতে ভারতবর্ষের কোন বন্দরে আইসে, সেই জাহাজে এই আইনমতে প্রণীত বিধি অনুসারে লাইসেন্স প্রাপ্ত এক জন চিকিৎসক থাকিবে।

কোন কোন জাহাজের বাষ্পদ্বারা চালিত হইবার কথা।

২৯ ধারা। যে কোন জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যায়, অথবা শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দর হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দরে আইসে, সেই জাহাজ প্রধানতঃ বাষ্পদ্বারা চালিত হইবে।

চড়নদারদের সম্বন্ধে চিকিৎসকদ্বারা পরীক্ষার আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে পারিবার কথা।

৩০ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এই আজ্ঞা করিতে পারিবেন যে স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে স্থান ও সময় নির্দ্দেশ করেন, সেই স্থানে ও সময়ে কোন চড়নদার তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত চিকিৎসকে দ্বারা পরীক্ষিত না হইয়া থাকিলে, যাবৎ পরীক্ষিত না হয়, তাবৎ ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যে কোন জাহাজ বা নির্দ্দিষ্ট শ্রেণীর যে কোন জাহাজ যায় সেই জাহাজে তাঁহাকে গ্রহণ করা যাইবে না।

(২) এই ধারামতে যে চিকিৎসক পরীক্ষা করেন তাঁহার বিবেচনায় কোন চড়নদারের আশঙ্কাজনক সংক্রামক বা ছোঁয়াছিয়া রোগ আছে বোধ হইলে, ঐ চড়নদারকে জাহাজে উঠিতে দেওয়া যাইবে না।

পঞ্চম অধ্যায়।

দণ্ডের বিধি।

জাহাজ বেআইনীমতে খুলিয়া গেলে বা চড়নদারলইলে তাহার দণ্ডের কথা।

৩১ ধারা। কোন জাহাজ ৬ ধারার (১) প্রকরণের কিম্বা ৯ ধারার বিধান না মানিয়া ব্রিটিষ ভারতবর্ষে অন্তর্গত কোন বন্দর কি স্থান হইতে খুলিয়া গেলে কি তথায় চড়নদারদিগকে নামাইয়া দিলে, কিম্বা ৬ ধারার (২) প্রকরণের বিধান না মানিয়া জাহাজে কোন ব্যক্তিকে চড়নদার স্বরূপ তুলিয়া লইলে,

ঐ জাহাজের মধ্যে যত জন চড়নদার যায় কিম্বা যত জনকে সেই প্রকারে নামাইয়া দেওয়া কি তুলিয়া লওয়া যায়, তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে, জাহাজের স্বামীর কি কাপ্তানের এক শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে আর সেই জাহাজ দুই বৎসরের মধ্যে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে পাওয়া গেলে, কষ্টমের কোন প্রধান কার্য্যকারক সাহেব ঐ জাহাজ ধরিয়া রাখিয়া এই আইনমতে ঐ জাহাজের স্বামীর কি কাপ্তানের যে দণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় বিচার না হওন পর্য্যন্ত এবং

এই আইনমতে তাঁহার অর্থদণ্ডের আজ্ঞা হইলে এই আইনের বিধানমতে খরচ সমেত তাহা আদায় না হওন পর্য্যন্ত ঐ জাহাজ আটকাইয়া রাখিতে পারিবেন।

কিন্তু এই ধারামতে কারাদণ্ডের আজ্ঞা হয় তাহা এক বৎসরের অধিক হইবে না।

জাহাজে যাইবার কি তাহা দেখিয়া লইবার বাধা দিলে দণ্ডের কথা।

৩২ ধারা। এই আইনমতে জাহাজে যাওয়ার ও দেখিয়া লওয়ার যে ক্ষমতা দেওয়া গেল কোন ব্যক্তি তাহার বাধা দিলে কিম্বা জাহাজে যাইতে কিম্বা দেখিয়া লইতে অনুমতি না দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা তিন মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

সর্টিফিকেটের নকল না দেখাইবার দণ্ডের কথা।

৩৩ ধারা। ১৬ ধারায় সর্টিফিকেটের নকল লটকাইয়া দিবার যে আজ্ঞা আছে, কোন স্বামী কি কাপ্তান ইচ্ছা করিয়া সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

চড়নদারদের বর্ণনাপত্র প্রভৃতি বিষয়ে যে আজ্ঞা আছে সেই আজ্ঞামতে কর্ম্ম না করিবার দণ্ডের কথা।

৩৪ ধারা। চড়নদারদের বর্ণনাপত্র বিষয়ে ২২ কি ২৩ ধারায় যে আজ্ঞা হইয়াছে, কোন কাপ্তান সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, কিম্বা সেই বর্ণনাপত্রে ইচ্ছা করিয়া কোন মিথ্যা কথা কি মোট লিখিয়া দিলে, কিম্বা ১৯ ধারায় যে পরিশিষ্ট সর্টিফিকেটের কথা আছে তাহা ইচ্ছা করিয়া না লইলে কিম্বা ২০ ধারার বিধানমতে ইচ্ছা করিয়া কোন চড়নদারের মরণের কথা রিপোর্ট না করিলে, কিম্বা ২৪ ধারার লিখনমতে নূতন সর্টিফিকেট না লইলে, কিম্বা নূতন চড়নদারদের সংখ্যার বর্ণনাপত্র লিখিয়া না দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্য পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা তিন মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

সর্টিফিকেট পাইলে পর প্রতারণাক্রমে জাহাজের কোন অংশ পরিবর্ত্তনের কথা।

৩৫ ধারা। জাহাজের কাপ্তান ৯ কিম্বা ১৯ ধারার কিম্বা ২৪ ধারার উল্লিখিত সর্টিফিকেট পাইলে পর, যদি প্রতারণাভাবে আপনি এমত কার্য্য করেন কিম্বা অন্যকে করিতে দেন, যদ্দ্বারা জাহাজের কি চড়নদারদের কিম্বা অন্য যে বিষয়ে সর্টিফিকেটের সম্পর্ক থাকে সেই বিষয়ের অবস্থা পরিবর্ত্তন হইয়া ঐ সর্টিফিকেট সেই পরিবর্ত্তিত অবস্থার খাটিতে না পারে, তবে তাঁহার দুই হাজার টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

চড়নদারদিগকে নিয়মমতে আহারাদি না দিলে দণ্ডের কথা।

৩৬ ধারা। এই আইনমতে যে বিধি করা যায় সেই বিধিমতে প্রত্যেক জন চড়নদারের আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানিকাষ্ঠ কি কয়লা ও যত জল পাইবার নিয়ম থাকে কোন কাপ্তান ইচ্ছা করিয়া ও উপযুক্ত কারণ না থাকিলেও তাঁহাকে তত আহারাদি না দিলে, তাহার দেওয়া যত জন চড়নদার কষ্ট হইল তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত তাঁহার কুড়ি টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

আদেশে আবশ্যক সর্টিফিকেট না লইবার দণ্ডের কথা।

৩৭ ধারা। ২৯ ধারায় যে জাহাজের কথা আছে এমত কোন জাহাজের কাপ্তান ইচ্ছা করিয়া আদেন বন্দরে না থামিলে, কিম্বা ঐ ধারার লিখিত আবশ্যক সর্টিফিকেট না পাইয়া ঐ বন্দর হইতে খুলিয়া গেলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্য দুই হাজার টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

সর্টিফিকেটে যত জন লেখা থাকে তাহার অধিক জন থাকিলে দণ্ডের কথা।

৩৮ ধারা। (১) সর্টিফিকেটে যত জন চড়নদার লইবার অনুমতি থাকে, বৎসরের কাল ও অন্যান্য অবগতিক বিবেচনায় জাহাজে তাহার অতিরিক্ত থাকিলে, কিম্বা যে বন্দরে কোন সর্টিফিকেট পাওয়া যাইতে না পারে এমত বন্দর হইতে আসিয়া এই আইনমতে ঐ জাহাজে যত জন চড়নদার যাইতে পারে তাহার অধিক থাকিলে, সর্টিফিকেট বা স্থল বিশেষে এই আইন দ্বারা যত জন লইবার অনুমতি থাকে তাহার উপর প্রত্যেক চড়নদারের নিমিত্ত স্বামী ও কাপ্তান এই দুই ব্যক্তির কুড়ি২ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, আর তদ্রূপ প্রত্যেক চড়নদারের জন্যে কাপ্তানের আর এক২ সপ্তাহের অনধিক কারাদণ্ড হইতে পারিবে।

কিন্তু এই ধারামতে যে কারাদণ্ড হয় তাহা মোটে ছয় মাসের অধিক হইবে না।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে যে কোন কার্য্যকারককে ক্ষমতা প্রদান করেন, তিনি ঐ সর্টিফিকেট বা স্থল বিশেষে এই আইন দ্বারা যে সংখ্যার অনুমতি হইল সেই সংখ্যার উপরি সকল চড়নদারকে নামাইয়া লইয়া ব্রিটিশ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে চালান করিতে পারিবেন, এবং তাহাদের চালান করিবার খরচ যেন এই আইনমতে অর্থদণ্ড বলিয়া ধার্য্য হইল. এমতে ঐ জাহাজের কাপ্তানের কি স্বামীর স্থানে ঐ খরচ লইতে পারিবেন। ও তদ্রূপে যত টাকা খরচ লাগিল, ঐ কার্য্যকারকের স্বাক্ষরিত সর্টিফিকেট তাহার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

জাহাজে যত জন চড়নদার লইবার অনুমতি আছে ভিন্ন দেশের বন্দর হইতে তাহার অধিক এদেশীয় লোক আনিবার দণ্ডের কথা।

৩৯ ধারা। কোন জাহাজ ব্রিটিশ ভারতবর্ষীয় বহির্ভূত কোন বন্দর কি স্থান হইতে ব্রিটিশ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে কি স্থানে এদেশীয় চড়নদার আনিলে, ১৮ কিম্বা স্থল বিশেষে ২১ কি ৫৭ ধারায় যে হারানুসারে চড়নদারদিগকে লইবার অনুমতি হইল, কিম্বা ঐ জাহাজ যে বন্দর কি স্থান হইতে খুলিয়া গিয়াছিল তথায় ঐ জাহাজের নিমিত্ত অনুমতিপত্র কি সর্টিফিকেট দেওয়া গিয়া থাকিলে সেই পত্র কি সর্টিফিকেট দ্বারা যত জন চড়নদার লইবার অনুমতি ছিল, ঐ জাহাজে যদি তাহার অধিক জন থাকে, ঐ হারের কিম্বা ঐ সংখ্যার উপর যত জন চড়নদার থাকে তাহাদের প্রত্যেক জনের জন্যে স্বামী ও কাপ্তান এই উভয়ের কুড়ি২ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

৪০ ধারা। এই আইন এবং জাহাজের প্রতি বর্জ্জিত অন্য জাহাজগত কোন চড়নদার যে বন্দরে কি স্থানে নামিয়া যাইবার নিয়ম করে তাহার অনুমতি না লইয়া কিম্বা সমুদ্রজাত কোন বিপত্তি কিম্বা অনিবার্য্য কোন দুর্ঘটনা হেতুক আবশ্যক না হইয়াও ঐ জাহাজের কাপ্তান তাহাকে তদ্ভিন্ন কোন বন্দরে কি স্থানে নামাইয়া দিলে, সেই প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড, কিম্বা ঐ দুই দণ্ডই হইতে পারিবে।

চড়নদার যে স্থানে নামিবার নিয়ম করে তদ্ভিন্ন স্থানে তাহাকে নামাইয়া দিবার দণ্ডের কথা।

৪১ ধারা। যদি সমুদ্র জাত বিপত্তি অথবা অন্য অনিবার্য্য দুর্ঘটনা ভিন্ন অন্য কারণে কোন জাহাজ যে যাত্রায় গমনোদ্যত ছিল বা ঐ যাত্রায় যত সময় লাগিবে তৎসম্বন্ধে চড়নদারদের সহিতও কোন স্পষ্ট বা ভাবতঃ চুক্তি বা নিয়ম হয় অথবা তাহাদিগকে যে আশ্বাস দেওয়া যায়, ঐ চুক্তি, নিয়ম বা আশ্বাস প্রকাশ্য বিজ্ঞাপন দ্বারা কি প্রকারান্তরে দেওয়া হউক, তাহা লঙ্ঘন করিয়া ঐ জাহাজ কোন বন্দর বা স্থানে লাগান যায়, তাহা হইলে কাপ্তান ও স্বামীর প্রত্যেকের পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কি তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড অথবা ঐ উভয় দণ্ডই হইতে পারিবে।

চড়নদারদের সহিত চুক্তি লঙ্ঘন করিয়া যাত্রা করিলে দণ্ডের কথা।

৪২ ধারা। ২৬ ধারায় যেরূপ জাহাজের উল্লেখ আছে তদ্রূপ কোন জাহাজের কাপ্তান, কিম্বা ঐরূপ কোন জাহাজের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কোন চিকিৎসক ঐ জাহাজ সম্বন্ধে এই আইনমতে প্রণীত কোন বিধি ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন করিলে কিম্বা পালন না করিলে কিম্বা পালন করিতে উপেক্ষা করিলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা উভয় দণ্ডই হইতে পারিবে।

কোন কোন জাহাজের কাপ্তান বা চিকিৎসক বিধি অমান্য করিলে তাঁহাদের দণ্ডের কথা।

৪৩ ধারা। যে কোন জাহাজ একশতের অধিক চড়নদার লইয়া ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর হইতে শুষ্ক সমুদ্রেরতীরস্থ কোন বন্দরে যায় কিম্বা শুষ্ক সমুদ্রেরতীরস্থ কোন বন্দর হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দরে আইসে, সেই জাহাজে ২৮ ধারার আদেশমত চিকিৎসক না থাকিলে ঐ জাহাজের কাপ্তানের পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা উভয় দণ্ডই হইতে পারিবে।

কোন কোন জাহাজের কাপ্তান চিকিৎসক না লইয়া জাহাজ ছাড়িয়া গেলে তাঁহার দণ্ডের কথা।

৪৪ ধারা। যে কোন জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দরহইতে শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যায় অথবা শুষ্ক সমুদ্রের তীরস্থ কোন বন্দর হইতে ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দরে আইসে অথচ প্রধানতঃ বাষ্পদ্বারা চালিত হয় না সেই জাহাজের স্বামীর ও কাপ্তানের প্রত্যেকের পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ডকিম্বা তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা উভয় দণ্ডই হইতে পারিবে।

কোন কোন জাহাজ বাষ্পদ্বারা চালিত না হইলে স্বামীর ও কাপ্তানের দণ্ডের কথা।

৪৫ ধারা। কোন জাহাজ সম্বন্ধে ৩০ ধারামত কোন আদেশ প্রবল থাকিলেও যদি সেই জাহাজের কাপ্তান সেই ধারা লঙ্ঘন করিয়া আপনার জাহাজে কোন ব্যক্তিকে গ্রহণ করেন, তবে তাঁহার তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড অথবা ঐরূপে গৃহীত প্রত্যেক ব্যক্তির নিমিত্ত পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ডই হইতে পারিবে।

৩০ ধারা লঙ্ঘন করিয়া চড়নদার লইলে কাপ্তানের দণ্ডের কথা।

কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

৪৬ ধারা। (১) কোন মাজিস্ট্রেট এই আইনের বিপরীত সকল অপরাধে দণ্ড করিতে পারিবেন।

অপরাধ নির্ণয় ও জাহাজ ক্রোক করিয়া অর্থদণ্ড আদায় করিবার কথা।

(২) এই আইনমতে যে ব্যক্তির অর্থদণ্ডের আজ্ঞা হয় তিনি জাহাজের কাপ্তান কি স্বামী হইলে ও সেই দণ্ড দিবার আজ্ঞাপত্রে যে সময়ে ও যে প্রকারে ঐ দণ্ড দিবার নিয়ম থাকে সেই সময়ে ও সেই প্রকারে দণ্ড না দেওয়া গেলে, আইনে ঐ টাকা বল পূর্ব্বক লইবার অন্য যে উপায় থাকে তদতিরিক্ত মাজিস্ট্রেট পরওয়ানা দিয়া ঐ জাহাজ ও রসী কাছা পাইল প্রভৃতি সরঞ্জাম আটক ও বিক্রয় করিয়া বাকী টাকা আদায় হইবার আজ্ঞা করিতে পারিবেন।

৪৭ ধারা। এই আইনমতে যে দণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় বিচার হইবার জন্যে, অপরাধিকে যে স্থানে পাওয়া যায়, অপরাধ সেই স্থানের মাজিস্ট্রেটের সাহেবের বিচারাধীন স্থানেই করা গিয়াছে এমত জ্ঞান হইবে।

বিচারাধিপত্যের কথা।

৪৮ ধারা। এই আইনমতে জাহাজের কাপ্তানদের ও স্বামীদের যে দণ্ড হইতে পারিবে, যে কার্য্যকারকেরা এই আইনমতে সার্টিফিকেট দিতে নিযুক্ত হন কেবল তাঁহাদের, কিম্বা কোনবন্দরে কি স্থানে সেইরূপ কর্ম্ম কারক না থাকিলে কষ্টমের প্রধান কার্য্যকারকের যত্নে নালিশ হইলে, ঐ দণ্ডের আজ্ঞা হইতে পারিবে।

দণ্ড জন্য নালিশ যাহার উপস্থিত কারতে হইবে তাহার কথা।

৪৯ ধারা। কোন মাজিস্ট্রেট এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা করিলে, সেই আজ্ঞাটি যে কার্য্য কি যে ত্রুটি প্রযুক্ত করা যায় তদ্দারা যে ব্যক্তির ক্ষতি হইল, তাহার সেই ক্ষতিপূরণ, কিম্বা মোকদ্দমার কোন খরচ শোধ করণার্থে ঐ অর্থদণ্ডের যত টাকা কি তাহার কোন অংশ দেওয়া বিহিত বোধ করিলে তদনুসারে আজ্ঞা করিতে পারিবেন।

অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

৫০ ধারা। (১) এই আইনমতে মোকদ্দমাঘটিত কোন বৈধ কার্য্য চলিবার সময়ে বিবাদীয় বিষয়ে কোন সাক্ষীর সাক্ষ্যের প্রয়োজন থাকিলে, এবং ঐ মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় ঐ সাক্ষীকে সেই আদালতের বিচারাধীন স্থানের মধ্যে পাওয়া যায় না ইহার প্রমাণ

সাক্ষীদিগকে উপস্থিত করা যাইতে না পারিলে তাহাদের লিখিত সাক্ষ্য প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবার কথা।

থাকিলে, ঐ মোকদ্দমাঘটিত কার্য্য যে বন্দরে কি স্থানে উপস্থিত করা যায় তাহা স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীন থাকে তদধীন দেশছাড়াও ভারতবর্ষের অন্য সমস্ত স্থানে শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত দেশের কোন জষ্টিস কি মাজিষ্ট্রেটের সম্মুখে, কিম্বা অন্য স্থানে কোন ব্রিটিষ কন্সলের সম্মুখে ঐ সাক্ষী সেই বিষয়ের যে কোন সাক্ষ্য দিয়া থাকেন, সেই সাক্ষ্য প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইতে পারিবে।

কিন্তু নিম্নলিখিত স্থলছাড়া ঐ সাক্ষ্য গ্রাহ্য হইবে না।—

(ক) জষ্টিস কি মাজিষ্ট্রেট কি কন্সলের স্বাক্ষর দ্বারা প্রমাণীকৃত না হইলে

(খ) অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে ঐ সাক্ষ্য না লওয়া গেলে,

(গ) তাহারি সাক্ষাতে লওয়া গেল ঐ জষ্টিস কি মাজিষ্ট্রেট কি কন্সল এই মর্ম্মের সর্টিফিকেট লিখিয়া না দিলে।

(২) ঐ সাক্ষ্যপত্রে যে ব্যক্তির স্বাক্ষর থাকা দৃষ্ট হয় ঐ স্বাক্ষর যে তাঁহারই এই কথার ও তাঁহার পদের প্রমাণ করা কখন আবশ্যক হইবে না। ও ঐ সর্টিফিকেট অনুসারে অভিযুক্ত ব্যক্তি উপস্থিত ছিল ইহার বিপরীত প্রমাণ না থাকিলে ফৌজদারী মোকদ্দমায় ঐ সর্টিফিকেটই ঐ কথার প্রচুর প্রমাণ হইবে।

ষষ্ঠ অধ্যায়।

অতিরিক্ত বিধি।

চড়নদারেরা যে বন্দর হইতে উঠিবে সেই বন্দরে সম্বাদ পাঠাইবার কথা।

৫১ ধারা। (১) এই আইন যেং জাহাজের প্রতি বর্ত্তে এমত জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের অন্তঃপাতী কোন বন্দরে কি স্থানে থামিলে কি পঁহুছিলে, সেই বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক, কিম্বা এই আইনমতে কার্য্যকারক নিযুক্ত থাকিলে তিনি, এই আইনের বিধান লঙ্ঘ্য করিয়া জাহাজের ও তদন্তর্গত চড়নদারদের সম্বন্ধীয় কোন কথা গুরুতর জ্ঞান করিলে, জাহাজ যে বন্দর হইতে প্রথমে খুলিয়াছিল সেই বন্দরের কার্য্যকারকের নিকট এবং চড়নদারেরা কি তাহাদের কেহ ব্রিটিষ ভারতবর্ষের অন্তঃপাতি অন্য যে বন্দরে জাহাজে উঠিয়াছিল সেই বন্দরের কার্য্যকারকের নিকট কেহ ঐ কথা জানাইবেন।

(২) এই আইন যেং জাহাজের প্রতি বর্ত্তে এমত কোন জাহাজ ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে, এই আইনমতে যে কার্য্যকারক নিযুক্ত হন তিনি সেই জাহাজে গিয়া, চড়নদারদের সংখ্যা ও আরং বিষয়ে এই আইনের বিধানমতে কার্য্য হইয়াছে কি না ইহা জানিবার জন্যে ঐ জাহাজ দেখিয়া লইতে পারিবেন।

কন্সলের রিপোর্টের কথা।

৫২ ধারা। এই আইনমতে যে অপরাধের দণ্ড হইতে পারে এই আইনমতে তাহার বিচার করিবার মোকদ্দমাঘটিত কোন কার্য্য যে স্থানে করা যাইতেছে উক্ত বৃত্তান্তের রিপোর্ট বলিয়া কোন দলীল কিম্বা, আদালতের রুবকারীর নকল যথার্থ বলিয়া স্বাক্ষর করা গেলে সেই নকল, এবং ভিন্ন দেশীয় কোন বন্দরে যিনি আইনমতে শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে কন্সলের ক্ষমতাক্রমে কার্য্য করেন তাঁহার লিখিত স্বাক্ষরিত দলীল বলিয়া সেই প্রকারের কোন দলীল রাজকীয় কর্ম্মপক্ষে সেই স্থানের কি তাহার নিকট কোন স্থানের রাজকীয় কার্য্যকারকের নিকট পাঠান গিয়াছে দৃষ্ট হইলে, সেই দলীলও প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ও স্থানীয় গবর্ণমেণ্টের বিধি করিবার ক্ষমতার কথা।

৫৩ ধারা। (১) এই আইন যেং জাহাজের কি যেং শ্রেণীর জাহাজের প্রতি খাটে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেইং জাহাজ সম্পর্কে নিম্নলিখিত সকল কি কোনং বিষয়ের বিধি করিতে পারিবেন, কেবল সেই বিধি যেন এই আইনের সহিত সঙ্গত হয়।—

(ক) চড়নদারদের কিম্বা কোন এক বা অধিক শ্রেণীর চড়নদারদের আহারীয় দ্রব্য ও জ্বালানী কাঠাদি ও জল যে নিয়মমতে দিতে হইবে ও ঐ আহারীয় দ্রব্যাদির যে গুণ থাকিবে তাহার বিধি,

(খ) জাহাজে যত ঔষধাদি লইতে হইবে ও সাজ সরঞ্জামাদি রাখিতে হইবে ও লোক সকল যাহাতে সুস্থ ও পরিষ্কার থাকে ও তাহাদের লজ্জা রক্ষা হয় এমত অন্য যে বিষয় করিতে হইবে তাহার বিধি,

(গ) এই আইনমতে চিকিৎসক লওয়া আবশ্যক হইলে তাহাদিগকে লাইসেন্স দিবার ও নিযুক্ত করিবার বিধি,

(ঘ) জাহাজে যত খানি নৌকা ও নঙ্গর ও হাসার লইতে হইবে তাহার বিধি,

(ঙ) পথে জাহাজ চালাইবার নিমিত্ত যেং প্রকারের যন্ত্র লইতে হইবে তাহার বিধি,

(চ) জাহাজে আগুন লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার যন্ত্র বিষয়ক বিধি ও আগুন না লাগে এই বিষয়ে সতর্ক হইবার উপযুক্ত নিয়ম করিবার বিধি,

(ছ) বিপদের নিশান করিবার উপায় বিধান এবং যাহা জলে নিবিবে না ও লাইফ বয়ার সহিত সংযুক্ত করিয়া দিবার উপযোগী একপ আলো দিবার বিধি,

(জ) উক্ত যাত্রায় জাহাজ যত দিন নিযুক্ত থাকে সেই সময়ে কাপ্তানের ও চিকিৎসক থাকিলে তাহার ও জাহাজের অন্য কর্ম্মচারিদের কর্ম্মের বিধি,

(ঝ) নীচের তুতকের চড়নদারদের উপরতুতকে যাইবার বিধি,

(ঞ) ও এই সাধারণতঃ আইনের সকল বিধান প্রবল করিবার বিধি।

(২) যে জাহাজ বা যে শ্রেণীর জাহাজের প্রতি এই আইন বর্ত্তে তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের সহিত সঙ্গত করিয়া যে স্থান সীমার মধ্যে ও যে সময়ে ও প্রকারে চড়নদারদিগকে এই আইনদ্বারা তদর্থে নিরূপিত কোন বন্দর বা স্থানে জাহাজে তুলিতে অথবা জাহাজহইতে নামাইয়া দিতে হইবে তাহার নিয়ম করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ৯ নবেম্বর।]

(৩) এই ধারামত বিধি প্রণয়ন কালে বিধি প্রণয়নকারী কর্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন যে ঐ বিধি লঙ্ঘন হইলে দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ও ক্রমাগত লঙ্ঘন হইতে থাকিলে প্রথম দিনের পর যতদিন হয় তাহার প্রত্যেক দিনের জন্য আর বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

৫৪ ধারা। (১) কোন কর্তৃপক্ষ পূর্ব্বধারামতে বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে যে ব্যক্তিদের উহাতে স্বার্থ থাকার সম্ভাবনা তাঁহাদিগের অবগতি নিমিত্ত প্রস্তাবিত বিধির একখানি পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

বিধি করিবার কার্য্য প্রণালীর কথা।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া যে প্রকারের নির্দ্দেশ করেন উক্ত পাণ্ডুলেখ্য সেই প্রকারে প্রকাশ করা যাইবে।

(৩) উক্ত পাণ্ডুলেখ্যের সহিত এক নোটিস প্রকাশ করা যাইবে। যে তারিখে বা যে তারিখের পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে, ঐ নোটিসে তাহা লেখা থাকিবে।

(৪) ঐ লিখিত তারিখের পূর্ব্বে উক্ত পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন বিধি প্রণয়নকারী কর্তৃপক্ষ তাহা গ্রহণ করিয়া বিবেচনা করিয়া দেখিবেন।

(৫) পূর্ব্বধারামতে প্রণীত বিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক প্রণীত হইলে উহা যাবৎ ইণ্ডিয়া গেজেটে ও স্থানীয় গবর্ণমেন্ট কর্তৃক প্রণীত হইলে উহা যাবৎ স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত না হয় তাবৎ ফলবৎ হইবে না।

(৬) ঐ ধারামতে প্রণীত বলিয়া কোন বিধি উক্ত গেজেটে প্রকাশ করা গেলে উক্ত প্রকাশ করাই উক্ত বিধি উপযুক্তমতে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

৫৫ ধারা। এই আইনমতে যেং ক্ষমতা প্রদান করা যায়, ও যেং কর্ম্ম নির্দ্ধারিত হয়, স্থানীয় গবর্ণমেণ্ট যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাঁহাদিগকেই সেইং ক্ষমতানুসারে কার্য্য করণার্থে ও সেইং কর্ম্ম সম্পাদন করণার্থে নিযুক্ত করিবেন।

কার্য্যকারকদের নিয়োগের কথা।

৫৬ ধারা। এই আইনের কার্য্যপক্ষে বৎসরের কোন্ সময় সুকাল বলিয়া ও কোন্ সময় কুকাল বলিয়া জানিতে হইবে, এবং পালভরে যে জাহাজ যায় তাহার ও ষ্টীমরের পক্ষে দীর্ঘকালীন যাত্রা কাহাকে ও অল্পকালীন যাত্রা কাহাকে জানিতে হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইহা ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া প্রকাশ করিতে পারিবেন।

বৎসরের কোন্ সময় সুকাল বলিয়া ও কোন্ যাত্রা দীর্ঘকালীন বলিয়া জানা যাইবে তাহা নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

৫৭ ধারা। এই আইন যে জাহাজের ও যে যাত্রার প্রতি বর্ত্তে এমত কোন জাহাজে কি জাহাজ শ্রেণীতে সকল কি কোন যাত্রার সময়ে চড়নদারদের জন্যে বর্গ কিম্বা ঘন কত ফুট স্থান রাখিতে হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইহার আজ্ঞা করিতে পারিবেন। করিলে সেই জাহাজের কি জাহাজ শ্রেণীর সঙ্গে ১৮ ও ২১ ধারার বিধানের যতদূর সম্পর্ক থাকে ততদূর ঐ বিধান অপেক্ষা সেই আজ্ঞা মান্য হইবে।

চড়নদারদের থাকিবার যে স্থান নিরূপণ হইবে ইহা নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

৫৮ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক বিশেষ কোন কারণে ও যেরূপ নিয়ম উচিত বোধ করেন সেইরূপ নিয়মাধীনে কোন জাহাজ বা কোন শ্রেণীর জাহাজ এই আইনের কোন বিধান হইতে মুক্ত করিতে পারিবেন।

এই আইনের বিধান হইতে জাহাজ মুক্ত করিতে পারিবার কথা।

৫৯ ধারা। এই আইনক্রমে প্রদত্ত সকল ক্ষমতা সময়েং প্রয়োজনমতে চালনা করা যাইতে পারিবে।

সময়েং ক্ষমতা চালনা করা যাইতে পারিবার কথা।

তফসীল।

যেং আইন রহিত করা গেল।

(৪ ধারা দেখ।)

নম্বর ও সাল।	নাম।	যতদূর রহিত হইল।
১৮৭৬ সাঃ ৮ আঃ	এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৭৬ সালের আইন।	সম্পূর্ণ।
১৮৮৩ সাঃ ১৭ আঃ	এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৮৩ সালের আইন।	সম্পূর্ণ।
১৮৮৪ সাঃ ৭ আঃ	ভারতবর্ষীয় বাষ্পীয় জাহাজ বিষয়ক ১৮৮৪ সালের আইন।	৫১ ধারা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ৯ নবেম্বর।]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ব্যবস্থা তিনটি আইনে অর্থাৎ এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৭৬ সালের ৮ আইন ও ঐ আইনসংশোধনকারী ১৮৮০ সালের ১১ আইন ও ১৮৮৪ সালের ৭ আইনে নিবদ্ধ আছে। একণে উক্ত আইনের অধিকতর সংশোধন আবশ্যক হওয়াতে, এই সুযোগে এতদ্বিষয়ক ব্যবস্থা সংগ্রহ করিয়া একটি আইন করা যাইতেছে।

২। যে সকল সংশোধন করা হইয়াছে তাহার সংখ্যা অধিক নহে। পাণ্ডুলিপিতে ঐ সংশোধনগুলি যে ক্রমে বিন্যস্ত হইয়াছে তাহাদের কথা সেই ক্রমানুসারে বলা যাইতেছে।—

(ক) ২ ধারা।—যে কতকগুলি ক্ষুদ্র ২ জাহাজ পশ্চিম ভারতবর্ষ ও হেজাজের মধ্যে যাত্রি লইয়া যাইবার কার্য্যে নিযুক্ত আছে তাহা সমুদ্রে যাইবার উপযুক্ত কি না ইহা নির্ণয়ার্থে ঐ সকল জাহাজ পরীক্ষা করাইবার ক্ষমতা বোম্বাই গবর্ণমেণ্টের প্রতি প্রদান করাই এই ধারার (২) প্রকরণের বর্দ্ধিত বিধানের মুখ্য উদ্দেশ্য।

(খ) ১১ ধারার (গ) প্রকরণ।—১৮৭৬ সালের আইনের সমতুল্য ধারার আদেশমতে B চিহ্নিত সর্টিফিকেটে যে পরিমাণ আহারীয় দ্রব্য, জ্বালানী কাষ্ঠ ও জল ঐ যাত্রার পক্ষে প্রচুর হইতে পারে তাহা জাহাজে দেওয়া হইয়াছে এই কথা ব্যক্ত থাকা আবশ্যক। ঐ সকল দ্রব্য কেবল যে ঐ যাত্রার পক্ষে প্রচুর তাহা নহে কিন্তু কারান্টাইন নিমিত্ত যত কাল বিলম্ব হইবার সম্ভাবনা সেই কালের জন্যও প্রচুর হইবে উক্ত সর্টিফিকেটে এই কথারও উল্লেখ থাকিবার একণে প্রস্তাব করা যাইতেছে। অন্ততঃ একবার এক জাহাজ যাত্রিদের খাদ্য দ্রব্য ফুরাইয়া যাওয়াতে গবর্ণমেণ্টকে ঐ সকল যাত্রিদের আহারীয় দ্রব্য দিবার ভার গ্রহণ করিতে হইয়াছে।

RULE 9.—Notices of motions accompanied by *verbatim* drafts must be sent to the Chairman, or, in the case of there being a Secretary, to the Secretary, in time to be included in the list of business for the next meeting. Notices received too late shall be inserted in the list of business of the next succeeding meeting.

RULE 10.—A notice book shall be kept by the of the Board, in which all notices of motions shall be entered. All such notices shall be dated and numbered as received.

নিম্নলিখিত কাগজপত্র সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা যাইতেছে।

আর, এচ, উইলসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

---

(১) প্রেসিডেন্সী, (২) বর্দ্ধমান, (৩) রাজশাহী, (৪) ঢাকা, (৫) পাটনা খণ্ডের কমিশ্যনর সাহেবদিগের নিকট,

মুনিসিপাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত ই, এন, বেকার সাহেবের দার্জ্জিলিঙ্গ হইতে লিখিত ১৮৮৬ সালের ১৩ সেপ্টেম্বর তারিখের ১১৬৯—৭২ টি—এম নং পত্র।

গবর্ণমেণ্টের গত ১ জুলাই তারিখের ১৩২৫—২৯ টি—এম নম্বর অনুশাসনপত্রের ৭ দফায় বলা হইয়াছিল যে স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক আইনমতে জিলা বোর্ড সংস্থাপিত হইলে আইনের ৩২ ধারামতে ঐ সকল বোর্ড কার্য্য চালাইবার যে সকল বিধি প্রণয়ন করিবেন তাহার আকার, ভাষা ও বিষয় সম্বন্ধে আদর্শস্বরূপ হইতে পারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নমুনাস্বরূপ এরূপ এক প্রস্ত বিধি উক্ত সকল বোর্ডের মধ্যে প্রচার করিবার কল্পনা করিয়াছেন। আদর্শ বিধিগুলি এক্ষণে প্রণীত হইয়াছে এবং আপনার খণ্ডের অন্তর্গত জিলা বোর্ড সমূহের মধ্যে প্রচারার্থে ও আপনার আফিসে রিকার্ড করিবার নিমিত্ত ঐ বিধির নকল পাঠাইবার * জন্যে আমি আদেশ প্রাপ্ত হইয়াছি। বোর্ডদিগকে ইহা স্পষ্টরূপে বুঝাইয়া দিতে হইবে যে এই বিধিগুলি তাঁহাদের উপদেশার্থ কেবল আদর্শস্বরূপ হইবে ইহাই অভিপ্রেত এবং কোন বিধি তাঁহাদের জিলার অবস্থার অনুপযোগী বোধ করিলে তাঁহারা উহা গ্রহণ করিতে কোন মতেই বাধ্য নহেন।

* (১)২০, (২)২৫, (৩)১৫, (৪)১৫, (৫)১০।

স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক আইনের ৩২ ধারামত আদর্শবিধি।

(ক) প্রকরণ।—সভাধিবেশন বিষয়ক বিধি।

১ ধারা।—সভাপতি কিয়ৎকালের নিমিত্তে আপন কর্ম্ম হইতে অনুপস্থিত থাকিলে অথবা সভাপতির পদ কিয়ৎকালের জন্যে শূন্য হইলে, সভাপতির কর্ম্ম এই সকল বিধিমতে প্রতিনিধি সভাপতি কর্ত্তৃক সম্পাদিত হইবে।

২ ধারা।—সভার নিয়মিত অথবা বিশেষ অধিবেশন হইবে।

৩ ধারা।—প্রতি মাসের　　　　বারে * জিলা বোর্ডের নিয়মিত অধিবেশন হইবে। কিন্তু যদি কোন মাসের　　　　বার গেজেটে লিখিত বন্দের কোন দিনে পড়ে কিম্বা অন্য কোন কারণে অসুবিধাজনক বোধ হয় তাহা হইলে সভাপতি বোর্ডের নিয়মিত সভাধিবেশনের জন্যে অন্য দিন ধার্য্য করিতে পারিবেন।

* যথা, "প্রথম সোমবার", "শেষ শনিবার"।

৪ ধারা।—সভাপতি যে কোন সময়ে জিলা বোর্ডের বিশেষ সভা আহ্বান করিতে পারিবেন। মোট সংখ্যার এক চতুর্থাংশ সভ্য লিখিয়া প্রার্থনা করিলে সভাপতি বিশেষ সভা আহ্বান করিতে বাধ্য হইবেন।

৫ ধারা।—সাধারণ বিধির ৪ ভাগের ৬৫ ধারায় ও আইনের ২৯ ধারায় যে ২ বিষয়ের উল্লেখ হইয়াছে কেবল বিশেষ সভাতেই সেই২ বিষয়ের নিষ্পত্তি করা যাইবে।

৬ ধারা।—অন্য যে সকল বিষয় নিষ্পত্তি করিবার জিলা বোর্ডের ক্ষমতা আছে নিয়মিত অথবা বিশেষ সভায় তাহার নিষ্পত্তি করা যাইতে পারিবে।

৭ ধারা।—জিলা বোর্ডের আফিসে অথবা সভাপতি সময়ে২ অন্য যে স্থান নিরূপণ করেন তথায় সভার অধিবেশন হইবে।

৮ ধারা।—সাধারণ বিধির ৬৭ ধারামত নোটিস ডাক যোগে অথবা অন্য যে প্রকারে সুবিধা হয় সেই প্রকারে পাঠাইতে হইবে। কিন্তু জিলা বোর্ডের সদর স্থানে স্থানীয় কোন সম্বাদ পত্র প্রকাশিত হইলে বোর্ড উপযুক্তমতে অনুমোদিত নির্দ্ধারণক্রমে উক্ত সম্বাদপত্রে ঐ নোটিস প্রকাশ করিলেই যথেষ্ট হইবে, এইরূপ নিষ্পত্তি করিতে পারিবেন।

৯ ধারা।—কোন প্রস্তাব করিতে হইলে সভার আগামী অধিবেশনের কার্য্যের তালিকায় সময় থাকিতে লিখিত হইতে পারিবার নিমিত্তে ঐ প্রস্তাবের অবিকল পাণ্ডুলেখ্যযুক্ত উহার নোটিস সভাপতির নিকট অথবা সেক্রেটরী থাকিলে সেক্রেটরীর নিকট পাঠাইয়া দিতে হইবে। নোটিস পাইতে অত্যধিক বিলম্ব হইলে উহা পরবর্ত্তী অধিবেশনের কার্য্যের তালিকায় ধরা যাইবে।

১০ ধারা।—সভার　　　　একখানি নোটিস বহী রাখিবেন। উহাতে সকল প্রস্তাবের নোটিস লিখিত থাকিবে। ঐরূপ সকল নোটিস পাইবার সঙ্গে২ উহাতে তারিখ ও নম্বর দিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

Adjourned Meetings.

RULE 11.—An adjourned meeting is not competent to transact any business save that which the original meeting left unfinished.

RULE 12.—An adjourned meeting, being merely a continuation of the original meeting does not require any fresh notice.

CONDUCT OF PROCEEDINGS AT MEETING, &c.

CLAUSE (*b*).

Order of business.

RULE 13.—At ordinary meetings, the business shall be conducted in the following order:—

(*a*)—The minutes of the last ordinary meeting, and of any special meeting held since shall be read and, if approved as correctly entered, shall be signed by the Chairman of such meeting.

(*b*)—Business postponed from the last ordinary meeting shall be considered.

(*c*)—A progress report of works shall be laid before the Board.

(*d*)—Letters and reports of Committees shall be read, and accounts and statements shall be considered and passed.

(*e*)—Motions of which due notice has been given to be discussed.

RULE 14.—At a special meeting, only the business for which the meeting was called shall be considered: Provided that with the consent of the majority of the members present any other business may be considered.

RULE 15.—In the event of any objection being raised to the manner in which any resolution has been recorded, the Chairman shall decide the question after reference to the original draft of the resolution, and if he finds the minute to be inaccurate, shall make the necessary correction in the minute book.

RULE 16.—Unless by permission of the majority of the meeting, all subjects shall be discussed in the order in which they appear in the notice paper.

Of motions and amendments.

RULE 17.—Every motion and amendment duly moved must be seconded, and until seconded no debate thereon can take place.

RULE 18.—Every motion and amendment, after being reduced to writing, under Rule 74 of the General Rules, shall be signed by the proposer and seconder before being put to the vote.

RULE 19.—Every amendment shall be so worded as to be capable of making an intelligible sentence either alone or in its proper place in an original motion, as the case may be; provided that no amendment can merely negative the original motion.

RULE 20.—The President of the meeting may, for reasons to be recorded in writing and entered in the minutes of the proceedings—

(*a*)—Rule that a motion or amendment is illegal or out of order, and

(*b*)—Make such alterations in a motion or amendment as shall in his opinion render it legal and in order;

and may in case (*a*) refuse to put the motion or amendment to the meeting; and in case (*b*) refuse to put the motion or amendment to the meeting unless and until the proposer and seconder accept and sign the alterations so made.

And the decision of the President shall be final.

RULE 21.—After a motion has been moved and seconded, an amendment may be moved at any stage of the debate thereon.

RULE 22.—On the discussion being concluded, in the event of several amendments having been proposed, the President shall put the last amendment to the vote first; if it is negatived, he shall put the last preceding amendment; and lastly, the first amendment; and if all the amendments are lost, the original proposition shall be put to the vote.

RULE 23.—When a motion or an amendment has been put from the chair, and been declared by the President to be duly carried, no further proposals for amending the motion or amendment can be entertained.

[*Government Gazette*, 16*th November* 1886.]

দিনান্তরে সভাধিবেশনের বিধি।

১১ ধারা।—মূল অধিবেশনে যে কার্য্য অসম্পূর্ণ থাকে দিনান্তরের অধিবেশনে তদ্ব্যতীত অন্য কার্য্য হইতে পারে না।

১২ ধারা।—যেহেতু দিনান্তরের অধিবেশন মূল অধিবেশনের অংশ মাত্র, অতএব উহার জন্য স্বতন্ত্র নোটিস দিবার আবশ্যক নাই।

অধিবেশন প্রভৃতিতে কার্য্য নির্ব্বাহ করণের বিধি।

(খ) প্রকরণ।

কার্য্যের ক্রম।

১৩ ধারা।—নিয়মিত অধিবেশনে নিম্নলিখিত ক্রমে কার্য্য নির্ব্বাহ করিতে হইবে।—

(ক)—গত নিয়মিত অধিবেশন এবং তদবধি যে কোন বিশেষ অধিবেশন হইয়া থাকে তাহার লিখিত বিবরণ পাঠ করিতে হইবে এবং যদি শুদ্ধরূপে লিখিত বলিয়া অনুমোদিত হয়, তবে ঐ অধিবেশনের সভাপতি উহাতে স্বাক্ষর করিবেন।

(খ)—যে কার্য্য গত নিয়মিত অধিবেশনে স্থগিত ছিল তাহার বিবেচনা করিয়া দেখা যাইবে।

(গ)—কোন্ কার্য্য কতদূর অগ্রসর হইয়াছে তাহার রিপোর্ট বোর্ডের সম্মুখে অর্পণ করিতে হইবে।

(ঘ)—কমিটী সমূহের পত্র ও রিপোর্ট পাঠ করিতে হইবে, হিসাব ও বর্ণনাপত্র সমূহ সম্বন্ধে বিবেচনা করিতে হইবে ও তাহা পাশ করিতে হইবে।

(ঙ)—যে সকল প্রস্তাব সম্বন্ধে রীতিমত নোটিস দেওয়া হইয়াছে তদ্বিষয়ে বাদানুবাদ করিতে হইবে।

১৪ ধারা।—বিশেষ অধিবেশনে, যে কার্য্যের জন্য সভা আহূত হইয়াছে কেবল তাহারই সম্বন্ধে বিবেচনা হইতে পারিবে, কিন্তু উপস্থিত সভ্যগণের অধিকাংশের সম্মতিক্রমে অন্য কোন বিষয়ও বিবেচনা করা যাইতে পারিবে।

১৫ ধারা।—যেরূপে কোন নির্দ্ধারণ লিপিবদ্ধ হইয়াছে তদ্বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হইলে সভাপতি নির্দ্ধারণের মূল পাণ্ডুলেখ্য দেখিয়া তাহার মীমাংসা করিবেন; যদি লিখিত বিবরণ অশুদ্ধ হইয়াছে দেখেন তাহা হইলে বিবরণ পুস্তক আবশ্যক মত সংশোধন করিবেন।

১৬ ধারা।—নোটিসের কাগজে যে ক্রমে বিষয় সমূহ লিখিত থাকে সেই ক্রমানুসারে তাহা বিবেচনা করিতে হইবে। অধিবেশনে উপস্থিত সভ্যগণের অধিকাংশের অনুমতিক্রমে অন্যরূপ করা যাইতে পারিবে।

প্রস্তাব ও সংশোধনের বিধি।

১৭ ধারা।—প্রত্যেক প্রস্তাব ও সংশোধন নিয়মিতরূপে প্রস্তাবিত হইলে উহা অন্য কোন সভ্যের অনুমোদিত হওয়া আবশ্যক এবং যতক্ষণ অনুমোদিত না হয় ততক্ষণ উহার উপর কোন বাদানুবাদ চলিতে পারে না।

১৮ ধারা।—প্রত্যেক প্রস্তাব ও সংশোধন, সাধারণ বিধির ৭৪ ধারামতে লিখিত হইলে পর, মতের জন্য অর্পিত হইবার পূর্ব্বে প্রস্তাবক ও অনুমোদক উভয় কর্ত্তৃকই স্বাক্ষরিত হইবে।

১৯ ধারা। প্রত্যেক সংশোধনের কথা গুলি এরূপভাবে যোজিত করিতে হইবে, যে সেই গুলি স্বতঃ অথবা স্থলবিশেষে মূল প্রস্তাবের যথাস্থানে যোজিত হইলে একটি বোধগম্য পদ হইতে পারে; কিন্তু কোন সংশোধনই মূল প্রস্তাবের নিষেধসূচক হইতে পারিবে না।

২০ ধারা।—অধিবেশনের সভাপতি

(ক) কোন প্রস্তাব বা সংশোধন আইনবিরুদ্ধ ও নিয়ম বহির্ভূত বলিয়া নির্ণয় করিয়া দিতে পারেন, ও

(খ) প্রস্তাব বা সংশোধনের যেরূপ পরিবর্ত্তন করিলে তাঁহার মতে আইন ও নিয়ম সঙ্গত হয়, সেইরূপ পরিবর্ত্তন করিতে পারেন এবিষয়ে তাঁহাকে কারণ গুলি লিখিয়া কার্য্য প্রণালীর লিখিত বিবরণে সন্নিবেশ করিতে হইবে, এবং তিনি

(ক) স্থলে ঐ প্রস্তাব বা সংশোধন সভায় উত্থাপিত করিতে অসম্মত হইতে পারেন এবং (খ) স্থলে প্রস্তাবক ও অনুমোদক এরূপে কৃত পরিবর্ত্তন গ্রাহ্য করিয়া তাহাতে স্বাক্ষর না করিলে যাবৎ না করেন তাবৎ সভায় ঐ প্রস্তাব ও সংশোধন অর্পণ করিতে অসম্মতি প্রকাশ করিতে পারিবেন।

এবং সভাপতির নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

২১ ধারা।—কোন প্রস্তাব উপস্থিত করা ও অনুমোদিত হইলে, তৎসম্বন্ধীয় বাদানুবাদকালে যে কোন সময়ে সংশোধন উপস্থিত করা যাইতে পারিবে।

২২ ধারা।—বাদানুবাদ শেষ হইলে পর যদি অনেকগুলি সংশোধনের প্রস্তাব করা হইয়া থাকে তাহা হইলে সভাপতি মত প্রকাশার্থ শেষ সংশোধনটী সর্ব্বপ্রথমে সভায় অর্পণ করিবেন, যদি উহা অগ্রাহ্য হয় তাহা হইলে তিনি তৎপূর্ব্ববর্ত্তী সংশোধন অর্পণ করিবেন, প্রথম সংশোধন সর্ব্বশেষে অর্পণ করিবেন; যদি সমস্ত সংশোধনই অগ্রাহ্য হয়, মত গ্রহণার্থে মূল প্রস্তাব অর্পিত হইবে।

২৩ ধারা।—যখন সভাপতি কর্ত্তৃক কোন প্রস্তাব বা সংশোধন অর্পিত হয় এবং উহা বৈধরূপে গ্রাহ্য হইয়াছে বলিয়া প্রকাশ করা যায়; তখন ঐ প্রস্তাব বা সংশোধন সংশোধনার্থ প্রস্তাব আর গৃহীত হইতে পারিবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

Of the right to speak.

RULE 24.—The President may require members to stand when they address the meeting.

RULE 25.—The member who first addresses the meeting shall be entitled to be heard first, and should more than one member rise to address the meeting at the same time, the order of precedence shall be determined by the President.

RULE 26.—Any member shall be at liberty to call the attention of the President to a point of order, even when a member is speaking. On a point of order being raised, the member addressing the meeting shall resume his seat until the question has been decided by the President. After the decision of the President, the same point of order cannot be raised again. Except as provided by this rule, no member shall interrupt a speaker in possession of the meeting.

RULE 27.—Except as provided in the last preceding rule, no member shall speak except to move or second a motion or amendment, or to support or oppose a motion or amendment which has been duly moved and seconded.

RULE 28.—A speaker who has exhausted his right to speak on an original motion, may speak on any amendment being moved, as that raises a new question.

RULE 29.—The mover of a motion or amendment shall in all cases have a right of reply, but otherwise no member shall speak more than once on the same motion or amendment, unless in explanation of some part of his original speech.

Miscellaneous.

RULE 30.—Unless not less than two-thirds of the members of the Board consent by signing a requisition, no subject once finally disposed of can be reconsidered within six months.

RULE 31.—When any business, of which notice has not been given, is considered at a meeting, the decision recorded or resolution adopted at such meeting shall be of no effect unless and until it is confirmed at the next succeeding ordinary meeting, or at a special meeting called expressly for the purpose.

RULE 32.—For the purpose of taking into consideration business involving many details the meeting may resolve itself into a Committee of the whole body. When this has been determined on, the rule prohibiting any person from speaking more than once on the same question shall be deemed suspended until the meeting resumes.

RULE 33.—When a motion or amendment is put to the vote, the President or Secretary shall record against it, first, the names of members voting for it, and then the names of those voting against it.

RULE 34.—Voting by proxy is prohibited; and no member may vote upon any motion or amendment unless he be present in person at the time when it is put to the vote.

RULE 35.—The minutes shall contain a brief abstract of the discussion preceding each resolution.

Of protests or dissents.

RULE 36.—Protests must be limited to a concise and definite statement of the motives which prompted the votes of members who voted in the minority on a given question.

RULE 37.—Protests must be handed to the Chairman before the conclusion of the meeting at which the resolution protested against was passed.

RULE 38.—Protests duly made shall be appended to and published with the minutes.

Of Adjournments.

RULE 39.—It shall be competent to any member to move the adjournment of the debate or of the meeting in a speech not exceeding five minutes in duration.

[*Government Gazette*, 16*th November* 1886.]

বক্তৃতা করিবার অধিকারের কথা।

২৪ ধারা।—সভ্যেরা যখন সভাকে সম্বোধন করেন, তখন সভাপতি তাঁহাদিগকে দাঁড়াইতে বলিতে পারিবেন।

২৫ ধারা।—যে সভ্য প্রথমে সভাকে সম্বোধন করিয়া বক্তৃতা করেন, তাঁহার কথাই সর্ব্বাগ্রে শুনিতে হইবে। যদি একই সময়ে একের অধিক সভ্য সভাকে সম্বোধন করিবার জন্য দণ্ডায়মান হন তাহা হইলে সভাপতিকে অগ্রে সম্বোধন করিবেন ইহা নির্ণয় করিয়া দিবেন।

২৬ ধারা।—যখন কোন সভ্য বক্তৃতা করিতেছেন তখনও যে কোন সভ্য সভার সুপদ্ধতি সম্বন্ধীয় কোন কথায় সভাপতির মনোযোগ আকর্ষণ করিতে অধিকারী হইবেন। সুপদ্ধতি সম্বন্ধীয় কোন কথা উত্থাপিত হইলে যে সভ্য সভাকে সম্বোধন করিতেছেন যতক্ষণ সভাপতি ঐ কথার নিষ্পত্তি করিয়া না দেন ততক্ষণ তিনি আপন আসন পুনর্গ্রহণ করিবেন। সভাপতি নিষ্পত্তি করিয়া দিলে সুপদ্ধতি সম্বন্ধীয় সে কথা আর উত্থাপিত করা যাইবে না। এই ধারায় যেরূপ বিহিত হইল তদ্ভিন্ন অন্য স্থলে কোন সভ্য সম্বোধনকারী ব্যক্তিকে বাধা দিতে পারিবেন না।

২৭ ধারা।—পূর্ব্ববর্ত্তি ধারায় যেরূপ বিহিত হইল তদ্ভিন্ন অন্যস্থলে কোন সভ্যই প্রস্তাব অথবা সংশোধন উত্থাপন বা অনুমোদন করা ভিন্ন অথবা যে প্রস্তাব বা সংশোধন যথানিয়মে উত্থাপিত বা অনুমোদিত হইয়াছে তাহার সপক্ষে বা বিপক্ষে বলা ভিন্ন অন্য কোন স্থলে কোন কথা কহিতে পারিবেন না।

২৮ ধারা।—যে বক্তা মূল প্রস্তাবের সময় আপনার বক্তৃতা করিবার অধিকার নিঃশেষিত করিয়াছেন কোন সংশোধনের প্রস্তাব হইলে তিনি আবার বক্তৃতা করিতে পারেন যেহেতু তদ্দ্বারা নূতন কথা উত্থাপিত হয়।

২৯ ধারা।—কোন প্রস্তাব বা সংশোধনের প্রস্তাবক সকল স্থলেই উত্তর দেওয়ার অধিকার প্রাপ্ত হইবেন। কিন্তু অন্যথা কোন সভ্যই এক প্রস্তাব বা সংশোধনের বিষয়ে একবারের অধিক বক্তৃতা করিতে পারিবেন না। কেবল মূল বক্তৃতার কোন অংশের ব্যাখ্যার জন্য বক্তৃতা করিতে পারিবেন।

বিবিধ।

৩০ ধারা।—বোর্ডের সভ্যগণের দুই তৃতীয়াংশের অন্যূন সংখ্যক সভ্য আবেদনপত্রে স্বাক্ষর করিয়া সম্মতি না দিলে যে বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি হইয়া গিয়াছে ছয় মাসের মধ্যে তাহার পুনরালোচনা হইতে পারিবে না।

৩১ ধারা।—যে বিষয়ের জন্য নোটিস দেওয়া হয় নাই এরূপ বিষয় কোন অধিবেশনে আলোচিত হইলে সেই অধিবেশনে লিখিত নিষ্পত্তি অথবা গ্রাহ্য নির্দ্ধারণ যতক্ষণ পর্য্যন্ত পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে অথবা কেবলমাত্র ঐ উদ্দেশ্যে আহূত বিশেষ অধিবেশনে দৃঢ়ীকৃত না হয় ততক্ষণ উহা বলবৎ হইবে না।

৩২ ধারা।—যে কার্য্যে অনেক বিবেচ্য বিষয় আছে তাহার আলোচনা করিবার জন্য সভা উপস্থিত সমস্ত সভ্য লইয়া কমিটী হইলেন বলিয়া নির্দ্ধারণ করিতে পারেন। যখন এইরূপ স্থিরীকৃত হয় তখন এক বিষয়ে এক জন ব্যক্তিকে একাধিকবার বক্তৃতা করার নিষেধকারী নিয়ম, যতক্ষণ পর্য্যন্ত সভা পুনরায় আরম্ভ না হয় ততক্ষণ পর্য্যন্ত স্থগিত রহিল বলিয়া মনে করিতে হইবে।

৩৩ ধারা।—যখন কোন প্রস্তাব বা সংশোধন মত গ্রহণার্থ অর্পিত হয় তখন সভাপতি বা সেক্রেটরী উহার পার্শ্বে প্রথম যে সকল সভ্য উহার পক্ষে মত প্রদান করেন তাঁহাদের নাম এবং পরে যাঁহারা উহার বিরুদ্ধে মত প্রদান করেন তাঁহাদের নাম লিখিবেন।

৩৪ ধারা।—প্রতিনিধির দ্বারা মত প্রদান নিষিদ্ধ। যখন কোন প্রস্তাব বা সংশোধন মত গ্রহণার্থে অর্পিত হয় তখন যদি কোন সভ্য স্বয়ং উপস্থিত না হন তাহা হইলে তিনি উহার সম্বন্ধে মত প্রদান করিতে পারিবেন না।

৩৫ ধারা।—প্রত্যেক নির্দ্ধারণের পূর্ব্বে যে বাদানুবাদ হয় তাহার সংক্ষেপ বিবরণ লিখিত বিবরণে সন্নিবেশিত হইবে।

প্রতিবাদ বা অসম্মতি বিষয়ক বিধি।

৩৬ ধারা।—কোন নির্দ্দিষ্ট বিষয়ে অল্পসংখ্যক সভ্যের মত ভেদ হইলে যে উদ্দেশ্যে মত ভেদ হয় তাহাই সংক্ষিপ্ত ও স্পষ্টরূপে বিবৃত করিয়া প্রতিবাদ করিতে হইবে।

৩৭ ধারা।—যে অধিবেশনে প্রতিবাদযুক্ত নির্দ্ধারণ পাস হইলে সেই অধিবেশন শেষ হইবার পূর্ব্বে সভাপতির হস্তে প্রতিবাদ অর্পণ করিতে হইবে।

৩৮ ধারা।—নিয়মিতরূপে প্রতিবাদ করা হইলে সে প্রতিবাদ লিখিত বিবরণে সংযোজিত ও উহার সহিত প্রকাশিত হইবে।

দিনান্তর নির্দ্ধারণের বিধি।

৩৯ ধারা।—পাঁচ মিনিটের অনধিক কালব্যাপী বক্তৃতা করিয়া যে কোন সভ্য বাদানুবাদ অথবা অধিবেশনের জন্য দিনান্তর ধার্য্য করিবার প্রস্তাব উত্থাপন করিতে সক্ষম হইবেন।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

RULE 40.—When a motion for the adjournment of the meeting or of a debate is mo it shall be seconded without a speech, and put by the Chairman to the vote without debate or amendment.

RULE 41.—No motion for the adjournment of the meeting or of a debate shall be admissible which proposes an adjournment beyond the next ordinary meeting.

CLAUSE (c).

The custody of the common seal, and the purposes for which it shall be used.

RULE 42.—The common seal shall remain in the custody of the Chairman; Provided that if a Secretary has been appointed, the Chairman may by written order delegate the custody of the seal to the Secretary.

MODEL RULES UNDER SECTION 32.

RULE 43.—The common seal shall be affixed to the following documents:—

(a)—All deeds of sale or purchase executed by or on behalf of the District Board, and whether relating to moveable or immoveable property.

(b)—All written contracts entered into by the District Board.

(c)—The minutes of the proceedings of the Board.

(d)—The notices of meetings of the Board.

(e)—All receipts for money granted under the authority of the Board.

(f)—All notices to the public issued under the Act or the General Rules.

CLAUSE (d).

Division of duties among the Members of the District Board.

RULE 44.—The District Board may from time to time appoint out of its members such and so many Committees either of general or special nature, and consisting of such number of persons as they think fit, for any purposes which, in the opinion of the Board, can be conveniently regulated and managed by means of such Committees; but the acts of every such Committee shall be submitted to the Board for their approval.

RULE 45.—There shall be the following General Committees of the District Board, viz.:—

(1)—The Finance Committee.

(2)—The Public Works and Ferries Committee.

(3)—The Education Committee.

(4)—The Medical and Sanitary Committee.

(5)—The

RULE 46.—The duties of the Finance Committee shall be as follows:—

(a)—

(b)—

(c)—

(d)—

RULE 47.—The duties of the Public Works and Ferries Committee shall be as follows:—

(a)—

(b)—

(c)—

(d)—

RULE 48.—The duties of the Education Committee shall be as follows:—

(a)—

(b)—

(c)—

(d)—

MODEL RULES UNDER SECTION 32.

RULE 49.—The duties of the Medical and Sanitary Committee shall be as follows:—

(a)—

(b)—

(c)—

(d)—

[*Government Gazette*, 16*th November* 1886.]

৪০ ধারা।—যখন কোন অধিবেশন অথবা বাদানুবাদের জন্য দিনান্তর ধার্য্য করিবার প্রস্তাব করা হয় তখন বিনা বক্তৃতায় উহার অনুমোদন করিতে হইবে। পরে সভাপতি বাদানুবাদ অথবা সংশোধন ব্যতিরেকে মত গ্রহণার্থে উহা সভায় অর্পণ করিবেন।

৪১ ধারা।—আগামী নিয়মিত অধিবেশনের পরবর্ত্তী কালে কোন অধিবেশন বা বাদানুবাদের জন্য দিনান্তর ধার্য্য করিবার প্রস্তাব হইলে সে প্রস্তাব অগ্রাহ্য হইবে।

(গ) প্রকরণ।

সাধারণ মোহরের সংরক্ষণ ও যে যে কার্য্যে উহা ব্যবহৃত হইবে তাহার কথা।

৪২ ধারা।—সাধারণ মোহর সভাপতির সংরক্ষণাধীনে থাকিবে কিন্তু যদি সেক্রেটরি নিযুক্ত হন তাহা হইলে সভাপতি লিখিত আজ্ঞাদ্বারা মোহর রক্ষার ভার সেক্রেটরির হস্তে অর্পণ করিতে পারিবেন।

৩২ ধারামত আদর্শ বিধি।

৪৩ ধারা।—সাধারণ মোহর নিম্নলিখিত দলীল সমূহে বসান যাইতে পারিবে।—

(ক)—জিলা বোর্ডের পক্ষে অথবা তাহাদ্বারা স্থাবর সম্পত্তি সম্বন্ধেই হউক বা অস্থাবর সম্পত্তি সম্বন্ধেই হউক ক্রয় বা বিক্রয়ের সমস্ত দলীলে,

(খ)—জিলা বোর্ড যে সকল লিখিত চুক্তি করেন তাহাতে,

(গ)—বোর্ডের কার্য্যপ্রণালীর লিখিত বিবরণে,

(ঘ)—বোর্ডের অধিবেশনের নোটিসে,

(ঙ)—বোর্ডের আদেশমত যে টাকা প্রদত্ত হয় তাহার সমস্ত রসীদে, এবং

(চ)—আইন এবং সাধারণ বিধিমতে যে সকল নোটিস সাধারণে বাহির হয় তাহাতে।

(ঘ) প্রকরণ।

জিলা বোর্ডের মেম্বরদিগের মধ্যে কর্ত্তব্য কর্ম্মের বিভাগ বিষয়ক বিধি।

৪৪ ধারা।—বোর্ডের মতে যে সকল কার্য্য কমিটী দ্বারা সুবিধামত সম্পাদিত ও চালিত হইতে পারে সেই সকল কার্য্যের জন্য জিলাবোর্ড আপনার সভ্যগণের মধ্য হইতে সময়ে সময়ে যত সংখ্যক লোক আবশ্যক বিবেচনা করেন তত সংখ্যক লোক দিয়া যেরূপ ও যত সংখ্যক সাধারণ বা বিশেষ কমিটী আবশ্যক বোধ করেন নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু এরূপ কমিটীর প্রত্যেক কার্য্য বোর্ডের অনুমোদনার্থ অর্পণ করিতে হইবে।

৪৫ ধারা।—জিলাবোর্ডের নিম্নলিখিত সাধারণ কমিটী হইবে।—

(১) আয় ব্যয় কমিটী—
(২) পূর্ত্তকার্য্য ও খেয়াঘাট কমিটী—
(৩) শিক্ষা কমিটী—
(৪) চিকিৎসা ও স্বাস্থ্য কমিটী—
(৫)—

৪৬ ধারা।—আয় ব্যয় কমিটীর কার্য্য নিম্নলিখিতরূপ হইবে।—

(ক)—
(খ)—
(গ —
(ঘ)—

৪৭ ধারা।—পূর্ত্তকার্য্য ও খেয়াঘাট কমিটীর কার্য্য নিম্নলিখিতরূপ হইবে।—

(ক)—
(খ)—
(গ)—
(ঘ)—

৪৮ ধারা।—শিক্ষা কমিটীর কার্য্য নিম্নলিখিতরূপ হইবে।—

(ক)—
(খ)—
(গ)—
(ঘ)—

৩২ ধারামত আদর্শ বিধি।

৪৯ ধারা।—চিকিৎসা ও স্বাস্থ্য কমিটীর কার্য্য নিম্নলিখিতরূপ হইবে।—

(ক)—
(খ)—
(গ)—
(ঘ)—

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

RULE 50.—The duties of the Committee shall be as follows :—

(a)—

(b)—

(c)—

(d)—

RULE 51.—The members of the General Committees shall hold office for one year only, but shall be eligible for re-appointment.

RULE 52.—Save in the case of illness, a member of a General Committee who, without the previous permission of the District Board, shall fail to attend six consecutive meetings of such Committee, shall thereby cease to be a member, and the Committee shall apply to the Board to appoint another member in his place.

RULE 53.—The District Board may from time to time delegate to one or more of its members the duty of inspecting any work which is being carried out under its orders, or any institution under its control and management.

Proceedings of Committees.

RULE 54.—A Committee may meet and adjourn as it thinks proper.

RULE 55.—The quorum of a Committee shall be three members.

RULE 56.—A Committee may elect a Chairman of its meetings.

RULE 57.—If no Chairman is elected, or if the Chairman elected is not present at the time for holding any meeting, the members present shall choose one of their number to be Chairman.

RULE 58.—Every question at a meeting shall be determined by a majority of the votes of the members present and voting on that question.

RULE 59.—In case of an equal division of votes, the Chairman shall have a second or casting vote.

CLAUSE (e).

Powers of Chairman.

RULE 60.—The Chairman of the District Board is empowered to enter into contracts relating to works and expenditure sanctioned by the Board in respect of sums or involving values not exceeding Rs. 500.

RULE 61.—The general superintendence and control of the establishment maintained by the District Board shall vest in, and be exercised by, the Chairman.

RULE 62.—Subject to any resolutions which the District Board may from time to time pass, the general powers of control and administration which are vested or may be vested in the Board under Part III, Chapter 1 of the Act, shall be exercised by the Chairman.

RULE 63.—Subject to any resolution which the Board may pass from time to time, the general powers of control over the proceedings of inferior local authorities, conferred on the District Board by the Act, may be exercised by the Chairman.

MODEL RULES UNDER SECTION 32.

RULE 64.—The powers of the Vice-Chairman shall be such as the Chairman may by an order in writing delegate to him from time to time. Such powers may at any time be withdrawn or modified by an order similarly made: Provided that nothing done by the Vice-Chairman with the express or implied consent of the Chairman shall be invalid for want of such written order.

CLAUSE (f).

The persons by whom receipts shall be granted for money received under the Act.

RULE 65.—Receipts for money received under the Act shall be signed by the Chairman, Vice-Chairman, or, when a Secretary has been appointed, by the Secretary of the Board.

CLAUSE (g).

The duties, appointment, leave, suspension and removal of the officers and servants of the Board.

RULE 66.—Subject to the scale of establishment laid down by the District Board, the Chairman may appoint and dismiss all officers whose salary is less than Rs. 50 per month Provided that all dismissals must be reported to the next ordinary meeting for confirmation.

[*Government Gazette, 16th November* 1886.]

কমিটীর কার্য্য নিম্নলিখিত রূপ হইবে।—

৫০ ধারা।—

(ক)—

(খ)—

(গ)—

(ঘ)—

৫১ ধারা।—সাধারণ কমিটীর সভ্যেরা এক বৎসরের জন্য পদ ধারণ করিবেন। কিন্তু তাঁহারা পুনর্নিয়োগের অধিকারী হইবেন।

৫২ ধারা।—পীড়া ভিন্ন অন্যস্থলে সাধারণ কমিটীর কোন সভ্য যদি জিলাবোর্ডের অনুমতি পূর্ব্বক না লইয়া ক্রমানুয়ে এরূপ কমিটীর ছয় অধিবেশনে উপস্থিত না হন তাহা হইলে তিনি তজ্জন্য আর সভ্য রহিবেন না। এবং কমিটী তাঁহার স্থানে আর এক জন সভ্য নিযুক্ত করিবার জন্য বোর্ডের নিকট প্রার্থনা করিবেন।

৫৩ ধারা।—জিলাবোর্ড সময়ে সময়ে আপন আজ্ঞাধীনে যে সকল কার্য্য সম্পাদিত হইতেছে তাহার অথবা যে সকল বিদ্যালয়াদি আপন কর্ত্তৃত্ব বা তত্ত্বাবধারণাধীনে থাকে তাহার তত্ত্বাবধারণের ভার এক বা ততোধিক সভ্যের হস্তে অর্পণ করিতে পারিবেন।

কমিটী সমূহের কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।—

৫৪ ধারা।—কমিটী যেরূপ উচিত বিবেচনা করেন সেই রূপ অধিবেশন করিতে ও দিনান্তর কার্য্য করিতে পারিবেন।

৫৫ ধারা।—তিন জন সভ্য উপস্থিত না থাকিলে কমিটীর কার্য্য চলিতে পারিবে না।

৫৬ ধারা।—অধিবেশন কালের জন্য কমিটী সভাপতি মনোনীত করিতে পারিবেন।

৫৭ ধারা।—যদি কোন সভাপতি মনোনীত করা না হয়, কিম্বা মনোনীত সভাপতি যদি কোন সভা বসিবার সময় উপস্থিত না থাকেন তাহা হইলে উপস্থিত সভ্যগণ আপনাদিগের মধ্য হইতে এক জনকে সভাপতি মনোনীত করিয়া লইবেন।

৫৮ ধারা।—সভায় উত্থাপিত প্রত্যেক বিষয় যে সকল সভ্য উপস্থিত থাকেন এবং উক্ত বিষয়ে মতামত প্রদান করেন তাঁহাদের অধিকাংশের মত লইয়া স্থিরীকৃত হইবে।

৫৯ ধারা।—যদি দুই দিকে সমান সংখ্যার মত প্রকাশ হইয়া থাকে তাহা হইলে সভাপতি দ্বিতীয় মত জানাইতে পারিবেন ও তাঁহার মত প্রবল হইবে।

(ঙ) প্রকরণ।

সভাপতির ক্ষমতার কথা।

৬০ ধারা।—জিলাবোর্ডের সভাপতি বোর্ড যে সকল কার্য্য অথবা ব্যয় মঞ্জুর করিয়াছেন তৎসম্বন্ধে পাঁচশত টাকার অনধিক টাকা বা মূল্যের চুক্তি করিতে ক্ষমতা প্রাপ্ত হইবেন।

৬১ ধারা।—জিলা বোর্ডের অধীন সেরেস্তার সাধারণ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধানের ভার সভাপতির উপর অর্পিত হইবে ও তিনি তদনুসারে কার্য্য করিবেন।

৬২ ধারা।—আইনের ৩ ভাগের ২ অধ্যায়মতে তত্ত্বাবধান ও কার্য্য নির্ব্বাহের যে সাধারণ ক্ষমতা বোর্ডের উপর অর্পিত হইয়াছে বা হইবে জিলাবোর্ড সময়ে যে নির্দ্ধারণ পাস করেন তদধীনে সভাপতি ঐ সকল ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন।

৬৩ ধারা।—আইনে নিম্নস্থ স্থানীয় কর্ত্তৃপক্ষের কার্য্যপ্রণালীর উপর তত্ত্বাবধানের যে সকল সাধারণ ক্ষমতা বোর্ডের উপর অর্পিত হইয়াছে বোর্ড সময়ে যে সকল নির্দ্ধারণ পাস করেন তদধীনে সভাপতি সেই সকল ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন।

৩২ ধারামত আদর্শবিধি।

৬৪ ধারা।—সভাপতি সময়ে লিখিত আজ্ঞাদ্বারা যে সকল ক্ষমতা প্রতিনিধি সভাপতির উপর অর্পণ করেন সেই সকল ক্ষমতাই প্রতিনিধি সভাপতির হইবে। ঐরূপে কৃত আজ্ঞাদ্বারা ঐ সকল ক্ষমতা সম্বন্ধে রহিত ও পরিবর্ত্তিত হইতে পারিবে। কিন্তু প্রতিনিধি সভাপতি সভাপতির স্পষ্ট অথবা ভাবতঃ সম্মতি অনুসারে যে কার্য্য করেন তাহা এইরূপ লিখিত আজ্ঞার অভাব প্রযুক্ত অসিদ্ধ হইবে না।

(চ) প্রকরণ।—

আইনমতে গৃহীত টাকার জন্য যে সকল ব্যক্তি রসীদ দিতে পারিবে তাহাদের কথা।

৬৫ ধারা।—বোর্ডের সভাপতি প্রতিনিধি সভাপতি অথবা যে স্থলে সেক্রেটরী নিযুক্ত হইয়াছেন সে স্থলে সেক্রেটরী আইনমতে গৃহীত টাকার রসীদে স্বাক্ষর করিবেন।

(ছ) প্রকরণ।—

বোর্ডের কর্ম্মচারী ও চাকরদের কর্ম্মে নিয়োগ, ছুটী, স্থগিত করণ ও অবসর অর্পণের বিধি।

৬৬ ধারা।—জিলা বোর্ড যেরূপ সেরেস্তা নির্দ্দিষ্ট করিয়া দেন তদধীনে সভাপতি মাসিক পঞ্চাশ টাকার ন্যূন বেতনের কর্ম্মচারীদিগকে নিয়োগ করিতে বা অবসর দিতে পারিবেন কিন্তু অবসর প্রদান করিলে উহা মঞ্জুরী করণার্থ পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে রিপোর্ট করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১১ নবেম্বর।]

RULE 67.—Except as otherwise provided in the Act or the General Rules, the appointment and dismissal of officers and servants of the Board employed on a salary of Rs. 50 or upwards shall rest with the District Board.

RULE 68.—Except as otherwise provided in the General Rules, the Chairman may suspend any officer or servant of the Board for misconduct or incompetence: Provided that the matter shall be laid before the Board for orders at their next ordinary meeting.

RULE 69.—Casual leave for a period not exceeding seven days at any one time, or 15 days in 12 months, and leave on medical certificate for any period not exceeding a month, may be granted by the Chairman with or without pay, and with or without the appointment of a substitute, to any officer or servant of the Board. All other leave must be granted by the Board at a meeting.

RULE 70.—Except as otherwise provided by the Act and the General Rules, all persons employed by the Board, whose services may be no longer required, shall be liable to discharge after the receipt of one month's notice, or one month's pay in lieu of notice; and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of a month's salary.

RULE 71.—The Board shall have power to inflict for neglect of duty a fine not exceeding one month's pay upon any officer or servant employed by them. This power shall be exercised by the Chairman; provided that the orders of the Chairman inflicting a fine on an officer drawing Rs. 50 per mensem or upwards shall be submitted for the confirmation of the Board at its next ordinary meeting.

RULE 72.—All officers and servants employed by the District Board shall, if required, furnish such security as the Board may from time to time fix.

[*Government Gazette*, 16*th November* 1886.]

৬৭ ধারা।—আইনে অথবা সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন সর্ব্বত্র পঞ্চাশ বা ততোধিক টাকা বেতনে নিযুক্ত বোর্ডের কার্য্যকারক বা চাকরের নিয়োগ বা অবসর করণ কার্য্য জিলা বোর্ডের হস্তে থাকিবে।

৬৮ ধারা।—সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন সভাপতি অসদাচরণ কিম্বা অযোগ্যতা নিবন্ধন বোর্ডের যে কোন কার্য্যকারক বা চাকরকে স্থগিত করিতে পারিবেন কিন্তু এই বিষয় পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে আজ্ঞার নিমিত্ত বোর্ডের সম্মুখে অর্পণ করিতে হইবে।

৬৯ ধারা।—সভাপতি প্রতিনিধি নিযুক্ত করিয়া অথবা না করিয়া পূর্ণ বেতন দিয়া অথবা বিনা বেতনে বোর্ডের যে কোন কার্য্যকারক বা চাকরকে এক সময়ে ৭ দিনের অনধিক কালের জন্য অথবা বার মাসের মধ্যে ১৫ দিনের জন্য এবং চিকিৎসকের সার্টিফিকেটক্রমে এক মাসের অনধিক কালের নিমিত্ত ছুটী দিতে পারিবেন। এতদ্ভিন্ন অন্য ছুটী বোর্ডের অধিবেশনে প্রদত্ত হওয়া আবশ্যক।

৭০ ধারা।—আইনে এবং সাধারণ বিধিতে অন্যরূপ বিধানের স্থল ভিন্ন বোর্ড কর্ত্তৃক নিযুক্ত যে সকল লোকের কার্য্যে আর প্রয়োজন নাই তাহাদিগকে এক মাসের নোটিস দিয়া অথবা নোটিসের পরিবর্ত্তে এক মাসের মাহিয়ানা দিয়া অবসর প্রদান করা যাইতে পারিবে এবং এরূপ কোন ব্যক্তি পূর্ব্বে এক মাসের নোটিস না দিয়া আপন পদের কার্য্য করিতে বিরত হইলে তাহার এক মাসের মাহিয়ানা কর্ত্তন করা যাইবে।

৭১ ধারা।—বোর্ড কর্ত্তৃক নিযুক্ত কোন কার্য্যকারক বা চাকরের কর্ত্তব্য কার্য্যে অমনোযোগ হইলে বোর্ড উহার এক মাসের বেতনের অনধিক টাকা দণ্ড বিধান করিতে পারিবেন। সভাপতি এই ক্ষমতা অনুসারে কার্য্য করিবেন। কিন্তু পঞ্চাশ টাকা বা ততোধিক বেতনভোগী কোন কার্য্যকারকের উপর জরিমানা করা সম্বন্ধে সভাপতির আজ্ঞা, দৃঢ়ীকরণার্থ বোর্ডের পরবর্ত্তী নিয়মিত অধিবেশনে অর্পণ করিতে হইবে।

৭২ ধারা।—প্রয়োজন হইলে জিলাবোর্ডের নিযুক্ত সমস্ত কার্য্যকারক ও চাকর বোর্ড সময়েং যেরূপ নির্ণয় করিয়া দেন সেইরূপ জামিন দিবেন।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৬ সাল ১৬ নবেম্বর ।

চতুর্থ খণ্ড ।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি ।

[দ্বিতীয়বার প্রকাশিত ।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৬ সালের ২৪ আগষ্ট তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা যায় ।—

১৮৮৬ সালের ২০ নম্বর ।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৮৬ সালের আইনের পাণ্ডুলিপি ।

সূচীপত্র ।

প্রথম অধ্যায় ।

উপক্রমণিকা ।

দ্বিতীয় অধ্যায় ।

সকল যাত্রার নিমিত্ত বিধি ।

তৃতীয় অধ্যায় ।

অল্পকালীন যাত্রা বিষয়ক বিধি ।

The Native Passengers Ships Bill, 1886.

চতুর্থ অধ্যায় ।

দীর্ঘকালীন যাত্রার বিধি ।

পঞ্চম অধ্যায় ।

দণ্ডের বিধি ।

কার্য্যপ্রণালী বিষয়ক বিধি ।

তফসীল ।—যে২ আইন রহিত হইল ।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, অতএব এতদ্দারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন এদেশীয় চড়নদারদের জাহাজ বিষয়ক ১৮৮৬ সালের আইন” নামে খ্যাত হইতে পারিবে।

আইন যত দূর ও যেং স্থলে বর্ত্তিবে তাহার কথা।

২ ধারা। (১) এই আইন ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে ব্যাপ্ত হইয়া এইং স্থলে বর্ত্তিবে.—

(ক) ভারত বর্ষের যেং রাজগণ ও যেং দেশাধিকারী শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ আছেন তাঁহাদের দেশান্তর্গত শ্রীশ্রীমতীর সকল প্রজার প্রতি,

(খ) ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত স্থানে শ্রীশ্রীমতীর ভারতবর্ষদেশীয় সকল প্রজার প্রতি, ও

(গ) এই ধারার (২) প্রকরণের লিখিত যেং জাহাজ বর্জ্জিত করা গেল তাহা ছাড়া, যেং জাহাজে আশিয়া কি আফ্রিকা দেশীয় ত্রিশ জনের অধিক চড়নদার থাকে সেইং জাহাজের প্রতি বর্ত্তে।

(২) কিন্তু নিম্নলিখিত কান জাহাজ প্রভৃতির প্রতি এই আইন বর্ত্তিবে না,

(১) শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধজাহাজের কি সেনাদির গমনীয় জাহাজের কিম্বা শ্রীশ্রীমতীর কার্য্যে নিযুক্ত জাহাজের প্রতি, কিম্বা

(২) ভিন্ন দেশীয় কোন রাজার কি দেশাধিকারির কোন যুদ্ধজাহাজের প্রতি, কিম্বা

(৩) পাইলের যে জাহাজে আশিয়া কি আফ্রিকা দেশীয় চড়নদার বালয়া ত্রিশ জনের অধিক না থাকে সেই জাহাজের প্রতি, কিম্বা

(৪) যে ষ্টীমরে ঐ দেশীয় চড়নদার বলিয়া যাইট জনের অধিক না থাকে সেই ষ্টীমরের প্রতি, কিম্বা

(৫) পাইলন্তরে গমনকারি যে জাহাজে কি যে ষ্টীমরে ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দর হইতে কি কোন বন্দরে চড়নদারদিগকে লইয়া যাইবার কল্পনা না থাকে, তাহার প্রতি।

কিন্তু এই প্রকরণের (৩) ও (৪) দফা সম্পর্কে স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক আসিয়া বা আফ্রিকা দেশীয় ১৫ জনের অধিক চড়নদার লইয়া পাইলন্তরেগামি জাহাজ বা তদ্রূপ জাহাজের কান শ্রেণীর প্রতি ও ঐং দেশীয় ৩০ জনের অধিক চড়নদার লইয়া গমনকারি ষ্টীমর বা কোন শ্রেণীর ষ্টীমরের প্রতি এই আইনের সকল বা কোন বিধান বর্ত্তিবে বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১১ নবেম্বর।]

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই আইন প্রচলিত হইবার যে দিন নিরূপণ করেন, সেই দিনাবধি ইহা প্রচলিত হইবে।

যেং আইন রহিত হইবে তাহার কথা।

৪ ধারা। (১) এই আইনের তফসীলের লিখিত আইন ঐ তফসীলের ৩- ঘরে যতদূর রহিত হইল বলিয়া নির্দ্দিষ্ট হইল, উক্ত দিনাবধি ততদূর রহিত হইবে।

(২) কিন্তু উক্ত কোন আইনমতে যেং বন্দর ও স্থান নিরূপিত ও যেং কার্য্যকারক নিযুক্ত হইল ও যেং বিধি ও নির্দ্দেশ করা গেল ও মুক্তি প্রদত্ত হইল ও যেং নিবন্ধপত্র সম্পাদিত হইল ও যেং আদেশ ও সার্টিফিকেট দেওয়া গেল তাহা ও তাহারা যত দূর হইতে পারে এই আইনমতে ক্রমান্বয়ে নিরূপিত ও নিযুক্ত ও কৃত ও প্রদত্ত হইল ও সম্পাদিত হইল ও দেওয়া গেল বলিয়া জ্ঞান হইবে, ও

(৩) কোন আইনে বা দলীলে এতদ্দারা রহিত করা কোন আইনের উল্লেখ থাকিলে ঐ উল্লেখ এই আইনের বা ইহার সমতুল্য অংশের উল্লেখ বলিয়া অর্থ করিতে হইবে।

অর্থকরণের কথা।

৫ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে,

(১) যে ব্যক্তি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের অন্যূন ক্ষমতামতে কার্য্য করেন “ মাজিষ্ট্রেট ” শব্দে তাঁহাকে জানিতে হইবে। এই শব্দের মধ্যে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসও গণ্য এবং আদেন বন্দরে রেসিডেণ্ট সাহেব বা কোন আসিষ্টাণ্ট রেসীডেণ্ট সাহেব ও গণ্য।

(২) দাড় টানিয়া যে নৌকাদি যায় তাহা ছাড়া জলপথে যাইবার নিমিত্ত যে জাহাজ প্রভৃতির ব্যবহার হয়, “ জাহাজ ” শব্দে তাহা জানিতে হইবে।

(৩) আড়কাটী ছাড়া যে ব্যক্তি জাহাজের উপর কর্ত্তৃত্ব কি অধ্যক্ষতা করেন, “ কাপ্তান ” শব্দে সেই প্রত্যেক ব্যক্তি গণ্য।

(৪) “ চড়নদার ” শব্দে দ্বাদশ বৎসরের অধিক বয়সের এক ব্যক্তিকে, ও এক বৎসরাবধি দ্বাদশ বৎসর পর্য্যন্ত বয়সের দুইং ব্যক্তিকে জানিতে হইবে। কিন্তু যে ব্যক্তি আশিয়া কি আফ্রিকা দেশীয় লোক নহেন, তাঁহার চাকর হইয়া যে যায় সে, ও এক বৎসরের কম বয়সের বালক, ঐ শব্দের মধ্যে গণ্য নয়।

(৫) জাহাজ যে বন্দরহইতে খুলিয়া যায় ও শেষে যে বন্দরে গিয়া পঁহুছিবে “ যাত্রা ” শব্দে ঐ দুই বন্দরের মধ্য সমুদয় পথ জানিতে হইবে।

(৬) কোন স্থানে যাইতে হইলে সাধারণ গতিকে জাহাজের ১২০ ঘণ্টা কি তাহার অধিককাল বন্দরের বাহিরে থাকিতে হইলে তাহা “ দীর্ঘকালীন যাত্রা ” বলিয়া জানিতে হইবে।

(৭) কোন স্থানে যাইতে হইলে সাধারণ গতিকে জাহাজ কখন ক্রমাগত ১২০ ঘণ্টা বন্দরের বাহিরে না থাকিলে তাহা “ অল্পকালীন যাত্রা ” বলিয়া জানিতে হইবে।

উদাহরণ।

কোন জাহাজ ক নামক বন্দরহইতে খুলিয়া শেষে খ নামক বন্দরে গিয়া পঁহুছিবে, ঐ দুই বন্দরের মধ্যে যাইতে সাধারণ গতিকে দশ দিন লাগে। কিন্তু পথে যাইতেহ চারিটা বন্দরে থামিবে, উহার মধ্যে এক বন্দর হইতে অন্য বন্দরে যাইতে সাধারণ গতিকে পাঁচ দিনের অধিক লাগে না। এইটি অল্প কালীন যাত্রা।

(৮) এই আইন যেং বন্দরে প্রচলিত হয়, তন্মধ্যে বন্দরের কষ্টমের কর্ম্মবিভাগে কর্ম্মনির্ব্বাহক যে কার্য্যকারক উচ্চতম শ্রেণীভুক্ত হন " কষ্টমের প্রধান কার্য্যকারক " শব্দে তাঁহাকে জানিতে হইবে।

দ্বিতীয় অধ্যায়।

সকল যাত্রায় নিয়মিত বিধি।

কেবল গবর্ণমেণ্টের নিরূপিত বন্দর হইতে জাহাজের যাইতে পারিবার কথা।

৬ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে ব্রিটিস ভারতবর্ষের অন্তর্গত যেং বন্দর ও স্থান নিরূপণ করেন, কোন জাহাজ চড়নদারদিগকে লইয়া সেইং স্থান ছাড়া অন্য কোন বন্দর কি স্থান হইতে যাত্রা করিতে কি খুলিয়া যাইতে কিম্বা কোন বন্দরে কি স্থানে চড়নদারদিগকে নামাইয়া দিতে পাইবে না।

(২) কোন জাহাজ পূর্ব্বোক্তমতে নিরূপিত কোন বন্দর কি স্থানহইতে খুলিয়া গেলে কি যাত্রা করিলে পর উক্ত প্রকারে নিরূপিত অন্য স্থানছাড়া কোন স্থানে কি বন্দরে চড়নদার বলিয়া কোন ব্যক্তিকে তুলিয়া লওয়া যাইবে না।

কাপ্তানের খুলিয়া যাইবার দিনের নোটিস দিতে হইবার কথা.

৭ ধারা। (১) কোন জাহাজ উক্তরূপে যাইতে কি যাত্রা করিতে উদ্যত হইলে স্থানীয় গবর্ণমেণ্ট এই কার্য্যপক্ষে যে কর্তৃপক্ষকে ক্ষমতা দেন, ঐ জাহাজের কাপ্তান কি স্বামী কি এজেণ্ট তাঁহাকে নোটিস দিয়া, ঐ জাহাজে এদেশীয় চড়নদারেরা যাইবে এই কথা, ও যে স্থানে যাইবে, ও যে সময়ে খুলিয়া যাইতে কল্পনা করেন তাহা জানাইবেন।

(২) খুলিয়া যাইবার পূর্ব্বে ন্যূনকল্পে চব্বিশ ঘণ্টা থাকিতে তাঁহার সেই নোটিস দিতে হইবে।

জাহাজে গিয়া দেখিবার ক্ষমতার কথা।

৮ ধারা। পূর্ব্বোক্ত কার্য্যকারক কিম্বা তাঁহা হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, সেই নোটিস পাইলে পর কোন সময়ে জাহাজে গিয়া, ঐ জাহাজ ও মাল, সরঞ্জাম ও খাদ্যদ্রব্য প্রভৃতি দেখিয়া লইতে পারিবেন।

দুইখানি সর্টিফিকেট না পাইলে খুলিয়া না যাইবার কথা।

৯ ধারা। (১) যে জাহাজে চড়নদারদিগকে লইয়া যাইবার কল্পনা থাকে সেই জাহাজের কাপ্তান পশ্চাল্লিখিত দুইধারার লিখিতমর্ম্মের দুই খানি সর্টিফিকেট না পাইলে, এই আইনমতে নিরূপিত কোন বন্দর কি স্থান হইতে খুলিয়া যাইবেন না।

(২) ঐ বন্দরহইতে সেই জাহাজের খুলিয়া যাইবার অনুমতিপত্র দেওয়া গবর্ণমেণ্টের যে কার্য্যকারকের কর্ত্তব্য হয়, ঐ কাপ্তান তদ্রূপ সর্টিফিকেট না পাইলে তিনি সেই অনুমতিপত্র দিবেন না।

A চিহ্নিত সর্টিফিকেটের মর্ম্মের কথা।

১০ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারায় ঐ সর্টিফিকেটের মধ্যে প্রথম খানির "A" চিহ্নিত সর্টিফিকেট " নাম দেওয়া গেল। ঐ সর্টিফিকেটে এইং কথা লেখা থাকিবে;

জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও তন্মধ্যে উপযুক্ত সংখ্যার খালাসী ও উপযুক্ত সামগ্রী ও সরঞ্জাম আছে, তাহাতে বাতাসও ভাল খেলে, ও এতজন চড়নদার লইয়া যাইতে পারে।

B চিহ্নিত সর্টিফিকেটের মর্ম্মের কথা।

১১ ধারা। ইহার পশ্চাৎ নানা ধারায় ঐ সর্টিফিকেটের মধ্যে দ্বিতীয় খানির " B চিহ্নিত সর্টিফিকেট " নাম দেওয়া গেল। তন্মধ্যে এই ২ কথা লেখা থাকিবে,—

(ক) জাহাজের যে স্থানে যাইবার কল্পনা থাকে, ঐ মধ্যে কোন বন্দরে যাইবার মনস্থ থাকিলে সেং বন্দরে যাইবে।

(খ) যত জন মাল্লিম ও খালাসী থাকা উচিত তত জনই আছে।

(গ) খালাসী প্রভৃতির জন্যে আহারীয় যত দ্রব্য ও যত জ্বালানী কাষ্ঠ কি কয়লা ও যত জল আবশ্যক তাহার অতিরিক্ত আহারীয় দ্রব্যাদি আছে, এবং এই আইন মতে যে বিধি করা যায় সেই বিধিতে আর কোন দ্রব্য লওয়ার বিধান থাকিলে, ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই সকল দ্রব্য বস্তাদিতে ভালমতে বদ্ধ হইয়া জাহাজে দেওয়া গিয়াছে ও কল্পিত যাত্রায় কারাণ্টাইনের নিমিত্ত সম্ভাবিত বিলম্ব কাল ধরিয়া যত দিন লাগে চড়নদারদের নিমিত্ত তত দিন যত দ্রব্যে কুলাইবে ঐ বিধিমতে তৎকালীন যে হার নির্দ্ধারিত হইল সেই হারানুসারে ঐ দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে।

(ঘ) কাপ্তানের নিকট A চিহ্নিত সর্টিফিকেট আছে।

(ঙ) ঝড়বৃষ্টির কালে কল্পিত যাত্রা করিবার ও উপরের ডেককে চড়নদারদিগকে লইবার কল্পনা থাকিলে ডেকের দেওয়ালের পার্শ্বে যথেষ্ট অতিশক্ত আছে, ও ঢোহারা ছাউনি, ও ঝড় বৃষ্টি হইতে রক্ষা পাইবার উপযুক্ত অন্য উপায় আছে।

(চ) স্থল সমুদ্রের তীরস্থ কোন বন্দরে যে জাহাজের যাইতে হয় সেই জাহাজ হইতে ঐ জাহাজ প্রধানতঃ বাষ্পে দ্বারা চালান হয়, এবং তাহাতে এক শতের অধিক আসিয়ার বা আফ্রিকার অধিবাসী চড়নদার থাকিলে এই আইনমতে প্রণীত বিধি অনুসারে লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক ঐ জাহাজে আছেন।

(ছ) ঐং বিধিক্রমে অন্য কোন বিষয় নির্দ্দিষ্ট হইলে সেই বিষয় সম্বন্ধীয় কথা।

সর্টিফিকেট পাইবার কথা।

১২ ধারা। ৭ ধারায় যে কার্য্যকারকের উল্লেখ হইয়াছে, A ও B চিহ্নিত সর্টিফিকেট তাঁহারই স্থানে পাইতে হইবে।

A চিহ্নিত সার্টিফিকেটের পরিবর্ত্তে সার্টিফিকেট দিবার কথা।

[...] জাহাজের কাপ্তান উক্ত কার্য্যকারককে নিম্নলিখিত সার্টিফিকেটের মধ্যে এক খানি সার্টিফিকেট দেখাইলে। অর্থাৎ

(ক) বোর্ড ট্রেডের কিম্বা ব্রিটিষ কোন উপনিবেশের গবর্ণমেণ্টের যে সার্টিফিকেট সেকালে বলবৎ থাকে এমত সার্টিফিকেট দেখাইলে, কিম্বা

(খ) ব্রিটিষ ভারতবর্ষের কোন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে দত্ত যে সার্টিফিকেটের তারিখ জাহাজ খুলিয়া যাইবার প্রস্তাবিত তারিখের পূর্ব্বে এক বৎসরের অধিক না হয়, ও জাহাজ যে যাত্রায় গমন করিবে বা যে কার্য্যে নিযুক্ত হইবে তৎসম্বন্ধে বর্ত্তে ও বলবৎ থাকে এমত সার্টিফিকেট দেখাইলে,

ও তন্মধ্যে ১৩ ধারার নির্দ্দিষ্ট সকল কথা সার্টিফিকেটে থাকিলে,

ঐ কার্য্যকারক ঐ সকল কথার প্রমাণ স্বরূপ উক্ত সার্টিফিকেট লইতে পারিবেন, তাহা হইলে এই আইনের কার্য্যপক্ষে ঐ সার্টিফিকেট A চিহ্নিত সার্টিফিকেট বলিয়া জ্ঞান হইবে।

জাহাজের অবস্থানুসন্ধান লইতে পারিবার কথা।

১৪ ধারা। (১) ৭ ধারার যে নোটিস দিবার আজ্ঞা হই, পূর্ব্বোক্ত কার্য্যকারক সেই নোটিস পাইলে পর, বিহিত বোধ করিলে, উপযুক্ত সর বয়রদের দ্বারা ঐ জাহাজের অবস্থার অনুসন্ধান লইতে পারিবেন। ঐ কার্য্যের খরচ কাপ্তানের কি স্বামীর দিতে হইবে। ঐ সরবেয়রেরা বিবেচনায় জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও কল্পিত যাত্রা বিবেচনায় তন্মধ্যে উপযুক্ত সকল লোক ও দ্রব্যাদি আছে ও তাহাতে বাতাস ভাল মতে খেলে কি না, তাঁহারা ঐ কার্য্যকারকের নিকট ইহার রিপোর্ট করিবেন।

কিন্তু ১৩ ধারার (ক) কিম্বা (খ) প্রকরণে যে সার্টিফিকেটের কথা লেখা আছে, কোন জাহাজের সেই সার্টিফিকেট থাকিলে তিনি সেই জাহাজের অবস্থার অনুসন্ধান লওয়াইবেন না। কিন্তু জাহাজের কোন হানি হওয়াপ্রযুক্ত কিম্বা তাহার কোন অংশ পরিবর্ত্তন হওয়াপ্রযুক্ত কিম্বা অন্য সঙ্গত কারণে সেই জাহাজ সমুদ্রে যাইবার অনুপযুক্ত কিম্বা কল্পিত যাত্রা বিবেচনায় তন্মধ্যে যত খালাসী প্রভৃতি ও যত সামগ্রী ও সরঞ্জাম থাকা উচিত তত খালাসী প্রভৃতি নাই ও তাহাতে বাতাস ভালমতে খেলে না, ইহা প্রকাশ হইবার সম্ভাবনা থাকিলে, তিনি অবস্থার অনুসন্ধান লওয়াইতে পারিবেন।

(২) কোন জাহাজের উক্ত প্রকারের সার্টিফিকেট থাকিলে ও উক্ত কার্য্যকারক ঐ জাহাজের অবস্থার অনুসন্ধান লওয়াইলে, ও জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত ও কল্পিত যাত্রা বিবেচনায় জাহাজে যত জন খালাসী প্রভৃতি ও যত সরঞ্জাম থাকা উচিত তাহা আছে, ও তাহাতে বাতাস ভালমতে খেলে ও সেই জাহাজ সমুদ্রে যাইবার অনুপযুক্ত বলিয়া, কি কল্পিত যাত্রা বিবেচনায় উপযুক্ত সংখ্যার লোক ও উপযুক্ত সরঞ্জাম প্রভৃতি নাই ও তাহাতে বাতাস ভাল মতে খেলে না বলিয়া উক্ত কার্য্যকারকের অনুভব করিবার সঙ্গত কোন কারণ ছিল না, ঐ সরবেয়রেরা এমত রিপোর্ট করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট হইতে ঐ অবস্থানুসন্ধান লওয়ার খরচ দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

সার্টিফিকেট দেওয়া বা না দেওয়া ঐ কার্য্যকারকের বিবেচনাধীন থাকিবার কথা।

১৫ ধারা। (১) যে কার্য্যকারক এই আইনমতে সার্টিফিকেট দিতে কর্ম্মকারী হন, তাঁহাদের দেখাই কোন জাহাজের গঠন কি পরিমাণ হেতুক কিম্বা তাহা যে প্রকারে খোলে রাখা গেল তদ্ধেতুক চড়নদারদের স্বাস্থ্যের কি নিরাপদের বিঘ্ন হইবে না, তিনি ইহা সন্তোষমত না জানিলে, ঐ সার্টিফিকেট দিবেন না।

(২) কিন্তু পূর্ব্বোক্ত স্থল ছাড়া ও (৩) প্রকরণের বিধান প্রবল থাকিয়া, এই আইনমতে সার্টিফিকেট দেওয়া বা না দেওয়া উক্ত কার্য্যকারকের বিবেচনাধীন কার্য্য।

(৩) ঐ কর্ম্ম স্বীয় বিবেচনাধীনে করিতে গেলে, ঐ কার্য্যকারক স্থানীয় গবর্ণমেণ্টের কর্তৃত্বাধীনে, ও ঐ গবর্ণমেণ্ট এই কার্য্য পক্ষে মধ্যবর্ত্তিস্বরূপ অন্য যে কর্তৃপক্ষকে নিযুক্ত করেন তাঁহার কর্তৃত্বাধীনে থাকিবেন।

সার্টিফিকেটের নকল দেখাইতে হইবার কথা।

১৬ ধারা। কোন জাহাজ সম্পর্কে এই আইনমতে যে সার্টিফিকেট প্রদত্ত হয় ঐ জাহাজের সকল লোক যেন তাহা দেখিতে পান এই নিমিত্ত জাহাজের স্বামী কি কাপ্তান কোন প্রকাশ স্থানে উক্ত প্রত্যেক সার্টিফিকেটের নকল লটকাইয়া, যত দিন যাত্রা করেন তত দিন সেই স্থানে রাখিবেন।

চড়নদারদের নিজস্ব আহারীয় দ্রব্য লইবার কথা।

১৭ ধারা। আইনমতে যে বিধি করা যায় কোন চড়নদার সেই বিধিমতে যৎকালে যে প্রকারের যত আহারীয় দ্রব্য লইতে হইবে নিজ ব্যবহারের নিমিত্ত সেই প্রকারের তত জাহাজে লইয়াছেন, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ কার্য্যপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার এই রূপ বিবেচনা থাকিলে, এই আইনে চড়নদারদের জল যোগাইয়া দিবার যে বিধি আছে তাহা ছাড়া সেই ব্যক্তির পক্ষে আহারীয় দ্রব্য যোগাইয়া দিবার বিধি খাটিবে না।

তৃতীয় অধ্যায়।

অল্পকালীন যাত্রা বিষয়ক বিধি।

চড়নদারেরা যত স্থান পাইবেন তাহার কথা।

১৮ ধারা। (১) সুকালে কোন জাহাজ অল্পকালীন যাত্রা করিলে ; নীচের তুতকে যত জন চড়নদার যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ঐ তুতকে ন্যূনকল্পে বর্গ ছয় ফুট ও ঘন ৩৬ ফুট স্থান নিরূপিত থাকিবে, ও উপরের তুতকে ঐরূপ প্রত্যেক জনের নিমিত্তে বর্গ চারি ফুটের কমস্থান নিরূপণ হইবে না, ও উপরের তুতকে যত জন চড়নদার যায় তাহাদের প্রত্যেক জনের জন্য বর্গ ছয় ফুট নিরূপণ থাকিবে।

(২) কাল মন্দ হইলে পাইল ভরে চালিত জাহাজ যদি অল্পকালীন যাত্রায় যায়, তবে যে চড়নদারেরা নীচের তুতকে যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্তে তুতকে ন্যূনকল্পে বর্গ ১২ ফুট ও ঘন ৭২ ফুট স্থান ও উপরের তুতকে তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ চারি ফুটস্থান নিরূপণ থাকিবে, ও উপরের তুতকের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ ১২ ফুট স্থান নিরূপণ থাকিবে।

(৩) কাল মন্দ হইলে, জাহাজ কেবল বাষ্পদ্বারা কিম্বা অংশতঃ বাষ্পের বলে ও অংশতঃ পাইলের ভরে চালিত হইলে ও অল্পকালের যাত্রায় গেলে, তাহার নীচের তুতকের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ ৯ ফুট ও ঘন ৫৪ ফুট স্থান থাকিবে, ও উপরের তুতকে উক্ত প্রকারের প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত বর্গ চারি ফুট স্থান ও উপরের তুতকের প্রত্যেক চড়নদারের নিমিত্ত বর্গ নয় ফুট স্থান নিরূপণ থাকিবে।

(৪) কিন্তু সেই প্রকার কালে উপরের তুতকের দেওয়ালের ন্যায় যে তক্তা থাকে তাহা অতি শক্ত না হইলে ও লোহারা ছাপ্পরী কিম্বা ঝড় বৃষ্টি হইতে আশ্রয় পাইবার উপযুক্ত অন্য উপায় না থাকিলে, উপরের তুতকে চড়নদার লইতে হইবে না।

১৯ ধারা। কোন জাহাজ অল্পকালীন যাত্রায় গেলে যদি লক্ষিত বন্দরে পঁহুছিবার পূর্ব্বে মধ্য কোন বন্দরে কি স্থানে আর চড়নদারদিগকে লয়, তবে কাপ্তান ঐ বন্দরের উপযুক্ত কার্য্যকারকের স্থানে পরিশিষ্ট সর্টিফিকেট লইবেন, তন্মধ্যে এই২ কথা লেখা থাকিবে : —

মধ্য কোন বন্দরে জাহাজে আর চড়নদার লইবার কথা।

(ক) তদ্রূপে যত জন চড়নদারকে জাহাজে লওয়া যায় তাহা ও

(খ) খালাসি প্রভৃতির জন্যে আহারীয় যত দ্রব ও যত জ্বালানী কাষ্ঠ কি কয়লা ও যত জল আবশ্যক, তাহার অতিরিক্ত আহারীয় দ্রব্যাদি আছে, এবং এই আইনমতে যে বিধি করা যায় সেই বিধিতে আর কোন দ্রব্য লওয়ার বিধান থাকিলে, ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই সকল দ্রব্য বস্তাদিতে ভালমতে বদ্ধ হইয়া জাহাজে দেওয়া গিয়াছে, ও কল্পিত যাত্রায় কারান্টাইনের নিমিত্ত সম্ভাবিত অলম্বকাল ধরিয়া যত দিন লাগে চড়নদারদের নিমিত্ত তত দিন যত দ্রব্যে কুলাইবে ঐ বিধিমতে তৎকালীন যে হার নির্দ্ধারিত হইল সেই হারানুসারে ঐ দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে।

কিন্তু খালাসি প্রভৃতির নিমিত্ত যত আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠাদি ও পরিষ্কার জলের প্রয়োজন, তাহার অধিক লওয়া গিয়াছে ও এই আইনমত বিধিক্রমে আর কোন দ্রব্য লইবার বিধান থাকিলে ঐ বিধির নির্দ্দিষ্ট গুণের সেই দ্রব্য বস্তাদিতে উপযুক্তমতে বদ্ধ হইয়া জাহাজে যত জন চড়নদার যাইতে পারে তাহাদের সকলের যাহাতে কুলায় ঐ প্রকারের এত দ্রব্য জাহাজে দেওয়া গিয়াছে, ঐ জাহাজের কাপ্তান সাহেবের প্রতিকৃত সর্টিফিকেটে এই কথা লেখা থাকিলে, ঐ কাপ্তান ঐ পরিশিষ্ট সর্টিফিকেট লইতে বাধ্য হইবেন না।

২০ ধারা। পথের মধ্যে কোন চড়নদার মরিলে, জাহাজ লক্ষিত শেষ বন্দরে পঁহুছিলে, এতৎ কার্য্যপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল যাহাকে কার্য্যকারককে নিযুক্ত করেন, ঐ জাহাজের কাপ্তান সেই কার্য্যকারকের নিকট ঐ চড়নদারের মরিবার তারিখ ও তাঁহার মৃত্যুর অনুভাবিত কারণ রিপোর্ট করিবেন।

যাত্রাকালে কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার রিপোর্ট করিবার কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৬। ১৬ নবেম্বর।]

চতুর্থ অধ্যায়।

দীর্ঘকালীন যাত্রার বিধি।

২১ ধারা। (১) পাইলের ভরে যে জাহাজ যায় সেই জাহাজ যায় সেই জাহাজ দীর্ঘকালীন যাত্রা করিলে, তাহার নীচের তুতকে প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ ১২ ফুট ও ঘন ৭২ফুট স্থান থাকিবে।

চড়নদারদের নিমিত্ত যত স্থান নিরূপণ করিতে হইবে তাহার কথা।

(২) বাষ্প দ্বারা যে জাহাজ চালিত হয়, কিম্বা অংশতঃ বাষ্পের বলে ও অংশতঃ পাইলের ভরে যে জাহাজ যায়, সেই জাহাজ দীর্ঘকালীন যাত্রা করিলে, তাহার নীচের তুতকে প্রত্যেক জন চড়নদারের নিমিত্ত ন্যূনকল্পে বর্গ ৯ ফুট ও ঘন ৫৪ ফুট স্থান নিরূপণ থাকিবে।

২২ ধারা। জাহাজের কাপ্তান ব্রিটিষ ভারতবর্ষের কোন বন্দর কি স্থান হইতে দীর্ঘকালীন যাত্রায় যাইবার কি খুলিয়া যাইবার পূর্ব্বে, যত জন চড়নদার, ও তাহাদের মধ্যে যত জন পুরুষ ও যত জন স্ত্রী, ও খালাসী প্রভৃতি যত জন জাহাজে থাকে, ইহার দুই খানি বর্ণনাপত্রে স্বাক্ষর করিয়া ২০ ধারামতে নিযুক্ত কার্য্যকারককে দিবেন। তাহা হইলে, ঐ বর্ণনাপত্রে যে২ সংখ্যা লেখা গেল তাহা নিশ্চয়রূপে ঠিক থাকিলে, তিনি ঐ বর্ণনাপত্রে আত্মসহী করিয়া ঐ কাপ্তানকে একখানি ফিরিয়া দিবেন।

চড়নদারদের বর্ণনাপত্রের কথা।

২৩ ধারা। পথে যাইতে২ কোন চড়নদারের মৃত্যু হইলে ঐ কাপ্তান ফিরাইয়া দেওয়া বর্ণনাপত্রে, এবং ইহার পশ্চাৎ ধারামতে আর যে বর্ণনাপত্র লিখিয়া দিতে হইবে সেই পত্রে ঐ চড়নদারের মরণের তারিখ ও অনুভাবিত কারণ, ও আর কোন কথা লিখিতে হইলে তাহা লিখিয়া দিয়া, জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে, কিম্বা অন্য যে বন্দরে চড়নদারদিগকে নামাইয়া দিবার কল্পনা থাকে সেই বন্দরে পঁহুছিলেই ও কোন চড়নদারের নামিয়া যাইবার পূর্ব্বে বিদেশীয় বন্দর হইলে সেই বন্দরে যিনি আইনমতে শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে কন্সলের ক্ষমতানুসারে কার্য্য করেন তাঁহাকে কিম্বা কষ্টমের প্রধান কর্ত্তৃপক্ষকে, কিম্বা যে বন্দরে কি স্থানে চড়নদারদিগকে কি তাহাদের কোন ব্যক্তিকে নামাইয়া দিবার কল্পনা থাকে সেই বন্দরে কি স্থানে এই আইনমতে ঐ বর্ণনাপত্র গ্রহণ করিবার নিমিত্ত কোন কার্য্যকারক নিযুক্ত থাকিলে তাহাকে ঐ অধিক কথা সমেত ঐ বর্ণনাপত্র দিবেন।

যাত্রাকালে মৃত্যুর কথা।

২৪ ধারা। (১) নিম্নলিখিত কোন স্থলে, অর্থাৎ—

(ক) চড়নদারদের জাহাজে উঠিবার বন্দর কি স্থান বলিয়া ব্রিটিষ ভারতবর্ষের অন্তর্গত যে বন্দর কি স্থান এই আইনমতে নিরূপিত হয়, কোন জাহাজ দীর্ঘকালীন যাত্রায় গিয়া কি খুলিয়া গিয়া সেই২ বন্দরে কি স্থানে আর কএক জন চড়নদারকে তুলিয়া লইলে, কিম্বা

জাহাজে আর চড়নদার উঠিলে ও মধ্য কোন বন্দরে জাহাজ থামিলে তাহার কথা।

(খ) ব্রিটিষ ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে আর কএক জন চড়নদার তুলিয়া লইয়া ঐ যাত্রাকালে ঐ রূপ কোন বন্দরে থামিলে কি পঁহুছিলে,

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে জেলা ঢাকার অধীন মুনসীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতিবৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরাজী ১৮৮৬ সনের ১১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯৩ সনের ২৬ কার্ত্তিক হইতে আরম্ভ হইয়া ১৮৮৬ সনের ২৪ ডিসেম্বর তারিখে ভঙ্গ হইবেক, বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ (ছয়) সপ্তাহের মধ্যে ক্রয়বিক্রয় সমাধা করিবেক ইতি।

G. E. MANISTY,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

اشتہار *

بذریعه اس کے عامه خلایق کو واقف کیا جاتا ہے که ضلع ڈھاکه کے ماتحت محکمه منشي گنج کے متعلق دھلسری دریا کے کنارے جو ہر سال کارتک باڑي کا ایک مشہور میلا ہوا کرتا ہے وہ میلا سنه ۱۸۸۶ع کي ۱۱ نومبر مطابق سنه ۱۲۹۳ بنگله کي ۲۶ چھبیسویں کاتک سے شروع ہو سنه ۱۸۸۶ع کے ۲۴ چوبیسویں دسمبر کو شکشت ہوگا ۔ تجارت پیشه لوگ ان ہي چھه ہفتوں کے در خرید فروخت تمام کریں گے *

G. E. MANISTY,
مجسٹریٹ ضلع ڈھاکه *

[*Government Gazette,* 30th *November* 1886.]

Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pounds* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8.

The general public can be supplied by the Superintendent, Botanic Garden, *for cash only* to the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin *Rs.* 20.

This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta.

Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিনকোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানী বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টীন ৪।৷০ টাকা; প্রতি ৮ আউন্স টীন ৮।৷০ টাকা; প্রতি ১ পাউণ্ড টীন ১৬।৷০ টাকা।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।৷০ টাকা ৮ আউন্স টীন ১০।৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাক মাশুল দিতে হইবে।

জ্বরনাশক দামাবাজা সিনকোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দামা বাজে না, এরূপ সামান্য জ্বরনাশক সিনকোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।৷০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।৷০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব সাধারণে কোম্পানীর বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টিন ৮।৷০ টাকায় ৮ ঔন্স টিন ১৬।৷০ টাকায় ও ১ পৌণ্ড টিন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।৷০ আনা ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor.

P. Max Müller, M.A., in two Volumes. *Price Rs.* 24 : *packing and postage Re.* 1-12.

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 8 Hasting's Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N B. Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট পুস্তকালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেন্ট কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি ফিল্ড, এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজাবিষয়ক আইন সংহিতা।

একখানি পুস্তকের মূল্য ৫ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একখানি পুস্তকের মূল্য এবং তাহা যোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE

The 21st February 1858.—The subscription to, and postage for, the *Bengal Gazette* will hence forward be at the following rates, payable in advance :—

For the Mofussil.

	Rs.	A.	P.	
Entire Gazette	10	0	0	per annum
Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	4	0	0	„
Postage	1	0	0	„

For a single copy—				
Entire Gazette	0	4	0	
Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	0	1	0	for 4 sheets or under-with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4
Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER.
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৫৮ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

মফঃস্বলে

		টাকা।	
সম্পূর্ণ গেজেট	বৎসর	১০৲	
ডাকমাশুল	„	২৷৷০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	„	৪৲	
ডাকমাশুল	„	১৲	
সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য		।০	
ডাকমাশুল		৴০	
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...	৴০	৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা
ডাকমাশুল	...	৴০	

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃস্বলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

[*Government Gazette, 30th November* 1886.]

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON

Under-Secretary to the Govt. of Bengal

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half "	10

Casual advertisements.—4 annas per line.

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে এ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের আপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্টের কর্তৃপক্ষদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২।—

	টাকা
পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	২০৲
আধ পৃষ্ঠা " "	১০৲
কখন২ ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে এক২ পঁক্তি	।০

বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্পেন্সেজ হোটেল চৌমহালের ছাতাঃস্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপক কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬ ।৩০ নবেম্বর।

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 19a—26-11-86—1523—510

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

মঙ্গলবার, ১৮৮৬ সাল ৩০ নবেম্বর।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৬ সালের ১০ আপ্রিল তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত হওয়া পঠিত হয় এবং অবগতি নিমিত্ত এতদ্দারা প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের ও নগরতলীর মুনিসিপাল বিষয় সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরের ও সহরতলীর মুনিসিপাল বিষয় সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব এতদ্দারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "১৮৮৬ সালের কলিকাতার মুনিসিপাল আইন সংগ্রহ" নামে খ্যাত হইতে পারিবে।

যে সময়াবধি প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট তদবধি তিন মাসের মধ্যে যে তারিখের আজ্ঞা করেন সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

যেং আইন রহিত করা গেল তদ্বিষয়ক কথা।

২ ধারা। প্রথম তফসীলে যেং আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যতদূরে নির্দ্দিষ্ট হইল, ঐং আইন ততদূর রহিত করা গেল।

উক্ত কোন আইনক্রমে যেং পদ কি ক্ষমতা কি বিষয়ক উঠাইয়া দেওয়া গিয়াছে এই ধারাক্রমে সেইং আইন রহিত করা গেলেও সেইং পদ প্রভৃতি পুনশ্চ প্রবল হইবে না ও এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যেং কার্য্য করা গিয়াছে কি করিবার অনুমতি হইল ও যেং স্বত্ব কি অধিকার কি বাধ্যতা কি দায় জন্মিয়াছে, তাহার প্রবলতার ব্যতিক্রম হইবে না।

এবং ঐরূপ কোন আইনক্রমে যে সকল বিধি নির্দ্ধারিত হইয়াছে, ও যে সকল কর ধার্য্য ও মূল্য নিরূপণ ও ভূম্যাদির যে সকল পরিমাণ ও খণ্ড ধার্য্য ও যে সকল নিয়োগ করা গিয়াছে ও যেং ক্ষমতা প্রদান ও যেং জ্ঞাপনপত্র প্রকাশ করা গিয়াছে এবং এই আইনে যেং বিষয়ের বিধান হইল সেইং বিষয়ের অন্য যে সকল বিধি এইক্ষণে প্রচলিত আছে, তৎসমুদয় এই আইনের সহিত যতদূর সঙ্গত হয়, ততদূর এই আইনমতে নির্দ্ধারিত হইয়াছে ও প্রণয়ন ও প্রদান ও প্রকাশ করা গিয়াছে বলিয়া জ্ঞান হইবে।

এবং ঐরূপ কোন আইনের উল্লেখ হইলে, যতদূর হইতে পারে ততদূর এই আইনের উল্লেখ হইল বলিয়া জ্ঞান হইবে।

এবং আনুষ্ঠানিক যে সকল কার্য্য উক্ত কোন আইনমতে আরম্ভ হইয়া অদ্যাপি চলিতেছে, তাহা এই আইনমতে আরম্ভ করা হইয়াছে বলিয়া জ্ঞান হইবে।

উপরোক্ত সকল বিষয়ের সম্বন্ধে কলিকাতা নগরের কমিশ্যনরদের নাম যেং স্থলে থাকে সেইং স্থলে এই আইনমত কলিকাতার কমিশ্যনরদের নাম প্রয়োগ করিতে হইবে।

অর্থ করণের ধারা।

৩ ধারা। বিষয়বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথার দ্বারা বিপরীত অর্থবোধ না হইলে, এই আইনে,

"জন্তু।" "জন্তু" শব্দে, ঘোড়া কি টাটু কি খচর কি মহিষ কি বলদ বুঝিতে হইবে।

"বাজার।" বাণিজ্য ব্যাপারের যে স্থানে অনেক দোকান ও আড়ৎ থাকে ও যে স্থানে হাট হইয়া থাকে, "বাজার" শব্দে সেই স্থান বুঝিতে হইবে।

"কলিকাতা।" "কলিকাতা" বলিতে নিম্নলিখিত সীমার অন্তর্গত স্থান বুঝাইবে।—

হুগলী নদী হইতে বালিয়াঘাটার দক্ষিণ পর্য্যন্ত সরকুলর খালের দক্ষিণ ও পশ্চিম তট তপসিয়া পথে মিলন পর্য্যন্ত। তথা হইতে তিলজলা পথের সহিত তপসিয়া পথের সংযোগস্থল পর্য্যন্ত তপসিয়া পথের পূর্ব্ব ধারের সঙ্গে২। তথা হইতে পশ্চিমমুখে দক্ষিণ-পূর্ব্ব রেলওয়ে পর্য্যন্ত, পরে দক্ষিণ মুখে ঐ রেলওয়ে লাইনের পশ্চিম ধারের সঙ্গে২ ও পশ্চিম মুখে নূতন বাঁধের দক্ষিণ দিয়া টালির নালা পর্য্যন্ত। তথা হইতে খাড়া পশ্চিম টালিগঞ্জ পথ পর্য্যন্ত, পরে সাপুর অর্থাৎ ঘোড়াগাছী পথের সহিত টালিগঞ্জ পথের সংযোগস্থল পর্য্যন্ত কিয়দ্দূর টালিগঞ্জ পথ ও পরে ঘোড়াগাছী পথের দক্ষিণ ধারের সঙ্গে২ নিমক মহাল ঘাট পর্য্যন্ত। তথায় সীমা হুগলী নদীতে মিলিত হইয়া সরকুলর খালের সহিত হুগলী নদীর সংযোগস্থল পর্য্যন্ত হুগলী নদীর পূর্ব্ব তটের সঙ্গে২ যায়।

কিন্তু নিম্নলিখিত কএকটি স্থল এই স্থানের বহির্ভূত বলিয়া গণ্য হইবে।

(১) ফোর্ট উইলিয়ম (কিল্লা)।
(২) ময়দান বা কিল্লার সম্মুখস্থ মাঠ।
(৩) যাহা এপর্য্যন্ত কলিকাতা নগরের মুনিসিপালিটীর বহির্ভূত বলিয়া গণ্য হইয়াছে, ক্লাইভ রোড দক্ষিণ ধারের উত্তরস্থ কেষ্টিংসের সেই অংশ।

"গাড়ী।" মনুষ্যদিগের চড়িবার জন্যে চাকা ও স্প্রিংওয়ালা যে গাড়ীর ব্যবহার হয়, "গাড়ী" শব্দে তাহা বুঝিতে হইবে।

"গোরুর গাড়ী।" "গোরুর গাড়ী" শব্দে কোন গোরুর গাড়ী কি ছকড়া গাড়ী কি স্প্রিংছাড়া কি স্প্রিংযুক্ত ও চাকাওয়ালা যে গাড়ী ইহার পূর্ব্ব শব্দের অর্থের মধ্যে ধরা যায় নাই সেই গাড়ী বুঝিতে হইবে।

"অধ্যায়।" "অধ্যায়" শব্দে এই আইনের অধ্যায় বুঝিতে হইবে।

"সভাপতি" "সভাপতি" শব্দে কলিকাতা নগরের কমিশ্যনরগণের সভাপতি বুঝিতে হইবে।

"ছোট আদালত।" কলিকাতায় যৎকালে যে ছোট আদালত আইনমতে স্থাপিত থাকে "ছোট আদালত," শব্দে সেই আদালত বুঝিতে হইবে।

"ভৈষজ্য দ্রব্য।" খাইবার কি মালীশ করিবার জন্য যে ঔষধের ব্যবহার হয় "ভৈষজ্যদ্রব্য" শব্দের মধ্যে তাহাও ধরিতে হইবে।

"ঘর।" "ঘর" শব্দে [illegible]ঘর ও কোটাঘর ও চালাও গণ্য।

"স্থাবর সম্পত্তি।" "ভূমি"। "স্থাবর সম্পত্তি" ও "ভূমি" এই২ শব্দে ভূমি, এবং ভূমিহইতে উৎপন্ন লাভ ও মৃত্তিকাসংযুক্ত কোন দ্রব্য, কিম্বা মৃত্তিকাসংযুক্ত দ্রব্যের সহিত চিরসংলগ্ন দ্রব্যও বুঝিতে হইবে।

"অস্থাবর সম্পত্তি।" "অস্থাবর সম্পত্তি" এই শব্দে স্থাবর সম্পত্তি ছাড়া সর্ব্বপ্রকার সম্পত্তি বুঝিতে হইবে।

"স্থানীয় গবর্ণমেণ্ট।" যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেণ্ট গবর্ণর হন কিম্বা তৎপদের কর্ম্ম নির্ব্বাহ করেন, "স্থানীয় গবর্ণমেণ্ট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

"স্বামী।" "স্বামী" শব্দে এই২ ব্যক্তি গণ্য—

(ক) যে ভূমি সম্বন্ধে স্বামী শব্দের প্রয়োগ হয়, যাঁহার যৎকালে ঐ ভূমির খাজানা পাইবার অধিকার থাকে তিনি, ও

(খ) ঐ ব্যক্তির এজন্ট, ও
(গ) ঐ ব্যক্তির পক্ষে ট্রষ্টী।

কিন্তু এই আইনে স্বামীর প্রতি কোন কর্ম্ম করিবার আজ্ঞা থাকিলে, এজণ্টস্বরূপ উক্ত ব্যক্তির কি ট্রষ্টীর হাতে ঐ কর্ম্ম করিবার উপযুক্ত খরচ না থাকিলে তিনি ঐ কর্ম্ম করিতে দায়ী হইবেন না, ও উক্ত কর্ম্ম না করা প্রযুক্ত তাঁহার কোন অর্থদণ্ড হইবে না।

"সরকারী রাস্তা।" "সরকারী রাস্তা" এই শব্দে নগরের অন্তর্গত কোন পথ কি রাস্তা কি চত্বর কি প্রাঙ্গণ কি সঙ্কীর্ণ পথ, কিম্বা যাহার দুই মুখ খোলা থাকে কি না থাকে এমত যে পথ দিয়া সাধারণের যাইবার স্বত্ব থাকে সেই পথ, এবং কোন সাঁকোর কি বাঁধা পথের উপর দিয়া সাধারণের যাইবার পথ, কিম্বা নগরের অন্তর্গত কোন রাস্তা কি হুগলী নদীর পুল ছাড়া কোন পুল কি বাঁধা পথসংযুক্ত হাঁটিয়া যাইবার পথ ও নর্দ্দমা বুঝিতে হইবে।

"রাস্তা।" পূর্ব্বোক্ত সরকারী রাস্তা শব্দের অর্থের মধ্যে যে পথ কি রাস্তা কি চত্বর কি প্রাঙ্গণ কিম্বা সঙ্কীর্ণ কি সাধারণের গমনীয় যে পথ ধরা যায় নাই, "রাস্তা" শব্দে তাহাই বুঝাইবে।

"রেলওয়ে"। "রেলওয়ে" এই শব্দে ট্রামওয়েও গণ্য।

"তফসীল।" "তফসীল" এই শব্দে এই আইনসংযুক্ত তফসীল বুঝিতে হইবে।

"ধারা।" "ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"কশাইখানা।" মাংস বিক্রয় করিবার নিমিত্ত গোরু কি বলদ কি মেষ কি ছাগল কি শূকর কি ছাগলের বাচ্চা যে স্থানে জবাই করা গিয়া থাকে, "কশাইখানা" শব্দে ঐ স্থান বুঝিতে হইবে।

"কমিশ্যনরগণ"।

"কমিশ্যনরগণ" শব্দে কলিকাতার সমবায়িত সমাজ বুঝিতে হইবে।

"বৎসর"।

"বৎসর" বলিতে আপ্রিল মাসের প্রথম দিবসে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর বুঝাইবে।

দ্বিতীয় অধ্যায়।

সমবায়িত সমাজের সংস্থিতির কথা।

৪ ধারা। কলিকাতার পঁচাত্তর জন কমিশ্যনর থাকিবেন, তাঁহারা নিম্নলিখিত বিধানমতে নিযুক্ত বা মনোনীত হইবেন, এবং "কলিকাতার সমবায়িত সমাজ" নামে সমবায়িত সমাজ হইবেন, ও তাঁহাদের নিরন্তর পর্য্যায় ও সাধারণ মোহর থাকিবে, ও সেই নাম ধরিয়া তাঁহারা নালিশ করিতে পারিবেন ও তাঁহাদের নামে নালিশ হইতেও পারিবে।

কমিশ্যনরগণের সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি এই আইনমতে কমিশ্যনরের পদে নিযুক্ত বা মনোনীত না হইলে উপরোক্ত পঁচাত্তর জনের মধ্যে গণিত হইবেন না, পরন্তু তদ্রূপ স্থলে ঐ সভাপতি ও প্রতিনিধি সভাপতি স্ব২ পদোপলক্ষে কমিশ্যনর হইবেন।

কলিকাতা নিবাসি যে২ পুরুষের একুশ বৎসর বয়স উত্তীর্ণ হইয়াছে তাঁহাদিগকে লইয়া উক্ত পঁচাত্তর জন হইবে।

এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণের প্রতি সম্পত্তি বর্ত্তিবার কথা।

৫ ধারা। স্থাবর ও অস্থাবর যে সকল সম্পত্তি ও তৎসংক্রান্ত নানা ভাবের ও নানা প্রকারের যে সকল স্বার্থ এক্ষণে কলিকাতা নগরের কমিশ্যনরদের প্রতি বর্ত্তে কিম্বা তাঁহাদের পক্ষে ন্যস্তস্বরূপ গচ্ছিত থাকে এবং উক্ত কমিশ্যনরের এক্ষণে নানা প্রকারের যে সকল স্বত্ব ব্যবহার, ভোগ কিম্বা অধিকার করিয়া থাকেন, এবং এই আইনক্রমে কলিকাতার মধ্যে ভুক্ত স্থানে অবস্থিত যে সকল স্থাবর সম্পত্তি ও তৎসংক্রান্ত নানা ভাবের ও নানাপ্রকারের যে সকল স্বার্থ কলিকাতার সহরতলীর কমিশ্যনরদের প্রতি বর্ত্তে কিম্বা তাঁহাদের পক্ষে ন্যস্তস্বরূপ গচ্ছিত থাকে, তৎসমুদয় কলিকাতার কমিশনরদের প্রতি বর্ত্তিবে।

যে অস্থাবর সম্পত্তি সহরতলীর কমিশ্যনরদের প্রতি বর্ত্তে তাহা ন্যায্যরূপে বিভাগ করিয়া দিবার কথা।

৬ ধারা। যে সকল অস্থাবর সম্পত্তি এবং তৎসংক্রান্ত নানা ভাবের ও নানা প্রকারের যে সকল স্বার্থ এক্ষণে সহরতলীর কমিশ্যনরদের প্রতি বর্ত্তে, তৎসমুদয় কলিকাতার কমিশ্যনরদের সভাপতি ও ২৪ পরগনার মাজিষ্ট্রেট সাহেব কলিকাতার উত্তর সহরতলী মুনিসিপালিটীর ও দক্ষিণ সহরতলী মুনিসিপালিটীর কমিশ্যনরদের মধ্যে যাহা উপযুক্ত ও ন্যায্য বোধ হয় তদ্রূপ হারহারিমতে বিভাগ করিয়া দিবেন। এই বিভাগ করিতে উক্ত কার্য্যকারকদের মধ্যে অনৈক্য ঘটিলে, অথবা, যে বিভাগ করা যায় তৎসম্বন্ধে পূর্ব্বোক্ত তিন মুনিসিপালিটীর কমিশ্যনরেরা কোন বিষয়ে অসন্তুষ্ট হইলে বিবাদীয় বিষয় বা বিষয়গুলি স্থানীয় গবর্ণমেণ্টে অর্পিত হইবে, এবং উক্ত গবর্ণমেণ্টের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

গবর্ণমেণ্ট কর্ত্তৃক যত জন কমিশ্যনর নিযুক্ত হইবেন, তাহার কথা।

৭ ধারা। যে মনোনীত করণের কার্য্য পশ্চাৎ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার ফল প্রকাশিত হইবার পরেই স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত পঁচাত্তর জন কমিশ্যনরের মধ্যে পঁচিশ জনকে নিযুক্ত করিবেন, এবং উক্ত মনোনীত করণকার্য্য যে তারিখ অবধি ফলবৎ হয়, উক্ত নিয়োগ সেই তারিখ অবধি ফলবৎ হইবে।

যত জন কমিশ্যনর মতকর্ত্তৃক মনোনীত হইবেন, তাহার কথা।

৮ ধারা। কলিকাতা নিবাসী যে২ পুরুষের একুশ বৎসর বয়স উত্তীর্ণ হইয়াছে এবং যাঁহারা পশ্চাল্লিখিত কোন এক প্রকারে মনোনীত করিবার যোগ্য হন, অর্থাৎ,

(ক) যে ভূমির বা (চালা ঘর ছাড়া) যে ঘরের স্বতন্ত্র নম্বর আছে ও যাহার বার্ষিক মূল্য কর নির্দ্ধারণ কার্য্যপক্ষে ৩০০৲ টাকার কম নহে, সেই ভূমি বা ঘর ঘটিত কোন সম্পত্তির স্বামী হন;

(খ) (চালাঘর ছাড়া) যে কোন ঘরের স্বতন্ত্র নম্বর আছে ও যাহার বার্ষিক মূল্য ৩০০৲ টাকার কম নহে তদ্রূপ কোন ঘরের প্রজা হন;

(গ) এই আইনের দ্বিতীয় তফসীলের ১ম, ২য় বা ৩য় প্রকরণমতে চলিত বৎসরের জন্য লাইসেন্স লইয়া থাকেন,

(ঘ) চলিত বৎসরের নিমিত্ত ২৪ টাকা পরিমিত গাড়ীর বা ঘোড়ার টাক্স দিয়া থাকেন; কিম্বা।

(ঙ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফেলো বা উপাধিধারী হন,।

তাঁহারা পশ্চাল্লিখিত প্রকারে অবশিষ্ট পঞ্চাশ জন কমিশ্যনরকে মনোনীত করিবেন।

৯ ধারা। পূর্ব্বধারার (ক) বা (খ) দফামত যোগ্য, ব্যক্তিরা, যে পল্লীতে ভূমি বা ঘর থাকে, সেই পল্লীতে মত জ্ঞাপন করিতে পারিবেন।

যে পল্লীতে মত দিতে হইবে তাহার কথা।

যে কারবার বা ব্যবসায় সম্বন্ধে লাইসেন্স লওয়া হয়, তাহা যে পল্লীতে চালান হয়, (গ) দফামত যোগ্য ব্যক্তিরা সেই পল্লীতে মত জ্ঞাপন করিবেন। যে পল্লীতে কারবার বা ব্যবসায় চালান হয়, তাহার সম্বন্ধে কোন সন্দেহ হইলে, উক্ত লাইসেন্স নিমিত্ত উক্ত ব্যক্তি যে পল্লীতে মত জ্ঞাপন করিবেন, সভাপতি সাহেব তাহার নিষ্পত্তি করিবেন।

(ঘ) দফামত যোগ্য ব্যক্তিরা যে পল্লীতে বাস করেন হয় সেই পল্লীতে, নয় যে পল্লীতে, তাঁহাদের প্রধান কর্ম্মস্থান থাকে সেই পল্লীতে মত জ্ঞাপন করিবেন।

(ঙ) দফামত যোগ্য ব্যক্তিরা বিশ্ববিদ্যালয়ের সেনেট হোস যে পল্লীতে থাকে, সেই পল্লীতে মত জ্ঞাপন করিবেন।

কিন্তু কোন ব্যক্তির কোন পল্লীতে যত প্রকারের যোগ্যতা থাকুক না কেন, তিনি এক২ পল্লীতে একবারের অধিক মত জ্ঞাপন করিবার অধিকার অনুসারে কার্য্য করিবেন না।

মতজ্ঞাপক যখন এক পল্লীতে মত জ্ঞাপন করিবেন তাহার কথা।

১০ ধারা। যে কোন ঘরের বা ভূমির মূল্য ৬০০৲ টাকার কম বলিয়া ধার্য্য করা যায়, সেই ঘরের বা ভূমির সাধারণ মালিক বা প্রজা কিম্বা একাধিক মালিক বা প্রজা থাকিলে, অথবা দ্বিতীয় তফসীলের ৩য় প্রকরণমতে যে

কারবারের বা ব্যবসায়ের নিমিত্ত লাইসেন্স লওয়া হয় কিম্বা যাহার নিমিত্ত মোট ৫০ টাকার কম গাড়ীর ও ঘোড়ার টাক্স দেওয়া হয় সেই কারবারে বা ব্যবসায়ে সাধারণ ভাগী বা অংশীদার থাকিলে, এই যোগ্যতাসম্বন্ধে মত জ্ঞাপন করিবার অধিকার অনুসারে কোন ব্যক্তি কার্য্য করিবেন, উক্ত ব্যক্তিরা আপনাদের মধ্যে ইহা স্থির করিবেন। তাঁহারা একমত হইতে না পারিলে সভাপতি সাহেব তাঁহাদের মধ্যে নিষ্পত্তি করিয়া যে দাওয়াদার প্রধান ভাগী বা কার্য্যনির্ব্বাহক অংশীদার বলিয়া মত জ্ঞাপন করিবার ন্যায্য অধিকারী বোধ হয় তাঁহাকে মত জ্ঞাপন করিবার ক্ষমতা দিবেন।

স্থাবর সম্পত্তি সম্বন্ধে যে স্থলে মত জ্ঞাপকেরা একাধিক মত দিতে পারিবেন তাহার কথা।

১১ ধারা। যে কোন বাটীর বা ভূমির মূল্য

৬০০ টাকা বা তদধিক,
৯০০ " ঐ
১২০০ " ঐ
১৫০০ " ঐ
১৮০০ " ঐ

ধার্য্য করা যায়, তাহা সাধারণ মালিক বা প্রজা কিম্বা একাধিক মালিক বা প্রজা থাকিলে যে ব্যক্তিরা ঐরূপ ঘর প্রভৃতির সাধারণ মালিক বা প্রজা কিম্বা সাধারণ ভাগী বা অংশীদার হন, তাঁহাদের কোন দুই, তিন, চারি, পাঁচ বা ছয় জন তাঁহাদের সাধারণ ভাবে অধিকৃত বা দখলিকৃত বা প্রকারান্তরে ভুক্ত বাটী প্রভৃতি সম্বন্ধে মতজ্ঞাপন করিতে পারিবেন এবং কোন্ ব্যক্তি মত জ্ঞাপন করিবার অধিকার অনুসারে কার্য্য করিবেন ইহা আপনাদের মধ্যে স্থির করিবেন। তাঁহারা একমত হইতে না পারিলে, কিম্বা যতজনের অধিকার নাই তত জন মত জ্ঞাপন করিবার দাওয়া করিলে, সভাপতি সাহেব দাওয়াদারদের মধ্যে নিষ্পত্তি করিয়া সম্পত্তিতে বা প্রজাস্বত্বে যাঁহাদের সর্ব্বাপেক্ষা অধিক স্বার্থ আছে দেখা যায় অনুমোদিত সংখ্যা পর্য্যন্ত তাঁহাদিগকে মত জ্ঞাপন করিবার ক্ষমতা দিবেন।

লাইসেন্স সম্বন্ধে যে স্থলে মত জ্ঞাপকেরা একাধিক মত দিতে পারিবেন তাহার কথা।

১২ ধারা। কোন অবিভক্ত পরিবার, কোম্পানি বা কুঠী দ্বিতীয় তফসীলের ১ম বা ২য় প্রকরণমতে কোন লাইসেন্স লইয়া থাকিলে, উক্ত অবিভক্ত পরিবারের, কোম্পানির বা কুঠীর চারি বা দুই জন আপনাদের মধ্যে ঐকমত্যক্রমে কিম্বা পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট প্রকারে সভাপতি সাহেবের নিষ্পত্তি নিমিত্ত বিবাদীয় বিষয় অর্পণ করিয়া মত জ্ঞাপন করিতে পারিবেন।

গাড়ীর টাক্স সম্বন্ধে যে স্থলে মত জ্ঞাপকেরা একাধিক মত দিতে পারিবেন তাহার কথা।

১৩ ধারা। যদি কোন অবিভক্ত পরিবার, কোম্পানি বা কুঠী নিম্নলিখিত পরিমাণে অর্থাৎ—

৫০৲ টাকা বা তদধিক।
৭৫৲ " ঐ
১০০৲ " ঐ
১২৫৲ " ঐ
১৫০৲ " ঐ

গাড়ীর বা ঘোড়ার টাক্স দিয়া থাকেন, তাহা হইলে আপনাদের মধ্যে ঐকমত্যক্রমে কিম্বা সভাপতি সাহেবের নিষ্পত্তি নিমিত্ত বিবাদীয় বিষয় অর্পণ করিয়া উক্ত অবিভক্ত পরিবারের, কোম্পানির বা কুঠীর কোন দুই, তিন, চারি, পাঁচ, বা ছয় জন ঐ টাক্স দেওয়া সম্বন্ধে মত জ্ঞাপন করিতে পারিবেন।

কমিশ্যনরদের যোগ্যতার কথা।

১৪ধারা। যে কোন ব্যক্তি পূর্ব্ব কএক ধারামতে মত জ্ঞাপন করিবার যোগ্য, তিনি কলিকাতার কোন পল্লীতে মনোনীত হইবারও যোগ্য হইবেন। কিন্তু তাঁহার কমিশ্যনরী পদাকাঙ্ক্ষী হইবার কথা যথাবিধি প্রকাশ করা এবং পশ্চাল্লিখিত প্রকারে তাঁহার নাম যথাবিধি প্রস্তাবিত ও অনুমোদিত হওয়া চাই।

মনোনীত করণ কার্য্যার্থে ভিন্ন২ পল্লীতে নগর বিভক্ত হইবার কথা।

১৫ ধারা। কমিশ্যনরদের মনোনীত করণ সম্বন্ধে নগর পঞ্চবিংশ পল্লীতে বিভক্ত হইবে। সেই২ পল্লীর সীমা প্রথম তফসীলে দেখা গেল।

উক্ত তফসীলের নির্দ্দিষ্ট প্রত্যেক পল্লী দুই২ জন করিয়া কমিশ্যনর মনোনীত করিতে পারিবেন।

পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারে মত জ্ঞাপন করিবার অধিকার অনুসারে কার্য্য করিবার যোগ্য প্রত্যেক ব্যক্তি কোন পল্লীতে যে দুই মত জ্ঞাপন করিবার অধিকারী হন, সেই দুইটী কিম্বা তন্মধ্যে কোন মত ঐ পল্লির কমিশ্যনর পদাকাঙ্ক্ষী যেকোন ব্যক্তিকে দিতে পারিবেন।

পল্লীর ব্যক্তিরা মনোনীত না করিলে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিতে পারিবার কথা।

১৬ ধারা। পূর্ব্ব ধারামতে যে পল্লীতে যত জন কমিশ্যনর মনোনীত হইতে পারেন যাঁহারা সেই পল্লীর রেট কি টাক্স দিয়া থাকেন তাঁহারা তত জন কমিশ্যনর মনোনীত না করিলে, সেই মনোনীত করণ কার্য্যের পরিবর্ত্তে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত সংখ্যা পূরণার্থে এক কি তদধিক কমিশ্যনর নিযুক্ত করিবেন।

কোন ব্যক্তিকে একের অধিক পল্লীর কমিশ্যনরের পদে মনোনীত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

১৭ ধারা। উক্ত পল্লিসমূহের মধ্যে দুই কি তদধিক পল্লির কমিশ্যনরী পদে কোন এক ব্যক্তিকে মনোনীত করা গেলে যে দিনে মনোনীত হইলেন, তাহার পর পাঁচ দিনের মধ্যে তিনি যে পল্লির পক্ষে কর্ম্ম করিবেন তাহা স্থির করিবেন, না করিলে সভাপতি সাহেব অবিলম্বে তাহা নির্দ্দেশ করিয়া জানাইবেন। তাহা হইলে সেই ব্যক্তি যে পল্লির পক্ষে ঐরূপ কর্ম্মকরিতে স্থির করিলেন কিম্বা সভাপতি সাহেব ঐরূপে যে পল্লি নির্দ্দিষ্ট করিলেন তাঁহাকে কেবল সেই পল্লির পক্ষে মনোনীত বলিয়া জানিতে হইবে। তাহা হইলে অন্য যে বা যে২ পল্লির কমিশ্যনরস্বরূপ সেই ব্যক্তিকে মনোনীত করা গিয়াছিল সেই বা সেই২ পল্লির রেট ও টাক্স দাতারা এই আইনের বিধানমতে অবিলম্বে অন্য কমিশ্যনরকে মনোনীত করিতে প্রবর্ত্ত হইবেন।

দুইদিকে সমান সংখ্যার মত থাকিলে কার্য্য প্রণালীর কথা।

১৮ ধারা। এই আইনমতে মনোনীত করণ সময়ে কমিশ্যনরী পদাকাঙ্ক্ষী দুই ব্যক্তির মধ্যে এক ব্যক্তির সপক্ষে যত মত থাকে অন্য ব্যক্তিরও সপক্ষে তত মত প্রকাশ করা গেলে ও একতর ব্যক্তির সপক্ষে আর একমত জ্ঞাপন

করা গেলে কমিশনরি পদে সেই ব্যক্তির মনোনীত হইবার অধিকার থাকতে পারিল, সভাপতি সাহেব সেই আর এক মত জানাইতে পারিবেন, ও যাঁহার পক্ষে ঐ মত জ্ঞাপন করেন তাঁহাকে কমিশ্যনরের পদে মনোনীত বলিয়া জানিতে হইবে।

মনন্ত করণের সময় প্রণালীর কথা।

১৯ ধারা। এই আইনমত প্রথম মনোনীত করণ কার্য ১৮৮৭—৮৮ সালের শেষ এরূপ সময় হইবে যে ৩১ মার্চ তারিখ বা তৎপূর্ব্বে মনোনীত করণের ফল প্রকাশ করা যাইতে পারে এবং ঐ মনোনীতকরণ ১৮৮৮ সালের ১ আপ্রিল তারিখ অবধি ফলবৎ হইবে। উক্ত মনোনীতকরণ যাবৎ ফলবৎ না হয়, তাবৎ এই আইন এইরূপে পাঠ করিতে হইবে যেন কলিকাতা নগরের কমিশ্যনরগণ ও সহরতলির যেং অংশ আইনের নির্দ্দিষ্ট ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪ ও ২৫ নং পল্লীরতুল্য সেইং অংশের মনোনীত কমিশ্যনরগণ এবং গবর্ণমেণ্টের নিযুক্ত ও কলিকাতা নিবাসী সহরতলীর কমিশ্যনরগণ এই আইনমতে নিয়মিতরূপে নিযুক্ত ও মনোনীত কমিশ্যনর।

পরবর্ত্তী সমুদয় মনোনীতকরণ তিন তিন বৎসরান্তর প্রত্যেক বৎসরে ১ আপ্রিল তারিখ অবধি ফলবৎ হইবে।

সমুদয় মনোনীত করণে মত জ্ঞাপনস্থলে মত জ্ঞাপকেরা স্বয়ং যাইয়া মত দিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং মনোনীতকরণ সম্পর্কীয় সমস্ত বিষয়ের বিধান করণার্থ বিধি করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের অসঙ্গত না হয়। এবং কোন সময় উক্ত বিধির মধ্যে কোন বিধি রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন ও মনোনীত করণরূপ সকল কার্য্যের ফল কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। উক্ত কোন বিধি লঙ্ঘন করিলে যে দণ্ড হইতে পারিবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা নির্দ্দেশ করিয়া জানাইতে পারিবেন, ও কোন ব্যক্তি উক্ত কোন বিধি লঙ্ঘন করিলে তাহার সেই নির্দ্দিষ্ট দণ্ড হইতে পারিবে। কিন্তু উক্ত কোন বিধির লঙ্ঘনহেতুক পঞ্চাশ টাকা অর্থদণ্ডের অধিক দণ্ড হইতে পারিবে না।

মত জ্ঞাপকদের রেজিষ্টরী করণের কথা।

২০ ধারা। মনোনীত করণের পূর্ব্ববর্ত্তী ডিসেম্বর মাসের কোন সময়ে সভাপতি সাহেব স্বতন্ত্র নম্বরযুক্ত যে প্রত্যেক ঘরের ও ভূমিখণ্ডের ৩০৲ টাকা ও তদধিক কর ধার্য্য থাকে তাহার স্বামীর পক্ষে যে ব্যক্তি রেটের বিলের টাকা দেয় সেই ব্যক্তির উপর এবং ঐরূপ নির্দ্ধারিত কর যে প্রত্যেক ঘরের প্রজা থাকে তাহার প্রজার উপর নোটিস জারী করাইবেন। উক্ত ঘরের বা ভূমির ধার্য্য কর এবং ঐ বাটী প্রভৃতির স্বামী বা প্রজাস্বরূপ উর্দ্ধসংখ্যায় যতজন তৎসম্বন্ধে মত জানাইতে পারিবেন তাহা উক্ত নোটিসে প্রদর্শিত হইবে ও তাহাতে যতজন মতজ্ঞাপক হইতে পারিবেন ততজনের নাম লিখিবার স্থান থাকিবে এবং তাঁহাদের উপর এই আদেশ থাকিবে যে যদি উক্ত ঘর বা ভূমি সম্বন্ধে তাঁহার মত জানাইবার স্বত্বানুসারে কার্য্য করিতে চাহেন, তাহা হইলে ব্যক্তিরা স্বামী বা প্রজাস্বরূপ ১০ বা ১১ ধারা মতে মত জানাইবার অধিকার তাঁহাদের নাম লিখিয়া ঐ নোটিস পূরণ করিয়া এই কাগজ ১৫ জানুয়ারি তারিখে বা তৎপূর্ব্বে মুনিসিপল আফিসে ফিরাইয়া দেন।

যে সকল কুঠী বা ব্যক্তি ৮ ধারার (গ) ও (ঘ) দফামতে মত জানাইবার অধিকারী, সভাপতি সাহেব জানুয়ারি মাসের প্রথম ১৫ দিনেরমধ্যে আপন আফিসে তাহাদের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন।

যে সকল ব্যক্তি (ঙ) দফামতে মত জানাইবার অধিকারের দাওয়া করেন, তাঁহারা ১ ডিসেম্বরের পর ও ৫ জানুয়ারির পূর্ব্বে যে কোন সময় মত জানাইবার দাওয়া করিয়া দরখাস্ত করিবেন, এবং বিশ্ববিদ্যালয়ের উপাধিধারী হইলে যে বৎসর উপাধি প্রদত্ত হয় তাহাও লিখিবেন।

মতজ্ঞাপকদের নির্ঘণ্ট পত্র প্রকাশ করিবার কথা।

২১ ধারা। এইরূপে যে সকল রিটর্ণ পাঠান যায় আপনার আফিসে যে নির্ঘণ্ট পত্র প্রস্তুত হয়, এবং বিশ্ববিদ্যালয়ের ফেলো ও উপাধিধারীরা যে সকল দরখাস্ত দেন, তাহা হইতে সভাপতি সাহেব কলিকাতার প্রত্যেক পল্লীতে মত জানাইবার যোগ্য ব্যক্তিদের এক নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া ৩১ জানুয়ারি তারিখে বা তৎপূর্ব্বে মুনিসিপল আফিসে প্রকাশ করিবেন।

উক্ত নির্ঘণ্টপত্র প্রকাশিত হইবার পর ১৫ দিনের মধ্যে, যে কোন ব্যক্তির নাম ঐ নির্ঘণ্টপত্রে ধরা হয় নাই সেই ব্যক্তি কোন পল্লীতে মত জানাইবার অধিকারী বলিয়া আপনাকে জ্ঞান করিলে, কিম্বা নির্ঘণ্টপত্রের কোন নাম অযোগ্য ব্যক্তির নাম বলিয়া কোন ব্যক্তির আপত্তি থাকিলে, আপনার নাম সন্নিবেশ করিবার কিম্বা যে ব্যক্তিকে অযোগ্য জ্ঞান করেন তাহার নাম উঠাইয়া দিবার প্রার্থনা সভাপতি সাহেবের নিকট করিতে পারিবেন, এবং সভাপতি সাহেব যুক্তিসঙ্গত সত্বরতাসহকারে উক্ত প্রার্থনা বা আপত্তি বিবেচনা করিয়া তাহার নিষ্পত্তি করিবেন।

সভাপতির নিষ্পত্তির উপর আপীল হওয়ার কথা।

২২ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নির্ঘণ্টপত্রের কথা আছে, মনোনীত করণ সময়ে মত প্রকাশ করিবার যোগ্য বলিয়া যে ব্যক্তি আপনাকে জ্ঞান করেন তাঁহার নাম সেই পত্রে লেখা না গেলে সভাপতি সাহেব তাঁহার নাম তন্মধ্যে লিখিতে অসম্মত হইলে তিনি সেই অসম্মতি প্রকাশ হওনের পর আট দিনেরমধ্যে কলিকাতা নগরের পোলীসের কোন বেতনভোগী মাজিষ্ট্রেটের নিকটে উক্ত নির্ঘণ্টপত্রে আপন নাম লেখাইবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন। সেই মাজিষ্ট্রেট সাহেব অনুসন্ধান লইয়া প্রার্থকের নাম লিখিবার বা না লিখিবার ন্যায়ানুগত আজ্ঞা করিবেন, এবং প্রার্থকের নাম ঐ পত্রে লিখিবার আজ্ঞা হইলে সভাপতি সাহেব অগৌণে ঐ আজ্ঞানুসারে কর্ম্ম করিবেন। এই ধারামতে ঐ মাজিষ্ট্রেট সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর আপীল হইতে পারিবে না।

এইরূপে যে নির্ঘণ্টপত্র প্রস্তুত ও সংশোধন করা যায় তাহা তিন বৎসরকাল ২৬ ধারামত সমুদয় বৎসরান্তরিক মনোনীত করণ সম্বন্ধে প্রচল থাকিবে। কিন্তু কোন পদ শূন্য হওয়া অবধি অবান্তরিক মনোনীত করণের অনধ্য-

নিত তারিখ পর্য্যন্ত কালের মধ্যে যে কোন সময় যে কোন ব্যক্তির নাম নির্ঘণ্টপত্রে নাই তদ্রূপ কেহ আপনাকে যোগ্য বিবেচনা করিলে তাঁহার নাম নির্ঘণ্টপত্রে লিখিত হইবার নিমিত্ত সভাপতি সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন, এবং এইরূপ দাওয়া সম্বন্ধে ২১ ও ২২ ধারা খাটিবে বলিয়া জ্ঞান করা যাইবে।

নাম ভুলক্রমে ছাড়া গেলে বা লেখা গেলেও মনোনীত করণ কার্য্যের হানি না হওয়ার কথা।

২৩ ধারা। পূর্ব্বোক্তমতে নিয়মিতরূপে যোগ্য কোন ব্যক্তির নাম ঐ নির্ঘণ্টপত্রে লেখা না গেলেও, কিম্বা পূর্ব্বোক্তমতে নিয়মিতরূপে যোগ্য নহেন এমত ব্যক্তির নাম ঐ নির্ঘণ্টপত্রে লেখা গেলেও মনোনীতকরণকার্য্য তৎপ্রযুক্ত অসিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না ও কোন প্রকারেই তাহার বিপর্য্যয় হইবে না এবং মনোনীত করণকার্য্য দাঁড়াব কোন দোষ হইলে, এই মাত্র কারণে সেই কার্য্য অসিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না।

সভ্যেরা যত দিনের নিমিত্ত নিযুক্ত কিম্বা মনোনীত হইবেন তাহার কথা।

২৪ ধারা। কমিশ্যনরেরা তিন বৎসরের জন্যে নিযুক্ত বা স্থল বিশেষে মনোনীত হইবেন। ঐ সময় গত হইলেই তাঁহারা আর সমাবায়িত সমাজের সভ্য থাকিবেন না, কিন্তু নিরূপিত সময়ের জন্যে তাঁহারা পুনরায় উক্ত সমাবায়িত সমাজগত ব্যক্তিস্বরূপ নিযুক্ত কিম্বা মনোনীত হইতে পারিবেন।

কিন্তু যদি কোন কারণে নূতন কমিশ্যনরেরা ১আপ্রিল তারিখের মধ্যে আপনাদের কর্ম্মের ভার গ্রহণ করিতে না পারেন. তবে হইলে যাবৎ মনোনীত করণের ফল প্রকাশিত না হয়, তাবৎ পুরাতন কমিশ্যনরেরা আপনাদের ক্ষমতা অনুসারে কার্য্য করিতে থাকিবেন।

কমিশ্যনরী পদাকাঙ্ক্ষীদের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবার কথা।

২৫ ধারা। সুবিধামত কোন দিনে মনোনীত করণ কার্য্য হইবে। ঐ দিন স্থানীয় গবর্ণমেণ্ট ধার্য্য করিয়া দিবেন এবং উহা ১মার্চের পূর্ব্বে কিম্বা ১৫ মার্চের পরে হইবে না। মনোনীত হইবার যোগ্য যে প্রত্যেক ব্যক্তি মনোনীত হইবার প্রার্থী হইতে ইচ্ছা করেন, তিনি ২৫ ফেব্রুয়ারি পর্য্যন্ত কোন তারিখে আপনার নাম লিখিয়া সভাপতি সাহেবের নিকট পাঠাইবেন ও সেই সঙ্গে যে দুই জন মনোনীতকারী ব্যক্তি তাঁহার কমিশ্যনর হইবার কথা প্রস্তাব ও অনুমোদন করেন তাঁহাদের নাম দিবেন ও লিখিবেন তিনি কোন্ বা কোন্ ২ পল্লীর নিমিত্ত উপস্থিত হইতে চাহেন। ফেব্রুয়ারি মাসের শেষ দিনের পরে না হয় এরূপ সময়ে সভাপতি সাহেব মুনিসিপল আফিসে উক্তরূপ পদাকাঙ্ক্ষীদের নির্ঘণ্টপত্র প্রকাশ করিবেন।

সমাজগত ব্যক্তিদের অযোগ্যতার কথা। তাঁহাদের পশ্চাৎ পদধারিদের নিয়োগের কথা।

২৬ ধারা। কোন ব্যক্তি নিযুক্ত কিম্বা মনোনীত হওন সময়ে, কিম্বা মনোনীত কি নিযুক্ত থাকন সময়ে. দেউলিয়া কি ঋণ শোধ করিতে অক্ষম হইলে কিম্বা সমাবায়িত সমাজের সঙ্গে কোন চুক্তি করা গেলে জাইণ্টষ্টাক কোম্পানির অংশী হওন ভিন্ন প্রকারান্তরে সেই চুক্তিতে তাঁহার স্বার্থ থাকিলে, তিনি সেই সমাবায়িত সমাজভুক্ত হইতে কিম্বা সেই সমাজগত থাকিতে যোগ্য হইবেন না, এবং কোন ব্যক্তি ক্রমাগত ছয় মাস কলিকাতায় অনুপস্থিত থাকিলে কিম্বা কারাদণ্ডের আজ্ঞা প্রাপ্ত হইলে তিনি ঐ সমাজগত থাকিবার যোগ্য হইবেন না।

ঐ সমাবায়িত সমাজের কোন ব্যক্তি মরিলে বা পদ ত্যাগ করিলে বা উপরোক্তমত অযোগ্য হইলে, পূর্ব্বোক্ত নানা ধারার বিধানমতে অবিলম্বে আর এক জনকে তাঁহার পদে নিযুক্ত কিম্বা মনোনীত করা যাইবে. এবং সেই মৃত বা পদত্যাগী বা অযোগ্য ব্যক্তি যে নিরূপিত সময়ের নিমিত্তে নিযুক্ত কিম্বা মনোনীত ছিলেন, তাঁহার উত্তরপদধারী সেই সময়ের অবশিষ্ট অংশমাত্র ঐ সমাবায়িত সমাজগত থাকিবেন।

পরন্তু কোন কার্য্যসাধন হইবার তারিখে কমিশ্যনরদের সংখ্যা পঁচাত্তর জন ছিল না, কেবল এই কারণ বলিয়া কমিশ্যনরদের কিম্বা তাঁহাদের কার্য্যকারকদের কিম্বা সভাগত কমিশ্যনরদের কোন কার্য্য অসিদ্ধ জ্ঞান হইবে না।

উৎকোচ গ্রহণের দণ্ডের কথা।

২৭ ধারা। এই আইনমতে মনোনীত করণের কোন সময়ে কোন ব্যক্তি মত জ্ঞাপন করিবার যোগ্য হইলে, কিম্বা মত জানাইবার যোগ্য বলিয়া দাওয়া রাখিলে, সেই সময়ে আপনার মত জানাইবার কি জানাইতে ক্ষান্ত থাকিবার প্রবৃত্তি কি পুরস্কারস্বরূপ আপনার কি অন্য কাহার নিমিত্ত কোন পারিতোষিক গ্রহণ করিলে কি প্রাপ্ত হইলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কিম্বা প্রাপ্ত হইতে উদ্যোগ করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে তিনি আর কখন মত জানাইবার ও ঐ সমাবায়িত সমাজে মনোনীত হইবার যোগ্য হইবেন না।

উৎকোচ দেওয়ার দণ্ডের কথা।

আর তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে কোন ব্যক্তি কোন দান কি পুরস্কার দ্বারা কিম্বা কোন দান কি পুরস্কার দিবার কোন অঙ্গীকার কি প্রতিজ্ঞা কি প্রতিভূ দ্বারা কোন ব্যক্তিকে মত জ্ঞাপন করিবার কি মত জ্ঞাপন করণে ক্ষান্ত থাকিবার নিমিত্তে উৎকোচ দিলে কিম্বা প্রবৃত্তি জন্মাইলে কিম্বা উৎকোচ দিতে কি প্রবৃত্তি জন্মাইতে প্রস্তাব করিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তদ্রূপ মনোনীত করণের কোন সময়ে তিনি আর কখন মত জানাইবার ও ঐ সমাবায়িত সমাজে মনোনীত হইবার যোগ্য হইবেন না।

মুনিসিপল সম্পত্তি ও ফণ্ড প্রয়োগ করিবার কথা।

২৮ ধারা। সমাবায়িত সমাজের প্রতি যত সম্পত্তি বর্ত্তে, ও এই আইনের বিধানমতে উক্ত সমাজ যত টাকা প্রাপ্ত হন বা তোলেন, এই আইনক্রমে যে কার্য্যের স্পষ্ট অনুমতি হইল কেবল সেই কার্য্যে ঐ সম্পত্তি ও টাকা প্রয়োগ করা যাইতে পারিবে।

মুনিসিপল সম্পত্তি ও ফণ্ড যেং কার্য্যে প্রয়োগ হইতে পারিবে তাহার কথা।

২৯ ধারা। এই আইনক্রমে যেং কার্য্যসাধনের স্পষ্ট অনুমতি হইল তন্মধ্যে সাধারণের নিরাপদ, স্বাস্থ্য ও শিক্ষা ও সুবিধাজনক নিম্নলিখিত বিষয় গণ্য, অর্থাৎ—

সাধারণের নিরাপদজনক বিষয়।

(১) কলিকাতায় অগ্নি নির্ব্বাণার্থে অগ্নি নির্ব্বাপক দলের খরচের সমুদয় বা কোন অংশ দেওয়া।

(২) সরকারী রাস্তায় ও স্থানে ও গৃহাদিতে আলো দিবার, ও সঙ্কটজনক স্থান ও গৃহাদি ও ব্যবসায় আশঙ্কা হইতে রক্ষা করিবার বা তাহা উঠাইয়া দিবার খরচ দেওয়া।

সাধারণের স্বাস্থ্যজনক বিষয়।

(১) হাঁস্পাতালের বায়পোষণ ও টিকাদান, ও লোকদের জন্ম মৃত্যু ও বিবাহ রেজিষ্টরী করণ ও লোক সংখ্যা গ্রহণ করিবার খরচ দেওন।

(২) সাধারণের বাজার ও বৃষগশালা ও শৌচস্থান ও পাইখানা ও বিষ্ঠাদি রাখিবার কি ফেলিবার স্থান ও মূত্রালয় ও নর্দ্দমা ও জুলি ও জল নির্গত হইবার উপায় ও জলের কল ও কাপড় কাচিবার ঘর ও সাধারণ স্নানাগার ও স্নান ঘর ঘাট ও পানীয় জলের থাম, ও পুষ্করিণী ও কূপ ও চত্বর ও উদ্যানকরণ ও রক্ষা, ও অস্বাস্থ্যকর স্থানের সংস্করণ ইত্যাদি।

(৩) পথ ও নর্দ্দমা পরিষ্কারকরণ ও তাহাতে জল দেওন, ও মল তুলিয়া ফেলন ও অস্বাস্থ্যকর জঙ্গলাদি নষ্ট করণ, ও সাধারণতঃ সর্ব্বপ্রকার অনিষ্টজনক বিষয়ের নিবারণ।

(৪) দুর্গন্ধজনক ব্যবসায় ও কবর স্থান ও শ্মশান সম্বন্ধীয় নিয়মকরণ, ও তাহা উঠাইয়া দিয়া স্থানান্তর নিরূপণ করণ।

সাধারণ শিক্ষা।

বিদ্যালয় প্রস্তুত ও মেরামত করণ এবং সম্পূর্ণরূপে বা সাহায্যদান দ্বারা বিদ্যালয় স্থাপন বা রক্ষণ।

সাধারণের সুবিধাজনক বিষয়।

(১) পথ ও সাঁকো ও বাঁধাপথ ও কলবর্ট প্রভৃতি নির্ম্মাণ, ও রক্ষা ও পরিবর্ত্তন করা; ও গৃহাদির সুনিয়ম করা; ও পথের নাম দেওয়া ও ঘরের নম্বর দেওয়া, ও বৃক্ষ রোপণ করা, ও বাধাজনক বিষয় ও পথের উপর যে বিষয় বাড়াইয়া থাকে তাহা স্থানান্তর করণ।

(২) সাধারণের সভাগৃহ, ও আফিস, ও পোলীস থানা ও কোৎওয়ালী ও অন্য যে গৃহাদি সমাবাধিত সমাজের অধীন থাকিবে, কিম্বা মুনিসিপাল বা পোলীস সম্বন্ধীয় কার্য্যে যে গৃহাদির প্রয়োজন হয় তাহা নির্ম্মাণ ও রক্ষা করণ।

(৩) গৃহাদির অবস্থানুসন্ধান লওন ও নক্সা প্রস্তুত করণ।

(৪) অভ্যাগত খ্যাতনামা ব্যক্তিদের সম্মান করণার্থ কিম্বা সাধারণ হর্ষ বা শোক প্রকাশ কালে কিম্বা খ্যাতনামা ব্যক্তিদের চিত্র বা মূর্ত্তি সংগ্রহ করণার্থ যে খরচ করা হয়, সেই খরচ দেওন।

কিন্তু এরূপ স্থলে আবশ্যক যে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি পূর্ব্বে না লইয়া এই দফাতে কোন খরচ করা না হয়।

এবং সাধারণের নিরাপদ ও স্বাস্থ্য ও সুবিধাজনক সামান্য বিষয়।

দ্বিতীয় পরিচ্ছেদ।—সমাবাধিত সমাজের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৩০ ধারা। কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্ম এইই ও তাঁহাদের প্রতি এইং কর্ম্ম করিবার আদেশ থাকিল,

কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

(১) তাঁহারা ৩৬৮ ও ৩৬৯ ধারার বিধানমতে মুনিসিপাল ঋণের সুদ দিবার বিধান করিবেন।

(২) ঐ২ ধারার বিধানমতে ধন সঞ্চয় করিয়া রাখিবার বিধান করিবেন।

(৩) মাটির নীচে জল নির্গত হইবার নর্দ্দমার যে কার্য্য এইক্ষণে নির্ব্বাহ হইতেছে তাঁহারা নগরের নর্দ্দমার সেই কার্য্য সমাপ্ত করিবেন ও চালাইবেন, এবং বস্তির ভিতর রাস্তা করিয়া তাহার উৎকর্ষসাধন করিবেন তজ্জন্য তাঁহারা বৎসরং দুই লক্ষ টাকার কম খরচ করিবেন না কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি পাইলে তাহার কম টাকা খরচ করিতে পারিবেন। ৩৩৪ ধারার বিধানমতে তাঁহাদের সেই টাকা তুলিতে হইবে।

(৪) ৭ অধ্যায়ে যে প্রকারে ও যত দূর লেখা হইয়াছে তাঁহারা সেই প্রকারে ও তত দূর জল যোগাইয়া রাখিবেন।

(৫) নগর পরিষ্কার করিবার ও পরিপাটীরূপে রাখিবার যথোচিত ও উপযুক্ত বিধান করিবেন ও তদর্থে যত টাকা আবশ্যক তত টাকার বিধান করিবেন।

৩১ ধারা। যাহাতে নগরবাসি লোকদের স্বাস্থ্যের বিঘ্ন জন্মিতে পারে, কমিশ্যনরেরা ততদূর নগর পরিষ্কার করিবার ও পরিপাটিরূপে রাখিবার যথোচিত উপযুক্ত বিধান করিতে ত্রুটি করিয়াছেন স্থানীয় গবর্ণমেণ্ট ইহা দেখিতে পাইলে, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তিন ব্যক্তির কমিশ্যন নিযুক্ত করিতে পারিবেন। ইঁহাদের মধ্যে বঙ্গদেশের স্বাস্থ্য রক্ষার্থ কমিশ্যনর কিম্বা রাজধানীর পদস্থ চিকিৎসা সংক্রান্ত কর্ত্তৃপক্ষ এক জন হইবেন। কমিশ্যনরেরা ঐ জ্ঞাপনপত্রের তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে সভাগত হইয়া দ্বিতীয় ব্যক্তিকে নিযুক্ত করিবেন, না করিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করিবেন। তৃতীয় ব্যক্তিকে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিযুক্ত করা যাইবে; ও যাহাতে নগর বাসিদের স্বাস্থ্যের বিঘ্ন হইতে পারে ততদূর পর্য্যন্ত নগর পরিষ্কার করিবার কি পরিপাটি রূপে রাখিবার ত্রুটি হইয়াছে কি না, স্থানীয় গবর্ণমেণ্ট সময় নিরূপণ করিয়া ঐ কমিশ্যনর ব্যক্তিদিগকে সেই সময়ের মধ্যে এই বিষয়ে আপনাদের অভিমত রিপোর্ট করিতে আজ্ঞা দিবেন, ও ত্রুটি হইয়াছে তাঁহাদের এই মত হইলে, সেই বৎসরের অবসান পর্য্যন্ত কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞা করিলে আগামি বৎসরের অবসান পর্য্যন্ত নগর পরিষ্কার ও পরিপাটিরূপে রাখিবার জন্যে আর যেং বিধান করা উচিত, আপনাদের রিপোর্টে তাহাও বিশেষ করিয়া লিখিতে, ও সেইং বিধান করিতে যত টাকা খরচ লাগিবে ইহার অনুমানপত্র অর্পণ করিতে আজ্ঞা দিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কমিশ্যন নিযুক্ত করিবার কথা।

কমিশ্যনের রিপোর্ট মতে২ পরামর্শ দেওয়া যায় কমিশ্যনরেরা তদনুসারে কার্য্য না করিলে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা করিতে পারিবার কথা।

৩২ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ঐ রিপোর্ট পাইলে কমিশ্যনরদের বিবেচনার জন্যে পাঠাইবেন। ঐ রিপোর্টে যেং বিধান করিবার পরামর্শ দেওয়া গেল, কমিশ্যনরেরা তাহা সম্পাদন করিতে সম্মত না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট সেইং বিধান কিম্বা তাহার মধ্যে কোনং বিধান কিম্বা ঐং বিধানের কোন অংশ সম্পাদন হইবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা হইলে কমিশ্যনরদের সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে ও উক্ত অনুমানপত্রের লিখিত টাকা কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ টাকার যে অংশ ধার্য্য করেন সেই অংশ দিতে হইবে ও সভাপতি সাহেব আগীনেই সেই আজ্ঞানুসারে কার্য্য করিবেন ও ৫৬ ধারাক্রমে কমিশ্যনরদের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তাহা সত্ত্বেও এবং এই আইনের অন্য বিধানের ভাবান্তর থাকিলেও মুনিসিপাল ফণ্ড হইতে ঐ কার্য্য সম্পাদনের খরচ দিবেন।

কিন্তু উক্ত কমিশ্যনের অন্তর্গত ব্যক্তিদের মতের অনৈক্য হইলে, তাঁহাদের অধিকাংশ ব্যক্তির যে অভিমত ও রিপোর্ট হয় তাহাই কমিশ্যনের অভিমত ও রিপোর্ট বলিয়া জ্ঞান হইবে।

তৃতীয় পরিচ্ছেদ।—সমাবায়িত সমাজের কার্য্যকারকদের কথা।

কমিশ্যনরগণের সভাপতির নিয়োগ ও অবসর করণের কথা।

৩৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং কমিশ্যনরগণের সভাপতিপদে উপযুক্ত এক ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

কমিশ্যনরগণের বিশেষ সাধারণ সভায় যতজন উপস্থিত হন তাঁহাদের তিন অংশের দুই অংশের অন্যূন ব্যক্তি আপনাদের মত জ্ঞাপন করিয়া নির্দ্ধারণক্রমে ঐ সভাপতিকে অবসর করাইবার পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে পদ হইতে অবসর করিতে পারিবেন, প্রকারান্তরে নয়।

প্রতিনিধি সভাপতি নিয়োগের কথা।

৩৪ ধারা। কমিশ্যনরগণ প্রতিনিধি সভাপতিকে নিযুক্ত করণার্থে বিশেষ সাধারণ সভা করিয়া, যত দিনের নিমিত্ত বিহিত বোধ করেন, সময়েং তত দিনের নিমিত্ত কোন উপযুক্ত ব্যক্তিকে সেই পদে নিযুক্ত করিতে পারিবেন।

সেই নিয়োগ হইলেও স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

সেক্রেটরী ইঞ্জিনিয়র, সরবেয়র, স্বাস্থ্যরক্ষক, টাক্স কালেক্টর ও আসেসর এইং কর্ম্মকারকদের নিয়োগের কথা।

৩৫ ধারা। কমিশ্যনরগণ সময়েং বিশেষ সাধারণ সভা করিয়া যত দিন উচিত বোধ করেন তত দিনের নিমিত্ত মুনিসিপালিটীর নিমিত্তে এইং পদে, অর্থাৎ সেক্রেটরীর ও ইঞ্জিনিয়রের ও সরবেয়রের ও স্বাস্থ্যরক্ষকের ও টাক্স কালেক্টরের ও আসেসরের পদে উপযুক্ত ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে কিম্বা উক্ত কোন দুই কি তদধিক পদে কিম্বা একং পদে উপযুক্ত একং ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

এই প্রকারে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি এবং প্রতিনিধি সভাপতি ও মুনিসিপালিটীর সীমার মধ্যে বাস করিবেন সর্ব্ববিষয়ে সভাপতি সাহেবের অব্যবহিত আজ্ঞাধীনে থাকিবেন ও সভাপতি সাহেব যেং কর্ম্ম নিরূপণ করেন তাহাই করিবেন. এবং কমিশ্যনরগণের বিশেষ সাধারণ সভায় যতজন উপস্থিত হন তাঁহাদের তিন অংশের মধ্যে অন্যূন দুই অংশলোক আপনং মত জ্ঞাপন করিয়া উক্ত কর্ম্মকারকদের মধ্যে কোন ব্যক্তির অবসর হওনের সপক্ষে নির্দ্ধারণ করিলে তাঁহাকে অবসর ও তাঁহার পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করা যাইতে পারিবে।

এই ধারামতে যে সকল নিয়োগ ও নির্দ্ধারণ হয় তদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির কলিকাতার বাস করিতে হইবার ও অন্যকর্ম্মে কি ব্যবসায়াদিতে লিপ্ত না থাকার কথা।

৩৬ ধারা। সভাপতি ও প্রতিনিধি সভাপতি মুনিসিপালিটীর মধ্যে বাস করিবেন ও তাঁহারা প্রত্যেক জন আপনং পদের কর্ম্মে সমস্ত সময় ক্ষেপণ করিবেন। সভাপতির কি প্রতিনিধি সভাপতির অন্য কোন কর্ম্ম কি বাণিজ্য ব্যবসায় থাকিবে না. ও তাঁহারা অন্য কর্ম্মে কি বাণিজ্য ব্যবসায়ে লিপ্ত হইবেন না।

পরন্তু—

(ক) গবর্ণমেণ্ট সরবিসের দেওয়ানী কি সৈনিক কোন কর্ম্মকারক এই ধারার নির্দ্দিষ্ট পদভিন্ন অন্য কোন পদে নিযুক্ত না থাকিলে, সভাপতির কি প্রতিনিধি সভাপতির পদ ধারণ করিতে পারিবেন।

(খ) সভাপতি (কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদিগকে নিযুক্ত করণ বিষয়ক) ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারায় কমিশ্যনর শব্দের যে অর্থ করা গিয়াছে তদনুযায়ি কমিশ্যনরের পদও ধারণ করিতে পারিবেন।

(গ সভাপতি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভার মেম্বরও হইতে পারিবেন।

(ঘ) বিশেষ সাধারণ সভায় প্রতিনিধি সভাপতিকে কমিশ্যনরগণের অধীন অন্য কোন পদে নিযুক্ত করা গেলে, তিনি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সেই পদে নিযুক্ত হইতে ও তাহা ধারণ করিতে পারিবেন।

সভাপতির ও প্রতিনিধি সভাপতির বেতনের কথা।

৩৭ ধারা। কমিশ্যনরগণ সময়েং বিশেষ সাধারণ সভায় অধিবিষ্ট হইয়া সভাপতির ও প্রতিনিধি সভাপতির যত বেতন নির্দ্ধার্য্য করেন, তাঁহারা মুনিসিপাল ফণ্ড হইতে তত্তই পাইতে পারিবেন।

(ক) সভাপতি মাসে তিন সহস্র টাকার অধিক বা দুই সহস্র পাঁচশত টাকার ন্যূন বেতন পাইবেন না। কমিশ্যনরেরা আপনাদের বিবেচনামতে ঐ বেতন ছাড়া তাঁহার ঘরের ভাড়া দিতে বা না দিতে পারিবেন।

(খ) প্রতিনিধি সভাপতি মাসে এক হাজার দুই শত টাকার অধিক পাইবেন না।

কমিশ্যনরেরা এই ধারামতে যে সকল বিষয় নির্দ্ধার্য্য করেন তাহাতে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

সেক্রেটরী, ইঞ্জিনিয়র প্রভৃতির বেতনের কথা।

৩৮ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে সেক্রেটরী ও ইঞ্জিনিয়র ও সরবেয়র ও স্বাস্থ্য-রক্ষক ও টাক্স কালেক্টর ও আসেসর নিযুক্ত হন, কমিশ্যনরেরা সময়েং সাধারণ বিশেষ সভায় অধিবিষ্ট হইয়া তাঁহাদের যেং বেতন নির্দ্ধার্য্য করেন তাঁহারা মুনিসিপাল ফণ্ড হইতে সেইং বেতন পাইতে পারিবেন।

কমিশ্যনরেরা এই ধারামতে যে সকল বিষয় নির্দ্ধার্য্য করেন তাহাতে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

ওবরসিয়র ও কেরাণী ও অধীন কর্ম্মকারকদের নিয়োগ ও বেতনের কথা।

৩৯ ধারা। সভাপতি সাহেব এই আইনমত কার্য্য সম্পাদনের সাহায্য করিবার জন্য যতজন ওবরসিয়র ও কেরাণী ও অধীন কর্ম্মকারক ও চাকর আবশ্যক ও উচিত জ্ঞান করেন, সময়েং তত জনকে নিযুক্ত করিতে পারিবেন, এবং সময়েং তাহাদের মধ্যে কোন ব্যক্তিকে অবসর করিয়া তাহার স্থানে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন।

এবং ঐং ব্যক্তিদের যত টাকা বেতন যুক্তিসিদ্ধ জ্ঞান করেন, সভাগত কমিশ্যনরগণের অনুমতি লইয়া, মুনিসিপাল ফণ্ড হইতে তাহাদের তত টাকা বেতন দিতে, ও তাহাদের মধ্যে কেহ ছুটী লইলে সেই ছুটীর সময়ে বেতনের যে অংশ দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন কিন্তু উক্ত ব্যক্তিরা যেং পদে থাকেন কমিশ্যনরদের কোন সভায় সেইং পদের বেতন নিরূপণ করা আবশ্যক।

কিন্তু যে পদের বেতন মাসে দুইশত টাকার অধিক হয় সভাগত কমিশ্যনরদের অনুমতি না হইলে, সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা, কিম্বা সেই পদ হইতে অবসর করা যাইতে পারিবে না।

গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কমিশ্যনরগণের ছুটী প্রভৃতি দিতে পারিবার কথা।

৪০ ধারা। কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, সভাপতিকে কিম্বা ৩৪ ও ৩৫ ধারামতে নিযুক্ত কোন কর্ম্মকারককে যত দিনের ছুটী দেওয়া উচিত বোধ করেন দিতে পারিবেন, ও সভাপতি ছাড়া অন্য কর্ম্মকারক ছুটী পাইলে তাঁহার অনুপস্থিতিকালে তৎপদের কর্ম্ম চালাইবার যে নিয়ম উচিত বোধ করেন করিতে পারিবেন।

সভাপতিকে ছুটী দেওয়া গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার স্থানে সভাপতির কর্ম্ম করণার্থে কমিশ্যনরগণের এক জনকে নিযুক্ত করিবেন, কিম্বা তাঁহার পদের কর্ম্ম চালাইবার জন্য যে নিয়ম উচিত বোধ করেন করিবেন।

কোন ব্যক্তি এই ধারামতে সভাপতির কি অন্য কর্ম্মকারকের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলে এই আইনমতে ঐ সভাপতির কি অন্য কর্ম্মকারকের যে সকল ক্ষমতা থাকে ও তাঁহাদের পক্ষে যে সকল নিষেধ ও সীমা ও বিধান বর্ত্তে, ঐ ব্যক্তিও যত দিন ঐ কর্ম্ম করেন তত দিন তাঁহারও সেই সকল ক্ষমতা থাকিবে ও তাঁহার প্রতি ঐ সকল নিষেধ ও সীমা ও বিধান বর্ত্তিবে।

ছুটীর সময়ে বেতনের কথা।

৪১ ধারা। ইহার পূর্ব্বধারামতে সভাপতিকে কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারককে ছুটী দেওয়া গেলে, সভাগত কমিশ্যনরগণের তিন অংশের ন্যূন অন্যূন দুই অংশ লোক মত প্রকাশ করণ পূর্ব্বক যে সিদ্ধান্তের সপক্ষ হন, তদনুসারে ছুটীর সময়ে ঐ কার্য্যকারকের যত বেতন পাওয়া বিহিত বোধ করেন, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপাল ফণ্ড হইতে তাঁহাকে তত বেতন দিতে পারিবেন।

কর্ম্মকারকদের ও চাকরদের পেনশ্যন ও বৃত্তির বিধান কমিশ্যনরগণের করিতে পারিবার কথা।

৪২ ধারা। কোন সভায় উপস্থিত কমিশ্যনরগণের তিন অংশের মধ্যে অন্যূন দুই অংশ ব্যক্তি মত প্রকাশ করণপূর্ব্বক যে সিদ্ধান্তের সপক্ষ হন, কমিশ্যনরগণ তদনুসারে মুনিসিপাল ফণ্ড হইতে আপনাদের কর্ম্মকারকদের ও চাকরদের পেনশ্যন ও পারিতোষিক পাইবার নিমিত্তে সময়েং বিধি করিতে পারিবেন, এবং সেই বিধি রহিত কি পরিবর্ত্তন করিতে কিম্বা তাহাতে নূতন বিধি সংযোগ করিয়া দিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যত দিন অনুমোদন না করেন, ও কলিকাতা গেজেটে যত দিন প্রকাশ করা না যায়, উক্ত কোন বিধি, কিম্বা বিধির রহিত কি পরিবর্ত্তন হওয়া কিম্বা নূতন বিধি তত দিন কার্য্যকর হইবে না।

কমিশ্যনরগণ সময়েং সভাগত হইয়া, যৎকালে যে বিধি প্রবল থাকে সেই বিধি মানিয়া, আপনাদের যে কার্য্যকারকদিগকে কি চাকরদিগকে যে পেনশ্যন কি পারিতোষিক দেওয়া বিহিত বোধ করেন দিতে পারিবেন।

কমিশ্যনরগণের চুক্তিতে কর্ম্মকারক প্রভৃতির সম্পর্ক না থাকার কথা।

৪৩ ধারা। কমিশ্যনরগণের সঙ্গে যে কোন চুক্তি করা যায় তাহাতে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কিম্বা কমিশ্যনরদের অন্য কর্ম্মকারকের কি চাকরের সাক্ষাৎ বা পরস্পরা সম্বন্ধে কোন স্বার্থ সম্পর্ক থাকিবে না। থাকিলে, সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা অন্য কর্ম্মকারক কি চাকর হইয়া ঐ পদে কি কর্ম্মে আর থাকিতে পারিবেন না, ও তাঁহার পাঁচ শত টাকা দণ্ড দিতে হইবে। কমিশ্যনরগণ দ্বারা কিম্বা তাঁহাদের সপক্ষে মোকদ্দমা উপস্থিত হইয়া ঐ টাকা আদায় করা যাইতে পারিবে।

পরন্তু সমাবায়িত কি রেজিষ্টরী করা কোন কোম্পানির সঙ্গে কমিশ্যনরগণ চুক্তি করিলে, সেই কোম্পানির অংশী কিম্বা মেম্বর হওয়া প্রযুক্ত কোন ব্যক্তিকে ঐ চুক্তিতে স্বার্থযুক্ত বলিয়া জ্ঞান করিতে হইবে না।

কর্ম্মকারকেরা অননুমোদিত পারিতোষিকাদি গ্রহণ করিলে দণ্ডের কথা।

৪৪ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার মর্ম্মানুসারে যে ব্যক্তি রাজকীয় কার্য্যকারক হন, তদ্ভিন্ন কোন ব্যক্তি এই আইন অনুসারে নিযুক্ত হওয়া আপন পদের কর্ম্ম সম্পর্কীয় কোন কার্য্য করণের কি না করণের পুরস্কারস্বরূপ,

কিম্বা আপন পদের কর্ম্মসম্পর্কীয় কোন কার্য্য করণ-কালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ করিবার কি না করিবার পুরস্কারস্বরূপ, কিম্বা কমিশ্যনরগণকে কি রাজকীয় অন্য কার্য্যকারককে কিম্বা গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়া কোন ব্যক্তির হিত কি অহিতজনক কার্য্য করিবার কি করিতে চেষ্টা করিবার নিমিত্তে পুরস্কার স্বরূপ কাহারো স্থানে আপনার বৈধ পারিশ্রমিক ছাড়া নিজের কি অন্যের নিমিত্ত কোন পারিতোষিক গ্রহণ করিলে কি পাইলে কিম্বা গ্রহণ করিতে সম্মত হইলে কি পাইবার উদ্যোগ করিলে, তাহার তিন বৎসর কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৫৩ ধারার নির্দ্দিষ্টমত সামান্য কি কঠোর কারাদণ্ড কিম্বা পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে।

চতুর্থ পরিচ্ছেদ।—কার্য্যনির্ব্বাহ করিবার ও চুক্তি করিয়া লইবার নিয়মের কথা।

কমিশ্যনরগণের আফিস করিবার ও নালিশ লিখিবার বহী রাখিবার কথা।

৪৫ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালিটীর মধ্যে আফিস অর্থাৎ কার্য্যালয় নিরূপণ করিয়া রাখিবেন। এবং একখানি বহী রাখিয়া যে বিষয় কমিশ্যনরগণের বিচার্য্য হয়, নগরনিবাসি কোন ব্যক্তি কিম্বা মুনিসিপালিটীর অন্তর্গত কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা বাক্যদ্বারা কি পত্রদ্বারা এমত কোন বিষয়ে যুক্তিসঙ্গত রূপে নালিশ করিলে, ঐ বহীতে লিখিয়া রাখিবেন ও কার্য্য চলনের প্রতিদিন সেই আফিসে ঐ খোলা রাখিবেন। ও কমিশ্যনরগণের উপযুক্ত কর্ম্মকারক অবিলম্বে ঐ সকল নালিশের সত্যতার তদন্ত লইয়া কমিশ্যনরগণের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট উক্ত বহীতে লিখিয়া দেওয়া যাইবে। ও নগরনিবাসি কোন ব্যক্তি কিম্বা মুনিসিপালিটীর অন্তর্গত কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা যুক্তিসঙ্গত সকল সময়ে ঐ বহী দেখিতে পারিবেন।

ত্রৈমাসিক সভা করিবার সময়ের কথা।

৪৬ ধারা। কমিশ্যনরগণ সাধারণ কার্য্য নির্ব্বাহ করণার্থে তিন২ মাসান্তর প্রতি বৎসর চারিবার অধিবেশন করিবেন।

আপ্রিল ও জুলাই ও অক্টোবর ও জানুয়ারি মাসে, কিম্বা ঐ২ মাসে সভা হওয়াও উপস্থিত কার্য্য সম্পাদন না হওয়াতে অন্য কোন মাসে সভা করিতে স্থির করা গেলে সেই২ মাসে ত্রৈমাসিক সভার অধিবেশন হইবে।

নিয়মিত ও ত্রৈমাসিক সভায় যে কার্য্য করা যাইবে তাহার কথা।

৪৭ ধারা। উক্ত ত্রৈমাসিক সভায় যে২ কার্য্য করা যাইবে, কমিশ্যনরগণ সময়ে২ প্রয়োজনমতে তদর্থে বিশেষ সাধারণ সভা করিয়া, কিম্বা তৎকালে কর্ম্ম স্থগিত রাখিয়া দিনান্তর নিরূপণ করিয়া, তাহা স্থির ও নির্দ্ধার্য্য করিবেন। ও সেই সভায় সেই কার্য্য বিনা অন্য কার্য্য করা যাইবে না।

কিন্তু তদ্রূপ কোন সভায় কোন প্রশ্ন উত্থিত হইলে সভাপতি সাহেব তদ্বিষয়ের বাদানুবাদ স্থগিত রাখিয়া তৎপরে চতুর্দ্দশ দিনের মধ্যে বিশেষ সাধারণ সভা করিয়া সভাগত কমিশ্যনরগণের নির্ণয়ার্থে অর্পণ করিতে পারিবেন।

বিশেষ সাধারণ সভা করিবার কথা।

৪৮ ধারা। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতিকালে প্রতিনিধি সভাপতি যে সময়ে উচিত বোধ করেন সেই সময়ে কমিশ্যনরগণের বিশেষ সাধারণ সভায় আহ্বান করিতে পারিবেন, ও কমিশ্যনরগণের মধ্যে দশ জনের লিখিত আবেদন থাকিলেই তাহা করিবেন।

কিন্তু তদ্রূপ সভা যে সময়ে ও স্থানে ও যে কারণে করা যাইবে, কলিকাতায় দৈনিক যে২ সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে তন্মধ্যে কোন দুই পত্রে ন্যূনকল্পে পাঁচ দিন থাকিতে আপনপত্রের ন্যায় ইহার নোটিস প্রকাশ করা হইবে।

বিশেষ সাধারণ সভায় যে কার্য্য নির্ব্বাহ হইবে তাহার কথা।

৪৯ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে নোটিস দেওয়া যায়, সেই নোটিসে যে কার্য্য নির্দ্দিষ্ট থাকে, কোন বিশেষ সাধারণ সভার সম্মুখে সেই কার্য্য ছাড়া অন্য কার্য্য অর্পণ কি নির্ব্বাহ করা যাইবে না।

পরন্তু ঐ অধিবেশন হইবার নোটিসে যে২ বিষয়ের উল্লেখ থাকে, কোন কমিশ্যনর তদ্ভিন্ন কোন নির্দ্ধারণ উপস্থিত করিতে চাহিলে, তিনি ন্যূনকল্পে দুই দিন থাকিতে কমিশ্যনরগণের আফিসে ঐ নির্দ্ধারণপত্রের প্রতিলিপি রাখিয়া আপনার সেই অভিপ্রায়ের নোটিস দিলে পর, বিশেষ সাধারণ সভার সম্মুখে তাহা অর্পণ করিতে পারিবেন।

সভার অধিকাংশ ব্যক্তির সম্মতিক্রমে প্রশ্ন নির্ণয়ের কথা।

৫০ ধারা। কমিশ্যনরদের দ্বারা যে সকল কর্ম্ম হইবার অনুমতি কি আদেশ থাকে, ও নিষ্পত্তি করিবার জন্যে তাঁহাদের সম্মুখে যে সকল প্রশ্ন উপস্থিত করা যায় এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, ঐ সভাগত কমিশ্যনরদের মধ্যে মতজ্ঞাপক অধিকাংশ ব্যক্তির মতানুসারে ঐ কর্ম্ম করা যাইবে ও ঐ প্রশ্ন নিষ্পত্তি হইবে।

সভায় কে সভাপতি হইবেন তাহার কথা।

৫১ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণের যে সকল সভা হয়, পীড়া কিম্বা উপযুক্ত অন্য কারণে বাধা না হইলে, সভাপতি ও প্রতিনিধি সভাপতি সেই সকল সভায় উপস্থিত হইবেন। উক্ত প্রত্যেক সভায় সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতিকালে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন ও সভাগত ব্যক্তিদের মধ্যে যত জনের এক মত হয় তত জনের ভিন্নমত থাকিলে, তাঁহারই মতের প্রাবল্য হইবে।

সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ের অনুপস্থিতিকালে যে কমিশ্যনরগণ সভায় উপস্থিত থাকেন তাঁহারা আধিপত্য করিবার জন্যে আপনাদের মধ্যে এক ব্যক্তিকে মনোনীত করিবেন। ও কোন বিষয় লইয়া যত ব্যক্তি এক পক্ষ হন তত ব্যক্তি বিপক্ষ হইলে তাঁহার মত প্রবল হইবে।

যত জন কমিশ্যনর উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে, তত জনের অধিবেশনে যিনি আধিপত্য করেন, তিনি সভাগত ব্যক্তিদের অনুমতিক্রমে কার্য্য স্থগিত করিয়া সভা করিবার অন্য২ সময় ও স্থান নিরূপণ করিতে পারিবেন। কিন্তু এক সময়ের কার্য্যাবশিষ্ট

হইয়া অন্য যে সময় নিরূপণ করা যায়, পূর্ব্ব অধিবেশন-কালে যে কার্য্যটি সমাধা না হইয়া থাকিল তাহা ছাড়া সেই সময়ে অন্য কোন কার্য্য নির্ব্বাহ হইবে না।

৫২ ধারা। সভায় ন্যূনকল্পে আঠারো জন কমিশ্যনর উপস্থিত না থাকিলে, কোন কার্য্য করা যাইবে না।

যতজন উপস্থিত থাকিলে কার্য্য চলিতে পারিবে তাহার কথা।

পরন্তু পূর্ব্বোক্তমতে যত জন উপস্থিত না থাকিলে কার্য্য চলিতে পারিবে না, সভার অধিবেশন কালে কমিশ্যনরদের তত জন উপস্থিত না হইলে, যিনি আধিপত্য করেন, সভাপতি হউন বা নাই হউন, তিনি সুবিধামত অন্য যে সময় ও স্থান উচিত বোধ করেন অধিবেশনের কার্য্য চালাইবার সেই সময় ও স্থান নিরূপণ করিবেন। ও যতজন উপস্থিত হইলে কার্য্য চলিতে পারে পূর্ব্ব সভায় ততজন থাকিলে তাঁহাদের সম্মুখে যে কর্ম্ম উপস্থিত করা যাইত, নিরূপিত ঐ অন্য সময়ে ও স্থানে ততজন উপস্থিত থাকিলে বা না থাকিলেও সেই কর্ম্ম রীতিমতে সেই উপস্থিত ব্যক্তিদের সম্মুখে আনীত হইয়া তাঁহাদের দ্বারা নিষ্পত্তি করা যাইবে।

পরন্তু সভার কার্য্য নিষ্পাদন না হইয়া অধিবেশন করিবার অন্য সময় নিরূপণ হইলে, সেই অধিবেশনের কালে কমিশ্যনরদের ন্যূনকল্পে দশ জন না থাকিলে ঐ সভার সম্মুখে কোন কার্য্য উপস্থিত করা যাইবে না।

৫৩ ধারা। সকল অধিবেশন কালে যেং কার্য্য করা যায় তাহার বর্ণনা তদর্থে রক্ষিত একখানি বহীতে স্পষ্ট করিয়া লেখা যাইবে। প্রত্যেক অধিবেশনের কার্য্য সমাপ্ত হইলে পর সভাপতি তাহাতে স্বাক্ষর করিবেন। এবং সভার যে কার্য্যের বর্ণনা লেখা যায় তৎপশ্চাৎ ঐ সভার অধিবেশন হইলে তাহা সভার সম্মুখে অর্পণ করা যাইবে ও সেই মিনিট বহী কমিশ্যনরগণের আফিসে থাকিবে, কোন কমিশ্যনর উপযুক্ত কোন সময়ে বিনা খরচে তাহা দেখিতে পাইবেন, ও অন্য কোন ব্যক্তি ॥০ আনা ফী দিয়া দেখিতে পাইবেন।

সভাধিবেশনের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনাপত্র রাখিবার ও পরীক্ষার জন্য খোলা থাকিবার কথা।

৫৪ ধারা। বিশেষ সাধারণ অথবা ত্রৈমাসিক কোন সভায় কমিশ্যনরগণের মধ্যে ন্যূনকল্পে পাঁচ জন সভাগত প্রত্যেক ব্যক্তির মত গ্রহণ করিবার দাওয়া না করিলে নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে সভাপতি এই কথা প্রকাশ করিলেই এবং কমিশ্যনরগণের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনাবহীতে সেই মর্ম্মের কথা লেখা গেলেই, ঐ নির্দ্ধারণের সপক্ষে কি বিপক্ষে যত জনের কিম্বা উপস্থিত ব্যক্তিদের যে অংশের মত লিপিবদ্ধ হইল ইহার প্রমাণ না লইয়া, এই আইনের কার্য্য-পক্ষে সভাপতির সেই কথাই ও তাহা লিখিত হওয়াই ঐ নির্দ্ধারণসিদ্ধির প্রচুর প্রমাণ হইবে।

নির্দ্ধারণ গ্রাহ্য হইয়াছে সভাপতির এই কথা প্রকাশ করিবার কথা।

৫৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে প্রত্যেক ব্যক্তির মত গ্রহণ করিবার দাওয়া হইলে, কমিশ্যনরগণের যত জন মত জানাইতে চাহেন সভাপতির আদেশানুসারে তাঁহাদের সকলের মত লওয়া যাইবে, ও সেইং মতানুসারে যে ফল হয় তাহাই সেই অধিবেশন কালে কমিশ্যনরগণের নির্দ্ধারণ বলিয়া জ্ঞান হইবে।

ব্যক্তিবিশেষের মত যেরূপে লওয়া যাইবে তাহার কথা।

৫৬ ধারা। গবর্ণমেণ্ট বন্দের যেং দিনের অনুমতি দেন সেইং দিন ছাড়া ও পীড়া কিম্বা অন্য উপযুক্ত কারণে বাধা না হইলে, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি প্রতিদিন কমিশ্যনরগণের আফিসে উপস্থিত হইয়া এই আইন সম্পর্কীয় কি এই আইনদ্বারা উত্থিত নানা কার্য্য নির্ব্বাহ করিবেন। ও তদ্রূপে উপস্থিত হইলে, এই আইনক্রমে কমিশ্যনরগণের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল তাঁহার সেই সকল ক্ষমতা থাকিবে ও কমিশ্যনরগণের আজ্ঞা সফল করণার্থে কিম্বা তাঁহারা যে কোন কার্য্য হইবার অনুমতি দেন সেই কার্য্য সম্পাদনকরণার্থে, ও সাধারণতঃ মুনিসিপালিটীর কার্য্য নির্ব্বাহার্থে ঐ সভাপতি কি প্রতিনিধি সভাপতি সর্ব্বদাই সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

কার্য্য নির্ব্বাহ করিবার ও কমিশ্যনরগণের ক্ষমতামতে কার্য্য করিবার জন্যে সভাপতি কি প্রতিনিধি সভাপতির প্রতিদিন উপস্থিত হইবার কথা।

কিন্তু যাবৎ বিষয়টী সভাগত কমিশ্যনরদের সম্মুখে আনীত না হয়, তাবৎ সভাপতি বা প্রতিনিধি সভাপতি সভাগত কমিশ্যনরদের কোন আজ্ঞার কিম্বা নগরসভার বা ৬০ ধারামতে নিযুক্ত কোন কমিটীর মতের বিপরীত বা অন্যথায় কোন কার্য্য করিবেন না, অথবা এই আইনে কেবল সভাগত কমিশ্যনরদের যে ক্ষমতানুসারে কার্য্য করিবার আদেশ হইয়াছে সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন না।

৫৭ ধারা। এই আইন সফল করিবার জন্যে যে সকল চুক্তি করিয়া লওয়া আবশ্যক, কমিশ্যনরগণ সেই চুক্তি লইতে ও তদনুসারে কার্য্য করিতে পারিবেন।

কমিশ্যনরগণের কিম্বা তাঁহাদের পক্ষে চুক্তি লওনের নিয়মের কথা।

কমিশ্যনরগণের পক্ষে এক সহস্রের অধিক টাকার কিম্বা এক সহস্র টাকার অধিক মূল্যের সম্পত্তির বিষয়ে যে চুক্তি করা যায় তাহা লিখিয়া লওয়া যাইবে। সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতি কালে প্রতিনিধি সভাপতি ও দুই জন কমিশ্যনর ঐ চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন, ও কমিশ্যনরগণের মোহরে তাহা মোহরাঙ্কিত হইবে। আর কমিশ্যনরেরা নিয়মিত সভা ছাড়া অন্য সভায় যদি উক্ত চুক্তি না করেন তবে তাহা সাধনার্থে টেণ্ডর না চাহিলে ও কমিশ্যনরদের কোন কমিটী তাহার অনুমোদন না করিলে তদ্রূপ কোন চুক্তি করা যাইবে না।

চুক্তিপত্র তদ্রূপে সম্পাদন না হইলে, কমিশ্যনরগণ তদ্দ্বারা বদ্ধ হইবেন না।

পূর্ব্বোক্তমতে যে চুক্তি করা যায়, তদনুসারে কার্য্য না হওন প্রযুক্ত দণ্ড কি হানিপূরণের টাকা আদায় করিতে হইলে, সেই দণ্ডের কথা চুক্তিপত্রে উল্লেখ হইলে বা না হইলেও, কমিশ্যনরগণ যত টাকা লওয়া কিম্বা অন্য যে প্রতিকার গ্রহণ করা উচিত জ্ঞান করেন, ঐ চুক্তিকারির কিম্বা অন্য ব্যক্তির সঙ্গে ঐ দণ্ডের উপলক্ষে তত টাকা রফা করিয়া লইতে পারিবেন।

নগর সভা মনোনীত ও নিযুক্ত করিবার কথা।

৫৮ ধারা। যত শীঘ্র হইতে পারে ও প্রত্যেক বৎসর ১ জুনের পরে না হয় এমন সময়ে কমিশ্যনরেরা ঐ বৎসরের নিমিত্ত নিযুক্ত করিতে প্রবৃত্ত হইবেন। ঐ সভার সভ্যেরা তাঁহাদের উত্তরপদধারী মনোনীত ও নিযুক্ত না হওয়া পর্য্যন্ত পদস্থ থাকিবেন।

নগর সভার ১৫ জন কমিশ্যনর থাকিবেন। তন্মধ্যে ১০ জনকে নিম্নলিখিত প্রকারে মনোনীত করা যাইবে।

২৫টী পল্লী ৫ শ্রেণীতে বিভক্ত করা যাইবে, যথা,

১ অবধি ৪ পর্য্যন্ত পল্লী।
৫ ,, ৯ ,, ,,।
১০ ,, ১৪ ,, ,,।
১৫ ,, ১৯ ,, ,,।
২০ ,, ২৫ ,, ,,।

এইরূপ প্রত্যেক পল্লীশ্রেণীর নিমিত্ত মনোনীত কমিশ্যনরেরা নগরসভার সভ্য হইবার জন্য আপনাদের মধ্য হইতে দুইজন করিয়া মনোনীত করিবেন। কোন বৎসর ১ মের পূর্ব্বে কোন পল্লীশ্রেণীর মনোনীত কমিশ্যনরেরা পূর্ব্বোক্তরূপে সভ্য মনোনীত না করিলে, নগরসভার মনোনীত করণযোগ্য সংখ্যা পূরণার্থে যত জন আবশ্যক হয় নগরসভার সভ্যপদে মনোনীত হন নাই এরূপ তত জন কমিশ্যনরকে মনোনীত করিতে সভাগত কমিশ্যনরেরা প্রবৃত্ত হইবেন। নগর সভার জন্য সভ্য মনোনীত হইবার পর যত শীঘ্র হইতে পারে, লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৫ সংখ্যা পূরণার্থে নগরসভার সভ্যের পদে পাঁচ জন কমিশ্যনরকে নিযুক্ত করিবেন।

নগরসভার কর্ত্তব্যকর্ম্মের কথা।

৫৯ ধারা। নগরসভা কার্য্য সম্পাদনার্থ সাধারণতঃ সপ্তাহে একবার অধিবিষ্ট হইবেন। এই সভা সমাবায়িত সমাজের বজেট ও আয়ব্যয়ের কমিটী হইবেন, এবং অন্য যে কোন কর্ম্ম তৎপ্রতি সমাবায়িত সমাজ কর্ত্তৃক স্পষ্ট বাক্যে অর্পিত হয় কিম্বা অন্য কোন সাধারণ বা বিশেষ কমিটীর প্রতি অর্পিত না হয়, সেই কর্ম্মও করিবেন।

নগরসভার প্রত্যেক সভ্যকে সভার অধিবেশনে উপস্থিত হইবার নিমিত্ত ২০ টাকা ফী দেওয়া যাইবে।

নগরসভার কার্য্যবিবরণ সভাগত কমিশ্যনরদের নিকট অর্পিত হইবে; এবং সভাগত কমিশ্যনরেরা যে কোন নির্দ্ধারণ করেন, নগরসভা তদনুসারে কার্য্য করিতে বাধ্য হইবেন।

কিন্তু সভাপতি ও নগর সভার অধিকাংশ সভ্য একমত হইলে, এবং বিলম্বে অসুবিধা হইবার সম্ভাবনা থাকিলে কার্য্য করিবার পূর্ব্বে সভাগত কমিশ্যনরদের অনুমোদন নিমিত্ত অপেক্ষা করা আবশ্যক হইবে না। কিন্তু সভাগত কমিশ্যনরেরা নগরসভার কার্য্য অনুমোদন না করিলে, যতদূর সাধ্য কমিশ্যনরদের আজ্ঞা সফল করিবার নিমিত্ত উপায় অবলম্বিত হইবে।

সভাপতি ও প্রতিনিধি সভাপতি স্বর পদোপলক্ষে নগরসভার সভ্য হইবেন; এবং সভাপতি কিম্বা তাঁহার অনুপস্থিতিকালে প্রতিনিধি সভাপতি উক্ত সভার অধিবেশনে অধ্যক্ষতা করিবেন, কিন্তু তাঁহাদের উপস্থিতির জন্য তাঁহাদের কাহাকেও কোন ফী দেওয়া যাইবে না।

কমিশ্যনরদের সাধারণ ও বিশেষ কমিটী নিযুক্ত করিতে পারিবার কথা।

৬০ ধারা। এই আইন কিম্বা সভাগত কমিশ্যনরদের মতক্রমে নগর সভার প্রতি যাহা অর্পিত হয় নাই, মুনিসিপালিটী পরিষ্কারভাবে রাখন কি উৎকৃষ্ট করণ সম্বন্ধীয় এরূপ কোন বিষয়ের তদন্ত লইয়া রিপোর্ট করিবার জন্যে, কিম্বা সভাপতির বা প্রতিনিধি সভাপতির ৫৬ ধারামতে যে সকল কার্য্য নির্ব্বাহ করিতে হইবে কমিশ্যনরদের বিবেচনায় কমিটীর পরামর্শ ও সহায়তা থাকিলে ঐ কার্য্যের কোন অংশের সুবিধানও সুনির্ব্বাহ হইতে পারিলে, সভাপতি বা প্রতিনিধি সভাপতিকে পরামর্শ দেওনের ও তাঁহার সহায়তা করণের জন্যে, কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া সময়েং আপনাদের মধ্যে যতজনকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহাদিগকে সাধারণ কি বিশেষ কমিটী করিয়া নিযুক্ত করিতে পারিবেন।

পরন্তু সভাপতি কি প্রতিনিধি সভাপতি উক্ত প্রত্যেক কমিটীর অন্তর্গত থাকিবেন।

কমিটীর কর্ত্তব্যকর্ম্মের কথা।

৬১ ধারা। ঐরূপ প্রত্যেক কমিটী যে কার্য্যানুষ্ঠান করেন তাহা সভাগত কমিশ্যনরদের সম্মুখে অর্পিত হইবে; এবং তাহার উপর যে কোন আজ্ঞা করা যায়, কমিটী তদ্দ্বারা বদ্ধ হইবেন কিন্তু সভাপতি ও কমিটীর অধিকাংশ সভ্য একমত হইলে, এবং বিলম্বে অসুবিধা হইবার সম্ভাবনা থাকিলে, কার্য্য করিবার পূর্ব্বে সভাগত কমিশ্যনরদের অনুমোদন নিমিত্ত অপেক্ষা করা আবশ্যক হইবে না; কিন্তু সভাগত কমিশ্যনরেরা কমিটীর কার্য্যে অনুমোদন না করিলে, যতদূর সাধ্য কমিশ্যনরদের আজ্ঞা সফল করিবার নিমিত্ত উপায় অবলম্বিত হইবে।

পরন্তু সভাগত কমিশ্যনরেরা যদি কোন কমিটী নিযুক্ত করিবার সময়ে স্পষ্টাক্ষরে এইরূপ নিষেধ করিয়া থাকেন যে, কমিটীর নিষ্পত্তি সাধারণ সভায় অনুমোদিত না হওয়া পর্য্যন্ত কোন কার্য্য করিতে হইবে না, তাহা হইলে উক্ত অনুমোদনের পূর্ব্বে কোন অবস্থায়ই কোন কার্য্য করিতে হইবে না।

কমিটীদের সব-কমিটী নিযুক্ত করিতে পারিবার কথা।

৬২ ধারা। নগরসভা বা অন্য কোন কমিটী যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ সব-কমিটী নিযুক্ত করিতে পারিবেন ও তাহাদের উপর যেরূপ ক্ষমতা ও কর্ম্মের ভার দেওয়া উপযুক্ত বোধ করেন দিতে পারিবেন।

কার্য্য চালাইবার নিমিত্ত বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৬৩ ধারা। বিশেষ সাধারণ বা ত্রৈমাসিক সভার কার্য্য চালাইবার নিমিত্ত এবং নগরসভার বা অন্য কমিটীর অধিবেশনের কার্য্য চালাইবার নিমিত্ত এই আইনের সহিত অসঙ্গত না হয় সভাগত কমিশ্যনরেরা এরূপ বিধি প্রণয়ন করিতে পারিবেন।

তাহা স্থির করিবেন। এইরূপে যে হার স্থির করা যায় পরবর্ত্তী মার্চ্চ মাসের বিশেষ সাধারণ সভার পূর্ব্বে তাহা পরিবর্ত্তন করা যাইবে না। কিন্তু কমিস্যনরগণের বিশেষ সাধারণ সভার নির্দ্ধারণ করিয়া তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন।

তৃতীয় অধ্যায়।

টাক্সের কথা।

প্রথম পরিচ্ছেদ।—গাড়ীর ও জন্তুর উপর টাক্সের কথা।

গাড়ী ও জন্তুর উপর টাক্সের কথা।

৭৩ ধারা। মুনিসিপালিটীর সীমার মধ্যে যে সকল গাড়ী ও জন্তু রাখা গিয়া থাকে দ্বিতীয় তফসীলে যে হার নির্দ্দিষ্ট হইল তাহার অনধিক হারে তাহার উপর টাক্স লওয়া যাইবে। ঐ টাক্স আগাম দেওয়া হইবে। কিন্তু এইং জন্তু প্রভৃতির উপর টাক্স লাগিবে না।

(ক) যে সেনাপতিরা রাজধানীতে সৈন্যসংক্রান্ত কর্ম্ম করিয়া থাকেন তাঁহাদের একং সেনাপতির একং ঘোড়া।

(খ) জন্তুদের প্রতি নির্দ্দয়তা বিষয়ক ১৮৬৯ সালের আইনের ২৫ ধারামতে যেং জন্তু মুনিসিপাল টাক্স হইতে মুক্ত আছে সেইং জন্তু।

(গ) গবর্ণমেণ্টের কিম্বা কমিস্যনরগণের গাড়ী কি জন্তু।

(ঘ) যেং গাড়ীর চাকার আইল ২৪ ইঞ্চির অধিক নয় সেইং গাড়ী।

(ঙ) যেং জন্তু ৪৪ ইঞ্চির উচ্চ নয় সেইং জন্তু।

(চ) যাঁহারা গাড়ী ব্যবসায়ী তাঁহাদের নিকট কেবল বিক্রয় করিবার জন্যে যে গাড়ী থাকিয়া অন্য কার্য্যে ব্যবহার না হয় তাহা।

(ছ) অশ্বারোহী সৈন্যদলে কিম্বা পোলীসদলে যে ঘোড়ার ব্যবহার হয় তাহা।

গাড়ী প্রভৃতির স্বামীর লাইসেন্স লইতে হইবার কথা।

৭৪ ধারা। নগরে রাখা গাড়ী, কি জন্তু, যে ব্যক্তির অধিকারে থাকে, তিনি প্রতি বৎসর আপ্রিল ও অক্টোবর মাসের প্রথম দিনে বা তৎপূর্ব্বে টাক্স দিবার যোগ্য ঐ গাড়ীর ও জন্তুর বর্ণনাপত্র লিখিয়া স্বাক্ষর করিয়া কমিস্যনরগণের আফিসে পাঠাইবেন।

ঐ বর্ণনাপত্রে যেং গাড়ীর কি জন্তুর কথা লেখা থাকে দ্বিতীয় তফসীলে তাহার যে হার ধরা গেল সেই হারানুসারে আপ্রিল কিম্বা স্থলবিশেষে অক্টোবর মাসের প্রথম দিনাবধি অর্দ্ধবৎসরের নিমিত্তে ঐ ব্যক্তির যত টাকা দেওয়া উচিত তিনি তৎকালে কমিস্যনরগণের নিকট তত টাকা দিবেন।

তদ্রূপে যে গাড়ী কি জন্তু রাখা হয় তাহা আপ্রিল মাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম দিনের মধ্য কিম্বা অক্টোবর মাসের প্রথম ও আপ্রিল মাসের প্রথম দিনের মধ্য কোন সময়ে কোন ব্যক্তির অধিকারে আইলে, তিনি তাহার অধিকার পাইলে পর এক সপ্তাহের মধ্যে কমিস্যনরগণের আফিসে উক্ত প্রকারের বর্ণনা পত্র, ও দ্বিতীয় তফসীলের নির্দ্ধারিত হারানুসারে তৎকালের চলিত পুরা অর্দ্ধ বৎসরের দেয় টাকা পাঠাইয়া দিবেন।

ঐ গাড়ী কি জন্তু তৎকালীন চলিত অর্দ্ধ বৎসরের একাংশ মাত্র ঐ ব্যক্তির অধিকারে আছে কমিস্যনরগণ ইহা অগ্রাহ্য করিবেন।

ঐ সমুদয় টাকা, কিম্বা তাহার যে অংশ উচিত বোধ করেন তাহা ক্ষমা করিতে পারিবেন।

আড়গড়াওয়ালার আস্তাবলের মধ্যে যত জন্তু থাকে এই ধারার কার্য্যার্থে সেই সকল জন্তু তাঁহার অধিকারে আছে বলিয়া জ্ঞান হইবে।

টাক্স দেওয়া গেলে কমিস্যনরগণের লাইসেন্স দিবার কথা।

৭৫ ধারা। কোন ব্যক্তি নগরের মধ্যে যে সকল গাড়ী ও জন্তু রাখেন, তাহার জন্যে ইহার পূর্ব্ব দুই ধারামতে তাঁহার যত টাক্স দিতে হয় তাহা কমিস্যনরদিগকে দিলে পর, তাঁহারা তাঁহাকে লাইসেন্স দিবেন, অর্থাৎ ঐ লাইসেন্স দেওয়ার পর আপ্রিল মাসের প্রথম দিবসে কিম্বা অক্টোবর মাসের প্রথম দিবসে যে অর্দ্ধ বৎসর শেষ হয় সেই অর্দ্ধ বৎসর ঐ ব্যক্তিকে নগরের মধ্যে ঐং গাড়ী ও জন্তু রাখিবার অনুমতি পত্র দিবেন, তাহার অধিক কালের নয়।

দণ্ডের কথা।

৭৬ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি সেই লাইসেন্স না লইয়া কোন গাড়ী কি জন্তু রাখিলে, কি তাহা তাঁহার অধিকারে থাকিলে, ঐ লাইসেন্সের নিমিত্ত তাঁহার যত টাকা দেয় হয় তাহা ছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে।

আড়গড়াওয়ালা প্রভৃতির গাড়ীর বিষয়ে কমিস্যনরগণের রফা করিতে পারিবার কথা।

৭৭ ধারা। আড়গড়াওয়ালা প্রভৃতি যে ব্যক্তির ভাড়া দিবার জন্যে গাড়ী রাখেন, কিম্বা বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে জন্তু রাখেন, গাড়ীর ও জন্তুর জন্যে দ্বিতীয় তফসীলে যত টাক্স নির্দ্দিষ্ট হইল কমিস্যনরগণ আপনাদের বিবেচনামতে তাহা না লইয়া এক বৎসরের অনধিক কালের নিমিত্তে ঐ গাড়ী ও ঘোড়া প্রভৃতির টাক্স স্থির করিয়া লইতে পারিবেন।

দণ্ডের কথা।

৭৮ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারামতে টাকা স্থির করিয়া দিতে করার করিয়াও সেই টাকা দিতে সম্মত না হইলে, যত টাকা দিতে স্থির করিয়াছেন তাহা ছাড়া তাঁহার ঐ টাকার তিন গুণের অনধিক দণ্ড হইতে পারিবে।

আড়গড়াওয়ালাদের বহী বাহির করিয়া দেখাইতে হইবার কথা।

৭৯ ধারা। কোন ব্যক্তি আড়গড়াওয়ালার ব্যবসায় কি কর্ম্ম চালাইলে, কমিস্যনরগণ নোটিস লিখিয়া আপনাদের সাধারণ মোহরে মোহরাঙ্কিত করিয়া তাঁহার ঐ আড়গড়া ব্যবসায় সম্পর্কীয় খাতাবহী ও হিসাব কমিস্যনরগণের দেখিবার, কিম্বা কমিস্যনরগণ ঐ কার্য্যের নিমিত্তে যে ব্যক্তিকে অনুমতি দেন তাঁহার দেখিবার জন্যে, বাহির করিয়া দেখাইতে আজ্ঞা দিতে পারিবেন।

৮০ ধারা। কমিশ্যনরগণ, কিম্বা এই কার্য্যপকে
আস্তাবল প্রভৃতি দেখি- তাঁহাদের অনুমতিপ্রাপ্ত লোক
বার ও টাক্স দিবার ব্যক্তি, পূর্ব্বোক্ত দিবস ও অন্য
যোগ্য ব্যক্তিদিগকে জিজ্ঞাসার মধ্যে কোন সময় কোন
সময় করিবার অধিকার আস্তাবলে কি গাড়ীখানায়
কথা। কিম্বা টাক্স দিবার যোগ্য কোন
গাড়ী কি অশ্ব অমুক স্থানে আছে বলিয়া জানিবার
কারণ থাকিলে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন।
এবং কমিশ্যনরগণ যে ব্যক্তিকে ৭৩ ও ৭৪ ধারামত টাক্স
দিবার যোগ্য বলিয়া জানিবার কারণ পান, এমত
ব্যক্তির কিম্বা তাঁহার কোন চাকরের নামে সমন দিয়া
ঐ ব্যক্তি যেং গাড়ীর ও ঘোড়ার জন্যে টাক্স দিবার
যোগ্য তাহার সংখ্যা ও বর্ণনা বিষয়ে তাঁহাকে কি
তাঁহার চাকরকে জিজ্ঞাসা করিতে পারিবেন।

৮১ ধারা। ৭৯ ধারামতে যে নোটিস দেওয়া যায়
কোন ব্যক্তি সেই নোটিস অনু-
দণ্ডের কথা।
যায়ী কর্ম্ম করিতে শৈথিল্য
করিলে কি অসম্মত হইলে, এবং কমিশ্যনরগণ কিম্বা
তাঁহাদের নিযুক্ত কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট
মতে কোন আস্তাবল কি গাড়ীখানা কি স্থান দেখিয়া
লইতে উদ্যত হইলে কোন ব্যক্তি তাঁহাকে বারণ করিলে
ক বাধা দিলে, তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড
হইতে পারিবে।

৮২ ধারা। যে ব্যক্তিদিগকে ৭৫ ধারামতে তৎকালীন,
প্রচলিত ছয় মাসের জন্যে লাই-
লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি- সেন্স দেওয়া গেল ও যেং
দের নামবিবরণ একখান গাড়ীর ও অশ্বর নিমিত্তে ঐ
বহীতে লিখিবার কথা। লাইসেন্স প্রদত্ত হইল, কমি-
শ্যনরগণ সময়েং ঐং ব্যক্তিদের নামের ও সেইং গাড়ী
প্রভৃতির নির্দ্দিষ্ট প্রস্তুত করিয়া একখান বহীতে পৃথকং
ঘর করিয়া লেখাইবেন। সেই বহী কমিশ্যনরগণের
আফিসে থাকিবে, ও কোন ব্যক্তি দেখিবার অনুমতি
প্রার্থনা করিলে দেখিতে পাইবেন।

দ্বিতীয় পরিচ্ছেদ।—বৃত্তির ও ব্যবসায়ের ও কর্ম্মের
উপর টাক্সের কথা।

৮৩ ধারা। তৃতীয় তফসীলে যেং বৃত্তির কি ব্যবসায়ের
কি কর্ম্মের উল্লেখ হইয়াছে, নগ-
নগরের মধ্যে যে ব্যক্তি- রের মধ্যে কোন ব্যক্তির সেইং
দের বৃত্তি কি ব্যবসায় কি বৃত্তি কি ব্যবসায়াদি থাকিলে
কর্ম্ম থাকে তাঁহাদের লাই- তাঁহাদের বৎসরং লাইসেন্স
সেন্স লইতে হইবার লইতে হইবে, এবং তৃতীয় তফ-
কথা। সীলে যত টাকার উল্লেখ হই-
য়াছে ঐ লাইসেন্সের নিমিত্ত তাঁহাদের তত টাকা দিতে
হইবে।

বৎসরের অংশমাত্র কোন ব্যক্তির সেই বৃত্তি কি ব্যব-
সায় কি কর্ম্ম ছিল, কমিশ্যনরগণ ইহা সুবোধমতে জানিতে
পাইলে আপনাদের বিবেচনামতে তদ্রূপ দেয় টাকার
একাংশ ক্ষমা করিতে পারিবেন।

৮৪ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে লাইসেন্সের কথা
আছে, কমিশ্যনরগণ কিম্বা এই
কমিশ্যনরগণের লাই- কার্য্যপক্ষে তাঁহাদের অনুমতি
সেন্স দিবার ও বর্ণনা প্রাপ্ত কোন ব্যক্তি ঐ লাইসেন্স
বিশেষ করিয়া লিখি- দিবেন। তাহার মধ্যে এইং
বার কথা। বিশেষ কথা লেখা থাকিবে।

লাইসেন্স যে তারিখে দেওয়া গেল তাহা,
যে ব্যক্তিকে লাইসেন্স দেওয়া গেল তাঁহার নাম,
যে বৃত্তির কি ব্যবসায়ের কি কর্ম্মের নিমিত্ত ঐ লাই-
সেন্স দেওয়া গেল তাহা, এবং ঐ লাইসেন্সের নিমিত্ত যত
টাকা দেওয়া গেল তাহা লাইসেন্স যে বৎসরে দেওয়া
যায় সেই বৎসরের প্রথমাবধি তৎপশ্চাৎ ডিসেম্বর
মাসের ৩১ তারিখ পর্য্যন্ত প্রবল ও বলবৎ হইবে
তৎপরে নয়।

৮৫ ধারা। ৮৩ ধারায় যে লাইসেন্স লইবার আজ্ঞা
হইল, কোন ব্যক্তি সেই লাই-
লাইসেন্স না লইয়া সেন্স না লইয়া কোন ব্যবসায়
ব্যবসায় বা বৃত্তি চালা- কি বৃত্তি কি কর্ম্ম চালাইলে
ইলে দণ্ডের কথা। তাঁহার ঐ লাইসেন্সের নিমিত্ত
যত টাকা দেয় হয় তাঁহার সেই টাকার তিন গুণের অন-
ধিক দণ্ড হইতে পারিবে। এবং এইরূপে যে টাকা দেয়
হয় তাহা অপরাধ নির্ণয়ের পূর্ব্বে দেওয়া না গেলে ঐ
টাকার ন্যূন দণ্ড হইবে না। উক্ত দণ্ডের টাকা আদায়
হইলে উক্ত লাইসেন্সের নিমিত্ত পাওনা টাকার সম্পূর্ণ
পরিশোধার্থ গৃহীত হইবে।

৮৬ ধারা। যেং ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়-
াইতে পারিবে তৃতীয় তফসী-
এই আইনমতে যে লের উল্লিখিত যে শ্রেণীর মধ্যে
ব্যক্তিদের লাইসেন্স যেব্যক্তিকে ধরিয়া তাঁহার টাক্স
লইতে হইবে সভাপতির ধার্য্য করিতে হইবে, সভাপতি
কি প্রতিনিধি সভা- কিম্বা তাঁহা হইতে ক্ষমতা প্রাপ্ত
পতির তাঁহাদিগকে আর কোন কার্য্যকারক ইহা
শ্রেণীবদ্ধ করিবার কথা। স্থির করিবেন, এবং তৃতীয়
তফসীলের ৫ কি ৬ শ্রেণীর মধ্যে যে ব্যক্তিদের নাম
লেখা যায় তিনি আপন বিবেচনামতে তাঁহাকে
লাইসেন্সের সম্পূর্ণ টাক্স কিম্বা তাহার একাংশ ক্ষমা
করিতে পারিবেন।

কিন্তু যে শ্রেণীমতে লাইসেন্স লইতে হইবে, আবশ্যক
হইলে দরখাস্তক্রমে তাহা জানিয়া লইয়া যে ব্যক্তি
লাইসেন্স লইতে বাধ্য, সেই ব্যক্তি এই ধারার কোন
কথা ক্রমে সেই দায়িত্ব হইতে মুক্ত হইবে না।

৮৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যদ্রূপ নির্ণয় হইয়াছে
তদনুসারে যে শ্রেণীবদ্ধ হইয়া
লাইসেন্সের নিমিত্ত কোন ব্যক্তির টাক্স ধার্য্য হইল
যত টাকা ধার্য্য হইল মুদ্রিত নোটিসক্রমে তিনি
তাহার উপর আপীলের তাহা জানিতে পাইবার
কথা। পর চৌদ্দ দিনের মধ্যে আপীল
করিবার কারণ দরখাস্তে লিখিয়া কমিশ্যনরগণের
আফীসে সেই দরখাস্ত দিয়া ঐ নির্দ্ধারিত টাক্সের উপর
আপীল করিতে পারিবে না কমিশ্যনরগণের কার্য্য
নির্ব্বাহক কর্ত্তৃপক্ষ ছাড়া কমিশ্যনরগণের অন্যূন তিন জন
সেই আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন।

উক্ত লাইসেন্সের পূর্ব্বোক্ত মতে যত টাকা ধার্য্য হইল
কমিশ্যনরগণের নিকট তত টাকা গচ্ছিত করা না
গেলে তদ্রূপ আপীল শুনা যাইবে না।

পূর্ব্বোক্ত মিয়াদের মধ্যে আপীল করা না গেলে সভা-
পতির কি প্রতিনিধি সভাপতির ঐ নিষ্পত্তি চূড়ান্ত
হইবে।

মুসাফিরখানার ও সরাইখানার কর্তাদের নাম ও বৃত্তি কমিশ্যনরগণকে জানাইবার কথা।

৮৮ ধারা। কমিশ্যনরগণ নোটিস লিখিয়া ও আপনাদের স্বাক্ষর দ্বারা মোহর চিহ্নিত করিয়া কোন ঘরের প্রজার প্রতি এই আদেশ করিতে পারিবেন, যে ঐ ঘরে যত জন বাস করেন তাঁহাদের নামের নির্ঘণ্ট ও তাঁহাদের যেই বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম থাকে তাহা লিখিয়া স্বাক্ষর করিয়া তাঁহাদের নিকট পাঠান।

দণ্ডের কথা।

৮৯ ধারা। কোন ঘরের প্রজা ইহার পূর্ব্ব ধারামতে নির্ঘণ্ট পত্র দিতে আজ্ঞা পাইয়াও না দিলে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

এই আইনমতে যে ব্যক্তিদের লাইসেন্স লইতে হইবে তাঁহাদের নাম নির্ঘণ্টপত্র প্রভৃতি প্রস্তুত করিবার কথা।

৯০ ধারা। যেই ব্যক্তিদিগকে ৮৩ ও ৮৪ ধারামতে লাইসেন্স দেওয়া যায়, সভাপতি প্রতি বৎসর আপ্রিল মাসের প্রথম দিবসের পর যত শীঘ্র হয়, তাহাদের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন। তন্মধ্যে এইই কথা লেখা থাকিবে,

ঐ নির্ঘণ্টপত্রে লিখিত প্রত্যেক ব্যক্তির বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম।

যে শ্রেণীভুক্ত করিয়া তাঁহার ট্যাক্স ধার্য্য হইল।

লাইসেন্সের নিমিত্ত তিনি যত টাকা দিলেন।

ঐ নির্ঘণ্টপত্র কমিশ্যনরগণের আফিসে রাখা যাইবে ও যুক্তিসঙ্গত সকল সময়ে সাধারণের দেখিবার নিমিত্ত খুলা থাকিবে।

তৃতীয় পরিচ্ছেদ।—গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার কথা।

গোরুর গাড়ী রেজিষ্টরী করিবার ও তাহাতে নম্বর দিবার কথা।

৯১ ধারা। কলিকাতা কি হাবড়া মুনিসিপালিটীর সীমার মধ্যে যত গোরুর গাড়ী রাখা যায় কি চলে সেই গাড়ি ও স্বামির নাম ও বাসস্থান কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা যাইবে, ও কমিশ্যনরগণ যদ্রূপ আজ্ঞা করেন ঐ গাড়ীর রেজিষ্টরী নম্বর তদ্রূপে গাড়ীতে লাগাইয়া দেওয়া যাইবে।

দণ্ডের কথা।

৯২ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার নিয়মমতে গোরুর গাড়ী রেজিষ্টরী না করিয়া রাখিলে কিম্বা তদ্রূপ গাড়ী তাঁহার নিকট থাকিলে, ঐ রেজিষ্টরী করণের নিমিত্ত তাঁহার যত টাকা দেনা হয় তাহা ছাড়া তাঁহার ঐ টাকার তিনগুণের অনধিক দণ্ড হইবে। আরও কোন ব্যক্তি গোরুর গাড়ীর স্বামী কি গাড়োয়ান হইয়া ইহার পূর্ব্ব ধারার আজ্ঞামতে ঐ গাড়ীতে রেজিষ্টরী নম্বর না লাগাইলে, তাঁহার পাঁচ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৯৩ ধারা। প্রতি বৎসর ছয়ই মাসান্তর আপ্রিল মাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম দিনে, কিম্বা তাহার পর কমিশ্যনরগণ যেই দিন নিরূপণ করেন সেইই দিনে, ইহার পূর্ব্ব ধারামতে গোরুর গাড়ী রেজিষ্টরী করিয়া তাহার নম্বর দেওয়া যাইবে। একই বার রেজিষ্টরী করিবার ফী ৫৲ টাকা লাগিবে।

পূর্ব্বোক্ত মতে যে গোরুর গাড়ী রেজিষ্টরী করিতে আজ্ঞা হইল, তাহা অর্দ্ধ বৎসরের অবসানে ইহার পূর্ব্ব ধারার উল্লিখিতমতে আবার কি বারবার নূতন গোরুর কমিশ্যনরগণ ইহা অবশ্যমতে জানিলে আপনাদের বিবেচনানুসারে উক্ত রেজিষ্টরীর কোন অংশে ক্ষমা করিতে পারিবেন। অর্দ্ধ বৎসরের মধ্যে কোন সময়ে রেজিষ্টরী করা গোরুর গাড়ী অন্য ব্যক্তির হাতে গেলে, যে ব্যক্তি তাহা পান ঐ গাড়ী তাঁহার নামে নূতন রেজিষ্টরী করা যাইবে। শেষোক্ত প্রকারে রেজিষ্টরী করিবার ফী চারি আনা মাত্র লওয়া যাইবে।

কমিশ্যনরগণ ছয়ই মাসান্তর গোরুর গাড়ী রেজিষ্টরী করিয়া মোটে যত ফী পান, তাহা কলিকাতা ও হাবড়া মুনিসিপালিটীর মধ্যে এবং কলিকাতা বা হাবড়ার নিকটবর্ত্তী অন্য যেই মুনিসিপালিটীকে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ টাকার অংশ পাইবার অধিকারী বিবেচনা করেন সেইই মুনিসিপালিটীর মধ্যে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে হার স্থির করিয়া দেন সেই হারে ভাগ করিয়া দেওয়া যাইবে।

কোনই গোরুর গাড়ীর প্রতি ইহার পূর্ব্ব তিনটী ধারা না খাটিবার কথা।

৯৪ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারার কথা এইই গোরুর গাড়ীর প্রতি খাটিবে না,—

(ক) গবর্ণমেণ্টের গোরুর গাড়ী।

(খ) কলিকাতা বা হাবড়ার কমিশ্যনরগণের কিম্বা নিকটবর্ত্তী কোন মুনিসিপালিটীর গোরুর গাড়ী।

(গ) যেই গোরুর গাড়ী গবর্ণমেণ্ট হৌস হইতে আট মাইলের অধিক দূরে রাখা যায় ও কখনই অল্প কাল মাত্র কলিকাতা ও হাবড়া মুনিসিপালিটীর মধ্যে ব্যবহার হয় সেইই গাড়ী।

রেজিষ্টরী না করা গেলে ঐ গোরু ও গাড়ী কমিশ্যনরগণের ধরিয়া লইয়া বিক্রয় করিতে পারিবার কথা।

৯৫ ধারা। পূর্ব্বোক্ত ধারামতে যেই গাড়ী রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি তাহা রেজিষ্টরী না করাইয়া অধিকার করিলে কি রাখিলে, কমিশ্যনরগণ কিম্বা ঐ কার্য্যপক্ষে তাঁহাদের অনুমতিপ্রাপ্ত কোন কার্য্যকারক, ঐ গাড়ী ও তাহাতে গবাদি যে জন্তু যোতা থাকে তাহা ধরিয়া লইয়া আটক রাখিতে পারিবেন। কিন্তু গাড়ীতে যৎকালে চড়নদার কি মাল থাকে তৎকালে তাহা ধরিয়া রাখিতে পারিবেন না।

কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের পূর্ব্বোক্ত কার্য্যকারকেরা প্রার্থনা করিলে, পোলীসের কোন কর্ম্মকারক তদ্রূপ কোন গোরুর গাড়ী কি জন্তু কি গোরু ধরিয়া আটক রাখিতে পারিবেন।

তদ্রূপে যে গাড়ী কি জন্তু কি গোরু ধরিয়া রাখা যায় তাহা উপর দশ দিনের মধ্যে কোন ব্যক্তির দাওয়া না হইলে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের কি মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে তাহা নীলামে বিক্রয় করা যাইতে পারিবে ও তাহা ধরিয়া রাখিতে ও বিক্রয় করিতে যত খরচ লাগে ঐ নীলামের উৎপন্ন টাকা হইতে সেই খরচ শোধ হইবে। কিছু উদ্বৃত্ত থাকিলে, আর কুড়ি দিনের মধ্যে তাহার দাওয়া না হইলে তাহা কলিকাতার মুনিসিপাল ফণ্ডে দেওয়া যাইবে।

চতুর্থ পরিচ্ছেদ।—পেট্রোলিয়ম গুদামজাত করিবার কথা।

পেট্রোলিয়মের উপর টাক্স আদায় করিবার কথা।

৯৬ ধারা। যে সকল পেট্রোলিয়ম গুদামজাত করিবার বা কাটাইবার নিমিত্ত কলিকাতার সীমার মধ্যে আনীত হয়, তাহার প্রত্যেক বাক্সের উপর কমিশ্যনরেরা বাঙ্গালার গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক চারি আনার অনধিক টাক্স আদায় করিতে পারিবেন।

চতুর্থ অধ্যায়।

রেটের কথা।

প্রথম পরিচ্ছেদ।—রেট ধার্য্য করিবার কথা।

রেটের কথা।

৯৭ ধারা। নগরের মধ্যে যত ঘর ও ভূমি থাকে কমিশ্যনরগণ ৭১ ধারার বিধানমতে সেই২ ঘরের ও ভূমির বার্ষিক মূল্যানুসারে হিসাব করিয়া তাহার উপর এই২ বার্ষিক রেট ধার্য্য করিতে পারিবেন—

(ক) ঘরের রেট—শতকরা ১০৲ টাকার অনধিকের হিসাবে।

(খ) জলের রেট,—যেং রাস্তায় ১৩৭ ধারার বিধানমতে পরিষ্কৃত জল দেওয়া যায় সেই২ রাস্তার ধারের সকল ঘরের ও ভূমির উপর শতকরা ৬৲ টাকার অনধিকের হিসাবে, আর যেং রাস্তায় সেই প্রকারের জল দেওয়া না যায় সেই২ রাস্তার ধারের ঘরের ও ভূমির উপর শতকরা ৫৲ টাকার অনধিকের হিসাবে।

(গ) পরিষ্কার করণের রেট—শতকরা ৩৲ টাকার অনধিকের হিসাবে।

(ঘ) আলোর রেট—শতকরা ২৲ টাকার অনধিকের হিসাবে।

কাহার কোন্ সময়ে রেট দিতে হইবে তাহার কথা।

৯৮ ধারা। ঘরের রেট ঘরের ও ভূমির স্বামিদের দিতে হইবে।

জলের রেট (১০৬ ও ১০৭ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া) ঘরের ও ভূমির প্রজাদের দিতে হইবে।

পরিষ্কারকরণের ও আলোর রেট (১০৭ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থলছাড়া) ঘরের ও ভূমির প্রজাদের দিতে হইবে।

পূর্ব্বলিখিত সকল রেট তিন২ মাসের কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে।

জুলাই ও অক্টোবর ও জানুয়ারি ও আপ্রিল মাসের ঠিক পূর্ব্বে যে তিন২ মাস যায় ঐ২ মাসের ১ তারিখে সেই তিন২ মাসের ঘরের রেট দিতে হইবে।

১০৬ ধারায় যে স্থলের বিধান হইল সেই স্থল ছাড়া চলিত তিন মাসের জলের রেট পূর্ব্বোক্ত তারিখে আগাম দিতে হইবে।

চলিত তিন মাসের পরিষ্কার করণের ও আলোর রেট পূর্ব্বোক্ত তারিখে আগাম দেওয়া যাইবে।

দ্বিতীয় পরিচ্ছেদ।—স্বামীর রেটের কথা।

প্রজা যত টাকা দিয়া থাকেন ঘরের বার্ষিক মূল্য তদধিক ধরিয়া রেট ধার্য্য হইলে, ঐ টাকার বিশেষ তাহার স্থানে স্বামির লইবার কথা।

৯৯ ধারা। কোন ঘরের কি ভূমির প্রজা স্বামিকে যত টাকা খাজানা কি ভাড়া দিয়া থাকেন, পঞ্চম অধ্যায় মতে তাহার অধিক বার্ষিক মূল্য ধরিয়া ঐ ঘরের কি ভূমির রেট ধার্য্য হইলে স্বামী বাস্তবিক যে খাজানা কি ভাড়া পাইয়া থাকেন কেবল তাহাই ধরিয়া যত টাকা রেট ধার্য্য হইত, ও তাহার উপর যত রেট ধার্য্য হইল এই দুইয়ের যে বিশেষ থাকে স্বামী প্রজার স্থানে সেই বিশেষ পাইতে পারিবেন, এবং প্রজা যে ভাড়া কি খাজানা দিয়া থাকেন তাহার উপর ঐ টাকা চড়াইয়া দেওয়া যাইতে ও স্বামী প্রজার স্থানে তাহা আদায় করিতে পারিবেন।

ঘর খালি থাকিলে ঘরের রেট কমা করিবার কথা।

১০০ ধারা। যে ঘরের কি জমির উপর পঞ্চম অধ্যায়মতে রেট ধার্য্য হইয়া থাকে, তাহা কোন বৎসর ক্রমাগত ষাইট দিন খালি থাকিলে, তাহার খালি হওয়ার নোটিস লিখিয়া কমিশ্যনরগণকে দেওয়া গেলে, যত দিন খালি থাকে যাঁহার উপর সেই রেট ধার্য্য হইল তাঁহার তত দিনের সেই রেট কমা পাইবার অধিকার থাকিবে, কিন্তু ঐ বৎসরের রেটের অর্দ্ধেকের অধিক কম হইবে না। এবং কমিশ্যনরগণের আফিসে যে তারিখে ঘর খালি হওয়ার নোটিস দেওয়া যায় সেই তারিখ অবধি ঘর খালি হইল বলিয়া জ্ঞান হইবে।

ঘর খালি হওনাবধি ছয় মাসের মধ্যে দরখাস্ত না হইলে কমা না হইবার কথা।

১০১ ধারা। যে ঘরের কি জমির উপর রেট কমা করিবার প্রার্থনা হয় তাহা খালি হইবার তারিখ অবধি ছয়মাসের মধ্যে প্রার্থনা করা না গেলে, পূর্ব্বধারামতে রেট কমা হইবে না।

তৃতীয় পরিচ্ছেদ।—প্রজার রেটের কথা।

ঘর খালি হইলে জলের রেট ফিরিয়া দিবার কথা।

১০২ ধারা। কোন ঘরের কি জমির উপলক্ষে জলের রেটের কোন ত্রৈমাসিক কিস্তি দেওয়া গেলে পর, যে তিন মাসের কিস্তি দেওয়া গেল সেই তিনমাসের মধ্যে প্রজা উঠিয়া যাওয়াতে যদি ঘর কিম্বা জমি খালি থাকে তবে যে ব্যক্তি ঐ জলের রেট দিলেন তাঁহার কমিশ্যনরদিগকে ঐ ঘর কি জমি খালি হওবার নোটিস লিখিয়া দেওয়া গেলে পুরা তিন মাসের যত বাকী থাকে কমিশ্যনরগণের স্থানে তাহার হিসাবে যে টাকা হয় সেই টাকার চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে। ঐ নোটিস যে তারিখে কমিশ্যনরগণের আফিসে দেওয়া যায় সেই তারিখ অবধি ঘর খালি হইল বলিয়া জ্ঞান হইবে।

ঘর খালি থাকিলে পরিষ্কার করণের ও আলোর রেট ফিরিয়া দিবার কথা।

১০৩ ধারা। কোন ভূমির কি ঘরের উপর পোলীসের ও আলোর রেটের ও পাইখানার কীর কোন ত্রৈমাসিক কিস্তি দেওয়া গেলে পর যে তিন মাসের কিস্তি দেওয়া গেল সেই তিনমাসের মধ্যে ঘর কি ভূমির প্রজা উঠিয়া গেলে ও কমিশ্যনরগণের

কর্ত্তা উক্তমিনায়র নোটিস লিখিয়া দেওয়া গেলে ঐ তিন মাসের যতদিন ঐ ঘর কি জমি খালি থাকে তাহা পুরা তিনমাসের যে অংশ হয় কমিশ্যনরগণের স্থানে যে ব্যক্তি ঐ কিস্তি দিলেন তাঁহার পুরা টাক্সের সেই অংশ ফিরিয়া পাইবার অধিকার থাকিবে। ঐ ঘর কি ভূমি খালি হওয়ার নোটিস যে তারিখে কমিশ্যনরগণের আপিসে দেওয়া যায় সেই তারিখে খালি হইল বলিয়া জ্ঞান হইবে।

ঘর খালি হওনাবধি ছয়মাসের মধ্যে দরখাস্ত না হইলে টাকা ফিরিয়া না পাইবার কথা।

১০৪ ধারা। যে ঘর কি ভূমি খালি থাকা প্রযুক্ত ইহার পূর্ব্ব দুই ধারামতে রেট বা নীর টাকা ফিরিয়া পাইবার প্রার্থনা হয় খালি হইবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে সেই প্রার্থনা করা না গেলে তাহা করিয়া দেওয়া যাইবে না।

ঘরে কি জমিতে প্রজা আইলে রেট দিতে হইবার কথা।

১০৫ ধারা। কোন তিন মাসের মধ্যে ঘর কি ভূমি খালি হইলেও ঐ তিন মাসের মধ্যে প্রজা আইলে সেই অবধি তিন মাসের যত দিন প্রজা থাকে তাহা পুরা তিন মাসের যে অংশ হয়, ঐ ঘরের বা ভূমির জলের ও পরিষ্কার করণের ও আলোর রেটের ও পাইখানা ফীর পুরা কিস্তির সেই অংশ তৎকালেই দেয় হইবে।

কোন ব্যক্তি নানা ব্যক্তিদিগকে পেটাও পাট্টা দিলে সেই ব্যক্তিকেই প্রজা জ্ঞান হইবার কথা।

১০৬ ধারা। যে ব্যক্তি ঘরের রেটের দায়ী হন অন্য ব্যক্তি তাঁহার স্থানে ঐ ঘর কি ভূমি খাজানা কি ভাড়া করিয়া লইয়া আর২ ব্যক্তিদিগকে পৃথক২ রূপে খাজানা কি ভাড়া করিয়া দিলে, সেই ব্যক্তিকে এই আইনের কার্য্যপক্ষে ঐ ঘরের বা ভূমির প্রজা বলিয়া জ্ঞান হইবে।

প্রজা জলের রেট দিলে, স্বামির স্থানে তাহার চতুর্থাংশ ভাড়া হইতে কাটিতে পারিবার কথা।

১০৭ ধারা। যে ঘরের কি ভূমির উপর জলের রেট ধার্য্য হইল, ঐ রেট যে ব্যক্তির স্থানে আদায় করা গেল কিম্বা যে ব্যক্তি ঐ রেট দিলেন তিনিই স্বামী না হইলে, ঐ ঘরের কি ভূমির স্বামীর নিকট তাঁহার যে ভাড়া দেয় হয় তাহা হইতে তিনি ঐ জলের রেটের চতুর্থাংশ কাটিয়া লইতে পারিবেন।

ঘর কি ভূমি খালি থাকিলে জলের রেটের চতুর্থাংশ স্বামির দিবার কথা।

১০৮ ধারা। কোন ঘর কি ভূমি যদি পূর্ণ তিন মাস খালি থাকে, তবে সেই ঘরের কি জমির প্রজা থাকিলে জলের রেট বলিয়া তাঁহার যত টাকা দিতে হইত কমিশ্যনরদিগকে ঐ ঘরের কি ভূমির স্বামির সেই রেটের চতুর্থাংশ দিতে হইবে।

এই ধারামতে স্বামির যে টাকা দেয় হয়, পূর্ব্ব তিন২ মাসের জন্যে ক্রমান্বয়ে জুলাইমাসের প্রথম ও অক্টোবর মাসের প্রথম ও জানুয়ারি মাসের প্রথম ও আপ্রিল মাসে প্রথম তারিখে তাঁহার সেই টাকা দিতে হইবে।

স্থলবিশেষে স্বামিদের উপর রেট ধার্য্য করিবার ক্ষমতার কথা।

১০৯ ধারা। দুই কি তদধিক ব্যক্তি পৃথক২ রূপে এক ঘরের প্রজা হইলে, কিম্বা দুই শত টাকার কম বার্ষিক মূল্য করিয়া ঘরের রেট ধার্য্য হইলে, কমিশ্যনরগণ ঐ ঘরের স্বামির উপর, কিম্বা ঘর যে জমিতে থাকে সেই জমির স্বামির উপর জলের ও পরিষ্কার করণের ও আলোর রেট ধার্য্য করিতে পারিবেন।

স্বামী যে জলের রেট দেন প্রজার স্থানে তাহা ফিরিয়া পাইবার কথা।

১১০ ধারা। যদি ঘরের কি জমীর স্বামী ইহার পূর্ব্ব ধারামতে জলের রেট দিয়া থাকেন, তবে ঘরের এক জন প্রজা থাকিলে, ঐ স্বামী রেটের যত টাকা দিলেন প্রজার স্থানে তাহার চারি অংশের তিন অংশ ফিরিয়া পাইতে পারিবেন।

একাধিক জন প্রজা থাকিলে, এক২ জনের দখলে ঘরের যে অংশ থাকে, সেই অংশ সম্পূর্ণ ঘরের মূল্যের যে ভাগ হয় স্বামী তদনুসারে, ঐ রেট বিভাগ করিয়া এক২ জনের স্থানে ঐ ভাগের চারি অংশের তিন অংশ লইতে পারিবেন।

স্বামী পরিষ্কার করণের ও আলোর যে রেট দেন তাহা প্রজার স্থানে ফিরিয়া পাইবার কথা।

১১১ ধারা। যদি ঘরের কি ভূমির স্বামী ১০৭ ধারামতে পরিষ্কার করণের ও আলোর রেট দিয়া থাকেন, তবে ঘরের এক জন প্রজা থাকিলে ঐ স্বামী ঐ২ রেটের যত টাকা দিলেন তাহা সমুদয় ঐ প্রজার স্থানে ফিরিয়া পাইতে পারিবেন।

একের অধিক জন প্রজা থাকিলে, এক২ জনের দখলে ঘরের যে অংশ থাকে সেই অংশ সম্পূর্ণ ঘরের মূল্যের যে ভাগ হয় তদনুসারে তিনি ঐ রেট বিভাগ করিয়া এক২ জনের স্থানে ঐ২ রেটের এক২ ভাগ লইতে পারিবেন।

খাজানা আদায় করণার্থে স্বামীর যে ক্ষমতা থাকে রেট আদায় করিতেও তাঁহার সেই ক্ষমতা থাকার কথা।

১১২ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে কোন ঘরের কিম্বা তাহার কোন অংশের প্রজার স্থানে স্বামীর কোন টাকা ফিরিয়া পাইবার অধিকার থাকিলে, ঘরের যে অংশ যাঁহার দখলে থাকে তাঁহার স্থানে সেই অংশের ভাড়া আদায় করিবার জন্যে তাঁহার যে২ উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকে, ঐ রেটের টাকা আদায় করিবার জন্যে তাঁহার সেই২ উপায় ও শক্তি ও স্বত্ব ও ক্ষমতা থাকিবে।

ঘরের বা ভূমির প্রজার প্রতি স্বামীর নাম দিবার আদেশ করা যাইতে পারিবার কথা।

১১৩ ধারা। কমিশ্যনরেরা কোন ঘরের বা ভূমির প্রজার প্রতি উক্ত ঘরের বা ভূমির স্বামীর নাম ও ঠিকানা দিবার আদেশ করিতে পারিবেন: এবং উক্ত নাম ও ঠিকানা এইরূপে পাওয়া গেলে, তাহা ১১৮ ধারামতে রক্ষিত আসেসমেন্ট বহীতে যথাবিধি লিখিয়া রাখিতে হইবে।

"কোন ঘরের বা ভূমির প্রজার প্রতি ঐরূপ যে সংবাদ দিবার আদেশ হয় সেই প্রজা সেই সংবাদ দিতে অস্বীকার বা উপেক্ষা করিলে উক্ত ঘরের বা ভূমির জন্য স্বামীর দেয় রেট ঐ প্রজা দিতে দায়ী হইবে; এবং তাহা দেওয়া না গেলে উক্ত ঘরে বা ভূমিতে যে কোন অস্থাবর সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া কমিশ্যনরেরা ঐ রেট আদায় করিতে পারিবেন।

ত্রুটি করিলে প্রজার স্বামীর রেট দিতে হইবার কথা।

"কিন্তু যে কোন রেটের টাকা কোন ঘরের বা ভূমির স্বামীর স্থানে এক বৎসরের অধিক কাল পাওনা থাকে তাহা ঐরূপে প্রজার স্থানে আদায় করা যাইতে পারিবে না।"

পঞ্চম অধ্যায়।

ঘরের ও ভূমির উপর টাক্স ধার্য্য করিবার কথা।

১১৪ ধারা। এই আইনমতে যে ঘর কি ভূমি টাক্স দিবার যোগ্য, তাহা বৎসর২ হার খাজানা দেওয়া গেলে, যুক্তিমতে এক বৎসরে তাহার মোটে যত খাজানা হইতে পারে, এই আইনমতে টাক্স ধার্য্য করিবার কার্য্যপক্ষে তাহাই ঐ ঘরের কি জমীর বার্ষিক মূল্য বলিয়া জ্ঞান হইবে।

ঘরের কি ভূমির বার্ষিক মূল্য যেরূপে নির্ণয় করা যাইবে তাহার কথা।

তদ্রূপে ভূমির যে মূল্য ধরা যায়, ঐ ভূমিতে কল প্রভৃতি যে যন্ত্র বসান থাকে তাহার মূল্য ঐ জমীর মূল্যের মধ্যে গণ্য নয়।

কিন্তু পোর্টকমিশ্যনরগণের যত জমী কোন কর্ম্মবিশেষে খাটান যায় নাই, তাহা ও তাঁহাদের রাস্তা ও চালুস্থান সরকারী কার্য্যভিন্ন কোন কার্য্যে খাটান গেলে কিম্বা সাধারণ সমিতি ভিন্ন সাধারণ ব্যক্তির সম্পত্তি থাকিলে, ঐ ভূমি কি পথ কি চালুস্থান যুক্তিমত যে হিসাবে খাজানা করিয়া দেওয়া যাইতে পারে সেই হিসাব অনুসারে তাহার টাক্স ধার্য্য হইবে। কিন্তু আরমানীঘাটে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির বাটীর উত্তর সীমাবধি চিৎপুর খাল পর্য্যন্ত ৭০ ফুটের অনধিক প্রস্থ যে রাস্তা ও চিৎপুর রাস্তাহইতে হুগলীনদীর তটস্থ কুমারটোলা ঘাট পর্য্যন্ত ৬০ ফুটের অনধিক প্রস্থ যে রাস্তা গিয়াছে, এই আইনমতে যে রেট ধার্য্য হয় উক্ত দুই রাস্তা সেই সকল রেট হইতে মুক্ত থাকিবে।

১১৫ ধারা। কমিশ্যনরগণ এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল টাক্স ধার্য্য করিলেন তাহা যত দিনের নিমিত্ত অবধারিত হইল তত দিন প্রবল থাকিবে। সেই মিয়াদ গত হইলে ঐ ঘরের কি জমীর বার্ষিক যত মূল্য ধরিয়া টাক্স ধার্য্য করিতে হইবে কমিশ্যনরগণ তাহা স্থির করিবেন, ও যে তারিখে স্থির করা যায় সেই তারিখ অবধি ছয় বৎসর পর্য্যন্ত ঐ ঘরের কি ভূমির সেই মূল্য ধরিয়া টাক্স ধার্য্য হইবে।

বার্ষিক মূল্য কমিশ্যনরগণের নিরূপণ করিবার ও তদনুসারে যে টাক্স ধার্য্য হয় তাহা ছয় বৎসর প্রবল থাকিবার কথা।

১১৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে মিয়াদের উল্লেখ হইয়াছে, সেই মিয়াদের মধ্যে উক্ত কোন ঘরের বা ভূমির অবস্থা গুরুতররূপে পরিবর্ত্তন হইলে, কিম্বা তাহা গুরুতররূপে উৎকৃষ্ট করা গেলে, সেই মিয়াদ না ফুরাইলেও কমিশ্যনরগণ পুনরায় সেই ঘরের কি ভূমির মূল্য নিরূপণ করাইতে পারিবেন ও টাক্স ধার্য্য হওয়ার সেই মিয়াদের শেষপর্য্যন্ত শেষোক্তরূপে নিদ্ধারিত মূল্য প্রবল থাকিবে ও তদনুসারে টাক্স ধার্য্য হইবে।

গুরুতররূপে উৎকর্ষ সাধন করা হইলে কমিশ্যনরগণের পুনশ্চ টাক্স ধার্য্য করিবার কথা।

১১৭ ধারা। ১১৫ ধারায় যে মিয়াদের উল্লেখ হইয়াছে সেই মিয়াদ চলন সময়ে যদি অগ্নির দ্বারা কি ঝড়ের কি ঈশ্বরকৃতি দ্বারা, কিম্বা নগরের অন্তর্গত গোলযোগ উক্ত কোন ঘরের দ্বারা কি ভূমির গুরুতর হানি হইয়া থাকে, কিম্বা স্বামী কি প্রজা যাহা নিবারণ করিতে পারিলেন না কমিশ্যনরদের জ্ঞানবোধগতে এমত কোন কারণে ঐ ঘরের কি ভূমির মূল্যের অত্যন্ত ন্যূনতা হইয়া থাকে, তবে ঐ ভূমির কি ঘরের স্বামী কি প্রজা লিখিয়া প্রার্থনা করিলে অবধারিত টাক্সের মিয়াদ না ফুরাইলেও কমিশ্যনরগণ ঐ প্রার্থনা পাইলে সাধ্যমতে ত্বরায় ঐ ঘরের কি ভূমির টাক্স পুনরায় ধার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন, তাহা হইলে অবধারিত টাক্সের উক্ত মিয়াদ যত দিন না ফুরায় শেষোক্ত অবধারিত টাক্স তত দিন প্রবল থাকিবে।

গুরুতর হানি হইলে কমিশ্যনরগণের পুনশ্চ টাক্স ধার্য্য করিবার কথা।

কিন্তু পূর্ব্বোক্তমতে যে ভূমির কি ঘরের পুনশ্চ টাক্স ধার্য্য হয়, অবধারিত টাক্সের উক্ত মিয়াদ ফুরাইবার পূর্ব্বে যদি তাহার গুরুতর পরিবর্ত্তন কি উৎকর্ষ সাধন হইয়া থাকে, তবে কমিশ্যনরগণ ১১৬ ধারামতে ঐ ঘর কি জমীর টাক্স পুনরায় ধার্য্য করাইতে পারিবেন।

১১৮ ধারা। ইহার পূর্ব্ব বিধানমতে কমিশ্যনরগণের দ্বারা যে বার্ষিক মূল্য নির্দ্ধারিত হয় তাহা একখানি বহীতে লেখা গিয়া কমিশ্যনরগণের আফিসে রাখা যাইবে। তাহাতে পৃথক২ ঘর করিয়া এই২ কথা লিখিতে হইবে,

বার্ষিক মূল্য বহীতে লিখনের কথা।

(ক) স্বামীর নাম।

(খ) প্রজার স্থানে রেট দিবার দায়ী হইলে প্রজার নাম।

(গ) সম্পত্তি যাহাতে নির্ণয় করা যাইতে পারে তাহার এমত বর্ণনা, ও উহা যে রাস্তায় থাকে সেই রাস্তার নাম, ও উহার নম্বর থাকিলে সেই নম্বর, ও

(ঘ) তাহার উপর যত টাকা রেট ধার্য্য হইল। ও

(ঙ) ভূস্বামির স্থানে রেট আদায় করিতে হইলে, এবং ঐ ভূমিতে যে ঘর থাকে ঐ ভূমির স্বামী সেই ঘরের স্বামী না হইলে, ঐ ঘরের ও ভূমির উপর ক্রমান্বয়ে যত টাকা রেট ধার্য্য হইল তাহা।

এই ধারামতে যে বহী রাখিবার আদেশ হইল, ইহার পরে তাহার "আসেসমেন্ট বহী" নাম উল্লেখ হইয়াছে

স্বামি কি প্রজার নাম জানা না থাকিলে, ঐ আসেসমেন্ট বহীতে "স্বামি" কি "প্রজা" লিখিলেই চলিতে পারিবে।

১১৯ ধারা। কমিশ্যনরগণ সময়েং মুনিসিপালিটীর অন্তর্গত সমস্ত ঘরের ও জমীর মূল্য নিরূপণ কি মাপ করিবেন এবং তদর্থে তাঁহারা মুনিসিপালিটীর যে রূপ ও যত পল্লী করা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন। যেরূপ ও এবং তাঁহার একং পল্লী ধরিয়া ভূমির স্বতন্ত্র মূল্য নিরূপণ কি মাপ করিতে প্রবর্ত্ত হইয়া আসেসমেন্ট বহীতে লিখিবেন।

নূতন মূল্য নিরূপণ করিবার কি মাপ লইবার কথা।

১২০ ধারা। কমিশ্যনরগণ কোন ঘরের কি জমীর স্বামীকে কি প্রজাকে ঐ ভূমির পরিমাণের ও তাহার খাজানার কি বার্ষিক মূল্যের রিটর্ণ দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং কমিশ্যনরেরা কিম্বা এই কার্য্যপক্ষে তাঁহাদের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি অন্যূন চব্বিশ ঘন্টা থাকিতে নোটিস দিয়া পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টার ও সূর্য্য অস্ত হইবার মধ্য কোন সময়ে, ঐ ঘরে কি জমীতে গিয়া তাহা দেখিতে ও জরীপ করিতে ও মাপিয়া লইতে পারিবেন।

মূল্য নিরূপণ করিবার জন্যে রিটর্ণ লইতে পারিবার কথা।

১২১ ধারা। কোন ব্যক্তিকে পূর্ব্বোক্ত রিটর্ণ দিতে আজ্ঞা হইবার তারিখ অবধি এক সপ্তাহ পর্য্যন্ত তিনি সেই রিটর্ণ দিতে অসম্মত হইলে কি ত্রুটি করিলে কিম্বা জানিয়া শুনিয়া মিথ্যা কি অশুদ্ধ রিটর্ণ লিখিয়া দিলে এবং কোন কমিশ্যনর কিম্বা কমিশ্যনরগণের পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন ব্যক্তি উক্ত কোন ঘরে কি জমীতে প্রবেশ করিতে কি দৃষ্টি কি মাপ করিতে গেলে কোন ব্যক্তি তাঁহাকে বারণ করিলে, কি আটক করিলে কি বাধা দিলে, তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ২০০ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

১২২ ধারা। কমিশ্যনরগণ যত পল্লী করিয়া মুনিসিপালিটী বিভাগ করেন, তন্মধ্যে কোন পল্লীর মূল্য কি পরিমাণ নিরূপণের কার্য্য সমাপ্ত হইলে ইংরেজী ভাষায় কলিকাতায় যেং দৈনিক সম্বাদপত্র প্রকাশ হইয়া থাকে কমিশ্যনরগণ ন্যূনকল্পে তাহার দুই খানি সম্বাদপত্রে, ও কলিকাতায় প্রকাশিত দেশীয় ভাষার দুই খানি সম্বাদপত্রে জ্ঞাপনপত্র দিয়া ঐ কার্য্য সমাধার নোটিস, ও আসেসমেন্ট বহী কিম্বা তাহার নকল যেস্থানে দেখা যাইতে পারিবে সেই স্থানের নোটিস প্রকাশ করিবেন, এবং মুনিসিপালিটীর উক্ত পল্লীর প্রকাশ্য প্রকাশ্য স্থানে তাহার নোটিস লাগাইয়া দিবেন।

মূল্য নিরূপণের ও পরিমাণের নোটিস প্রকাশ করিবার কথা।

এবং উক্ত যেং ঘরের কি ভূমির মূল্য কি পরিমাণ নিরূপণ হইল ঐ আসেসমেন্ট বহী যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি ফী না লইয়া সেইং ভূমির কী ঘরের স্বামিকে কি প্রজাকে কিম্বা স্বামির কি প্রজার সপক্ষ কর্ম্মকারককে ঐ বহী দেখিতে ও তাহার কোন কথা নকল করিয়া লইতে দিবেন, ও যে ব্যক্তি স্বামী কি প্রজা নহেন তিনি ১ টাকা ফী দিলে তাঁহাকেও সেই প্রকারে ঐ বহী দেখিতে ও তাহার কোন কথা নকল করিয়া লইতে দিবেন।

১২৩ ধারা। কোন ঘরের কি ভূমির টাক্স প্রথমবার ধার্য্য করা গেলে, কিম্বা যে ঘরের কি ভূমির টাক্স পূর্ব্বে ধার্য্য হইয়াছে তাহার নিরূপিত মূল্য কি পরিমাণ বৃদ্ধি হইলে কমিশ্যনরগণ ঐ ঘরের কি ভূমির স্বামিদিগকে কি প্রজাদিগকে তদ্বিষয়ের বিশেষ নোটিস দিবেন, ও পূর্ব্বোক্তমতে নিরূপিত মূল্য বৃদ্ধি করা গেলে, ঐ নোটিসে সেই বৃদ্ধির কারণ ব্যক্ত হইবে।

প্রথমবার মূল্য নিরূপণ বা মূল্য বৃদ্ধি হওয়ার নোটিসের কথা।

১২৪ ধারা। কমিশ্যনরগণ এই অধ্যায়মতে যে টাক্স ধার্য্য করেন তাহার উপর,

আপীলের কথা।

(ক) কমিশ্যনরগণের মধ্যে কর্ম্ম নির্ব্বাহক ব্যক্তি ভিন্ন ন্যূনকল্পে অন্য তিন জন কমিশ্যনরের নিকট কিম্বা

(খ) ছোট আদালতে আপীল হইতে পারিবে,

এই ধারামতে ছোট আদালতে আপীল হইলে, উক্ত আদালত ৩৫৭ ও ৩৫৮ ধারার বিধানমতে কার্য্য করিতে পারিবেন।

১২৫ ধারা। এই অধ্যায়মতে যে টাক্স ধার্য্য হয় কোন ব্যক্তি তাহার উপর আপীল করিতে চাহিলে ১২২ ধারার উল্লিখিত নোটিস প্রচার হইবার পর পঞ্চদশ দিনের মধ্যে তিনি আপীল করিবার কারণ লিখিয়া আপীল করিবার অভিপ্রায়ের নোটিস দিয়া ইহার পূর্ব্ব ধারার (ক) কিম্বা (খ) প্রকরণমতে আপীল করিতে অভিপ্রায় করেন এই কথা কমিশ্যনরগণকে জানাইবেন।

যে ব্যক্তি আপীল করেন তাঁহার নোটিস দিতে হইবার কথা।

অবধারিত যে টাক্সের মিয়াদ তৎকালে প্রায় গত হইয়া থাকে, তদনুসারে ঘরের উপর তিন মাসের যত টাকা রেট হয়, কমিশ্যনরগণের নিকট তত টাকা গচ্ছিত না করিলে ইহার পূর্ব্ব বিধানমতে আপীল করা যাইতে পারিবে না।

ও যে ঘরের কি জমীর বিষয়ে আপীল করা যায় আপীল করিবার সময়ে উক্ত বহীতে তাহার স্বামী বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে, সেই ব্যক্তি কিম্বা ঐ ঘরের কি ভূমির প্রজা কিম্বা তাঁহাদের অন্যতর ব্যক্তির মোক্তার ঐ আপীল উপস্থিত না করিলে তাহা গ্রাহ্য হইবে না।

১২৬ ধারা। কমিশ্যনরগণ ১২৪ ধারার (ক) প্রকরণমতে যে তারিখে আপীল শুনিতে প্রবর্ত্ত হইবেন তাহার নোটিস প্রচার করণের তারিখ অবধি পাঁচের দিনের অন্যূন কোন দিন স্থির করিবেন।

আপীল শুনিবার দিনের নোটিস দিবার কথা।

উক্ত ১২৪ ধারার (খ) প্রকরণমতে আপীল হইলে ইহার পূর্ব্ব ধারাক্রমে কমিশ্যনরগণের আফিসে নোটিস দিবার তারিখ অবধি সাত দিনের মধ্যে ছোট আদালতে আপীল উপস্থিত করিতে হইবে।

১২৭ ধারা। কমিশ্যনরগণ যে রেট ধার্য্য করেন তাহার উপর ইহার পূর্ব্ব বিধানমতে আপীল উপস্থিত না করা গেলে তাহাই চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে, এবং ইহার পূর্ব্ব দুই ধারামতে আপীল হইলেও যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

কমিশ্যনরগণের নির্দ্ধারিত টাক্স যে সময়ে চূড়ান্ত হইবে তাহার কথা।

আসেসমেন্ট বহীতে অবধারিত করা টাক্স লিখিবার কথা।

১২৮ ধারা। কমিশ্যনরগণ যেং টাক্স ধার্য্য করেন তাহার উপর আপীল হইয়া সমস্যেং নিয়মমতে পরিবর্ত্তন করা গেলে তদনুসারে যে টাক্স অবধারিত হয় তাহা আসেসমেন্ট বহীতে লেখা যাইবে। পূর্ব্বোক্তমতে যেং কথা পরিবর্ত্তন করা যায় তাহা প্রবল মানিয়া তদ্রূপে যে টাক্স ধার্য্য হইয়া থাকে ও যত কালের নিমিত্ত ধার্য্য হইল, ঐ টাক্স তত কালের নিমিত্ত নির্দ্ধারিত বলিয়া জ্ঞান হইবে। উক্ত সংশোধিত কথা যে তিন মাসের মধ্যে স্থির করা যায় তৎপশ্চাৎ যে তিন মাস আইসে সেই তিন মাসের আরম্ভ অবধি ঐ মিয়াদ ধরিতে হইবে, ও পূরাতন টাক্স যত সময়ের নিমিত্ত ধার্য্য হইয়াছিল সেই সময় গত হইলেও পূর্ব্বের অবধারিত ঐ টাক্স সেই তারিখ পর্য্যন্ত প্রবল থাকিবে।

আসেসমেন্ট বহীর কোন কথা পরিবর্ত্তন কি সংশোধন করিবার কথা।

১২৯ ধারা। আসেসমেন্ট বহীতে যে ব্যক্তির নাম লেখা উচিত ছিল, কিম্বা টাক্স দিবার যোগ্য যে ঘর কি ভূমি লেখা উচিত ছিল, সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি কোন সময়ে সেই ব্যক্তির নাম কিম্বা সেই ঘর কি ভূমি লিখিয়া ঐ আসেসমেন্ট বহী সংশোধন করিতে পারিবেন। এমত স্থলে ঐ সংশোধন কার্য্যে যে ব্যক্তির সম্পর্ক থাকে, তাঁহাকে এই মর্ম্মের নোটিস দেওয়া যাইবে যে, নোটিস পাইলে পর অন্যূন পঞ্চদশ দিন গত হইলে অমুক দিনে ঐ রূপে বহী সংশোধন করা যাইবে। অথবা যে ব্যক্তি কিম্বা যে ঘর কি ভূমি টাক্স দিবার অযোগ্য, পূর্ব্বে নোটিস না দিয়া তাহার নাম উঠাইয়া কিম্বা তাহার নামে যে টাক্স ধার্য্য হইল তাহা কমাইয়া দিয়া ঐ বহী সংশোধন করিতে পারিবেন।

আরও যে স্থলে নোটিস দেওয়া প্রয়োজন এমত স্থলে যদি কোন কথা সংশোধন করা গিয়া থাকে, তবে ঐ নোটিস দিবার পর পঞ্চদশ দিন গত হইলেই ঐ সংশোধনকার্য্য যেন করা গেল এমত জ্ঞান হইবে। ও সেই কথার সংশোধনে যে ব্যক্তির সম্পর্ক থাকে, তিনি ঐ নোটিসে সংশোধন করিবার যে দিন নির্দ্ধারিত হইল তৎপূর্ব্বে তিন দিন থাকিতে কমিশ্যনরগণের আফিসে লিখিয়া দিয়া তাঁহাদের নিকট ঐ সংশোধনের উপর আপীল করিতে পারিবেন, এবং ১২০ ও ১২৫ ও ২৬ ও ১২৭ ধারার বিধান যত দূর খাটিতে পারে ঐ আপীলের প্রতি তত দূর খাটিবে।

নূতন আসেসমেন্ট বহী বৎসরং বৎসরান্তর প্রস্তুত করিবার প্রয়োজন না থাকার কথা।

১৩০ ধারা। নির্দ্ধারিত টাক্সের মিয়াদ ফুরাইলেই নূতন আসেসমেন্ট বহী প্রস্তুত করিবার প্রয়োজন নাই। পূর্ব্ব কোন মিয়াদের আসেসমেন্ট বহীতে যে মূল্য কি পরিমাণ ও যে টাক্স গ্রাহ্য হইয়াছিল কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া তাহার মধ্যে বিশেষ স্থলের যেং কথা পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিয়া, সেই মূল্য কি পরিমাণ ও টাক্স নূতন মিয়াদের নিরূপিত মূল্য কি পরিমাণ ও টাক্স বলিয়া গ্রাহ্য করিতে পারিবেন। পরন্তু ঐ নিরূপিত মূল্যের কি পরিমাণের ও টাক্সের প্রতি, ও তাহা যে বা যেং আসেসমেন্ট বহীতে লেখা থাকে তাহার প্রতি ১২০ অবধি ১২৮ পর্য্যন্ত সকল ধারা যত দূর খাটিতে পারে খাটিবে।

ষষ্ঠ অধ্যায়।

রেট আদায় করিবার কথা।

বিল দিবার কথা।

১৩১ ধারা। রেট পাওনা হইলে, যে ব্যক্তি তাহা দিবার যোগ্য কমিশ্যনরগণ তাঁহার নামে বিল দেওয়াইবেন। যে সময়ের নিমিত্ত, ও যে সম্পত্তির উপর ঐ রেটের দাওয়া হয়, ঐ বিলে তাহা লেখা থাকিবে।

কিন্তু ভূমির স্বামির কোন রেট দিতে হইলে, ও ঐ ভূমি ঐ যে ঘর আছে তিনিই ঐ ঘরের স্বামী না হইলে, ঘরের ও ভূমির উপর যে রেট ধার্য্য হয় তাহা বিলে স্বতন্ত্র করিয়া লিখিতে হইবে।

দাওয়ার নোটিসের কথা।

১৩২ ধারা। যে ব্যক্তি ঐ বিলের টাকার দায়ী হন, তাঁহাকে বিল দেওয়া গেলে পর তিনি সাতদিনের মধ্যে টাকা না দিলে, কমিশ্যনরেরা চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে বা তাহার মর্ম্মানুসারে ঐ ব্যক্তিকে দাওয়ার নোটিস দেওয়াইবেন। ঐ দাওয়ার নোটিস দেওয়া গেলে পর তিনি সাতদিনের মধ্যে ঐ দেনা টাকা না দিলে, কিম্বা কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ টাকা না দেওয়ার উপযুক্ত কারণ না জানাইলে কমিশ্যনরগণ পঞ্চম তফসীলের লিখিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে পরওয়ানা জারী করিয়া ঐ বাকীদারের অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া, কিম্বা যে ঘরের বা ভূমির নিমিত্ত রেট পাওনা থাকে বাকীদার সেই ঘরের বা ভূমির প্রজা হইলে ঐ ঘরে বা ভূমিতে যে অস্থাবর দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া, সমস্ত খরচা সমেত ঐ টাকা আদায় করিয়া লইতে পারিবেন।

ক্রোক করণের কথা।

এই ধারামতে কমিশ্যনরগণ যে প্রত্যেক ব্যক্তির নামে দাওয়ার নোটিস জারী করান, সেই ব্যক্তির ।৵ টাকার অনধিক ফী দিতে হইবে।

যে রেটের নিমিত্ত ঐ নোটিস দেওয়া যায় ঐ ফী সেই রেটের সঙ্গে ধরা যাইবে, ও নিয়মমতে না দেওয়া গেলে, ঐ রেট যে প্রকারে আদায় করা যাইতে পারে ঐ ফীও সেই প্রকারে আদায় করা যাইবে।

তালিকার ও ক্রোক করার নোটিসের কথা।

১৩৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে কার্য্যকারককে ক্রোক করিবার পরওয়ানা জারী করিতে দেওয়া যায়, তিনি ঐ পরওয়ানাক্রমে অস্থাবর যেং দ্রব্য ক্রোক করেন, তাহার তালিকা করিবেন, ও ক্রোক করিবার সময়ে ঐ দ্রব্য যে ব্যক্তির দখলে ছিল, তাঁহার নামে সেই সময়ে ষষ্ঠ তফসীলের লিখিত পাঠে কি সেই মর্ম্মানুসারে এই নোটিস লিখিয়া দিবেন যে, ঐ অস্থাবর দ্রব্য ঐ নোটিসের লিখনমতে বিক্রয় করা যাইবে।

বিক্রয়ের কথা।

১৩৪ ধারা। সেই সময়ের মধ্যে কমিশ্যনরগণ ঐ পরওয়ানা রহিত কিম্বা স্থগিত না করিলে উক্ত যে অস্থাবর দ্রব্য ক্রোক করা গেল তাহা তাঁহাদের আজ্ঞামতে বিক্রয়

করা যাইবে। ও বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা কিম্বা তাহার যত টাকা প্রয়োজন হয় তাঁহারা তত টাকা লইয়া ঐ বাকী ও খরচা শোধ করিবেন।

কিছু উদ্বর্ত্ত থাকিলে, ঐ অস্থাবর দ্রব্য ক্রোক করিবার সময় যে ব্যক্তির অধিকারে ছিল তাঁহার দাওয়ামতে তাহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

মাল ক্রোক করিয়া বিক্রয় করিতে গেলে ছোট আদালতে যে কার্য্যপ্রণালী চলিত আছে কি পশ্চাৎ চলিত হইবে, এই ধারানুসারে যত দূর হইতে পারে তত দূর সেই প্রণালীতে সম্পত্তি নীলাম হইবে।

এই আইনমতে ক্রোক করণ হেতুক যে ফী লাগিবে ষষ্ঠ তফসীলের কর্দ্দের নির্দ্দিষ্ট হারানুসারে সেই ফ লওয়া যাইবে।

সমাবায়িত সমাজের সকল কর্ম্মচারি ও চাকরদের প্রতি ঐরূপ কোন নীলামে কোন সম্পত্তি ক্রয় করিতে নিষেধ করা গেল।

বাকীদারের দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবার কথা।

১৩৫ ধারা। যে ব্যক্তির স্থানে কোন রেট পাওনা থাকে, তাঁহার ঐ দেনা না দেওয়াতে তাঁহার অস্থাবর দ্রব্য যে স্থানেই পাওয়া যাউক ক্রোক হইতে পারিবে।

স্বামির স্থানে যে রেট পাওনা থাকে প্রজার নিকট তাহা আদায় হইতে ও খাজানা কি ভাড়াতে কাটিয়া লইতে পারিবার কথা।

১৩৬ ধারা। কোন ঘরের কি ভূমির স্বামির স্থানে কোন রেটের টাকা পাওনা থাকিলে, ও দাওয়ার নোটিস নিয়মমতে জারী করা গেলে পর সেই টাকা না দেওয়া গেলে যৎকালে যে ব্যক্তি ঐ ঘরের কি ভূমির প্রজা হন কমিশ্যনরগণ তাঁহার স্থানে ঐ টাকার দাওয়া করিতে পারিবেন। তিনি না দিলে ঐ ঘরে কি ভূমিতে অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তাঁহারা তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। এমত স্থলে প্রজা যত টাকা দিলেন কিম্বা তাঁহার স্থানে যত টাকা আদায় করিয়া লওয়া গেল, তাহা পশ্চাৎ আপনার খাজানা কি ভাড়াতে কাটিয়া লইতে পারিবেন।

কিন্তু কোন ঘরের কি ভূমির স্বামির স্থানে কোন টাকা এক বৎসরের অধিকাল পাওনা থাকিলে তাহা প্রজার স্থানে ঐ প্রকারে আদায় করা যাইতে পারিবে না।

দাঁড়ার ব্যতিক্রম হেতুক ক্রোক অবৈধ না হওয়ার কথা।

১৩৭ ধারা। এই আইনমতে ক্রোক করিয়া টাকা আদায় করা গেলে, নোটিস কি তফসীলে কি সমনে কিম্বা দাওয়ার নোটিসে কি ক্রোক করিবার পরওয়ানায় কি তালিকায়, কিম্বা তৎসংক্রান্ত আনুষ্ঠানিক অন্য কার্য্যে ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রম থাকা প্রযুক্ত ঐ ক্রোক অবৈধ হইবে না, ও যে ব্যক্তি ক্রোক করিলেন তাঁহাকে অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না, ও সেই ব্যক্তি বেদাঁড়ামত কার্য্য করিলেও তাঁহাকে অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না। কিন্তু ঐ অনিয়মিত কার্য্য দ্বারা যে সকল ব্যক্তির হানি হয়, তাঁহারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে হানি নির্দ্দিষ্ট করিয়া তাহার সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবেন।

ক্রোক না করিয়া কমিশ্যনরগণের নালিশ করিতে পারিবার কথা।

১৩৮ ধারা। কোন রেটের নিমিত্তে যত টাকা পাওনা থাকে, কমিশ্যনরগণ উক্ত টাকা কি তাহার কোন অংশ আদায় করিবার জন্যে ক্রোক ও নীলাম না করিয়া, কিম্বা ক্রোক ও নীলাম করিয়াও আদায় করিতে না পারিলে, উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে দায়ী ব্যক্তির নামে নালিশ করিতে পারিবেন।

সপ্তম অধ্যায়।

জল সম্পোষ্যের বিধি।

কমিশ্যনরগণের জল যোগাইয়া দিবার কথা।

১৩৯ ধারা। কমিশ্যনরগণ যত শীঘ্র পারেন মুনিসিপালিটীর সমুদয় স্থানের মধ্যে জল সম্পোষ্যের বিধান করিবেন। তদর্থে মুনিসিপালিটীর প্রধান২ সকল রাস্তায় পরিষ্কৃত জল যোগাইবার নিমিত্ত বড় ও ছোট যত নল ও যত পুষ্করিণী ও জলাশয় কিম্বা অন্য যে কার্য্য করা আবশ্যক, তাহা প্রস্তুত করাইয়া দিবেন। ও যত কল থাকিলে মুনিসিপালিটী বাসিরা গৃহকার্য্যের নিমিত্ত বিনা মূল্যে সুবিধামতে জল পাইতে পারেন উক্ত রাস্তায়২ তত দাঁড়া কল স্থাপন করাইয়া দিবেন।

উক্ত কল এমন স্থানে২ স্থাপন করা যাইবে যেন কোন বড় রাস্তার কোন স্থান হইতে উক্ত কোন না কোন কল দেড় শত গজের অধিক দূর না হয়।

যাহা গৃহকার্য্যনামে বলা না যায় তাহার কথা।

১৪০ ধারা। কোন ব্যক্তি ঘোড়াপ্রভৃতি কোন জন্তু কি গাড়ী বিক্রয় করিবার কি ভাড়া দিবার জন্যে রাখিলে সেই জন্তুর নিমিত্ত কি গাড়ী ধুইবার নিমিত্ত যে জলের প্রয়োজন, কিম্বা কোন ব্যবসায়ের কি কারখানার কি কর্ম্মের কিম্বা ঝরণার নিমিত্ত কি বাগানে কি পথে ছিটাইয়া দিবার নিমিত্ত, কিম্বা কোন প্রকারে শোভার কি কলের নিমিত্ত, যে জলের প্রয়োজন, তাহা গৃহকার্য্যের জল সম্পোষ্যের মধ্যে ধরা যায় না।

জলের বল বেগ রাখিতে হইবে তাহার কথা।

১৪১ ধারা। যাঁহারা রেট দিয়া থাকেন তাঁহাদের গৃহকার্য্যাদি ব্যবহারের জন্য কমিশ্যনরগণ সঙ্গতমতে যত দূর পারেন ততদূর পূর্ব্বাহ্ণে ৬ ঘন্টা অবধি অপরাহ্ণ ৯ ঘন্টা পর্য্যন্ত আপনাদের বড়২ ও ছোট২ নলে প্রচুররূপে পরিষ্কৃত জল এমত চাপ দিয়া রাখিবেন যে তাহা দশ ফুট ঊর্দ্ধে উঠিতে পারে, এবং বড়২ ও ছোট২ নলদ্বারা যে সকল ঘরে ও স্থানে জল আনা যায়, তথায় পূর্ব্বাহ্ণে ৭ অবধি ৯ ঘন্টা পর্য্যন্ত ও অপরাহ্ণে ৫ অবধি ৬ ঘন্টা পর্য্যন্ত জল যেন অন্যূন ত্রিশ ফুট ঊর্দ্ধে উঠিতে পারে এই মতে চাপ দিয়া রাখিবেন।

ব্যবসায়ের নিমিত্ত জল যোগাইবার কথা।

১৪২ ধারা। ঘরের নানা কর্ম্মের নিমিত্ত যত জলের প্রয়োজন, কোন ব্যক্তি তাহা ছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল চাহিলে, যে কার্য্যের নিমিত্তে যত জল খরচ হইবার সম্ভাবনা দরখাস্তে লিখিয়া এই কথা

কমিশ্যনরগণকে জানাইলে, তাঁহারা জল পরিমাপক যন্ত্র দ্বারা সেই জলও যোগাইয়া দিতে পারিবেন।

তাহা হইলে কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হইয়া খরচ বা রেট স্থির করিয়া, যত বড় ও যেং প্রকারের আবশ্যক নল প্রভৃতি করিতে স্থির করেন, সেইং প্রকারের তত বড় নল বসাইবেন কি বসাইতে দিবেন, ও অন্যং কার্য্য করিবেন।

গৃহকার্য্যের নিমিত্ত গৃহস্থের জল পাইবার অধিকারের কথা।

১৪৩ ধারা। ঘরের প্রজা ঐ ঘরের জন্য জলের রেট বলিয়া কমিশ্যনরগণকে যত টাকা দিয়া থাকেন, টাকা প্রতি তাঁহার আর খরচ বিনা পরিষ্কৃত জলের পনেরো শত গ্যালন পাইবার অধিকার থাকিবে। কমিশ্যনরগণ যে পরিমাণের নলদ্বারা ঐ জল দিতে স্থির করেন সেই নল দ্বারা গৃহকার্য্যের নিমিত্ত ঐ জল যোগাইয়া দেওয়া যাইবে। পূর্ব্বোক্তমতে গৃহস্থের যত পরিষ্কৃত জল পাইবার অধিকার থাকে তিনি তাহার অধিক খরচ করিয়া থাকেন কমিশ্যনরগণের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তাঁহারা আপনাদের খরচে জল পরিমাপক যন্ত্র যোগাইয়া ঐ ঘর সংযুক্ত জলের নলে তাহা যোজনা করিয়া রাখিতে পারিবেন। তাহা হইলে পূর্ব্বোক্তমতে প্রজার যত জল পাইবার অধিকার থাকে, তাহার অতিরিক্ত যত জল খরচ করেন তাহার পনেরো শত গ্যালন প্রতি তাঁহার এক২ টাকার হিসাবে দিতে হইবে

পরন্তু ইহার পশ্চাৎ ধারামতে কমিশ্যনরগণ যে অপরিষ্কৃত জল যোগাইয়া দেন তাহার জন্যে তাঁহারা খরচ লইবেন না।

যেং ঘরের বৎসর ১২০০ টাকার কম ধরিয়া টাক্স ধার্য্য হয় তাহার প্রতি এই ধারার প্রথম দফার কোন কথা খাটিবে না।

পাইখানার জন্যে কমিশ্যনরগণের পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবার কথা।

১৪৪ ধারা। কমিশ্যনরগণ সকল পাইখানার ও শৌচস্থানে স্বেচ্ছামতে পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দিতে পারিবেন। ইতিপূর্ব্বে যদি তদ্রূপ পাইখানার কি শৌচস্থানে পরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে তবে কমিশ্যনরগণ আপনাদের খরচে পরিষ্কৃত জল বন্ধ করিয়া ঐ পাইখানার কি শৌচস্থানের নিমিত্ত অপরিষ্কৃত জল যোগাইয়া দিতে পারিবেন। কিন্তু নিজ খরচ ভিন্ন অন্যের খরচে তাহা করিবেন না।

সকল পাইখানায় জলাধার দিবার কথা।

১৪৫ ধারা। যে সকল পাইখানায় ও শৌচস্থানে এইক্ষণ পরিষ্কৃত কি অপরিষ্কৃত জল দেওয়া গিয়া থাকে কি পশ্চাৎ দেওয়া যাইবে, তথায় জলাধার দিতে হইবে। সেই আধার কত বড় ও কি প্রকারের হইবে, কমিশ্যনরগণ তাহা নির্ণয় করিবেন। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায় তাহার স্বামির খরচে ঐ সকল জলাধার দিতে হইবে।

জলের নল প্রভৃতি যত বড় হইবে তাহার কথা ও গৃহস্থের খরচে তাহা করিতে হইবার কথা।

১৪৬ ধারা। ইহার পূর্ব্বে জলের যে রেটের কথা লেখা গেল, কোন ব্যক্তি সেই রেট দিলে তাঁহার গৃহকার্য্যের নিমিত্তে সঙ্গত মতে যত জলের প্রয়োজন কমিশ্যনরগণের জলের নলের সঙ্গে নল যোজন করাইয়া ঘরে কি জমীতে তাঁহার তত জল আনাইবার অধিকার থাকিবে কিন্তু ঐ ঘর কি ভূমি যত দিন খালি থাকে, কমিশ্যনরগণ তত দিন তাহার জলসম্পোষ্য বন্ধ করিয়া দিতে পারিবেন।

যে ব্যক্তি রেট দিয়া থাকেন, কমিশ্যনরগণের নল দ্বারা তাঁহার ঘরে জল আনাইবার জন্যে যেমন যোজনা করা গিয়া থাকে, ও তাহার সঙ্গে ঘরের মধ্যে নল প্রভৃতি যেং বিষয় সংযুক্ত থাকে তাহা যে প্রকারের ও যত বড় ও যে দ্রব্যে নির্ম্মিত হইবে কমিশ্যনরগণ তাহা স্থির ও অনুমোদন করিবেন। ও যে ব্যক্তি উহা চাহেন তাঁহারই খরচে তাহা প্রস্তুত করিয়া দেওয়া যাইবে।

ঘরে জল আনাইবার নল প্রভৃতি কমিশ্যনরগণের কার্য্যকারকের সন্তোষমতে করিতে হইবার কথা।

১৪৭ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল আনাইবার জন্যে কমিশ্যনরগণের বড় ও ছোট নলের সঙ্গে যে নল সংযোগ করিয়া দেওয়া যায় ও অন্য যে সাজসরঞ্জাম থাকে এবং ঘরের কি ভূমির মধ্যে যে নল ও কল ও সাজসরঞ্জাম থাকে তাহা সর্ব্বস্থলেই কমিশ্যনরগণের তত্ত্বাবধানে ও সন্তোষমতে করা যাইবে।

যিনি ঐ জল পাইতে চাহেন তিনি কমিশ্যনরগণের সঙ্গে নিয়ম করিলে সেই নিয়মানুসারে, কিম্বা কমিশ্যনরগণ যত খরচ নির্দ্ধার্য্য করেন তদনুসারে কমিশ্যনরগণের চাকরেরা ও কর্ম্মকারকেরা ঐ নল সংযোগ করাইয়া ও তৎসংক্রান্ত অন্যং কার্য্য ও সাজসরঞ্জাম করাইয়া দিতে পারিবেন,

ও সেই কার্য্য করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় কমিশ্যনরগণ ঐ কর্ম্ম করিবার পূর্ব্বে তত টাকা দিবার কি গচ্ছিত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ও জলের রেট যে প্রকারে আদায় হইতে পারে ঐ দাবীর ও খরচার টাকাও সেই প্রকারে আদায় হইতে পারিবে।

বাড়ীর মধ্যে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

১৪৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দেওয়া যায়, তাহার মধ্যে জল যোগাইবার সকল নল ও অন্যান্য কল ও সাজসরঞ্জাম দেখিবার নিমিত্ত, ও অকারণে জল নষ্ট না হয় কিম্বা তাহার অযথা ব্যবহার না হয়, ইহা দেখিয়া লইবার জন্যে, কমিশ্যনরগণ যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি পূর্ব্বাহ্ণ ৭ ঘন্টার ও অপরাহ্ণ ৫ ঘন্টার মধ্যে কোন সময়ে ঐ ঘরে কি ভূমিতে যাইতে পারিবেন।

আর উক্ত সময়ে উক্ত কার্য্যের নিমিত্ত ঐ কার্য্যকারককে সেই ঘরে কি ভূমিতে যাইবার অনুমতি না দেওয়া গেলে কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার সেই বিষয় দেখিয়া লইবার বাধা দেওয়া গেলে, কমিশ্যনরেরা তৎক্ষণাৎ সেই ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথাদ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রীলোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় স্থান হইয়া থাকে চারি ঘন্টা থাকিতে নোটিস না দিয়া তন্মধ্যে কাহারো প্রবেশ করিবার ক্ষমতা দেওয়া গেল না।

নল বেমেরামত হইলে কমিশ্যনরগণের জল বন্ধ করিতে পারিবার কথা।

১৪৯ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার যে নল কি অন্য কল কি সাজসরঞ্জাম থাকে কমিশ্যনরদের কোন কার্য্যকারক এতৎপক্ষে ক্ষমতা পাইয়া কোন সময়ে সেই নল কি অন্য কল কি সাজসরঞ্জাম পরীক্ষা করিয়া তাহার এত দূর বেমেরামত হইয়াছে যে জল বৃথাই নষ্ট হয় ইহা জানিতে পাইলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘণ্টার অন্যূন থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ঘর কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন। বন্ধ করিয়া দেওনের খরচ ঐ ঘরের কি ভূমির প্রজার স্থানে লইতে পারিবেন।

রেট দিবার ত্রুটি হইলে জল বন্ধ করিতে পারিবার কথা।

১৫০ ধারা। পূর্ব্বোক্ত জলের রেট যে২ সময়ে দেওয়া উচিত, কোন ব্যক্তি জল পাইলেও উক্ত কোন সময়ে ঐ রেট দিতে কিম্বা ঘরের কার্য্যছাড়া অন্য কার্য্যের নিমিত্ত জল যোগাইয়া দেওয়া গেলে তাহার জন্যে খরচার দাওয়া হইলে পর তাহা দিতে ত্রুটি করিলে, যে ঘরের কি ভূমির নিমিত্ত ঐ রেট কি দাবির টাকা দেনা হয় সেই ঘরে কি ভূমিতে যে নল যায়, কমিশ্যনরগণ তাহা কাটিয়া দিয়া কিম্বা অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে ঐ ঘরের কি ভূমির জল বন্ধ করিয়া দিতে পারিবেন, ও সেই ব্যক্তির স্থানে জল বন্ধ করিবার খরচ লইতে পারিবেন।

কিন্তু কোন ব্যক্তির প্রতি দণ্ড কি দায় বর্ত্তিলে. ঐ জলসম্পোষ্য বন্ধ হওয়াতেই তিনি সেই দণ্ড কি দায় হইতে নিষ্কৃতি পাইবেন না।

যাহার ঘরে জল নষ্ট হয় তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১৫১ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণ কোন ঘরের কি ভূমির জল যোগাইয়া দিলে পর. প্রজার শৈথিল্য হেতু কিম্বা অন্য যে ভাবগতিকের উপর তাঁহার কর্ত্তৃত্ব থাকিতে পারে এমত ভাবগতিক হেতুক জল নষ্ট হইলে, কিম্বা যে নল কি কল কি সাজসরঞ্জাম দ্বারা ঐ ঘরের কি ভূমির জলসম্পোষ্য হয় তাহার এত দূর বেমেরামত হইয়াছে যে জল নষ্ট হইয়া থাকে ইহা জানা গেলে, সেই প্রজার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তি জল নষ্ট করিলে তাহার দণ্ড হইতে পারিবার কথা।

১৫২ ধারা। কমিশ্যনরগণ যে জল যোগাইয়া দেন, কোন ব্যক্তি সেই জল নষ্ট করাইলে তাহার পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

নগরের বাহিরে যাঁহারা থাকেন তাঁহাদিগকেও কমিশ্যনরগণের আপন বিবেচনামতে জল লইতে অনুমতি দিবার কথা।

১৫৩ ধারা। কোন ব্যক্তি কলিকাতার সীমার মধ্যে বাস না করিলেও কমিশ্যনরগণ ইচ্ছা করিলে নিয়মিত সভাছাড়া কোন সভায় তাঁহার গৃহ কার্য্যের নিমিত্ত সময়ে২ জল দিবার যে২ নিয়ম নির্দ্দেশ করেন সেই২ নিয়মানুসারে ঐ ব্যক্তির জল লইবার কিম্বা তাঁহার জলযোগাইয়া দেওয়ার অনুমতি দিতে পারিবেন। কমিশ্যনরগণ যে জলসম্পোষ্যের বিধান করেন কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না পাইয়া মুনিসিপালিটীর সীমার বাহিরে খরচ করিবার জন্যে সেই জল লইলে কি আনাইলে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

যে ব্যক্তি জলযোগাইবার কোন কল বসান কমিশ্যনরগণের স্থানে তাঁহার লাইসেন্স পাইতে হইবার কথা।

১৫৪ ধারা। কোন ঘরে কি ভূমিতে কমিশ্যনরগণের কোন জলের নল হইতে জল যোগাইয়া দিবার নিমিত্তে যে কার্য্য করা আবশ্যক কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে প্লম্বরস্বরূপ কর্ম্ম করিবার জন্য তাঁর লাইসেন্স না পাইলে, সেই কার্য্য করিতে পারিবেন না। কমিশ্যনরগণ সময়ে২ যে নিয়ম ও বিধি নির্দ্দেশ করেন তদনুসারে তাঁহাকে সেই ক্ষমতা দিবেন ও তাহার লাইসেন্সের পৃষ্ঠে ঐ নিয়ম ও বিধি ছাপা থাকিবে। কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে প্লম্বরের লাইসেন্স পাইলেও যে নিয়ম ও বিধিমতে লাইসেন্স পাইলেন তাহা লঙ্ঘন কি অমান্য করিলে কমিশ্যনরগণের দ্বারা উ হার সেই লাইসেন্স তৎক্ষণাৎ রহিত করা যাইতে পারিবে। ও তাঁহার ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেন

দণ্ডের কথা।

কমিশ্যনরগণের নলের সঙ্গে স্বামীর কি প্রজার নলসংযোগ করিবার দাওয়ার অধিকার যে স্থানে না থাকে তাহার কথা।

১৫৫ ধারা। কোন ঘরের কি ভূমির স্বামী কি প্রজা কমিশ্যনরগণের লাইসেন্স প্রাপ্ত প্লম্বর ছাড়া কোন ব্যক্তির দ্বারা কমিশ্যনরগণের জলের নল হইতে জল আনাইবার কোন কার্য্য করাইলে কি নল কি সাজসরঞ্জাম বসাইলে কি বসাইতে দিলে কমিশ্যনরগণের নলের সঙ্গে তাঁহার সেই নল সংযোগ করিতে দিবার দাওয়াকরিবার অধিকার নাই।

সংযোগ করিবার পূর্ব্বে কমিশ্যনরগণের ইঞ্জিনিয়রের সকল কার্য্য ও নল দেখিতে হইবার কথা।

১৫৬ ধারা। কোন ঘরে কি ভূমিতে জল যোগাইবার নিমিত্ত কমিশ্যনরগণের জলের নলের সঙ্গে নল সংযোগ করিবার অনুমতি দেওয়ার পূর্ব্বে, কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের দ্বারা সেই ঘরের কি ভূমির অন্তর্গত সকল কার্য্য ও নল ও সাজ সরঞ্জাম দেখিয়া লইবেন। যে ব্যক্তি নল সংযোগ করিবার প্রার্থনা করেন ঐ দেখিয়া লওয়ার খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যনরগণ নিয়মিত সভা ছাড়া অন্য সভায় সময়ে২ যে হার নির্দ্ধার্য্য করেন সেই হারানুসারে ঐ খরচ দিতে হইবে। ও সেই কার্য্য ও নল ও সাজসরঞ্জাম উপযুক্তমতে করা গিয়াছে ও সন্তোষ জনক রূপে বসান গিয়াছে কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র যতকাল এই মর্ম্মের সার্টিফিকেট না দেন; ততকাল কমিশ্যনরগণের নলের সঙ্গে সংযোগ করিবার অনুমতি হইবে না।

জলের নলের সঙ্গে সংযোগ করণ কেবল কমিশ্যনরগণের কার্য্যকারক-দ্বারা হইবার কথা।

১৫৭ ধারা। কমিশ্যনরগণের নলের সঙ্গে অন্য নল সংযোগ করণ ও কোন রাজপথের কি লোকদের গমনীয় পথের নীচে জল যোগাইবারনল বসাইবার কার্য্য কমিশ্যনরগণের তদর্থে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা করা যাইবে না। ও যে ব্যক্তি সংযোগ করিতে প্রার্থনা করেন, ঐ কার্য্যের খরচ তাঁহার আগাম দিতে হইবে। কমিশ্যনরগণ নিয়মিত সভাছাড়া কোন সভায় সময়ে২ যে হার নিরূপণ করেন.ঐ খরচ সেই হারানুসারে দেওয়া যাইবে।

১৫৮ ধারা। লাইসেন্সপ্রাপ্ত কোন প্লম্বর কমিশ্যনরগণের নল হইতে কোন ঘরে কি ভূমিতে জল আনাইবার কোন কার্য্য কি সাজসরঞ্জাম শৈথিল্য ভাবে ও অমনোযোগ সহকারে করিলে, বা বসাইলে কিম্বা নিকৃষ্ট সাজসরঞ্জাম দিলে ঐ লাইসেন্সপ্রাপ্ত প্লম্বরের ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। তৃতীয়বার তাহার সেই দোষ নির্ণয় হইলে কমিশ্যনরগণের বিবেচনামতে তাহার লাইসেন্স রহিত করা যাইতে পারিবে।

লাইসেন্সপ্রাপ্ত কোন প্লম্বর নিকৃষ্টরূপে কর্ম্ম করিলে দণ্ডের কথা।

১৫৯ ধারা। উক্ত কমিশ্যনরগণের জলের কল কিম্বা তাঁহাদের তত্ত্ব কি কর্ত্তৃত্বাধীন কোন জলের কল হইতে, কিম্বা যে জল কি স্রোত হইতে ঐ কলের জল পাওয়া যায় কোন ব্যক্তি অবৈধমতে তাহা হইতে জল নিঃসৃত করাইয়া দিলে কি জল বাহির করাইলে কি অন্য মুখ করিলে কি গ্রহণ করিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

জল আটকাইবার কি অন্য মুখ করাইবার কথা।

১৬০ ধারা। কোন প্রজা ঘরের নিজ স্বামির স্থানে পাট্টা পাইয়া ঐ ঘরে থাকিলে তিনি স্বামির নামে নোটিস লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ঐ ঘরের স্বামিকে এই আদেশ করিতে পারিবেন, যে গৃহকার্য্যের নিমিত্তে ঐ ঘরে জল আনাইবার আবশ্যক সকল কার্য্য করিয়া দেন।

জল যোগাইয়া দিবার নিমিত্ত যেং কার্য্য করা প্রয়োজন স্বামির দ্বারা সেইং কার্য্য করাইবার ক্ষমতার কথা।

সেই নোটিসে ঐ প্রজার এমত করার লিখিয়া দিতে হইবে যে, ঐ কার্য্য করিতে যত টাকা খরচ লাগে তাহা সমাপ্ত হইবার তারিখ অবধি তিনি যত দিন সেই ঘরে থাকিবেন তত দিন ঐ খরচের উপর মাসে শতকরা ১০ টাকার হিসাবে সুদ দিবেন।

কিন্তু যে রাস্তায় জলের বড় নালা থাকে, ঐ ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকিলে, জলের যে বড় নালা নিকটে থাকে তাহার সঙ্গে ঘর সংযোগ করিবার নল করিয়া দিতে যত খরচ লাগে, ঐ প্রজা সেই করারনামায় ঐ খরচও দিবার করার করিবেন।

১৬১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিসের কথা লেখা আছে, সেই নোটিস দেওয়া গেলে পর, যদি স্বামী তিন মাসের মধ্যে পূর্ব্বোক্ত আবশ্যক সকল কার্য্য সমাপ্ত করিয়া না দেন, তবে যে প্রজা ঐ নোটিস দিলেন তিনি তাহা সমাপ্ত করাইয়া লইতে পারিবেন, এবং যে রাস্তায় জলের বড় নল থাকে ঘর ও বাড়ী এমত রাস্তার ধারে না থাকাতে তাহার সঙ্গে ঐ ঘর ও বাড়ী সংযোগ করিবার নল বসাইয়া দিতে যত খরচ লাগে তাহা ছাড়া, তিনি ঐ কার্য্যে আর যত টাকা খরচ করিলেন তাহা ঐ ঘরের ভাড়া হইতে কাটিয়া লইতে পারিবেন। ঐ টাকা ছয় মাসের সমানং কিস্তি করিয়া কাটিয়া লওয়া যাইবে।

স্বামি না করিলে প্রজার করিবার ক্ষমতার কথা।

যে তারিখ অবধি তাহা কাটিয়া লওয়া যায়, সেই তারিখ অবধি প্রজা উক্ত প্রত্যেক কিস্তির উপর স্বামিকে মাসে শতকরা ১০ টাকার হিসাবে সুদ দিবেন।

১৬২ ধারা। ঘরের একং তালায় দুইটি কাক, ও সেই ঘরের রন্ধনাগারে একটা, ও বাড়ীর মধ্যে কিম্বা আস্তাবলে কি তাহার নিকটে আর একটি কাক না দেওয়া গেলে, ও তৎসংক্রান্ত আবশ্যক সকল কর্ম্ম করা না গেলে, ঘরের কার্য্যের নিমিত্তে প্রচুর জল যে দেওয়া গেল এমত জ্ঞান করিতে হইবে না।

কোন ঘরের নিমিত্ত যেং কার্য্য করিতে হইবে তাহার কথা।

কিন্তু যদি ঘরের ও তৎসংযুক্ত ভূমির ভাড়া বৎসর তিন শত টাকার কম হয়, তবে উক্ত বাড়ীর মধ্যে একটি কাক ও তৎসংক্রান্ত অন্য আবশ্যক কর্ম্ম করিয়া দেওয়া গেলে তাহাই প্রচুর বলিয়া জ্ঞান হইবে।

১৬৩ ধারা। স্বামী অপরের ঘরে জল আনাইবার উপক্রম করিলে, প্রজার নিকট ঐ কর্ম্মের খরচের বিবরণ ও ইষ্টিমেট না পাঠাইলে, কিম্বা প্রজা ঐ কর্ম্ম করিবার উপক্রম করিলে স্বামীর নিকট ঐ কর্ম্মের খরচের বিবরণ ও ইষ্টিমেট না পাঠাইলে, সেই কর্ম্ম আরম্ভ করিবেন না।

যে কর্ম্ম করিতে হইবে তাহার ইষ্টিমেট ও বর্ণনার কথা।

১৬৪ ধারা। যে কার্য্য করিতে প্রস্তাব হয় তাহাই প্রচুর হইবে কি না এই বিষয়ে কিম্বা খরচের বিষয়ে স্বামীর ও প্রজার মধ্যে অনৈক্য হইলে স্বামী কিম্বা প্রজা কমিশ্যনরগণের প্রতি ঐ বিবাদ অর্পণ করিতে পারিবেন, এবং কমিশ্যনরগণের ইঞ্জিনিয়র সাহেব কিম্বা সেই কার্য্যের নিমিত্ত অন্য যে কার্য্যকারক ক্ষমতাপ্রাপ্ত হন তিনি যে মীমাংসা লিখিয়া দেন স্বামী ও প্রজা তাহাতে বদ্ধ থাকিবেন।

সালিসীতে অর্পণ করিবার ক্ষমতার কথা।

১৬৫ ধারা। যে ঘরে কি ভূমিতে জল যোগাইয়া দিবার বিষয় ঐ বিবাদ হয় সেই ঘরের কি ভূমির মাসিক খাজানা যত শত টাকা হয়, ঐ বিবাদ কমিশ্যনরদের প্রতি অর্পণ করা প্রযুক্ত তাঁহাদিগকে প্রতি শতের উপর দুই টাকার হারে ফী দিতে হইবে।

বিবাদ অর্পণ হইলে যে ফী দিতে হইবে তাহার কথা।

কিন্তু কখন দশ টাকার অধিক ফী লাগিবে না, ও যে ব্যক্তি বিবাদ অর্পণ করেন তিনি ঐ ফী দিবেন।

১৬৬ ধারা। প্রকারান্তরের বিশেষ করার না থাকিলে, কোন ঘরের বা ভূমির স্বামী উক্ত ঘরে কি ভূমিতে জল আনাইবার কার্য্য সকল উপযুক্ত মতে সারাইয়া রাখিবার খরচ দিবেন।

স্বামির সেই কার্য্য সারাইয়া রাখিতে হইবার কথা।

কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে পাট্টা লিখিয়া কি করিয়া দেওয়া যায় তদনুসারে উভয় পক্ষে যেং দায় থাকে এই ধারার কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

১৬৭ ধারা। ১৬০ ও ১৬১ ধারামতে স্বামীর টাকা পাওনা থাকিলে, যে ঘরের নিমিত্ত ঐ টাকা খরচ হইল, তিনি ঐ ঘরের ভাড়া যে প্রকারে আদায় করিতে পারিতেন, সেই প্রকারে ঐ

টাকা দেনা থাকিলে স্বামির তাহা আদায় করিবার ক্ষমতার কথা।

টাকাদাযি ব্যক্তির স্থানে তাহা আদায় করিয়া লইতে পারিবেন।

পুষ্করিণী প্রভৃতি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।

১৬৮ ধারা। সাধারণের ব্যবহার্য্য সকল পুষ্করিণী ও জলাশয় ও জলাধার ও কূপ ও মুহরি ও জলনালা ও সুড়ঙ্গ ও নল ও কল ও জলের অন্য সকল কার্য্য কমিশ্যনরগণের খরচে কিম্বা প্রকারান্তরেও করা কি বসান কি নির্ম্মাণ করা গেলে ঐ পুষ্করিণী প্রভৃতি ও তৎসম্পর্কীয় কি তৎসংযুক্ত সকল পুল ও কোঠা ও কল ও বিষয় ও সরঞ্জাম ও দ্রব্য এবং সাধারণের ব্যবহার্য্য পুষ্করিণী সংক্রান্ত যে ভূমি কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে নয় সেই ভূমি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে।

দুর্গন্ধজনক ব্যবসায় দ্বারা জল ময়লা করিবার কথা।

১৬৯ ধারা। কোন ব্যক্তি কোন গ্যাসের কারখানার অধিকারী হইয়া,

কিম্বা গ্যাস প্রস্তুত করিবার কি যোগাইয়া দিবার কার্য্যে নিযুক্ত থাকিয়া,

কিম্বা যেস্থানে দুর্গন্ধজনক ব্যবসায় কি কারখানা চলে এমত স্থানের প্রজা কি স্বামী হইয়া,

কমিশনরদের কোন স্রোতের কি পুষ্করিণীর কি জলাশয়ের কি কূপের কি জলাধারের কি মুহরির কি জলনালার কি জলসংক্রান্ত অন্য কার্য্যের জল যাহাতে ময়লা কি নষ্ট হয়, ঐ ব্যবসায় সম্পর্কে ইচ্ছাপূর্ব্বক এমত কোন কর্ম্ম করিলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘন্টা থাকিতে নোটিস লিখিয়া দিয়া ঐ ব্যক্তির কোন নল কি মুহরি কি কল খুলিয়া দেখিতে পারিবেন।

ও তদ্রূপে দেখিলে পর ঐ নল কি মুহরি কি কল হইতে যে বিষয় বাহির হয় কি তাহার মধ্যে যে বিষয় থাকে তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হইয়াছে দেখিতে পাইলে, ঐ নল কি মুহরি কি কল যে ব্যক্তির হয় কি যাহার অধীনে কি তত্ত্বাবধারণে থাকে তাঁহারদের সেই দেখিয়া লইবার খরচ দিতে হইবে।

কিন্তু তদ্দ্বারা জল ময়লা কি নষ্ট হয় নাই. ইহা দেখিতে পাইলে ঐ সকল খরচ এবং ঐ নল প্রভৃতি দেখিয়া লওয়াতে যে হানি হয় তাহা কমিশ্যনরগণের দিতে হইবে।

জল যোগাওন দ্বারা যে রেট ও টাকা পাওয়া যায় তাহা যে কার্য্যে প্রয়োগ হইবে তাহার কথা।

১৭০ ধারা। জলের রেট এবং জল যোগাওনের কিম্বা তৎসম্পর্কীয় কার্য্য করণের দ্বারা যে সকল টাকা আদায় হয় কি পাওয়া যায় কি ফিরিয়া পাওয়া যায়, এবং জল যোগাওনের সম্পর্কে কিম্বা তৎসম্পর্কীয় কোন বিষয়ের নিমিত্ত যে সকল অর্থদণ্ড আদায় হয়, উক্ত কমিশ্যনরগণ সেই সকল টাকা লইয়া উক্ত জলসংক্রান্ত কার্য্য প্রস্তুত করণের ও বাড়াইয়া দেওনের ও সারাইয়া রাখনের খরচ শোধ করিবেন,

ও উক্ত জলসংক্রান্ত কার্য্যের নিমিত্ত যে টাকা ঋণ লওয়া যায় তাহার সুদ দিবেন,

ও তৎসংক্রান্ত ঋণ কিম্বা জল যোগাওন সম্পর্কীয় অন্য কার্য্যের নিমিত্ত যে ঋণ লওয়া যায় সেই ঋণ শোধ করিবেন।

অষ্টম অধ্যায়।

রাস্তাদি পরিষ্কার করণের রেটের কথা।

রাস্তাদির পরিষ্কার করণের রেট ঘরের রেটের ফণ্ডে জমা দিবার কথা।

১৭১ ধারা। ঘরের রেটের উৎপন্ন টাকা যে ফণ্ডে জমা দেওয়া যায় রাস্তাদি পরিষ্কার করণের রেটের উৎপন্ন টাকা সেই ফণ্ডে জমা দেওয়া যাইবে ও কলিকাতার রাস্তাদি পরিষ্কার করণের খরচ দিতে যত দূর কুলায় তত দূর ঐ টাকা ব্যবহার করা যাইবে।

নবম অধ্যায়।

নগরের ও শহরতলীর জল বাহির হইবার বিধানের কথা।

নগরের জল বাহির হইবার পথ কমিশ্যনরগণের করিবার কথা।

১৭২ ধারা। কমিশ্যনরদের বিবেচনায় জল বাহির হইবার জন্য নরদমার ও পয়নালার যেরূপ নিয়ম করা উপযুক্ত হয়, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে, ও ঐ গবর্ণমেণ্ট সময়২ তাহার যদ্রূপে পরিবর্ত্তন করিতে আজ্ঞা করেন তদ্রূপে মুনিসিপালিটীর মধ্যে নরদমা ও পয়নালা প্রস্তুত করাইয়া দিবেন।

দশম অধ্যায়।

জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণের কথা।

জন্মের ও মৃত্যুর রেজিষ্টর রাখিতে ও রেজিষ্ট্রার নিযুক্ত করিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

১৭৩ ধারা। মুনিসিপালিটীর মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয় কমিশ্যনরগণ আপনাদের আফিসে তাহার রেজিষ্টর রাখিবেন। এই কার্য্যহেতুক তাঁহারা যত পল্লী করিয়া মুনিসিপালিটী বিভাগ করা উচিত বোধ করেন তত পল্লীতে ভাগ করিয়া প্রত্যেক পল্লীতে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহার রেজিষ্ট্রার বলিয়া কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, আরও শবদাহ করিবার ঘাটে ও এদেশীয় লোকদের কবর স্থানে দাহ করিবার কি কবর দিবার জন্যে যত শব আনা যায়, কমিশ্যনরগণ তাহা রেজিষ্টর করিবার জন্যে উক্ত প্রত্যেক ঘাটে ও কবর স্থানে এক২ জন সবরেজিষ্ট্রার নিযুক্ত করিবেন।

রেজিষ্ট্রারদের আপন২ পল্লীতে বাস করিবার কথা ও রেজিষ্ট্রারদের নির্ঘণ্টপত্র প্রকাশ প্রভৃতির করিবার কথা।

১৭৪ ধারা। যে ব্যক্তি যে পল্লীর রেজিষ্ট্রার হন তিনি সেই পল্লীতে বাস করিবেন, ও প্রত্যেক জন সবরেজিষ্ট্রার শবদাহ করিবার যে ঘাটে কি এদেশীয় লোকদের যে কবর স্থানে নিযুক্ত হন, তাহার নিকটে বাস করিবেন, এবং যে২ পল্লীতে নিযুক্ত হন আপন২ বাসস্থানের বাহিরের দ্বারে কি তাহার নিকট কোন প্রকাশ স্থানে সেই২ পল্লীর রেজিষ্ট্রার কিম্বা শবদাহ করিবার ঘাটের কি এদেশীয় লোকদের কবরস্থানের সবরেজিষ্ট্রার বলিয়া আপনাদের নাম লাগাইয়া রাখিবেন, এবং কমিশ্যনরগণ নগরের প্রত্যেক

জন রেজিষ্ট্রারের ও সবরেজিষ্ট্রারের নামের ও বাসস্থানের নির্ঘণ্টপত্র ছাপাইয়া প্রকাশ করিবেন।

কমিশ্যনরগণের রেজিষ্টরি বহী প্রস্তুত করিয়া ও নম্বর দিয়া রাখিবার কথা।

১৭৫ ধারা। মুনিসিপালীটির মধ্যে যত জনের জন্ম ও মৃত্যু হয় তাহা লিখিয়া রাখিবার নিমিত্ত যত খানি রেজিষ্টরী বহীর আবশ্যক, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইয়া ছাপাইয়া রাখিবেন। অষ্টম ও নবম তফসীলে যেং পাঠ নির্দ্দিষ্ট হইল ঐ রেজিষ্টর সেইং পাঠানুসারে লেখা যাইবে, ও সেই বহীর পৃষ্ঠায়ং প্রথমাবধি শেষ পর্য্যন্ত ১ একাদিক্রমে অঙ্ক দেওয়া যাইবে।

জন্মের ও মৃত্যুর সন্ধান রেজিষ্ট্রারের জানিয়া লইতে ও রেজিষ্টরী করিতে হইবার কথা।

১৭৬ ধারা। কোন পল্লীর মধ্যে যাহার জন্ম ও যাহার মৃত্যু হয় ঐ পল্লীর রেজিষ্ট্রার তদ্বিষয়ের সন্ধান জানিয়া লইবেন, ও পূর্ব্বে কোন ব্যক্তির জন্ম কি মৃত্যু রেজিষ্টরী করা না গেলে অষ্টম ও নবম তফসীলের পাঠানুসারে তাহার যেং বর্ণনা রেজিষ্টরী করা আবশ্যক, সুবিধামতে শীঘ্র করিয়া তাহার সন্ধান জানিয়া ফী ও পুরস্কার না লইয়া তাহার রেজিষ্টরী করিবেন। ঐ সকল কথা ক্রমশঃ বহীর প্রথমাবধি আরম্ভ করিয়া সমাপ্তি পর্য্যন্ত লিখিতে হইবে।

আট দিনের মধ্যে জন্মের কথা জানাইতে হইবার কথা।

১৭৭ ধারা। মুনিসিপালিটীর মধ্যে জন্ম হইলে জন্মের পর আট দিনের মধ্যে শিশুর পিতা কি মাতা, কিম্বা পিতা ও মাতার মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাঁহারা উপস্থিত না থাকিলে কি অশক্ত হইলে, যে ঘরে শিশুর জন্ম হয় সেই ঘরের প্রজা এই আইনমতে শিশুর জন্ম বিষয়ের যেং বর্ণনা জানিয়া রেজিষ্টরী করিতে হইবে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর রেজিষ্ট্রারকে সেই বর্ণনা জানাইবেন।

মৃত্যুর সম্বাদ দিতে হইবার কথা।

১৭৮ ধারা। নগরের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে এই আইনমতে মৃত্যু সম্পর্কীয় যেং বর্ণনা জানিয়া রেজিষ্টরী করিতে হইবে, যাঁহারা ঐ ব্যক্তির মরণ সময়ে উপস্থিত ছিলেন, কিম্বা চরম পীড়ার সময়ে তাঁহার সেবা করিয়াছিলেন, তাঁহাদের কোন এক জন কিম্বা উক্ত সকল ব্যক্তির মৃত্যু কি পীড়া হইলে কিম্বা তাঁহারা সকলেই অশক্ত হইলে কিম্বা না জানাইলে, যে ঘরে ঐ ব্যক্তির মৃত্যু হয় সেই ঘরের প্রজা, কিম্বা নিজে প্রজার মৃত্যু হইলে অন্য যে ব্যক্তি ঐ ঘরে বাস করেন তিনি অবিলম্বে আপনার জ্ঞান ও বিশ্বাসমতে পল্লীর সবরেজিষ্ট্রারকে কিম্বা শবদাহের ঘাটের কি কবর স্থানের রেজিষ্ট্রারকে ঐ বর্ণনা জানাইবেন।

কিন্তু কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে পূর্ব্বোক্ত সন্ধান জানাইবার পরিবর্ত্তে, যে চিকিৎসক ঐ হাস্পাতালের অধ্যক্ষতা করেন, তিনি নবম তফসীলের নির্দ্ধারিত পাঠে আপনার অধীন হাস্পাতালে মৃত্যুর নোটিস লিখিয়া একেবারেই কমিশ্যনরদের নিকট পাঠাইবেন।

দণ্ডের কথা।

১৭৯ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে রেজিষ্ট্রারকে কি সবরেজিষ্ট্রারকে সন্ধান জানান যে ব্যক্তিদের কর্ত্তব্য, তাঁহারা তদ্রূপ সন্ধান জানাইতে না চাহিলে কি শৈথিল্য করিলে কি মিথ্যা সন্ধান জানাইলে, তাঁহাদের ২০৲ টাকার অনধিক দণ্ড হইবে।

যাঁহারা সন্ধান জানান রেজিষ্টরে তাঁহাদের স্বাক্ষর করিতে হইবার কথা।

১৮০ ধারা। এই আইনমতে জন্মের কি মৃত্যুর রেজিষ্টরী বহীতে যেং সন্ধান লিখিতে হইবে, যে ব্যক্তি ঐ সন্ধান জানান, তিনি রেজিষ্টরী বহীতে আপনার নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান লিখিবেন। ঐ ব্যক্তি তদ্রূপে স্বাক্ষর না করিলে, ঐ রেজিষ্টরী কার্য্য সম্পাদন হইল বলিয়া জ্ঞান হইবে না, ও তাহার কোন ফল হইবে না।

কিন্তু কোন ব্যক্তি লিখিতে না জানিলে, রেজিষ্ট্রার তাহার নিমিত্ত লিখিয়া রেজিষ্টরে স্বাক্ষর করিতে পারিবেন।

আরো কোন ব্যক্তি হাস্পাতালে মরিলে, যিনি সেই হাস্পাতালে চিকিৎসকতা কার্য্যের ভারপ্রাপ্ত থাকেন, ১৭৮ ধারার বিধানমতে কমিশ্যনরগণ তাঁহার স্বাক্ষরে লিখিত নোটিস পাইলে সেই মৃত্যুর সম্পূর্ণরূপে রেজিষ্টরী হইয়াছে এমত জ্ঞান হইবে।

শব কবর দিবার কি দাহ করিবার পূর্ব্বে সর্টিফিকেট দেখাইতে হইবার কথা।

১৮১ ধারা। কবর স্থানে কিম্বা দাহ করিবার স্থানে শব আনা গেলে, যদি সেই শবের সঙ্গেং নবম তফসীলের নির্দ্ধারিত পাঠে সর্টিফিকেট না আনা হয় ও সেই সর্টিফিকেটে যদি ১৭৬ ধারামতে নিযুক্ত রেজিষ্ট্রারের কি সবরেজিষ্ট্রারের কিম্বা চিকিৎসকের স্বাক্ষর না থাকে, তবে ঐ ঘাটের কি কবর স্থানের রক্ষক ঐ শব কবর দিবে কি দাহ করিবে না ও কবর দিতে কি দাহ করিতে দিবে না।

দণ্ডের কথা।

১৮২ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে সর্টিফিকেটের কথা লেখা আছে, কোন ব্যক্তি সেই সর্টিফিকেট না পাইয়াও শব কবর দিলে কি দাহ করিলে কি কবর দিতে কি দাহ করিতে অনুমতি দিলে তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

লোক গণনার কথা।

লোক সংখ্যা লওয়ার কথা।

১৮৩ ধারা। কমিশ্যনরগণ সময়েং যেং সময় ও যেং নিয়ম নিরূপণ করেন, সেইং সময়ে মুনিসিপালিটীর মধ্যে যত লোক থাকে তাহাদের সংখ্যা সেই নিয়মমতে লওয়া যাইবে। যাঁহারা ঐ লোক সংখ্যা লন তাঁহারা পশ্চাৎ লিখিতমত ঐ লোকদের নানা বৃত্তান্তও লিখিয়া লইবেন।

লোক সংখ্যা লওয়ার কার্য্য সভাপতির কি প্রতিনিধি সভাপতির তত্ত্বাধীন হওয়ার কথা।

১৮৪ ধারা। সভাপতি কি প্রতিনিধি সভাপতি ঐ সংখ্যা লওন কার্য্যের তত্ত্বাবধান করিবেন, ও যে ব্যক্তিদিগকে ঐ কর্ম্মে নিযুক্ত করা যাইবে তাঁহাদের যেং পাঠের ব্যবহার করা ও তাঁহাদিগকে যেং উপদেশ দেওয়া আবশ্যক জ্ঞান করেন স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া সেইং পাঠ ও উপদেশ প্রস্তুত করাইয়া প্রচার করিবেন

ইহাতে যে খরচ লাগে তাহা মুনিসিপল ফণ্ড হইতে দেওয়া যাইবে।

সংখ্যা গ্রহণ সম্পর্কীয় পল্লির কথা।

১৮৫ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত পোলীসের এক২ এলাকা লইয়া লোক সংখ্যা গ্রহণের এক২ কিম্বা কএক পল্লী করা যাইবে।

নিরূপিত সময়ে ঘরের প্রজাদের আবশ্যক সন্ধান জানাইতে হইবার কথা।

১৮৬ ধারা। ১৮৩ ধারামতে যে২ দিন নিরূপিত হওয়া স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক কলিকাতা গেজেটে তাহার নোটিস প্রচার করা যায়, সেই২ দিনে প্রত্যেক বসতবাটীর প্রজা কিম্বা প্রজারা ঐ বাটীর নানা ভাগে পৃথক২ থাকিলে ঐ২ ভাগের প্রজারা, এবং যে২ ব্যক্তিকে ১৮৮ ধারার লিখিত পাঠ দেওয়া যায়, ঐ দিনের পূর্ব্ব রাত্রিতে তাঁহার ঘরে কিম্বা তাঁহার অধিকার স্থানে যত জন ছিলেন, তাঁহাদের বিষয়ে এই আইন অনুসারে যে প্রকারের যে সন্ধান লিখিবার আজ্ঞা হয় সেই সন্ধান সেই প্রকারে লিখিয়া জানাইবেন।

সংখ্যা লওনের নিমিত্তে যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহাদের কথা।

১৮৭ ধারা। সংখ্যাগ্রাহক বলিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন যত ব্যক্তির প্রয়োজন সভাপতি তাহাদিগকে মনোনীত করিবেন সভাপতির আদেশমতে ও তাঁহারা প্রত্যেক জন আপন২ পল্লীর অন্তর্গত প্রত্যেক ঘরে যাইবেন, পূর্ব্বোক্তমতে যে দিন নিরূপণ হয় সেই দিনের পূর্ব্ব রাত্রিতে জীবিত যত ব্যক্তি সেই২ ঘরে ছিল, পশ্চাৎলিখিত উপাধির বিধান মানিয়া, তাহাদের নাম ও পুরুষ বা স্ত্রী ও বয়স ও জাতি ও জন্মদেশ ও ব্যবসায় লিখিয়া লইবেন, ও আপন পল্লীর অন্তর্গত যত ঘরে প্রজা থাকে ও তৎকালে নির্ম্মীয়মান যত ঘরে প্রজা নাই ও অন্য যত ঘর খালি থাকে সেই২ ঘরেরও হিসাব লইবেন। ও সভাপতি এই বিষয়ে যে২ উপদেশ দেন ঠিক সেই২ উপদেশমতে কর্ম্ম করিয়া তাহা মানিবেন।

পরন্তু স্ত্রীর নাম ও বয়স লিখিয়া লইতে হইবে না।

সংখ্যা লইবার ফারমের কথা

১৮৮ ধারা। কোন বসতবাটীর প্রজা লিখিতে পারিলে সভাপতি যদি বিহিত বোধ করেন তবে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় সভাগত কমিশ্যনরগণ যে পাঠের ব্যবহার করিতে অনুমতি দেন, তিনি সেই পাঠে একখানি ফারম ঐ প্রজাকে দেওয়াইবেন, তাহা হইলে ঐ ফারমে যে সকল বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে ঐ প্রজা নিরূপিতদিনে সেই সকল বৃত্তান্ত লিখিয়া রাখিবেন ও যে ব্যক্তি তাহা লইয়া যাইবার নিমিত্ত নিযুক্ত হন তাঁহার দাওয়ামতে তাঁহাকে দিবেন।

সৈনিক ও জাহাজীয় মালিম প্রভৃতির আজ্ঞা পাইলে সংখ্যা গ্রাহকের কর্ম্ম করিতে হইবারকথা।

১৮৯ ধারা। সৈনিক বা জাহাজীয় যে কর্ম্মকারকদের অধীনে সেনাদল কি জাহাজীয় লোক কি যুদ্ধের হাজ থাকে, তাঁহারা কি সওদাগরী জাহাজের কাপ্তান, কিম্বা কোন জাহাজের কি নৌকার নাখোদা কি তিণ্ডেল, কিম্বা শিশু ব্যক্তিদের আশ্রয় বাটী কি হাস্পাতালের কি কারাগারের কিম্বা দাতব্যকার্য্যার্থ কি বিদ্যাশিক্ষার্থ সাধারণ কি ব্যক্তিবিশেষের আলয়ের অধ্যক্ষ, কিম্বা হোটেলের কি পান্থ ঘরের রক্ষক আজ্ঞা পাইলে, নিরূপিত দিনের পূর্ব্ব রাত্রিতে আপনদের আজ্ঞাধীন কি তত্ত্বাধীন লোকদের কি আপনাদের গৃহবাসিদের সংখ্যা লইবার নিমিত্তে সংখ্যাগ্রাহকের কর্ম্ম করিবেন।

দণ্ডের কথা।

১৯০ ধারা। কোন ব্যক্তির প্রতি ১৮৮ ধারামতে কোন ফারম পূর্ণ করিয়া দিতে কিম্বা ১৮৯ ধারামতে লোকদের সংখ্যা গ্রাহকের কর্ম্ম করিতে আজ্ঞা হইলে, তিনি তাহা না করিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

যাঁহাদের প্রতি এইরূপে সংখ্যা গ্রাহকের কর্ম্ম করিতে আদেশ থাকে, সভাপতি সেই কার্য্যপক্ষে তাঁহাদের নিকট লিখিয়া যে উপদেশ দেন, তাঁহারা তাহা লইয়া সেই সকল উপদেশমতে কর্ম্ম করিবেন।

নিরাশ্রয় ব্যক্তিদের নির্ণয়ের কথা।

১৯১ ধারা। এই আইনমতে যে সকল বৃত্তান্ত লওয়া প্রয়োজন, যে সকল ব্যক্তি নিরাশ্রয়ী ও নিরূপিত দিনের অব্যবহিত পূর্ব্ব রাত্রিতে যাহারা কর্ম্মোপলক্ষে ঘরের বাহিরে থাকেন কিম্বা সংখ্যা গ্রাহকের যে২ ঘরের হিসাব লইতে হইবে যে ব্যক্তিরা অন্য কারণে এমত ঘরে না ছিলেন, তাঁহাদের বিষয়ে সেই বৃত্তান্ত জানিবার জন্য সভাপতি যে২ উপায় ও নিয়ম করা অত্যুপযুক্ত জ্ঞান করেন, সভাগত কমিশ্যনরগণ অনুমোদন করিলে সেই২ উপায়ে ও নিয়মে ঐ বৃত্তান্ত গ্রহণ করিবেন।

লিখিতে অপারগ লোকদের জন্য সংখ্যা গ্রাহকের লিখিতে হইবার কথা।

১৯২ ধারা। যাহারা লিখিতে না পারে সংখ্যাগ্রাহকেরা তাহাদের জন্যে ফারমের সকল কথা লিখিয়া দিবেন।

একাদশ অধ্যায়।

নগর পরিষ্কার ও উৎকৃষ্ট করিবার বিধি।

১ পরিচ্ছেদ।—রাস্তার কথা।

রাজপথ কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।

১৯৩ ধারা। মুনিসিপালিটীর মধ্যে যে সকল রাস্তা গবর্ণমেণ্টের সম্পত্তি নয় ও গবর্ণমেণ্টের কর্তৃত্বাধীনে না রাখা যায় সেই সকল রাস্তা ও তাহার শান পাথর ও অন্য সরঞ্জাম এবং ঐ২ রাস্তার নিমিত্ত যে সকল গাথনি ও সরঞ্জামও হাতিয়ার ও অন্য দ্রব্যের বিধান হয় তাহা সকলই কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে ও তাঁহাদেরই হইবে।

রাস্তা করিবার ও তাহা উৎকৃষ্ট করিবার ক্ষমতার কথা।

১৯৪ ধারা। নিম্নলিখিত কোন কার্য্যের নিমিত্তে কোন ঘর কি ভূমি লওয়া প্রয়োজন হইলে কমিশ্যনরগণ উপযুক্তমতে ঐ ঘর প্রভৃতির স্বামিদের ও প্রজাদের হানি পূরণ করিয়া তাহা লইয়া,

(ক) নূতন২ রাস্তার চিহ্নাদি দিয়া তাহা প্রস্তুত করিতে পারিবেন,

(খ) নূতন পুল গাঁথিয়া প্রস্তুত করিতে পারিবেন।

(গ) কোন সরকারী রাস্তা ফিরাইতে কি অন্য মুখ করিতে কিম্বা তাহার ব্যবহার রহিত করাইতে কি তাহা বন্ধ করিতে পারিবেন, ও

(খ) তদ্রূপ কোন পথ পরিসর করিতে কি খুলিয়া কি বাড়াইয়া দিতে কিম্বা প্রকারান্তরে তাহা উৎকৃষ্ট করিতে পারিবেন।

সরকারী রাস্তা করিবার কিম্বা উৎকৃষ্ট করিবার জন্য যেং ঘর ও কোটা গাথা উচিত, তাহার জন্য যে ভূমি লওয়া আবশ্যক, সভাগত কমিশ্যনরগণ এই ধারার কার্য্য পক্ষে তাহা ক্রয় করিতে পারিবেন।

রাস্তা সারাইয়া রাখিবার কথা।

১৯৫ ধারা। মুনিসিপল ফণ্ড হইতে যতদূর হইতে পারে, কমিশ্যনরগণ সময়েং সরকারী সকল রাস্তা ততদূর সারাইয়া রাখিবেন ও তদর্থে সাধারণের নিরাপদের ও সুবিধার জন্য যে সকল কর্ম্ম করা আবশ্যক তাহাও করিতে পারিবেন।

আলোর রেটদ্বারা যোটে যে টাকা উৎপন্ন হয়, আলো দেওনে তাহা খরচ করিবার কথা।

১৯৬ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালিটীর সকল সরকারী রাস্তায় উপক্রমমতে আলো দেওয়াইবেন। আলোর রেট দ্বারা যোটে যত টাকা উৎপন্ন হয় বৎসরং ঐং পথে আলো দিবার চলিত খরচের জন্য তত টাকা প্রয়োগ হইবে তাহার অধিক নয়। কিন্তু লাণ্ঠন ও লাঠনের থাম ও নল প্রভৃতি প্রয়োজনীয় অন্য সরঞ্জাম ক্রয় করিবার ও বসাইবার ও পরিষ্কার ও রক্ষা করিবার জন্য আর যত টাকা আবশ্যক কমিশ্যনরগণ মুনিসিপল ফণ্ড হইতে সময়েং তত টাকা খরচ করিতে পারিবেন।

রাস্তা পরিষ্কার করিবার কথা।

১৯৭ ধারা। কমিশনরগণ নিয়মিতরূপে সকল সরকারী রাস্তায় ঝাঁটা দেওয়াইয়া তাহা পরিষ্কার রাখিবেন, ও রাস্তায় যে ধুলা ও ময়লা ও জঞ্জাল ও নানা প্রকারের যে ওঁচলা দ্রব্য পাওয়া যায় তাহা জড় করিয়া স্থানান্তর করাইবেন।

রাস্তারং ধুলার বাক্সের কথা।

১৯৮ ধারা। ঘরের সচরাচর নানা কার্য্যদ্বারা ধুলা মল, জঞ্জাল প্রভৃতি যে ওঁচলা দ্রব্য বাহির হইয়া থাকে তাহা যত কাল স্থানান্তর করিয়া না লওয়া যায়, তত কাল রাখিবার নিমিত্ত কমিশ্যনরেরা সুবিধাজনক ও উপযুক্ত স্থানেং, যাহা তুলিয়া লওয়া যাইতে পারে কি আঁটা থাকিবে এমত ধুলার বাক্স করাইয়া রাখিতে পারিবেন, ও রাস্তার ধারে যেং ঘর থাকে সেইং ঘরের প্রজাদিগকে দিনং কিম্বা নিরূপিত কোন সময়ে ও কমিশ্যনরেরা যেং ঘণ্টা নির্দ্দেশ করেন সেইং ঘণ্টার ঐং বাক্সে পূর্ব্বোক্ত দ্রব্য ফেলিতে আদেশ করিতে পারিবেন।

দণ্ডের কথা।

১৯৯ ধারা। তদ্রূপ আধার করাইয়া দেওয়া গেলে পর কোন ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞা পাইয়া সেই আধারভিন্ন কোন সরকারী রাস্তায় তদ্রূপ কোন দ্রব্য ফেলিলে কি ফেলাইলে কি ফেলিতে দিলে, তাহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

সরকারী রাস্তাপ্রভৃতিতে ময়লাদি ফেলিবার দণ্ডের কথা।

২০০ ধারা। কমিশ্যনরগণ ধুলা কি মল কি ওঁচলা কিম্বা অন্য কোন প্রকারের জঞ্জাল ফেলিবার যেং স্থান নিরূপণ করেন ও যেং প্রকারে ও যেং ঘণ্টায় ফেলিতে অনুমতি দেন, কোন ব্যক্তি সেইং স্থানছাড়া কোন সরকারী রাস্তায় কি সরকারী ওদিক কি জেটীতে কি ঘাটে কি নৌকা হইতে নামিবার ঘাটে কিম্বা অতুচ্চ জলের দাগের উপরে কি নীচে নদীর ধারের কোন স্থানে অন্য প্রকারে বা অন্য সময়ে ফেলিলে কি ফেলিতে দিলে উক্ত প্রত্যেক অপরাধের জন্য তাহার দশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে।

খয়দমার ময়লা জল রাস্তায় পড়িতে দিলে দণ্ডের কথা।

২০১ ধারা। কোন ব্যক্তি নিজের কিম্বা আপন ঘরের কি ভূমির কোন কূপের কি নরদমার জল, কিম্বা অপরং অন্য কোন দুর্গন্ধ দ্রব্য সরকারী কি অন্য রাস্তায় যাইতে কি পড়িতে দিলে কিম্বা ফেলাইলে কি রাখাইলে কি ফেলিতে কি রাখিতে দিলে কিম্বা কোন নরদমার কি পাইখানার দুর্গন্ধ দ্রব্য সরকারী কি অন্য রাস্তার ধারের খোলা নরদমায় যাইতে কি পড়িতে কি ফেলিতে দিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্য দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

রাস্তায় জল দিবার কথা।

২০২ ধারা। মুনিসিপল ফণ্ড হইতে যত দূর হইতে পারে ও কমিশ্যনরগণ সাধারণের সুবিধার জন্যে যত দূর আবশ্যক বোধ করেন তত দূর প্রধানং সকল সরকারী রাস্তায় জল দেওয়াইবেন। ও তদর্থে যেং বিষয় ও কল আবশ্যক বোধ করেন তাহারও বিধান করিতে পারিবেন।

সরকারী রাস্তা অবরোধ করিবার দণ্ডের কথা।

২০৩ ধারা। কোন ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পর কোন সরকারী রাস্তার কিম্বা কোন নরদমার কি নয়নজুলির কি পয়নালার ভিতরে কি উপরে কোন প্রাচীর গাঁথিলে কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা বাধাজনক কি স্থানযোড়াকর অন্য দ্রব্য বসাইলে, তাহার একশত টাকার অধিক অর্থদণ্ড হইতে পারিবে। এবং কমিশ্যনরগণ উক্ত অবরোধক কি স্থানযোড়াকারি সকল দ্রব্য স্থানান্তর করিয়া দিতে পারিবেন, ও ১৮৬৩ সালের জুন মাসের ১ তারিখের পর কোন সরকারী রাস্তার কিম্বা খোলা নরদমার কি নয়নজুলির কি পয়নালার মধ্যে কি উপরে যে প্রাচীর কি বেড়া কি গরাদিয়া কি থাম কিম্বা অবরোধক কি স্থানযোড়াকারী অন্য যে দ্রব্য থাকে তাহাও স্থানান্তর করিয়া দিতে পারিবেন। যে ব্যক্তি ঐ প্রাচীর প্রভৃতি গাঁথিলেন তাহা স্থানান্তর করিবার খরচ তাঁহার দিতে হইবে ও পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ খরচ আদায় হইতে পারিবে।

পূজা প্রভৃতির সময়ে কিয়ৎকালের জন্য মাচা প্রভৃতি বাঁধিবার কথা।

কিন্তু পর্ব্ব ও যাত্রাদির সময়ে কোন কার্য্যের জন্যে কিম্বা গৃহাদি গাঁথিবার জন্যে কোন সরকারী রাস্তার অল্প কালের নিমিত্ত কোন বিষয় তুলিবার অনুমতি দিতে এই ধারাক্রমে কমিশ্যনরগণের কোন বাধা হইবে না।

সাধারণ ব্যক্তির নূতন রাস্তা করিতে চাহিলে তাহার কথা।

২০৪ ধারা। কোন ব্যক্তি নূতন পথ করিতে কি তাহার চিহ্ন দিতে চাহিলে, রাস্তার যে মাটাম ধরিয়া যত পরিসর করিতে চাহেন, তিনি প্রথমে কমিশ্যনরগণের নিকট লিখিয়া তদ্বিষয়ের নোটিস দিবেন। কমিশ্যনরগণ ঐং পথের মাটাম ও প্রশস্ততা স্থির কিম্বা অনুমোদন করিবেন

ও তাঁহারা পূর্ব্বোক্তমতে যে মাটাম ও প্রশস্ততা স্থির কি অনুমোদন করিলেন, সেই মাটাম কি প্রশস্ততা না ধরিয়া প্রকারান্তরে ঐ রাস্তার চিহ্ন দেওয়া গেলে কি তাহা করা গেলে, কমিশ্যনরগণ উচিত বোধ করিলে তাহা পরিবর্ত্তন করাইতে পারিবেন।

এবং উক্ত কোন রাস্তার ধারে, কোন ঘর সেই মাটাম ও প্রশস্ততা না ধরিয়া গাঁথা গেলে, তাহা পরিবর্ত্তন করাইতে কিম্বা আবশ্যক হইলে উঠাইয়া দিতে পারা যাইবেক ও ঐ কার্য্যে যে খরচ লাগে অপরাধীর তাহা দিতে হইবে।

উক্ত মতে মাটাম কি প্রশস্ততা স্থির করা না গেলে, ও কমিশ্যনরগণের আফিসে ঐ নোটিস দেওয়া গেলে পর তাঁহারা এক মাসের মধ্যে প্রস্তাবিত মাটামের কি প্রশস্ততার বিষয়ে মতামত না জানাইলে,
নোটিসে যে মাটাম ধরিয়া ও যত পরিসর করিয়া ঐ রাস্তা করিবার কল্পনা লেখা ছিল, সেই মাটাম অনুসারে তত পরিসর রাস্তার চিহ্ন দিয়া তাহা প্রস্তুত করা যাইতে পারিবে।

দণ্ডের কথা।

২০৫ ধারা। তদ্রূপে যে মাটাম ও প্রশস্ততা স্থির করা যায় কি অনুমোদিত হয়, কোন ব্যক্তি তাহা না মানিয়া অন্য প্রকারে উক্ত কোন রাস্তার চিহ্ন দিলে কি তাহা প্রস্তুত করিলে কি তাহার উপর গৃহাদি গাঁথিলে, তাঁহার ৫০০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

পথে শানাদি করিবার কথা।

২০৬ ধারা। কোন পথ কি তাহার কোন অংশ যে মাটাম ধরিয়া করা গেল, কিম্বা তাহাতে যেরূপে শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার ধারে যে পয়নালা ও নরদমা করা গেল কমিশ্যনরগণ তাহাতে সন্তুষ্ট না হইলে, ঐ রাস্তার যে অংশটির মাটাম নামাইতে কি শান করিতে কি পাতর কি টালি বসাইতে কিম্বা পয়নালা কি নরদমা করিতে হইবে কমিশ্যনরগণ সেই অংশের সম্মুখ কি লাগাও কি পার্শ্বস্থ ভূমির স্বামিদের কি প্রজাদের নামে নোটিস লিখিয়া, ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মাটাম নামাইয়া রাস্তায় শান করাইতে কি পাতর কি টালি বসাইতে কি নরদমা কি পয়নালা করিতে আজ্ঞা দিতে পারিবেন। সেই আজ্ঞামতে কর্ম্ম না হইলে কমিশ্যনরগণ বিহিত বোধ করিলে নিজে ঐ নোটিসের লিখিত কি উল্লিখিত কর্ম্ম করিয়া দিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে, ক্রটিকারি যে স্বামির ভূমির সম্মুখে ঐ রাস্তার যেং অংশ থাকে, কমিশ্যনরগণ যে হার নির্দ্ধার্য্য করেন তিনি সেই হারানুসারে সেই অংশের খরচ দিবেন। ঐ বিষয়ের বিবাদ হইলে, ক্ষতিপূরণের ও খরচের বিবাদ নিষ্পত্তি করিবার জন্যে যে বিধান পশ্চাৎ করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধানমতে যদ্রূপে নিষ্পত্তি হয় তদনুসারে খরচ দেওয়া যাইবে।

পরন্তু কমিশ্যনরগণের আজ্ঞামতে ঐ রাস্তার মাটাম নামান গেলে, কি তাহাতে শান করা গেলে, কি পাতর কি টালি বসান হইলে, কি তাহার নরদমা কি পয়নালা করা গেলে, কিম্বা স্বামিদের খরচে কমিশ্যনরগণেরই দ্বারা পূর্ব্বোক্তমতে ঐ কার্য্য করা গেলে, ঐ রাস্তা যেন সরকারী রাস্তা বলিয়া প্রকাশ হয় ও সময়েং মুনিসিপল ফণ্ড হইতে কমিশ্যনরগণের দ্বারা সারাইয়া রাখা যায়, ঐ স্বামিদের এমত আদেশ করিবার অধিকার থাকিবে।

কোনং পথ রাজকীয় বলিয়া জ্ঞান হইবার ও কমিশ্যনরগণের দ্বারা সারাইয়া রাখিবার কথা।

২০৭ ধারা। কোন রাস্তা যে মাটাম ধরিয়া করা গেল ও যেরূপে তাহার শান করা গেল কি পাতর কি টালি বসান গেল ও তাহার যেরূপ পয়নালা ও নরদমা করা গেল কমিশ্যনরগণ যদি তাহাতে সন্তুষ্ট হন ও সেই রাস্তার ঘর সমূহের চারি অংশের তিন অংশের স্বামী তাহাতে সম্মতি লিখিয়া দেন, তবে কমিশ্যনরেরা উচিত বোধ করিলে ঐ রাস্তার ধারের কোন স্থানে নোটিস লিখিয়া লাগাইয়া দিয়া, ঐ রাস্তা সরকারী রাস্তা বলিয়া প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে সেই রাস্তা সরকারী রাস্তা হইবে ও কমিশ্যনরদের দ্বারা সময়েং মুনিসিপল ফণ্ড হইতে সারাইয়া দেওয়া যাইবে।

সরকারী রাস্তার নাম দিবার কথা।

২০৮ ধারা। কোন সরকারী রাস্তা যে নামে জানা যাইবে, কমিশ্যনরগণ সময়েং সভাগত হইয়া ঐং পথের মোড়ের কি কোনের কি প্রবেশ স্থানের নিকট কোন ঘরের কি প্রাচীরের কি স্থানের কোন প্রকাশ স্থানে ঐ পথের নাম লাগাইয়া কি রঙ দিয়া লেখাইয়া দিবেন, ও কমিশ্যনরগণের আজ্ঞাক্রমে যে নাম দেওয়া যায় কোন ব্যক্তি তাহা নষ্ট করিলে কি

দণ্ডের কথা।

নামাইয়া দিলে কি বিকৃত করিলে কিম্বা সেই নাম তুলিয়া ফেলিয়া অন্য নাম দিলে তাহার ২০৲ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

ঘরে নম্বর দিবার কথা।

২০৯ ধারা। কমিশ্যনরগণ কোন ঘরের বহির্ভাগে কিম্বা বাড়ীর মধ্যে প্রবেশ করিবার যে স্থান রাস্তার ধারে থাকে এমত প্রকাশ স্থানে সময়েং ঐ ঘরের নম্বর দিতে পারিবেন। কোন ব্যক্তি

দণ্ডের কথা।

তদ্রূপ কোন নম্বর নষ্ট করিলে কি নামাইয়া ফেলিলে কি বিকৃত করিলে, তাহার ২০ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

পথের উপর দ্বার না খুলিবার কথা।

২১০ ধারা। যে সকল দ্বার ও ফাটক ও হুড়কা ও নীচের তালার যে সকল খিড়কী খুলিলে রাজপথের উপর আসিয়া পড়ে, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে বা পরেই করা যাউক, তাহা এমন করিয়া ঝুলাইয়া দিতে কি রাখিতে হইবে যেন খোলা গেলে ঘরের বাহিরে আসিয়া পথ অবরোধ না করে।

আর তদ্রূপ কোন দ্বার কি ফাটক কি হুড়কা কি খিড়কী খোলা গেলে, যাহাতে সরকারী রাস্তার উপরে খুলিয়া থাকে এমত করিয়া ঝালান কি রাখা গেলে তাহা যে ঘরে কি ভূমিতে সংযুক্ত থাকে কমিশ্যনরগণ তাহার স্বামীকে নোটিস দিলে পর, তিনি আট দিনের মধ্যে ঐ দ্বার প্রভৃতি এমন করিয়া পরিবর্ত্তন করিবেন যেন খুলিলে বাহিরে না পড়ে। তাহা করিতে শৈথিল্য করিলে, কমিশ্যনরগণ তাহা তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। তাহাতে যে খরচ লাগে স্বামীর তাহা দিতে হইবে।

ঘরের গায়ে ডোঙ্গা ও নল লাগাইয়া দিবার কথা।

২১১ ধারা। কমিশ্যনরগণ কোন সরকারী রাস্তার ধারের কোন ঘরের স্বামীকে নোটিস দিয়া যেরূপ আজ্ঞা করেন, ঐ ঘরের ছাদের ও অন্যান্য স্থানের জল সেইরূপে গড়িয়া পড়িয়া যায়, এই নিমিত্ত তিনি পঞ্চদশ দিনের মধ্যে উপযুক্ত ডোঙ্গা ও নল বসাইয়া উপযুক্ত ভাবে লাগাইয়া রাখিবেন। ও সেই সময়ের মধ্যে সেই নোটিস অনুসারে কর্ম্ম না হইলে, স্বামী যত দিন ঐ কর্ম্ম করিতে ত্রুটি করেন দিন প্রতি তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

ইহার পর ঘরের কোন অংশ আগিয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

২১২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন ঘরের সম্মুখভাগে কি আড়ালে ঐ ঘরের কোন অংশ আগিয়া থাকিলেও স্থান যোড়া কি পথ অবরোধ করিলে, ১৮৬৩ সালের জুন মাসের ১ তারিখের পর ঐ ঘরের সম্মুখভাগে কি আড়ালে ঐ বিষয় গাঁথা কি বাঁধা গেলে কমিশ্যনরগণ সেই ঘরের স্বামীকে কিম্বা প্রজাকে তাহা উঠাইয়া দিবার কি পরিবর্ত্তন করিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন। সেই নোটিস স্বামীকে কি প্রজাকে দেওয়া গেলে পর তিনি পঞ্চদশ দিনের মধ্যে আগিয়া থাকা কি স্থান যোড়াকারি কি অবরোধজনক, ঐ অংশটি স্থানান্তর করিবেন কিম্বা কমিশ্যনরগণ যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। না করিলে তাঁহার ২০০ দুইশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও কমিশ্যনরগণ ঐ আগিয়া থাকা কি স্থান যোড়াকারি কি অবরোধজনক অংশটি স্থানান্তর করিতে পারিবেন ও তাহা করিতে যে খরচ লাগে ত্রুটিকারি স্বামির কি প্রজার সেই খরচ দিতে হইবে ও পশ্চাৎ লিখিত বিধানমতে তাহা আদায় হইতে পারিবে।

কিন্তু প্রজা আপনি সেই আগিয়া থাকা কি স্থান যোড়কারি কি অবরোধজনক বিষয় গাঁথিয়া কি তুলিয়া না থাকিলেও যদি তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার খরচ দিয়া থাকেন, তবে তৎপরে গৃহস্বামীর নিকট তাঁহার যে ভাড়া দেনা হয় তাহা হইতে তাঁহার সেই খরচ কাটিয়া লইবার অধিকার থাকিবে।

ঘরের যে ভাগ এইরূপে আগিয়া থাকে তাহা স্থানান্তর করিবার কথা।

২১৩ ধারা। ১৮৬৩ সালের জুন মাসের ১ তারিখের পূর্ব্বে কোন সরকারী রাস্তার ধারে কোন ঘরের আড়ালে কি সম্মুখে আগিয়া থাকা কি স্থান যোড়াকারী কি বাধাজনক কোন বিষয় গাঁথা কি স্থাপন করা গেলে, কমিশ্যনরগণ তাহা স্থানান্তর করাইয়া দিতে কিম্বা যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করাইয়া দিতে পারিবেন। কিন্তু ঐ আগিয়া থাকা কি স্থান যোড়াকারি কি অবরোধজনক বিষয় যে ঘরের আড়ালে কি সম্মুখে থাকে তাঁহারা ঐ বিষয় তদ্রূপে স্থানান্তর কি পরিবর্ত্তন করাইতে আরম্ভ করিবার পূর্ব্বে ত্রিশ দিন থাকিতে ঐ ঘরের প্রজাকে আপনাদের সেই কল্পনার নোটিস দিবেন। আর আগিয়া থাকা কি স্থান

স্থানান্তর করিবার নোটিসের কথা।

যোড়াকারি কি অবরোধজনক ঐ বিষয় উঠাইতে করা গিয়া থাকিলে তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করণ দ্বারা যে ব্যক্তির কোন ক্ষতি হয় তাঁহারা সেই ব্যক্তির উপযুক্ত ক্ষতি পূরণ করিবেন। যদি কোন ব্যক্তির ক্ষতি পূরণ পাইবার অধিকারের বিষয় কোন বিবাদ উপস্থিত হইয়া থাকে, তবে ক্ষতি পূরণ পাইবার অধিকারের, ও যত টাকা ক্ষতি পূরণ পাইতে হইবে, ইহার বিবাদ হইলে, কিম্বা ক্ষতি পূরণ পাইবার অধিকার স্বীকার হইলেও ক্ষতিপূরণস্বরূপ যত টাকা দেওয়া উচিত এই বিষয়ের কোন বিবাদ হইলে, পশ্চাদ্ভাগে ক্ষতি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান আছে ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা যাইবে।

ক্ষতি পূরণের কথা।

ঘরের কোন২ বিষয় আগিয়া থাকিতে কমিশ্যনরগণের অনুমতি দেওয়ার কথা।

২১৪ ধারা। রাস্তার কি নরদমার কি নয়নজুলির ধারে যে ঘর থাকে, কমিশ্যনরগণ সেই ঘরের স্বামীদিগকে কি প্রজাদিগকে রাস্তার কি নরদমার কি নয়নজুলির উপরে ঐ ঘরের দোতালার বারান্দা কি বাজকাজি কি রৌদ্রের তাপ ও বৃষ্টির জল নিবারণের জন্য চাল দিবার অনুমতি লিখিয়া দিতে পারিবেন।

যে দ্রব্য অনায়াসে জ্বলিয়া উঠে বাঙ্গলা ঘরের চাল ও বেড়া এমত দ্রব্যে না করিবার কথা।

২১৫ ধারা। এই আইন প্রচলিত হইবার পর নগরের মধ্যে যে বাঙ্গলা ঘর কি অন্য ঘর বাঁধিয়া কি নূতন করিয়া দেওয়া যায়, তাহার উপরে চাল ও বাহিরের বেড়া খড় পাতা, দর্ম্মা প্রভৃতি যে দ্রব্য অনায়াসে জ্বলিয়া উঠে এমত দ্রব্য দিয়া করিতে হইবে না আরও সরকারী কি অন্য রাস্তার ধারে কি নিকটে যাহার উপরকার চাল ও বাহিরের বেড়া সেই প্রকারের দ্রব্য দিয়া প্রস্তুত করা আছে ও যাহার লাগাও কি অতি নিকট অন্য ঘর থাকে, এমত ঘরের স্বামী কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে এই আইন প্রচলিত হইবার পর সেই চাল কি বেড়া থাকিতে দিবেন না। কোন ব্যক্তি এই ধারার বিধানের বিরুদ্ধে সেই দ্রব্য দিয়া উপরের চাল কি বাহিরের বেড়া করিলে কিম্বা সেই দ্রব্যনির্ম্মিত কোন চাল কি বেড়া থাকিতে দিলে, ও কমিশ্যনরগণ নোটিস দিলে পর এক মাসের মধ্যে তাহা পরিবর্ত্তন না করিলে কিম্বা স্থানান্তর করিয়া না দিলে সেই চাল কি বেড়া যত দিন থাকে প্রতি দিন তাঁহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

বেড়া মুড়িয়া দিবার আজ্ঞা করিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

২১৬ ধারা। ঘরের কি ভূমীর বেড়া কোন সরকারী রাস্তার ধারে থাকিলে, কমিশ্যনরগণ সেই ঘরের কি ভূমির স্বামিকে কি প্রজাকে ঐ বেড়া মুড়িয়া কি কাটিয়া সাত ফুটের অনুচ্চ রাখিবার কিম্বা কোন গাছের ডাল সরকারী রাস্তার উপর ঝুলিয়া পথ অবরোধ কি পথের হানি করিলে, তাহা কাটিবার ও মুড়িয়া দিবার নোটিস দিতে পারিবেন।

ঐ নোটিসের তারিখ অবধি তিন দিনের মধ্যে তদনুসারে কার্য্য করা না গেলে, কমিশ্যনরগণ ঐ আদেশানুসারে সেই বেড়া ও গাছ মুড়াইয়া দিতে পারিবেন ও

তাহাকে যে খরচ লাগে ঘরের কি ভূমির স্বামীর ঐ খরচ দিতে হইবে।

রাস্তায় কাহার সরঞ্জাম ফেলিতে কি গর্ত করিতে না হইবার কথা।

২১৭ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে কোন রাস্তায় ঘর গাঁথিবার সরঞ্জাম ফেলিয়া রাখিতে কিম্বা গর্ত করিতে পাইবে না। কোন ব্যক্তিকে তদ্রূপ অনুমতি দেওয়া গেলে, যত দিন সেই সরঞ্জাম উঠাইয়া না লওয়া যায় কিম্বা সেই গর্ত বুজাইয়া না ফেলা যায়, ও তদ্দারা যাহাতে আপদ না হয় প্রকারান্তরে এমতে সুরক্ষা না করা যায়, তিনি তত দিন উপযুক্ত বেড়া দিয়া সেই সরঞ্জাম ও গর্ত ঘেরিয়া রাখিবেন ও রাত্রিকালে তাহাতে উপযুক্ত আলো দিয়া রাখিবেন।

দণ্ডের কথা।

২১৮ ধারা। কোন ব্যক্তি তদ্রূপ অনুমতি না পাইয়া ইষ্টকাদি ফেলিলে কি গর্ত করিলে, অথবা সেই ইষ্টকাদিতে কি গর্তে বেড়া না দিলে কি ঘেরিয়া না রাখিলে ও আলো না দিলে, কিম্বা সেই অনুমতি রহিত করা গেলে পর সেই ইষ্টকাদি উঠাইয়া না লইলে কি সেই গর্ত ভরাট করিয়া না দিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন তাহা করা যায় দিন প্রতি তাহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

দ্বিতীয় পরিচ্ছেদ।—নরদমার কথা।

রাজকীয় নরদমা পয়নালা প্রভৃতি কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবার কথা।

২১৯ ধারা। সরকারী রাস্তার কি রাস্তার পার্শ্বে বা নীচে রাজকীয় যে সকল নরদমা ও পয়নালা, ও অন্য যে সকল নরদম ও পয়নালা ও সুড়ঙ্গ ও খিলান করা নরদমা থাক তাহা কমিশ্যনরগণের খরচে কি অন্য প্রকারেই নির্ম্মিত হউক তাহা ও তৎসম্পর্কীয় সকল কার্য্য ও সরঞ্জাম ও দ্রব্য কমিশ্যনরগণের প্রতি বর্ত্তিবে।

সরকারী নরদমা করণার্থে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

২২০ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালিটীর জল বাহির হইবার জন্য বড়২ কি অন্য নরদমা করিতে গেলে, তাঁহারা আবশ্যকমতে কেবল সরকারী রাস্তার কিম্বা যে স্থানে সরকারী রাস্তা প্রস্তুত করিবার কল্পনা থাকে কি রাস্তার চিহ্ন দেওয়া যায় সেই স্থানের, কিম্বা কোন সরকারী রাস্তার নীচে যে ভূখণ্ড কি ঘর থাকে, তাহার মধ্য দিয়া কি উপরে কি নীচে ঐ নরদমা করিতে পারিবেন, ও সেই বিষয়ের উপযুক্ত নোটিস লিখিয়া দিয়া কোন ভূমিতে কি তাহার মধ্য কি নীচে দিয়া নরদমা করিতে পারিবেন। এমন স্থলে তাঁহাদের দ্বারা যে ক্ষতি হয় তাহাও সম্পূর্ণরূপে পূরণ করিয়া দিবেন। ও সেই ক্ষতি পূরণস্বরূপ যত টাকা কিম্বা যাহাকে যত দিতে হইবে, এই বিষয়ের কোন বিবাদ হইলে, ইহার পশ্চাদ্ভাগে ক্ষতি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা হইবে।

কমিশ্যনরদের নরদমা মেরামত ও পরিবর্ত্তন ও বন্ধ করিবার কথা।

২২১ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে সকল নরদমা ও পয়নালা অর্পণ করা যায় তাঁহারা তাহা রাখিবেন, ও সময়েং তাহা মেরামত করিবেন ও যেমন উচিত বোধ করেন ঐ সকল কি তন্মধ্যে কোন নরদমা কি পয়নালা তেমনি বাড়াইয়া কি পরিবর্ত্তন করিয়া ও তাহার উপর খিলান গাঁথিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে তাহা উৎকৃষ্ট করিবেন ও যে নরদমা কোন কার্য্যের নয় কি অনাবশ্যক বলিয়া জ্ঞান করেন তাহা অব্যবহার্য্য করিতে কি বন্ধ কি নষ্ট করিতে পারিবেন।

এই ধারামতে কোন কার্য্য হওয়া প্রযুক্ত যদি কোন ব্যক্তি কোন নরদমার কি পয়নালার ন্যায়মত ব্যবহার করিতে আর না পারেন, তবে কমিশ্যনরগণ ঐ নরদমা কি পয়নালাহইতে এক শত ফুটের অন্তর স্থানে কোন সরকারী নরদমায় কি জোয়ার ভাটার নদীতে কিম্বা কমিশনরগণ অন্য যে স্থানে আপনাদের নরদমার জল বাহির করাইয়া দিতে পারেন সেই স্থানে জলে বাহির হওয়া যাইবার উপায় করিয়া দিবেন। তাহা হইলে কমিশ্যনরগণ যে দ্রব্য লইয়া যে পরিমাণে ও যে মাটীর ধরিয়া ও যত ঢালু করিয়া জলপ্রণালী কাটিতে আদেশ করেন ঐ ভূমির স্বামী তদনুসারে কমিশ্যনরগণের সেই নরদমায় গিয়া মিলিবার উপযুক্ত জলপ্রণালী করিয়া দিবেন।

সঙ্গত সময়ের মধ্যে না করিলে, কমিশ্যনরগণ তাহা করাইয়া দিতে পারিবেন ও তাহাতে যত খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে।

নরদমা পরিষ্কার ও খালি করিবার কথা।

২২২ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে সকল নরদমা ও পয়নালা অর্পণ করা যায় তাঁহারা মুনিসিপল ফণ্ড হইতে যত দূর পারেন তত দূর ঐ নরদমা ও পয়নালা যাহাতে অনিষ্ট কি পীড়াজনক না হয় এইরূপে নির্ম্মাণ করিবেন ও সারাইয়া দিবেন ও উপযুক্তমতে সাফ ও পরিষ্কার ও খালি করিয়া রাখিবেন।

ও তাহা ধুইবার ও পরিষ্কার ও খালি করিবার নিমিত্ত তাঁহারা মাটির নীচে কি উপরে জলাশয় ও জলের কপাট ও কল প্রভৃতি যাহা আবশ্যক হয় তাহা নির্ম্মাণ করিয়া বসাইয়া দিতে পারিবেন।

আরও তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া উক্ত সকল বা কোনং নরদমা ও পয়নালা জোয়ারভাটার নদীর কিম্বা উপযুক্ত অন্য স্থানের সঙ্গে সংযোগ করাইয়া, তন্মধ্যে ঐ নরদমার কি পয়নালার জল যাইতে দিবেন কিম্বা উপযুক্ত প্রণালীদ্বারা ঐ নরদমার ও পয়নালার জঞ্জাল ফেলিবার অতি উপযুক্ত কোন স্থানে আনাইয়া কৃষিকার্য্যের কিম্বা অন্য যে কার্য্য বিহিত বোধ হয় সেই কার্য্যের নিমিত্ত তাহা বিক্রয় করিবেন কেবল তাহাতে যেন অনিষ্ট না [illegible]।

নরদমার জল যে নদীতে পড়ে তাহার গাঙ্গা পরিষ্কার করিবার কথা।

২২৩ ধারা। যদি নরদমার কি পয়নালার কোন বিষয়ক কিম্বা মল কি জঞ্জালস্বরূপ অন্য তরলদ্রব্য কোন নদীতে কি জল স্রোতে গিয়া পড়ে, ও স্বাভাবিক কি কৃত্রিম কোন কারণে যদি বৎসরের কোন কালে জল কমিয়া যাওয়াতে প্রণালী পরিষ্কার রাখিতে ঐ জল অকুলান হয়, তবে ঐ নরদমার ও পয়নালার জল চতুর্দ্দিক নিবাসি লোকদের পীড়া কি অনিষ্টজনকভাবে ঐ নদীর জলের উপরিভাগে ভাসিয়া না থাকে কিম্বা স্থানেং জমিয়া দাঁড়াইয়া না থাকে, এই কারণে কমিশ্যনরগণ স্থানীয়

গবর্ণমেণ্টের অনুমতি লইয়া মুনিসিপাল ফণ্ড হইতে যত দূর পারেন তত দূর ঐ নদীর কি স্রোতের গমনা পরিবর্ত্তন করিতে পারিবেন।

অনুমতি বিনা যে পয়নালা সরকারী নরদমার সঙ্গে সংযুক্ত থাকে তাহা নষ্ট করিতে পারিবার কথা।

২২৪ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে নরদমা কি পয়নালা অর্পণ করা যায়, কোন ব্যক্তি তাঁহাদের লিখিত অনুমতি না পাইয়া তাহার সঙ্গে সংযোগ করিয়া শাখা-পয়নালা প্রস্তুত করিলে কি করাইলে কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, কিম্বা তাঁহারা যাহার অনুমোদন না করেন এরূপ সরঞ্জাম দিয়া উহা করিলে বা উহার পরিবর্ত্তন করিলে কমিশ্যনরগণ সেই শাখা পয়নালা নষ্ট কি পরিবর্ত্তন কি নূতন করিয়া নির্ম্মাণ করাইতে পারিবেন, কিম্বা তাহা লইয়া যাহা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ শাখাপয়নালা করিলেন কি পরিবর্ত্তন করিলেন তাঁহারই তাহা দিতে হইবে।

সরকারী বড়২ নরদমায় জল পড়িবার পয়নালার পরিবর্ত্তন করিবার কি অনুমতি বিনা প্রস্তুত করিবার দণ্ডের কথা।

২২৫ ধারা। এই আইনদ্বারা কমিশ্যনরগণের প্রতি বড়২ ও ছোট২ যে সকল নরদমা অর্পণ করা যায়, কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া সেই২ নরদমায় জল পড়িবার কোন পয়নালা নির্ম্মাণ করিলে কি করাইলে, কিম্বা পরিবর্ত্তন করিলে কি করাইলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোন ঘরের উপযুক্ত পয়নালা না থাকিলে কমিশ্যনরগণের করিয়া দিবার ক্ষমতার কথা।

২২৬ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন ঘর কি ভূমি কর্ম্মের উপযুক্ত কোন নরদমা হইতে, কিম্বা কমিশ্যনরগণ যাহার মধ্যে আপনাদের নরদমার জল ফেলাইতে পারেন, জোয়ার ভাটার এমত নদী কি অন্য স্থান হইতে যুক্তিমতে অদূরে থাকিলেও, যদি কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ ঘর বা ভূমির জল বাহির হইয়া সেই নরদমায় কিম্বা জোয়ার ভাটার নদীতে কি পূর্ব্বোক্ত স্থানে যাইবার উপযুক্ত পয়নালা কি নল না থাকে, তবে কমিশ্যনরগণের স্থানে নোটিস পাইলে পর পঞ্চদশ দিনের মধ্যে ঐ ঘরের বা ভূমির স্বামী কিছু না করিলে, কমিশ্যনরগণ ঐ ঘরের কি ভূমির জল বাহির হইবার নিমিত্ত যে দ্রব্য দিয়া যে পরিমাণের যে মাটাম ধরিয়া ও যত ঢালু করিয়া পয়নালা কি নল করা আবশ্যক জ্ঞান করেন, সেই দ্রব্যে সেই পরিমাণের আবৃত পয়নালা কি নল সেই মাটাম ধরিয়া ও তদ্রূপে ঢালু করিয়া নির্ম্মাণ করিতে কি বসাইতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে।

সরকারী নরদমার ও রাস্তার নীচে নরদমার কোন অংশ কমিশ্যনরগণের গাঁথিতে পারিবার কথা।

২২৭ ধারা। ২২১ ও ২২৬ ও ২২৯ ও ২৩০ ধারায় যেং পয়নালার কথা লেখা আছে তাহার কোন অংশ সরকারী কোন নরদমার কি পয়নালার কি রাস্তার মধ্য কি নীচ দিয়া করিতে হইলে, কমিশ্যনরগণ সেই অংশ গাঁথিতে ও প্রস্তুত করিয়া দিতে পারিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামীর তাহা দিতে হইবে।

কোনং কার্য্যের তত্ত্বাবধারণের কথা।

২২৮ ধারা। উক্ত কএকটী ধারায় যেং কার্য্যের কথা লেখা আছে সেইং কার্য্য যৎকালে করা যাইতেছে, কমিশ্যনরগণ তৎকালে তাহার তত্ত্বাবধারণ করাইতে পারিবেন, এবং যাহাতে ঐ সকল কার্য্য সম্পূর্ণরূপে ও সন্তোষমতে সম্পাদন করা যায় তজ্জন্যে ঐ কার্য্য চলন সময়ে তাঁহারা মাটি খুঁড়িয়া দেখিয়া আরে স্পষ্ট করিয়া বুঝিয়া সঙ্গতরূপে তাহার যেমন পরিবর্ত্তন কিম্বা বৃদ্ধি করা কি তাহার যে অংশ ত্যাগ করা উচিত বোধ করেন সময়েং তাহাই করিবার আজ্ঞা করিতে পারিবেন।

গৃহাদি একত্র গাঁথা গেলে তাহার পয়নালা সংযোগভাবে করিবার কথা।

২২৯ ধারা। কএকটা ঘর একত্র গাঁথা যাওয়াতে তাহা একং ঘরের স্বতন্ত্র পয়নালা না করিয়া সংযোগভাবে জল বাহির হইবার ও উৎকৃষ্ট করিবার উপায় করা গেলে অনেক খরচ বাঁচতে, ও উপকার হইতে পারে, কমিশ্যনরগণের এমত বিবেচনা থাকিলে, ও সেই ঘর সকলের কোন অংশহইতে এক শত ফুট অন্তর উপযুক্ত পরিমাণের নরদমা থাকিলে কি নির্ম্মাণ করিবার কল্পনা হইলে, কমিশ্যনরগণ ঐ সকল ঘরের জল বাহির হইবার ও সেই ঘর উৎকৃষ্ট করিবার একই সাধারণ উপায় করিয়া দিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরগণ অংশাংশমতে যত দিতে নিরূপণ করেন ঐ ঘরের স্বামিদের ঐ খরচের সেইং অংশ দিতে হইবে।

রাস্তায় যে নরদমা থাকে তাহার উপর কপাট প্রভৃতি দিবার কথা।

২৩০ ধারা। রাস্তায় যে নরদমা কি পয়নালা থাকে তাহা সরকারী কি ব্যক্তি বিশেষের হউক, ঐ নরদমা কি পয়নালাহইতে দুর্গন্ধ বাহির না হয় এই জন্যে কমিশ্যনরগণ কিম্বা তাহা যেং ব্যক্তির হয় তাঁহারা, তাহার উপর কপাট কি অন্য প্রকারের আবরণ কিম্বা বাতাস খেলিবার অন্য প্রকারের উপায় করিয়া দিবেন।

সাধারণ কোন ব্যক্তির যে নরদমা কি পয়নালা থাকে কমিশ্যনরগণ স্বামিকে নোটিস দিলেপর তিন দশ দিনের মধ্যে সেই প্রকারের কপাট কি আবরণ কি বাতাস খেলিবার অন্য উপায় করিয়া না দিলে কি দিতে বিলম্ব করিলে, কমিশ্যনরগণ তৎকালে তাহা আনাইয়া লাগাইয়া দিতে পারিবেন,

ও তাহা করিতে যে খরচ লাগে তাহা স্বামী দিতে হইবে।

নরদমায় বাতাস খেলিতে পারে এই নিমিত্ত ঘরের আড়ালে কমিশ্যনরগণের চুঙ্গি বসাইবার ক্ষমতার কথা।

২৩১ ধারা। কমিশ্যনরগণের যে নরদম আছে সেই নরদমায় বাতাস খেলিতে পারে, এই নিমিত্ত তাঁহারা যে প্রকারের চুঙ্গি আবশ্যক বোধ করেন কোন ঘরের উপরে কি আড়ালে এমত চুঙ্গি বসাইতে পারিবেন, সেই চুঙ্গির মুখ ঘরের অতি উচ্চ ভাগ হইতেও ছয় ফুটের কম উচ্চ হইবে না। ও তাহা এমন করিয়া বসাইতে হইবে যেন নিকটস্থ কোন ঘরের অনিষ্ট কি ক্লেশ না জন্মে।

শাখা পয়নালা পাইখানা প্রভৃতি কমিশ্যনরগণের তত্ত্বাবধানে থাকার ও স্বামিদের পরিষ্কার রাখিতে হওয়ার কথা।

২৩২ ধারা। শাখা পয়নালা যে ঘর কি ভূমিসংক্রান্ত হয় সেই ঘরের কি ভূমির মধ্যে কি বাহিরে থাকিলেও, তাহা ও মুনিসিপালিটীর মধ্যে তাবৎ পাইখানা ও আঁস্তাকুড় থাকে তাহা কমিশ্যনরগণের দৃষ্টির ও কর্ত্তৃত্বের অধীনে থাকিবে। ও তাহা যে ঘর কি ভূমী সম্পর্কীয় হয় কিম্বা যে ঘরের কি ভূমির নিমিত্ত প্রস্তুত করা কি রাখা গিয়া থাকে তাহার স্বামির খরচে ও দায়ে পরিবর্ত্তন করা যাইবে কি তাহাতে জল যোগান যাইবে কিম্বা বড় নরদমার সঙ্গে তাহা সংযোগ করিয়া দেওয়া যাইবে কি মেরামত কি বন্ধ কি নষ্ট করা কিম্বা পরিষ্কার রাখা যাইবে।

তদ্রূপ কোন পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় যে ঘর বা ভূমিসংক্রান্ত হয়, কমিশ্যনরগণ তৎস্বামির নামে নোটিস লিখিয়া দিয়া যে প্রকারে তাহা পরিবর্ত্তন করিতে কি তাহাতে জল যোগাইয়া দিতে কি বড় নরদমার সঙ্গে তাহা যোগ করিয়া দিতে কি মেরামত কি বন্ধ কি নষ্ট করিতে কি পরিষ্কার রাখিতে আজ্ঞা করেন, ঐ স্বামী আট দিনের মধ্যে তাহা না করিলে, কমিশ্যনরগণ ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় পরিবর্ত্তন করাইতে কি তাহাতে জল আনাইতে কিম্বা বড় নরদমার সঙ্গে তাহা সংযোগ করাইতে কি মেরামত কি বন্ধ কি নষ্ট করাইতে কি পরিষ্কার করাইয়া দিতে পারিবেন।

ও তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে।

কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞার বিপরীতভাবে পয়নালা প্রভৃতি প্রস্তুত করিলে তাহার পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

২৩৩ ধারা। কমিশ্যনরগণ যে আজ্ঞা কি বিধান করেন, কোন শাখাপয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় তাহার বিপরীতভাবে কিম্বা এই আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত করা গেলে, কিম্বা কমিশ্যনরগণ যে শাখা পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি না লইয়া তাহা প্রস্তুত করিলে কি পুনরায় গাঁথিলে কি খুলিয়া দিলে, কমিশ্যনরগণ তাহার যদ্রূপে পরিবর্ত্তন কি মেরামৎ করা উচিৎ জ্ঞান করেন তাহা করাইয়া দিতে পারিবেন।

তাহা করিতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় অনুপযুক্তমতে প্রস্তুত করিলেন কি পুনরায় গাঁথিলা কি খুলিয়া দিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে।

কোন ব্যক্তি কমিশ্যনরগণের আজ্ঞার বিপরীতভাবে পয়নালা প্রস্তুত কি পরিবর্ত্তন করিলে দণ্ডের কথা।

২৩৪ ধারা। এই আইন প্রচলিত হইবার পর, কমিশ্যনরগণ যে আদেশ কি বিধি করেন, কোন ব্যক্তি তদ্বিপরীতে কিম্বা এই আইনের বিধানের বিপরীতে কোন পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় করিলে কিম্বা কমিশ্যনরগণ যে পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় নষ্ট কি বন্ধ করিতে কি প্রস্তুত না করিতে আজ্ঞা করিলেন, কোন ব্যক্তি তাঁহাদের অনুমতি বিনা তাহা নির্ম্মাণ করিলে কি পুনরায় গাঁথিয়া দিলে কি খুলিয়া দিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

পয়নালা ও পাইখানা ও আঁস্তাকুড় দেখিয়া লইবার কথা।

২৩৫ ধারা। কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যের তাঁহাদের নিযুক্ত কোন কার্য্যকারক কোন শাখা পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় দেখিয়া লইতে পারিবেন। তদর্থে ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় যে ঘর কি ভূমি সংক্রান্ত হয়, ঐ কার্য্যকারক সূর্য্যের উদয় ও অস্ত হওয়ার মধ্যে কোন সময়ে ঐ ঘর কি ভূমিও প্রকারনামে এক ঘণ্টা থাকিতে নোটিস লিখিয়া, যত জন সহকারীর ও কর্ম্মকারী ব্যক্তির প্রয়োজন থাকে তত জনকে সঙ্গে লইয়া, ঐ ঘর কি ভূমিতে গিয়া, তিনি কি তাঁহারা যেখানে উচিত বোধ করেন সেই স্থানে সাধ্যমত যৎসামান্য হানি করিয়া মাটি খুঁড়িয়া দেখিতে পারিবেন।

তাহা দেখিলে সেই পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় ভালমতে রাখা যায় নাই কিম্বা আইনের বিধানের বিপক্ষভাবে প্রস্তুত করা গিয়াছে, ইহা জানিতে পাইলে, ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় যে ব্যক্তির হয় তাঁহারই সেই দেখিয়া লওয়ার খরচ দিতে হইবে।

কিন্তু ঐ পয়নালা কি পাইখানা কি আঁস্তাকুড় ভালমতে রাখা গিয়াছে ও এই আইনের বিধান লঙ্ঘন করিয়া প্রস্তুত করা যায় নাই ইহা দেখিতে পাইলে, কমিশ্যনরগণ কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যকারক সাধ্যমতে ত্বরায় ঐ মাটি-ভরাট করিয়া দিয়া পূর্ব্ববৎ করাইয়া দিবেন। তদ্রূপ স্থলে ঐ মাটি খুঁড়িয়া ও পুনরায় ভরাট করিয়া দিবার ও সেই পয়নালা, পাইখানা ও আঁস্তাকুড় পূর্ব্ববৎ করাইয়া দিবার খরচ কমিশ্যনরগণের দিতে হইবে।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কথাদ্বারা কোন অন্তঃপুরে কি স্ত্রীলোকদের থাকিবার যে ঘর দেশাচারমতে গোপনীয় জ্ঞান হইয়া থাকে, চারি ঘণ্টা থাকিতে লিখিত নোটিস না দিয়া তন্মধ্যে কাহারো প্রবেশ করিবার অনুমতি দেওয়া গেল না।

বড় নরদমায় রাবিশ ফেলিবার দণ্ডের কথা।

২৩৬ ধারা। কমিশ্যনরগণের ছোট কি বড় কোন নরদমায় কিম্বা তাহার সঙ্গে অন্য যে নরদমার সংযোগ থাকে কোন ব্যক্তি তাহার মধ্যে মাটি কি মল কি ছাই কিম্বা বাগানের কি রান্নাঘরের কি আস্তাবলের ওঁচলা কি ভাজা গেলাস কি মাটির পাত্র কি অন্য রাবিশ, কিম্বা যত দিন উপযুক্ত নরদমা প্রস্তুত না করা যায় তত দিন মলাদি ফেলিলে কি রাখিলে, কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে কি রাখিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্য তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার ঐ অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন ঐ অপরাধ করা গিয়া থাকে দিন প্রতি তাঁহার আর ত্রিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

পুষ্করিণী হইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে পাইখানা না করিবার কথা।

২৩৭ ধারা। সরকারী কোন পুষ্করিণী কিম্বা কোন স্থানবাসি লোকদের যে পুষ্করিণীর জল ব্যবহার করিতে অধিকার থাকে, এমত কোন পুষ্করিণী হইতে পঞ্চাশ ফুট পরিমাণ স্থানের মধ্যে কোন ব্যক্তি কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইয়া কোন

পাইখানা কি মূত্রকুণ্ড কি ঝাঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা করিতে, কিম্বা জঞ্জাল কি নর্দ্দমার কি ঘরের নর্দ্দমার ময়লা জল কি অন্য দুর্গন্ধ দ্রব্য ফেলিবার অন্য আধার করিতে বা রাখিতে পাইবেন না। সেইরূপ পুষ্করিণীর নিকট যাঁহার ভূমিতে এইরূপে পাইখানা কি মূত্রকুণ্ড কি ঝাঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা কি অন্য আধার আছে কি পরে করা যাইবে, তিনি কমিশ্যনরগণের স্থানে লিখিত নোটিস পাইলে পর ৪৮ ঘণ্টার মধ্যে তাহা উঠাইয়া লইবেন।

দণ্ডের কথা।

২৩৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার যে নোটিসের কথা আছে, কোন ব্যক্তি সেই নোটিস অনুসারে কর্ম্ম না করিলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই পাইখানা কি মূত্রকুণ্ড কি ঝাঁস্তাকুড় কি ঘরের নর্দ্দমা কি অন্য আধার যত দিন সেই সীমার মধ্যে থাকে, দিন প্রতি তাহার তিন টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

তৃতীয় পরিচ্ছেদ।—সাধারণমতে পরিষ্কার রাখিবার কথা।

মল স্থানান্তর করিবার কথা।

২৩৯ ধারা। কমিশ্যনরগণ সময়ে২ এইং বিষয় স্থির করিতে পারিবেন।—

(ক) মল প্রভৃতি দুর্গন্ধজনক বিষয় যেং ঘণ্টার মধ্যে স্থানান্তর করিয়া ফেলা যাইতে পারিবে তাহা।

(খ) যে প্রকারের গাড়ীতে কি অন্য আধার করিয়া তাহা স্থানান্তর করা যাইতে পারিবে তাহা।

(গ) ঐ গাড়ী কি আধার যেং পথ দিয়া যাইবে তাহা।

দণ্ডের কথা।

২৪০ ধারা। কমিশ্যনরগণ উক্তরূপ ঘণ্টা নিরূপণ করিয়া নোটিস দিলে পর, কোন ব্যক্তি সেই নিরূপিত ঘণ্টা ছাড়া অন্য সময়ের মধ্যে সরকারী কি অন্য কোন রাস্তা দিয়া দুর্গন্ধজনক কোন দ্রব্য স্থানান্তর করিলে কি করাইলে, এবং কমিশ্যনরগণ সেইং ঘণ্টা নিরূপণ করুন কি নাই করুন, তাঁহারা যে প্রকারের গাড়ীর কি আধারের কি পাত্রের ব্যবহার হইবার অনুমতি দিলেন কোন ব্যক্তি কোন সময়ে সেই প্রকারের গাড়ী কি আধার কি পাত্র ছাড়া অন্য প্রকারের পাত্র করিয়া ঐ দুর্গন্ধজনক দ্রব্য স্থানান্তর করিলে কি তাহা স্থানান্তর করণকালে ক্ষরিয়া কি ঝরিয়া পড়িতে দিলে, কিম্বা

ঐ দুর্গন্ধজনক দ্রব্য যেং স্থানে ক্ষরিয়া কি ঝরিয়া পড়িল, ভালমতে ঝাটী দিয়া সেই স্থান পরিষ্কার না করিলে,

কিম্বা ঐ দুর্গন্ধজনক দ্রব্য যে পাত্রে থাকে তাহা সাধারণের গমনীয় কোন স্থানে রাখিলে কি নামাইয়া রাখিলে, কিম্বা

কমিশ্যনরগণ প্রকাশরূপে নোটিস দিয়া সময়েং যে পথ দিয়া যাইবার অনুমতি দেন, কোন ব্যক্তি সেই পথ ছাড়া সরকারী কি অন্য রাস্তায় ঐ প্রকারের দুর্গন্ধজনক দ্রব্য লইয়া যাইবার কোন গাড়ী কি আধার কি পাত্র আপনি কি অন্যেরদ্বারা চালাইলে কি লইয়া গেলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

যে ২ স্থানে মল ফেলা যাইবে তাহার কথা।

২৪১ ধারা। এই আইনমতে ধুলা, মল, জঞ্জাল প্রভৃতি যে ওঁচলা দ্রব্য জড় করিয়া স্থানান্তর করা যাইবে, কমিশ্যনরগণ সময়েং তাহা ফেলিয়া রাখিবার,

এবং এই আইনের উক্ত কি অন্য কার্য্যের নিমিত্তে যে সকল জন্তুর ও গাড়ীর ও হাতিয়ারের ও অন্য দ্রব্যের প্রয়োজন হয় তাহা রাখিবার স্থান নিরূপণ বা স্থির করিয়া দিবেন।

দণ্ডের কথা।

২৪২ ধারা। কোন ব্যক্তি ঘরের কি ভূমির প্রজা হইয়া উপযুক্ত আধার ছাড়া কোন স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল কোন মল কি ধুলা কি জঞ্জাল কি কোন প্রকারের ওঁচলা রাখিলে কি থাকিতে দিলে, কিম্বা সেই আধার ময়লা কি দুর্গন্ধজনক অবস্থায় থাকিতে দিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকে দিন প্রতি তাহার আর ত্রিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

মল ও ওঁচলা সকল কমিশ্যনরগণের সম্পত্তি হইবার কথা।

২৪৩ ধারা। সরকারী কি অন্য রাস্তা ও ঘর ও পাইখানা ও নরদমা ও ঝাঁস্তাকুড়ে যে সকল মল ও ধুলা ও জঞ্জাল প্রভৃতি ওঁচলা দ্রব্য পাওয়া যায়, তাহা কমিশ্যনরগণের হইবে। তাঁহারা তাহা বিক্রয় করিতে কিম্বা তাহা লইয়া যাহা উচিত বোধ করেন করিতে পারিবেন। বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া লওয়া যাইবে।

ত্যক্ত ঘর বন্ধ করিয়া রক্ষা করিবার ও জঙ্গলাদি কাটিয়া ফেলিবার ক্ষমতার কথা।

২৪৪ ধারা। কোন ঘর কি ভূমি ত্যক্ত হওয়াতে কিম্বা তাহার স্বামীত্ব বিষয়ে বিবাদ হওয়াতে কি অন্য কারণে, খালি থাকিলে, ও তৎপ্রযুক্ত অলস ও অনিয়মিতাচারি লোকেরা তথায় গিয়া থাকিলে,

কিম্বা তাহা কদর্য্য ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিলে, কিম্বা দুই কি তদধিক জন প্রতিবাসি ঐ স্থান অনিষ্টজনক বলিয়া জানাইলে,

কিম্বা পাট্টা বিনা ও নির্ব্বিঘ্ন ভোগাধিকার বিনা কোন ব্যক্তি যে ভূমি দখল করে, সেই ভূমি ময়লা বা অস্বাস্থ্যকর অবস্থায় আছে কমিশ্যনরদের এরূপ বোধ হইলে,

কমিশ্যনরগণ উপযুক্তমতে অনুসন্ধান লইয়া, স্বামীর নামে কিম্বা যে ব্যক্তি স্বামী বলিয়া দাওয়া রাখেন, কি যাঁহাকে স্বামী বলিয়া বোধ হয়, তাঁহাকে জানা গেলে ও তিনি কমিশ্যনরগণের এলাকার সীমার মধ্যে বাস করিলে, তাঁহার নামে নোটিস লিখিয়া, এবং ঘরের দ্বারে কিম্বা ভূমির প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া ঐ ঘরে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারা যে কেহ হউন তাঁহাদিগকে ঐ স্থান রক্ষা করিতে ও ঘেরিয়া দিতে ও পরিষ্কার রাখিতে ও জঙ্গলাদি কাটিয়া ফেলিতে আজ্ঞা করিতে পারিবেন।

আট দিনের মধ্যে সেই নোটিসমত কার্য্য করা না গেলে, কমিশ্যনরগণ সেই প্রয়োজনীয় কর্ম্ম করাইয়া দিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামীর সেই

খরচ দিতে হইবে, কিম্বা স্থান ত্যাগ করা হইলে কি স্বামিত্ব বিষয়ে বিবাদ হইলে, ঐ ঘরে কি ভূমিতে যে সরঞ্জাম পাওয়া যায় তাহা বিক্রয় করিয়া ঐ খরচ আদায় করা যাইবে, ও সেই বিক্রয়ের প্রতি ২৭১ ধারার বিধান খাটিবে।

সাধারণের পাইখানার কথা।

২৪৫ ধারা। উপযুক্ত ও সুবিধাজনক যে স্থানে অনিষ্ট না জন্মে, কমিশ্যনরগণ এমত স্থানে সাধারণের মলমূত্র ত্যাগের স্থান প্রস্তুত করিয়া রক্ষা করিতে পারিবেন, প্রস্তুত হইলে পর তাহা সুধারামতে ও পরিষ্কারভাবে রাখিবেন।

সাধারণ পাইখানা ও টৌলার মেতরের আড্ডার লাইসেন্স দিবার কথা।

২৪৬ ধারা। কমিশ্যনরগণ সাধারণ লোকদের পাইখানার জন্যে ও টৌলার মেতরদের যে আড্ডা সময়ে২ উপযুক্ত জ্ঞান করেন তাহার জন্যে এক বৎসরের অনধিক কোন সময়ের লাইসেন্স দিতে পারিবেন। এবং এই ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা কোন সময়ে তাঁহাদের বিবেচনায় রহিত করা উচিত হইলে, তাঁহারা এক মাস থাকিতে নোটিস দিয়া তাহা রহিত করিয়া দিতে পারিবেন।

কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইলে কোন ব্যক্তি টৌলার মেতরের কর্ম্ম করিতে পারিবে না।

পূর্ব্বধারামতে প্রদত্ত ফী আদায় করিবার প্রণালীর কথা।

কোন লাইসেন্সক্রমে যে সকল ফী দেয় হয়, তাহা যে সকল ব্যক্তি দিতে দায়ী হন, তাহাদের স্থানে কমিশ্যনরদের পাওনা রেটের ন্যায় ঐ ফীর টাকা ৬ অধ্যায়ের বিধানমতে আদায় করা যাইতে পারিবে।

দণ্ডের কথা।

২৪৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে লাইসেন্সের কথা আছে, কোন ব্যক্তি সেই প্রকারের লাইসেন্স না পাইয়া সাধারণের পাইখানা কি টৌলার মেতরের আড্ডা রাখিলে, কিম্বা লাইসেন্স পাইয়াও সাধারণের সেই পাইখানা কি টৌলার মেতরের সেই আড্ডা ময়লা কি দুর্গন্ধজনকভাবে থাকিতে দিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর যত দিন করা গিয়া থাকে দিন প্রতি তাহার আর সত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। কোন ব্যক্তি কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইয়া টৌলার মেতরের কর্ম্ম চালাইলে, তাহার বিশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে।

মেতরেরা যে২ কর্ম্ম করিয়া থাকে কমিশ্যনরগণের সেই২ কর্ম্মের আদেশ দিবার কথা।

২৪৮ ধারা। কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হইয়া, কলিকাতায় প্রকাশিত দৈনিক সম্বাদপত্রের ন্যূনকল্পে দুইখানি পত্রে বিজ্ঞাপন দিয়া মুনিসিপালিটীর নানা স্থানে কিম্বা বিশেষ কোন অংশের প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া, এই কথা প্রকাশ করিতে পারিবেন যে, টৌলার মেতরেরা যে কার্য্য করিয়া থাকে, ঐ নোটিসে যে২ সীমা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনরেরা সেই২ সীমার মধ্যে আপনাদের আজ্ঞাধীন কর্ম্মকারকদের দ্বারা সেই২ কার্য্য করাইবেন ও তদনুসারে কার্য্য হইবার উপযুক্ত বিধান করিবেন।

তদ্রূপ বিধান করা গেলে, কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হইয়া ঐ কর্ম্মের যত টাকা ফী ধার্য্য করেন, যে ঘর কি ভূমি সম্পর্কে ঐ কার্য্য করা যাইবে সেই ঘরের কি ভূমির প্রজার তত টাকা ফী দিতে হইবে, ও উক্ত ফী চলিত ত্রৈমাসের নিমিত্ত জুলাই, অক্টোবর, জানুয়ারি ও আপ্রিল মাসের প্রথম দিবসে দেওয়া হইবে ও ষষ্ঠ অধ্যায়মতে রেট যে প্রকারে আদায় হইতে পারে প্রজার স্থানে উক্ত ফী সেই প্রকারে আদায় হইতে পারিবে।

কোন ব্যক্তির নিজের পাইখানা না ঘিরিলে তাহার কথা।

২৪৯ ধারা। কোন ভূমিতে স্বামির কি প্রজার পাইখানা থাকিলে তাহার উপযুক্ত ছাদ ও দেয়াল কি বেড়া দিয়া পথিকদের ও প্রতিবাসিদের দৃষ্টিহইতে ঘেরিয়া রাখিতে হইবে। সরকারী কি অন্য রাস্তার দিকে কি দরদালার দিকে যাহার দ্বার কি কপাট খোলা থাকে কাহারও এমত পাইখানা রাখিতে হইবে না।

কোন স্বামী কি প্রজা দণ্ডের কথা।

এই ধারার কোন বিধানমতে কর্ম্ম না করিলে কিম্বা এই ধারার কোন বিধান লঙ্ঘন করিলে তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও ঐ অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করা গিয়া থাকে, দিন প্রতি তাহার আর পাঁচ২ টাকা অর্থ দণ্ড হইবে।

কিন্তু যাহার দ্বারা ঐ কপাট সরকারী কি অন্য রাস্তার দিকে খোলা যায়, এইক্ষণে এমত পাইখানা থাকিলে, ও তদ্দ্বারা অনিষ্ট না জন্মিলে, কমিশ্যনরগণ যত দিন নিরূপণ করেন আপনাদের বিবেচনামতে তাহা তত দিন থাকিতে দিতে পারিবেন।

কোন ভূমি ও কমিশ্যনরগণের আজ্ঞায় পাইখানা করাইবার কথা।

২৫০ ধারা। কোন ঘর কি ভূমিসংক্রান্ত পাইখানা করিয়া দেওয়া, কিম্বা যাহা আছে তাহা ছাড়া আরো পাইখানা করা উচিত, কমিশ্যনরগণের এমত বিবেচনা হইলে, তাঁহারা ঐ ঘরের কি ভূমির স্বামিকে সেই মর্ম্মের নোটিস দিবেন, তাহা হইলে স্বামী চৌদ্দ দিনের মধ্যে ঐ নোটিস অনুসারে আবশ্যকমতে নল বসাইয়া ও নরদমা প্রস্তুত করিয়া ও জল যোগাইয়া ঐ পাইখানা প্রস্তুত করিবেন। সেই সময়ের মধ্যে কমিশ্যনরগণের সন্তোষমতে পাইখানা প্রস্তুত না করা গেলে, কমিশ্যনরগণই আবশ্যকমতে নল বসাইয়া ও নরদমা প্রস্তুত করাইয়া ও জল যোগাইয়া ঐ পাইখানা প্রস্তুত করাইবেন। তাহা করিতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে।

লাইসেন্স বিনা গোয়ালাপ্রভৃতিরগবাদি রাখিতে না পারিবার কথা।

২৫১ ধারা। কমিশ্যনরগণ যে স্থানের লাইসেন্স দেন গোয়ালা কি গোরুর গাড়ীওয়ালা কি মেষপালক বা আড়গড়াওয়ালা বা ছকড়া গাড়ীওয়ালা বাণিজ্য কি ব্যবসায়ের নিমিত্ত সেই স্থান ছাড়া মুনিসিপালিটীর মধ্যে কোন স্থানে কোন জন্তু কি মেষ কি ছাগল কি গবাদি রাখিতে পারিবে না।

ছয়২ মাসের অর্থাৎ প্রতিবৎসর আপ্রিল মাসের ১ তারিখে ও অক্টোবর মাসের ১ তারিখে ঐ লাইসেন্স লইতে হইবে।

সভাগও কমিশ্যনরগণ যেং নিয়ম করা উচিত বোধ করেন আপনাদের বিবেচনামতে সেইং নিয়ম করিয়া ঐ লাইসেন্স দিতে পারিবেন ও তাহার জন্য পাঁচ টাকার অধিক ফী লইবেন না।

দণ্ডের কথা।

২৫২ ধারা। কোন ব্যক্তি কোন ভূমির স্বামী হইয়া সেইভূমির লাইসেন্স না পাইয়া তথায় কোন গোয়ালা কি গরুর গাড়ীওয়ালা কি মেষপালক, কি আড়গাড়াওয়ালা কি ছকড়াগাড়ীওয়ালাকে কোন জন্তু কি মেষ কি ছাগল কি গরু রাখিতে দিলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তাহার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করা যায়, দিন প্রতি তাহার আর বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, এবং গোয়ালার কি গরুর গাড়ীওয়ালার কি মেষপালকের কি আড়গাড়াওয়ালার কি ছকড়া গাড়ীওয়ালারও তদ্রূপ অর্থ দণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

২৫৩ ধারা। কোন ব্যক্তি ২৫১ ধারামতে লাইসেন্স পাইয়া ঐ লাইসেন্সের নিয়ম লঙ্ঘন করিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে, ও তাহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ করিতে থাকে দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থ-দণ্ড হইতে পারিবে।

শূকরের খোঁয়াড় ও মেষ ও গবাদির কথা।

২৫৪ ধারা। শূকরের যে খোঁয়াড়ের দ্বার সরকারী কি অন্য রাস্তার দিকে থাকে, উপযুক্ত বেড়া কি দেয়াল দিয়া তাহা ঐ রাস্তার দিকে ঘেরা না থাকিলে, কোন ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে শূকরের এমত খোঁয়াড় রাখিতে পারিবে না, এবং কমিশ্যনরগণের অনুমতি না পাইলে কোন ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে দশটা শূকরের কি কুড়িটা মেষের কি ছাগলের অনধিক রাখিতে পারিবে না।

দণ্ডের কথা।

২৫৫ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে কোন ব্যক্তি সেই বিধানের বিরুদ্ধে শূকরের খোঁয়াড় কি শূকর কি মেষ কি ছাগল রাখিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ করিয়া থাকে দিনপ্রতি তাহার আর ত্রিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কমিশ্যনরগণ রাস্তা খুড়াইয়া দিলে ত্বরায় ভরাট করিয়া দিতে হইবার কথা।

২৫৬ ধারা। কমিশ্যনরগণ কোন সরকারী রাস্তায় বসান পাতর কি উপরিভাগ কিম্বা কোন নরদমা কি পয়নালা খুলিয়া কি খুঁড়িয়া দেওয়াইলে যে কর্ম্মের নিমিত্ত তাহা খুলিয়া দেন তাঁহারা সুবিধামতে ত্বরায় সেই কর্ম্ম সমাধা করিয়া মাটি ভরাট করিয়া দিবেন, ও রাস্তার যে পাতর ও উপরিভাগ ও যে নরদমা কি পয়নালা খুলিয়া কি খুঁড়িয়া দেওয়াইবেন, তাহা ভাল করিয়া দিলে পর যে রাবিশ জমা থাকে তাহা স্থানান্তর করাইয়া দিবেন. ইতি মধ্যে পাতর কি উপরিভাগ যে স্থানে তোলা কি খুলিয়া দেওয়া যায় সেই স্থানে বেড়া দিবেন ও রক্ষা করাইবেন ও রাত্রিতে উপযুক্ত আলো দেওয়াইবেন।

গ্যাসের ও জলের নল কমিশ্যনরগণের পরিবর্ত্তন করাইবার কথা।

২৫৭ ধারা। জলের কি গ্যাসের যে নল কিম্বা জল কি গ্যাসসম্পর্কীয় অন্য যে বিষয় সরকারী কিম্বা অন্য কোন রাস্তার নীচে বসান থাকে, কমিশ্যনরগণ এই আইনের কার্য্যের নিমিত্ত সেই নলাদি তুলিয়া কি আরো নীচু করিয়া দেওয়া কি অন্য প্রকারে পরিবর্ত্তন করা আবশ্যক জ্ঞান করিলে, সেই নল কি বিষয় যাঁহার আছে কি যে ব্যক্তির তত্ত্বাধীনে থাকে সময়েং সেই ব্যক্তির নামে নোটিস দিয়া যদ্রূপে আদেশ করেন ঐ ব্যক্তিকে তৎক্ষণাৎ কিম্বা সুবিধামতে ত্বরা করিয়া সেইরূপে উক্ত কোন নল কি অন্য বিষয় উচ্চ কি নীচু করিয়া দিতে কিম্বা অন্য প্রকারে তাহার স্থান পরিবর্ত্তন করিতে আজ্ঞা দিতে পারিবেন।

নলাদির স্থান পরিবর্ত্তনের দ্বারা স্থায়ি হানি না করিবার ও কমিশ্যনরগণের খরচে করা যাইবার কথা।

যাহাতে ঐ বিষয়ের স্থায়ি হানি হয়, কিম্বা জল কি গ্যাস যাহাতে পূর্ব্বের ন্যায় অবাধে ও সহজে চলিয়া যাইতে না পারে এরূপে ঐ নলাদির স্থান পরিবর্ত্তন করিতে হইবে না। ও সেই নল উচ্চ কি নীচু করিয়া দিতে কি পরিবর্ত্তন করিতে যে খরচ লাগে কমিশ্যনরগণ তাহা দিবেন, ও ঐ নল কি বিষয় যাঁহার হয় তাঁহার কিম্বা অন্য ব্যক্তির তদ্দ্বারা হানি হইলে কমিশ্যনরগণ সেই হানি পূরণ করিয়া দিবেন।

বিবাদের নিষ্পত্তির কথা।

হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে কি যাহার যে অংশ পাইতে হইবে, এই বিষয়ে বিবাদ হইলে, হানি ও খরচ বিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান পশ্চাৎ লেখা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি হইবে।

স্বামীপ্রভৃতি পরিবর্ত্তন করিতে শৈথিল্য করিলে কমিশ্যনরগণের তাহা করাইয়া দিতে পারিবার কথা।

২৫৮ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নলের কি বিষয়ের কথা লেখা আছে তাহা যে ব্যক্তির হয় কি যাঁহার তত্ত্বাধীনে থাকে, তিনি ইহার পূর্ব্ব ধারামতে নোটিস পাইলে পর অগোণেই কিম্বা সুবিধামতে ত্বরায় কমিশ্যনরগণের আজ্ঞামতে তাহা উচ্চ কি নীচু করাইয়া না দিলে কি তাহার স্থান পরিবর্ত্তন না করিলে, কমিশ্যনরগণ স্বয়ং যেমন উচিত বোধ করেন তেমনি ঐ নল কি বিষয় উচ্চ কি নীচু করাইয়া কি পরিবর্ত্তন করাইয়া দিতে পারিবেন, কিন্তু তাহা করাতে যেন ঐ বিষয়ের একেবারে হানি না হয়, কিম্বা পূর্ব্বের ন্যায় অবারিতরূপে ও সহজে জলের কি গ্যাসের চলিবার বাধা না হয়।

স্নান করিবার স্থানাদি কমিশ্যনরগণের নিরূপণ করিয়া দিবার কথা।

২৫৯ ধারা। কমিশ্যনরগণ আপনাদের বিবেচনামতে (ব্যক্তি বিশেষের সম্পত্তি ছাড়া ও নদীর যে অংশ কি নদীর যে ধার কলিকাতা বন্দরের মধ্যে থাকে তাহা ছাড়া) সাধারণের গমনীয় কোন ঘাট কি স্থান লোকদের স্নান করিবার স্থান বলিয়া নিরূপণ করিয়া দিতে পারিবেন।

ও নগরবাসিদের স্নান করিবার জন্যে উপযুক্ত কএকটা পুষ্করিণী কি জলাধার কি জলস্রোত করাইয়া দিতে কি নিরূপণ করিতে পারিবেন।

ও জন্তুকে স্নান করাইবার কি কাপড় কাচিবার নিমিত্তে কিম্বা নগরবাসিদের স্বাস্থ্য ও পরিষ্কার থাকনের ও সুবিধাজনক অন্যং কার্য্যের নিমিত্তে পুষ্করিণী কি জলাশয় কি জলস্রোত নিরূপণ করিয়া দিতে পারিবেন।

দণ্ডের কথা।

২৬০ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে স্থান নিরূপিত হইল কি পৃথক করিয়া রাখা গেল কোন ব্যক্তি সেই স্থান ছাড়া কোন প্রকাশ স্থানে স্নান করিলে, কিম্বা কোন জন্তুকে স্নান করাইলে বা কাপড় কাচিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

খাত করা নিষেধ করিবার কথা।

২৬১ ধারা। কমিশ্যনরেরা সভাগত হইয়া সাধারণ আজ্ঞাক্রমে এই আদেশ করিতে পারিবেন যে, তাঁহাদের বিশেষ অনুমতি পূর্ব্বে না লইয়া মাটি বা পাথর তুলিয়া লইবার নিমিত্ত কিম্বা জঞ্জাল বা দুর্গন্ধজনক দ্রব্য সঞ্চিত করিয়া রাখিবার নিমিত্ত খাত করা যাইবে না, এবং মলকুণ্ড, পুষ্করিণী, কূপ বা গর্ত্ত খুঁড়া যাইবে না।

উক্ত রূপ আজ্ঞা করিয়া প্রকাশ করা গেলে উক্ত বিশেষ অনুমতি ব্যতিরেকে ঐরূপ কোন খাত, মলকুণ্ড, পুষ্করিণী, কূপ বা গর্ত্ত করা গেলে, যে ভূমিতে উক্ত খাত, মলকুণ্ড কূপ বা গর্ত্ত করা যায়, সেই ভূমির স্বামী ও প্রজাদের প্রতি কমিশ্যনরেরা দুই সপ্তাহের মধ্যে উক্ত খাত প্রভৃতি ভরাট করিয়া ফেলিবার আদেশ করিতে পারিবেন।

কোন ব্যক্তির বাড়ীতে অস্বাস্থ্যজনক পুষ্করিণী প্রভৃতি থাকিলে তাহা ভরাট করিয়া দিবার কথা।

২৬২ ধারা। কোন ব্যক্তির বেড়ার মধ্যে থাকুক কি না থাকুক কোন কূপ, পুষ্করিণী কি দলদল্যা জমী কিম্বা দাঁড়ান কি মরা জল কমিশ্যনরগণের জ্ঞানে স্বাস্থ্যের বিঘ্নজনক কি প্রতিবাসিদের অনিষ্টজনক হইলে, কমিশ্যনরগণ নোটিস লিখিয়া দিয়া স্বামিকে ঐ ডোবা কি দলদলা জমা পরিস্কার কি ভরাট করিয়া দিবার, কিম্বা নরদমা কাটিয়া ঐ মরা জল বাহির করিয়া কি স্থানান্তর করিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। তিনি ঐ নোটিস পাইলে পর এক মাসের মধ্যে সেই আজ্ঞামতে কর্ম্ম করিতে না চাহিলে কি শৈথিল্য করিলে কমিশ্যনরগণ ও তাঁহাদের কার্য্যকারকেরা মজুরদিগকে লইয়া সেই বাড়ীতে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত সকল কিম্বা কোন কার্য্যপক্ষে যে সকল কর্ম্ম আবশ্যক তাহা যেমন উচিত জ্ঞান করেন তেমনি করিতে পারিবেন।

ও তাহা করিতে যে খরচ লাগে স্বামীর তাহা দিতে হইবে।

দণ্ডের কথা।

ইহার পূর্ব্ব ধারায় যে আজ্ঞার কথা আছে, কোন ব্যক্তি ভূস্বামী হইয়াও সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাহার ২০০ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে. ও তাহার অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করা গিয়া থাকে সেই ব্যক্তির দিন প্রতি পঞ্চাশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে।

কোন ব্যক্তির বাড়ির মধ্যে নয় অস্বাস্থ্য জনক এমত ডোবা প্রভৃতি পরিষ্কার করিবার ক্ষমতার কথা।

২৬৩ ধারা। যে স্থানে জল দাঁড়াইয়া থাকে এমত যে স্থান কি খানা কি পুকুর কি ডোবা কি অন্য জলাশয় কোন ব্যক্তির বেরা স্থানের মধ্যে না থাকে, তাহা কমিশ্যনরগণের জ্ঞানে অকর্ম্মণ্য কি অনাবশ্যক হইলে কিম্বা তাহা কোন ব্যক্তির নিজ সম্পত্তির মধ্যে থাকিলে কি না থাকিলে ও তাঁহাদের জ্ঞানে নগরবাসিদের স্বাস্থ্যের হানিজনক হইতে পারিলে তাঁহারা সময়েং যেমন উচিত বোধ করেন তেমনি খানা কাটিয়া ঐ জল আপনাদের কোন নরদমায় চালাইতে পারিবেন ও তাহা পরিষ্কার করিয়া ভরাট করিয়া দিতে পারিবেন, ও উক্ত কোন কার্য্য করিবার নিমিত্ত কমিশ্যনরগণ ও তাঁহাদের কার্য্যকারকেরা মজুরদিগকে লইয়া আবশ্যকমতে সকল কর্ম্ম করিতে পারিবেন।

কমিশ্যনরগণ কোন কার্য্য করিতে গেলে তাঁহাদের উপযুক্ত নরদমাপ্রভৃতি করিতে হইবার কথা।

২৬৪ ধারা। কমিশ্যনরগণ এই আইনমতে কোন কার্য্য করিতে গেলে, তাঁহাদের সেই কার্য্য করা প্রযুক্ত কোন পথ কি জল বাহির হইবার কোন নরদমা কি পয়নালা কি জলপ্রণালী বন্ধ হইয়া গেলে, কি তাহার হানি হইলে, কি তাহা অকর্ম্মণ্য করা গেলে, উপযুক্ত সুবিধাজনক যত পথের ও নরদমার ও পয়নালার ও জলপ্রণালীর আবশ্যক হয় কমিশ্যনরেরা আপনাদের খরচে তাহা করিয়া দিবেন।

সেই বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে কমিশ্যনরগণের সঙ্গে তাঁহাদের কোন বিবাদ হইলে, হানির ও খরচার বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান পশ্চাৎ করা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করা যাইবে।

রাস্তা মেরামত করিবার সময়ে আড়ে বাঁশ দিবার ও রাত্রিতে আলো দিবার কথা।

২৬৫ ধারা। কমিশ্যনরগণের প্রতি যে রাস্তা কি নরদমা কি পয়নালা অর্পিত হয় তাহা কিম্বা তাঁহাদের নিজ রাস্তা কি নরদমা কি পয়নালা প্রস্তুত কি মেরামত করা গেলে বিপত্তি নিবারণের জন্য তাঁহারা নিকটস্থ ঘরেরগায়ে ঠেস দিয়া সেইঘর রক্ষাকরিবেন, ও সেই কর্ম্মকরণ সময়ে কোন গাড়ী কি গোরুরগাড়ী কি গাড়ি জন্তু যাইতে না পায়, এই কারণে যে প্রকারের বার কি চেইন কি খাম উপযুক্ত বোধ করেন তাহা সরকারী কি অন্য রাস্তার আড়দিকে কি ঐং রাস্তায় লাগাইয়া দিবেন।

এবং সরকারী কি অন্য রাস্তায় সেই নরদমা কি পয়নালা কিম্বা অন্য বিষয় যতদিন প্রস্তুত করিতেছেন কি মেরামত করেন, ততদিন তাঁহারা রাত্রিতে উপযুক্ত আলো দেওয়াইবেন ও রক্ষা করিবেন।

রাস্তার নিকট আশঙ্কাজনক স্থান থাকিলে তাহা মেরামত করিবার কি ঘেরিয়া রাখিবার

২৬৬ ধারা। কোন কোটা কি পুকুর কি কূপ কি গর্ত্ত কি অন্য স্থান উপযুক্তমতে মেরামত কি রক্ষিত না হওয়াতে কি ঘেরিয়া না দেওয়াতে পথিকদের কি প্রতিবাসিদের আশঙ্কাজনক হইলে, কমিশ্যনরগণ নোটিস লিখিয়া ভূমির স্বামিকে সেই স্থান মেরামত কি রক্ষা করিতে কি ঘেরিয়া

দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই নোটিস পাইলে পর স্বামী আট দিনের মধ্যে ঐ আজ্ঞামতে কর্ম্ম না করিলে তদ্দ্বারা যাহাতে আশঙ্কা না থাকে কমিশ্যনরগণ এরূপে তাহা মেরামত কি রক্ষা করাইয়া দিতে কি ঘেরাইয়া দিতে পারিবেন।

তাহা করিতে যে খরচ লাগে তাহা ঐ মেরামত করা কি রক্ষা করা কি ঘেরিয়া দেওয়া সম্পত্তির স্বামিকে দিতে হইবে।

দণ্ডের কথা।

২৬৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে আজ্ঞার কথা আছে ভূস্বামী সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে তাহার ২০০্ টাকার অনধিক অর্থদণ্ড হইবে ও সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যতদিন ঐ অপরাধ করা গিয়া থাকে দিন প্রতি তাঁহার আর পঞ্চাশ টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে।

চতুর্থ পরিচ্ছেদ।—গৃহাদি নির্ম্মাণের বিধান।

পথের ধার সোজা করিবার নিমিত্ত ঘর আগিয়ে করাণ যাইতে পারিবার কথা।

২৬৮ ধারা। সরকারী রাস্তা উৎকৃষ্ট করিবার নিমিত্ত কমিশ্যনরগণ যেং নিয়ম উচিত বোধ করেন, এমত নিয়ম করিয়া ঐ পথের ধারে যেং ঘর আছে তাহা আগিয়া করিবার অনুমতি দিতে পারিবেন।

যে ঘর পথের সীমা অতিক্রম করিয়া থাকে তাহা ভাঙ্গা গেলে পিছাইয়া করিতে হইবার কথা।

২৬৯ ধারা। কমিশ্যনরেরা কোন সরকারী রাস্তার উভয় ধারে একটি রেখা নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন। উক্ত রেখা নির্দ্দেশ করা গেলে পর উক্ত রাস্তার ধারের কোন কোটার কোন অংশ কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা ঐ রেখা অতিক্রম করিয়া নির্ম্মাণ করিতে হইবে না।

ঐ রেখা সরকারী রাস্তার নির্দ্ধারিত রেখা, বলিয়া খ্যাত হইবে।

কোন ঘরের কোন অংশ সরকারী রাস্তার নির্দ্ধারিত রেখা অতিক্রম করিয়া থাকিলে, কিম্বা পার্শ্বস্থ কোন ঘরের সম্মুখভাগে অপেক্ষা বাড়িয়া থাকিলে, যদি সেই ঘর পুড়িয়া যায় কিম্বা পুনরায় গাঁথিবার কি পরিবর্ত্তন করিবার জন্য ভাঙ্গিয়া দেওয়া যায়, অথবা ঐ ঘরের যে অংশ সরকারী রাস্তার নির্দ্ধারিত রেখা অতিক্রম করিয়া থাকে, সেই অংশ যদি পুড়িয়া যায় কিম্বা পুনরায় গাঁথিবার কি পরিবর্ত্তন করিবার জন্য ভাঙ্গিয়া দেওয়া যায়, তবে কমিশ্যনরগণ ঐ রাস্তার নির্দ্ধারিত রেখা পর্য্যন্ত বা তদভিমুখে কিম্বা ঐ রাস্তার নিকটবর্ত্তী অন্য ঘরের ধার ধরিয়া ঐ ঘর পিছাইয়া নির্ম্মাণ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

কিন্তু তদ্দ্বারা ঐ গৃহস্বামীর হানি হইলে, কমিশ্যনরগণ তাঁহার সম্পূর্ণ হানি পূরণ করিবেন। ও হানি পূরণের সেই টাকার বিবাদ উপস্থিত হইলে ইহার পশ্চাদ্ভাগে হানিপূরণের ও খরচের বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান করা যাইতেছে ঐ বিবাদ সেই বিধানমতে নিষ্পত্তি করা যাইবে।

ঘর ভগ্নাবস্থায় ও পতনোন্মুখ থাকিলে তাহার কথা।

২৭০ ধারা। কমিশ্যনরগণ কোন ঘর কি দেওয়াল কিম্বা তৎসংযুক্ত কোন বিষয় ভগ্নাবস্থায় আছে কি পতনোন্মুখ কিম্বা ঐ ঘর কি তন্নিকটস্থ ঘর নিবাসিদের কি প্রজাদের কি পথিকদের পক্ষে আশঙ্কাজনক জ্ঞান করিলে, তাঁহাদের আবশ্যক বোধ হইলে, পথিকদের সুরক্ষার জন্যে আগাগে তক্তার কি বাঁশের উপযুক্ত বেড়া দিতে পারিবেন, ও স্বামীকে জানিলে ও তিনি তাঁহাদের এলাকার মধ্যে বাস করিলে তাঁহার নামে, ও প্রজা থাকিলে তাঁহার নামে নোটিস লিখিয়া, ও সেই মর্ম্মের নোটিস ঐ ঘরের দ্বারে কি অন্য প্রকাশ স্থানে লাগাইয়া কিম্বা প্রকারান্তরে প্রকাশ করিয়া, ঐ ঘর কি দেওয়াল কি তৎসংলগ্ন বিষয় প্রয়োজনানুসারে ভাঙ্গিয়া ফেলিতে কি মেরামৎ করিতে কিম্বা সুরক্ষা করিতে আজ্ঞা দিবেন।

স্বামীরা ভাঙ্গিয়া না ফেলিলে কমিশ্যনরগণের তাহা করিতে পারিবার কথা।

ঐ স্বামী কি প্রজা ঐ নোটিস পাইলে পর তিন দিনের মধ্যে ঐ বিষয় ভাঙ্গিয়া ফেলিতে কি মেরামত কি সুরক্ষা করিতে আরম্ভ না করিলে ও সঙ্গতমতে যত্ন করিয়া ঐ কার্য্য সমাপ্ত না করিলে, কমিশ্যনরগণ ঐ ঘর কি দেওয়াল কি ঐ বিষয়, কিম্বা তাহার যে অংশ আবশ্যক জ্ঞান করেন সেই অংশ ভাঙ্গিয়া ফেলাইবেন কি মেরামত কি সুরক্ষা করাইবেন। তাহাতে যত খরচ লাগে তাহা স্বামীরই দিতে হইবে।

এই ধারামতে যে কোন ঘর ভাঙ্গিয়া দেওয়া বা মেরামত করা যায়, তৎসম্বন্ধে ২৬৯ ধারার বিধান খাটিবে।

পতনোন্মুখ ঘরের সরঞ্জাম বিক্রয় করিবার কথা।

২৭১ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে ঘরের কি দেওয়ালের কথা আছে, তাহা কি তাহার একাংশ সেই ধারামতে ভাঙ্গিয়া ফেলা গেলে, তাহার কিম্বা সেই ভগ্নাংশের ইষ্টকাদি বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় কমিশ্যনরগণ তাহাহইতে আপনাদের খরচ কাটিয়া লইতে পারিবেন, ও যাহা উদ্বর্ত্ত থাকে ঐ ঘরের কি দেওয়ালের স্বামীর দাওয়ামতে তাঁহাকে দিবেন।

ঐ দ্রব্য নিলাম করিলে এই আইনমতে ঐ টাকা যেরূপে প্রয়োগ করিবার অনুমতি দেওয়া গেল, তাহা সেইরূপে প্রয়োগ করিলে পর, ঐ খরচের আরও বাকী পাওনা থাকিলে উক্ত খরচের সমুদয় টাকা বলপূর্ব্বক আদায় করিতে কমিশ্যনরগণের যে উপায় থাকে, ঐ বাকী আদায় করিবারও তাঁহাদের সেই উপায় থাকিবে।

নূতন ঘর গাঁথিতে গেলে কমিশ্যনরগণকে নোটিস দিতে হইবার কথা।

২৭২ ধারা। মুনিসিপালিটীর মধ্যে কোন ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে আরম্ভ করিবার পূর্ব্বে, যে ব্যক্তি ঐ ঘর গাঁথিতে কি পুনশ্চ গাঁথিতে মনস্থ করেন, তিনি কমিশ্যনরগণের নামে নোটিস লিখিয়া সেই কথা জানাইবেন, ও ঐ নোটিসের সঙ্গে ঘরের নকশাও দিবেন। কমিশ্যনগণের আদেশানুসারে

ঠিক যে মাটাম জানা থাকে তাহা দেখিয়া ঐ ঘরের ভিত্তিমূল ও তাহার প্রথম তালা যে মাটাম ধরিয়া যত প্রশস্ত করা যাইবে ঐ নকসায় তাহা দেখাইতে হইবে।

কমিশ্যনরগণ মত না হইলে চৌদ্দ দিনের মধ্যে জানাইতে হইবার কথা।

২৭৩ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে নোটিসের কথা আছে, কমিশ্যনরগণ সেই নোটিস পাইলে পর, প্রস্তাবিত মাটামের ও ভিত্তিমূলের প্রশস্ততার বিষয়ে সম্মত হইলে, ত্রিশ দিনের মধ্যে তাহা জানাইবেন, কিম্বা সম্মত না হইলে সেই সময়ের মধ্যে ঐ মাটামের ও ভিত্তির প্রশস্ততা পরিবর্ত্তে অন্য মাটাম ও প্রশস্ততা নিরূপণ করিবেন

নোটিস না দিয়া কিম্বা আইনের বিধানের অন্যথায় ঘর নির্ম্মাণ করা গেলে কমিশ্যনরগণের পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

২৭৪ ধারা। ২৭২ ধারায় যে ঘরের কথা লেখা আছে উক্ত ধারাগত নোটিস ও নকুশা না পাঠাইয়া, কিম্বা কমিশ্যনরগণ উক্ত ত্রিশ দিনের মধ্যে যে মাটাম নিরূপণ করিয়া দেন তাহা ছাড়া কোন মাটাম ধরিয়া কিম্বা অন্য কোন বিষয়ে এই আইনের বিধানের বিপক্ষে ঘর আরম্ভ কি নির্ম্মাণ করা গেলে, কমিশ্যনরগণ আবশ্যক মতে সেই ঘর পরিবর্ত্তন করাইয়া দিতে, কিম্বা প্রয়োজন হইলে তাহা নষ্ট করিয়া ফেলিতে পারিবেন। তাহা করিতে যে খরচ লাগে, যে ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য করিতে ত্রুটি করিলেন তাঁহারই সেই খরচ দিতে হইবে।

কমিশ্যনরগণ চৌদ্দ দিনের মধ্যে সম্মতি প্রভৃতি না জানাইলে নই কার্য্য চলিতে পারিবার কথা।

২৭৫ ধারা। ইহার পূর্ব্বধারায় যে নকুশার কথা আছে সেই নকুশায় যে মাটাম ও ভিত্তিমূলের যে প্রশস্ততা দেখান গেল, কমিশ্যনরগণ সেই নোটিস ও নকুশা পাইলে পর ত্রিশ দিনের মধ্যে সেই মাটামের বিষয়ে আপনাদের সম্মতি কি অসম্মতি না জানাইলে ও অন্য মাটাম কি প্রশস্ততা নিরূপণ না করিলে, যে ব্যক্তি ঐ নোটিস দিলেন তিনি পূর্ব্বোক্ত কোন বিধানসত্ত্বেও ঐ নকুশার লিখিত ভিত্তিমূলের প্রশস্ততা ও মাটাম ধরিয়া ঐ নোটিসের লিখিত ঘর নির্ম্মাণের কি পুনঃ নির্ম্মাণের কার্য্য চালাইতে পারিবেন।

কিন্তু সেই ঘরের নির্ম্মাণ কি পুনঃ নির্ম্মাণ যেন অন্য সকল বিষয়ে এই আইনের অনুযায়ি হয়।

এই ধারায় ও ইহার পূর্ব্ব তিন ধারায় "ঘর" শব্দের মধ্য বাঙ্গলা ঘর ধরা যায় না।

মেরামৎ করিবার সময়ে তক্তার বেড়া দিবার কথা।

২৭৬ ধারা। কোন ব্যক্তি কোন ঘর নির্ম্মাণ করিতে, কি ভাঙ্গিয়া ফেলিতে, কিম্বা কোন ঘরের বহির্দিক পরিবর্ত্তন কি মেরামৎ করিতে মনস্থ করিলে, যদি তাহার সেই কর্ম্ম দ্বারা কোন রাস্তা বন্ধ হয়, কিম্বা যাতায়াতের অসুবিধা হয় তবে সেই কর্ম্ম আরম্ভ করিবার পূর্ব্বে, যে দিকে ঐ কর্ম্ম করা যাইবে সেই দিকে রাস্তার ও ঘরের মধ্যে তক্তার কি অন্য প্রকারের উপযুক্ত বেড়া দিবেন, ও সাধারণের নিরাপদের ও সুবিধার জন্যে যত দিন, প্রয়োজন তত দিন কমিশ্যনরগণের সন্তোষমতে ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া ভাল মতে রাখিবেন। ও রাত্রিতে সেই বেড়ায় উপযুক্ত মতে আলো দেওয়াইবেন।

কিন্তু কমিশ্যনরগণের লিখিত অনুমতি না পাইলে কোন ব্যক্তি তক্তার কি অন্য প্রকারের বেড়া দিতে পারিবেন না, ও অনুমতিপত্রে যত দিনের অনুমতি দেওয়া গেল ঐ তক্তার কি অন্য প্রকারের বেড়া তাহার অধিক দিন রাখিতে পারিবেন না।

দণ্ডের কথা।

২৭৭ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিপক্ষে কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিতে কি পরিবর্ত্তন করিতে কি সারাইয়া দিতে উদ্যত হইলে, কিম্বা অনুমতি না পাওয়া তক্তার কি অন্য প্রকারের বেড়া কি ভারা বাঁধিতে, কিম্বা অনুমতি পাইয়াও তক্তার কি অন্য প্রকারের সেই বেড়া না দিলে ও না রাখিলে ও উপযুক্ত অবস্থায় না রাখিলে, ও তক্তার কি অন্য প্রকারের সেই বেড়া যত দিন থাকে তত দিন রাত্রিতে তথায় উপযুক্তমতে আলো দিয়া না রাখিলে, কিম্বা কমিশ্যনরদের স্থানে তাহা উঠাইয়া দিবার আজ্ঞা পাইলেও আট দিনের মধ্যে উঠাইয়া না দিলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিন প্রতি তাঁহার আর বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কমিশ্যনরগণের অনুমতি না হইলে নরদমা প্রভৃতির উপর ঘর গাঁথিতে না হইবার কথা।

২৭৮ ধারা। কমিশ্যনরগণের অনুমতি লিখিয়া না দেওয়া গেলে, তাঁহাদের কোন নরদমার কি পয়নালার উপর নূতন ঘর গাঁথিতে হইবে না।

গাঁথিয়া দেওয়া গেলে কমিশ্যনরগণ সেই ঘর ভাঙ্গাইয়া ফেলিতে পারিবেন, কিম্বা তাহা লইয়া যাহা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন।

তাহাতে যে খরচ লাগে, যে ব্যক্তি ঐ ঘর গাঁথেন তাঁহার দিতে হইবে।

ইহার পরে নগরের মধ্যে যে ঘর গাঁথা যায় তাহা যে মাটাম ধরিয়া গাঁথিতে হইবে তাহার কথা।

২৭৯ ধারা। মুনিসিপালিটীর মধ্যে কোন ঘর গাঁথিতে হইলে, তাহার এমন মাটাম ধরিয়া গাঁথিতে হইবে যেন সেই ঘরের কি গাঁথনির জল গড়িয়া তৎকালের বর্ত্তমান কিম্বা কল্পিত কোন সরকারী নরদমায় গিয়া পড়ে, কিম্বা কমিশ্যনরগণ জোয়ার ভাটার যে নদীতে কিম্বা অন্য যে স্থানে আপনাদের নরদমার জল চালাইতে পারেন এমন স্থানে গিয়া পড়ে। সেই মাটামের নীচু করিতে হইবে না।

ইহার পরে যে ঘর গাঁথা যায় কমিশ্যনরগণের আজ্ঞা ক্রমে তাহার নরদমা করিতে হইবার কথা।

২৮০ ধারা। মুনিসিপালিটীর মধ্যে নূতন ঘর গাঁথিতে কি পুরাতন ঘর নূতন নির্ম্মাণ করিতে গেলে ইহার পূর্ব্বধারায় জল বাহির হইবার যে উপায়ের কথা লেখা আছে, ঐ ঘর গাঁথিবার স্থান হইতে একশত ফুটের মধ্যে ঐ জল বাহির হইবার এমত নরদমা থাকিলে কমিশ্যনরগণ যে পরিমাণের ও যে মাটাম ধরিয়া ও

মত চালু করিয়া পয়নালা করিবার আজ্ঞা করেন. স্বামী সেই ঘর অবধি ঐ নরদমা পর্যন্ত সেই পরিমাণের সেই মাটামের পয়নালা সেইরূপ চালু করিয়া প্রস্তুত করাইবেন।

সঙ্গত কালের মধ্যে তাহা করাইয়া না দিলে, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইয়া দিতে পারিবেন, ও তাহা করিতে যে খরচ লাগে স্বামীর তাহা দিতে হইবে।

কমিশ্যনরগণের অনুমতি ব্যতীত নূতন বাঙ্গলা ঘর বাঁধিবার কথা।

২৮১ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরগণকে নোটিস না দিলে, কোন বাঙ্গলা ঘর কিম্বা বাঙ্গলা ঘরশ্রেণী কি মাচাশ্রেণী বাঁধিতে পারিবেন না। ও এই আইন প্রচলিত হইবার সময়ে যে ঘর ও মাচাশ্রেণী থাকে তাহার মধ্যে আর বাঙ্গলা ঘর কি মাচা বাঁধিতে পারিবেন না। আর সেই২ বাঙ্গলা ঘর কি মাচা ঠিক সারি২ করিয়া বাঁধা যায় ও বাতাস খেলিবার জন্যে ও স্থান পরিষ্কার রাখার সুবিধার জন্যে কমিশ্যনরগণ যত ওসার স্থান রাখা উচিত বোধ করেন দুই২ সারির সম্মুখে ও মধ্যে২ এমত স্থান থাকে, ও যত পাইখানা ও জল বাহির হইবার যে উপায় আবশ্যক বোধ হয় ও জল যাহাতে উপযুক্তমতে বাহির হইতে পারে এমত মাটাম ধরিয়া ও অতি নিকট যে রাস্তা থাকে তাহার মাটামহইতে মেঝ্যা ন্যূনকল্পে দুই ফুট উচ্চ রাখিয়া ঐ ঘর বাঁধা যায় কমিশ্যনরগণ উক্ত নোটিস পাইবার ত্রিশ দিনের মধ্যে এমত আজ্ঞা করিতে পারিবেন।

নোটিস না দিয়া ঘর বাঁধা গেলে তাহা ভাঙ্গিয়া ফেলিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

২৮২ ধারা। কমিশ্যনরগণকে নোটিস না দিয়া কিম্বা কমিশ্যনরগণ যদ্রূপে ঐ বাঙ্গলা ঘর কি মাচা বাঁধিতে আজ্ঞা করেন তদ্ভিন্ন অন্য প্রকারে বাঁধা গেলে, কমিশ্যনরগণ উক্ত ঘরের কি মাচার মধ্যে কোন এক ঘরের কি মাচার কোন প্রকাশ স্থানে নোটিস দিয়া, ঐ ঘরের স্বামীকে কি প্রজাকে এক মাসের মধ্যে ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করিবার, কিম্বা তাহারা যদ্রূপে তাহা পরিবর্ত্তন করা আবশ্যক বোধ করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবার নোটিস দিতে পারিবেন। কমিশ্যনরগণ বিহিত বোধ করিলে আপনারা ঐ ঘর ভাঙ্গিয়া স্থানান্তর করাইতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে ঐ ঘরের স্বামির কি প্রজার তাহা দিতে হইবে ও তাহা পশ্চাৎ লিখিত বিধান মতে আদায় করা যাইতে পারিবে।

দণ্ডের কথা।

২৮৩ ধারা। ২৭৯ ধারায় যে বিধান আছে, কোন ব্যক্তি সেই বিধানের বিরুদ্ধে কোন বাঙ্গলা ঘর কিম্বা ঘরশ্রেণী কি মাচা শ্রেণী বাঁধিলে, কিম্বা যে ঘর কি মাচা শ্রেণী তৎকালে থাকে তাহার সঙ্গে নূতন ঘর কি মাচা সংযোগ করিয়া দিলে, তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্য এক শত টাকার অনধিক অর্থ দণ্ডহইতে পারিবে, ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকে তাহার দিনপ্রতি আর ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

পঞ্চম পরিচ্ছেদ।—বাঙ্গলা ঘর শ্রেণীর সম্পর্কে স্বাস্থ্যরক্ষার উপায়াবলম্বনের কথা।

বাঙ্গলা ঘর কমিশ্যনরগণের দেখিয়া লইতে পারিবার কথা।

২৮৪ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন একি স্থানে একত্র থাকা বাঙ্গলা ঘর বাঁধিবার ডৌলহেতুক কিম্বা ঘন২ করিয়া বাঁধা যাওয়াতে, কিম্বা জল বাহির হইবার উপায় না থাকাতে, কি স্থান পরিষ্কার করিয়া রাখা অসাধ্য হওয়াতে, ঐ বসতিতে নিবাসিদের কি প্রতিবাসিদের রোগ হওয়ার সম্ভাবনা, সভাগত কমিশ্যনরগণ ভালমতে দেখিয়া কিম্বা উপযুক্ত ব্যক্তিদের রিপোর্ট দ্বারা ইহা সুবোধমতে জানিতে পাইলে, দুই জন ডাক্তরের দ্বারা তৎস্থান পরিদর্শন করাইতে পারিবেন। তাঁহারা স্বাস্থ্যসম্পর্কে সেই বাঙ্গলা ঘরশ্রেণীর অবস্থার রিপোর্ট লিখিয়া দিবেন, এবং রোগের উক্ত সঙ্কট নিবারণার্থে ঐ সকল ঘরের মধ্যে কোন ঘর উঠাইয়া দেওয়া, কিম্বা কোন পথ ও নর্দ্দমা ও নয়নজুলি প্রস্তুত করা, ও নিম্নভুমি ভরাট করিয়া দেওয়া উচিত হইলে, সেই কথাও আবশ্যকমতে ঐ রিপোর্টে বিশেষ করিয়া লিখিবেন।

রিপোর্ট পাইলে কমিশ্যনরদের নোটিস প্রচার করাইবার কথা।

২৮৫ ধারা। কমিশ্যনরগণ উক্ত রিপোর্ট পাইয়া সভাগত হইয়া ঐ বাঙ্গলা ঘরশ্রেণীর স্বামীদিগকে কি প্রজাদিগকে কিম্বা কমিশ্যনরগণের ইচ্ছা হইলে ঐ ঘর যে ভুমিতে থাকে সেই ভুমির স্বামীকে নোটিস দিয়া, কমিশ্যনরগণের নিরূপিত উপযুক্ত সময়ের মধ্যে সেই রিপোর্টের নির্দ্দিষ্ট সকল কি কোন কার্য্য কিম্বা তাহার কোন অংশ সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন।

স্বামিরা কি প্রজারা অসম্মত হইলে কমিশ্যনরগণের সেই কার্য্য সম্পাদন করিতে পারিবার কথা।

২৮৬ ধারা। সেই স্বামীরা কি প্রজারা কিম্বা ভুমির সেই স্বামী নোটিস পাইলে পর নিরূপিত সময়ের মধ্যে সেই কার্য্য করিতে অসম্মত হইলে কি ক্রটি করিলে, কমিশ্যনরেরা সেই সকল কিম্বা তন্মধ্যে কোন কার্য্য কিম্বা তাহার কোন অংশ সম্পাদন করাইতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা ও যে সকল বাঙ্গলা ঘর নষ্ট করা বা উঠাইয়া ফেলা যায়, তাহার স্বামী বা প্রজাদিগকে যুক্তিসঙ্গত ক্ষতি পূরণ ঐ ভুমির স্বামীর দিতে হইবে।

খরচ কিস্তি করিয়া লওয়ার কি দৈন্যপ্রযুক্ত ক্ষমা হওয়ার কথা।

পরন্তু কমিশ্যনরগণ সভাধিবিষ্ট হইয়া উক্ত স্বামীর স্থানে কিস্তি করিয়া সেই খরচ লইবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা স্বামী দৈন্যপ্রযুক্ত তাহা দিতে পারেন না দেখিলে তাঁহারা মুনিসিপল ফণ্ড হইতে সেই খরচ কিম্বা তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ঘর বিক্রয় করিবার কথা।

২৮৭ ধারা। উক্ত ঘরের মধ্যে কোন২ বাঙ্গলা ঘর ভাঙ্গিয়া ফেলা গেলে, ঐ২ ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় হইতে পারিলে কমিশ্যনরগণ একং ঘরের সরঞ্জাম স্বতন্ত্র বিক্রয় করাইবেন, তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐ২ ঘরের স্বামীকে দেওয়া যাইবে

কিম্বা স্বামীকে জানা না গেলে, কিম্বা অধিকার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিষয়ে যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি যত দিন সেই টাকা পাইবার বিষয়ে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞা না পান, কমিশ্যনরগণ তত দিন সেই টাকা আমানত রাখিবেন।

ঐ কার্য্যপক্ষে ক্ষুদ্র মোকদ্দমার আদালত উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত বলিয়া জ্ঞান হইবে।

২৮৮ ধারা। পূর্ব্ব তিন ধারায় প্রকারান্তরের বিধান থাকিলেও কমিশ্যনরগণ ২৮২ ধারার নির্দ্দিষ্ট রিপোর্ট পাইলে সভায় অধিবিষ্ট হইয়া এই মর্ম্মের নির্দ্ধারণ করিতে পারিবেন যে উক্ত রিপোর্টের উল্লিখিত বসতি যে ভূমির উপর আছে তাহা অস্বাস্থ্যকর এবং কমিশ্যনরগণের মতে প্রয়োজনীয় উৎকর্ষ সাধনার্থ ঐ ভূমি ক্রয় বা পাট্টা করিয়া লওয়া আবশ্যক; পরে কমিশ্যনরগণ উক্ত ভূমির উৎকর্ষ সাধনার্থ কল্পনাপত্র করিতে প্রবৃত্ত হইবেন এবং উহা ভাল করিয়া বুঝিবার নিমিত্ত যে সকল নকশা ও বৃত্তান্ত আবশ্যক হয় তাহাও নির্দ্ধারণের একখণ্ড প্রতিলিপি সঙ্গে দিয়া ঐ কল্পনাপত্র স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনা ও অনুমোদন নিমিত্ত পাঠাইবেন।

অস্বাস্থ্যকর ভূমি ক্রয় করিয়া ভাল করিবার ও তাহা পুনঃবিক্রয় করিবার বা পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক উক্ত ভূমি বা তাহার কোন অংশ ক্রয় বা পাট্টা করিয়া লইতে পারিবেন এবং ঐরূপ গ্রহণ কার্য্য সম্বন্ধে এই আইনের ১৪ অধ্যায়ের দ্বিতীয় পরিচ্ছেদের বিধান সমূহ খাটিবে।

পূর্ব্বোক্ত বিধানমতে কমিশ্যনরগণ যে ভূমি গ্রহণ করেন তাহার উৎকর্ষ সাধনার্থে কোন কল্পনাপত্রসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদন প্রাপ্ত হইলে, কমিশ্যনরগণ সভায় অধিবিষ্ট হইয়া ঐ গৃহীত ভূমি এই উদ্দেশ্যে ও এই নিয়মে কোন ব্যক্তিকে বিক্রয় করিতে বা পাট্টা করিয়া দিতে পারিবেন যে ঐ ব্যক্তি ঐ ক্রয় করা বা পাট্টা করিয়া লওয়া ভূমি সম্বন্ধে ঐ ভূমির উৎকর্ষ সাধনার্থ কমিশ্যনরগণের প্রস্তুত কল্পনাপত্র কার্য্যে পরিণত করিবেন। বিশেষতঃ যে ভূমির উপর ঘর প্রভৃতি করিবার অভিপ্রায় থাকে কমিশ্যনরগণ সেই ভূমির কোন অংশের কোন রূপ হস্তান্তরকরণপত্রে বা পাট্টায় এইরূপ বিধান বিন্যস্ত করিতে পারিবেন যে ঐ হস্তান্তর করণপত্রের বা পাট্টার নির্দ্দিষ্ট প্রকারে গ্রহীতা বা পাট্টাদার ঐ ভূমির উপর ঘরপ্রভৃতি প্রস্তুত করিতে এবং কমিশ্যনরদের ইচ্ছানুরূপ। ঐ ভূমির এবং তথায় যে ঘর প্রভৃতি প্রস্তুত করা যায় তাহার স্বাস্থ্য ও পারিপাট্য বিষয়ে বন্দোবস্ত করিতে আবদ্ধ থাকিবেন।

কমিশ্যনরগণ পূর্ব্বোক্তরূপে যে ভূমি গ্রহণ করেন তাহা বিক্রয় না করিয়া বা পাট্টা করিয়া না দিয়া তাঁহারা যেরূপ নিয়ম বিহিত বোধ করেন সেইরূপ নিয়মে উৎকর্ষ সাধনার্থ নিয়মিতরূপে অনুমোদিত কোন কল্পনাপত্রের সমুদয় বা কোন অংশ কার্য্যে পরিণত করিবার নিমিত্ত কোন ব্যক্তির সহিত চুক্তি করিতে পারিবেন অথবা আপনারাই ঐ কল্পনাপত্র কার্য্যে পরিণত করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

উৎকর্ষসাধনের কোন কল্পনাপত্র প্রস্তুত করণসম্বন্ধে কিম্বা নিয়মিতরূপে অনুমোদিত ঐরূপ কোন কল্পনা-কার্য্য পক্ষে কোন ভূমি ক্রয় বা পাট্টা করিয়া লওয় পত্রের সম্বন্ধে কিম্বা উক্তরূপ কোন কল্পনাপত্র কার্য্যে পরিণত করণ সম্বন্ধে এই ধারামতে কমিশ্যনরগণের যে সকল খরচ পড়ে, তৎসমুদয় ২৯ ধারামতে মুনিসিপাল ফণ্ড যেই খরচের নিমিত্ত প্রয়োগ করা যাইতে পারে, সেইই খরচের অন্তর্গত বলিয়া গণ্য হইবে।

এই ধারামতে গৃহীত কোন ভূমি এবং উহার উপর যে চালাঘর বা অন্যরূপ ঘর প্রভৃতি থাকে তাহা ক্রয় করিবার নিমিত্ত এবং উক্ত ভূমির উৎকর্ষসাধনার্থ নিয়মিতরূপে অনুমোদিত কল্পনাপত্র প্রকারান্তরে কার্য্যে পরিণত করিবার নিমিত্ত সমাগত কমিশ্যনরগণ মুনিসিপাল ফণ্ডের নিমিত্ত যে সকল রেট, ট্যাক্স ও মাশুল ধার্য্য ও আদায় করা যায়; স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক সময়ে২ তৎ সমুদয় বা তাহার কিয়দংশ প্রতিভূস্বরূপ রাখিয়া পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত আপনাদের যে টাকার প্রয়োজন হয় তাহা কর্জ্জ করিতে পারিবেন এবং বাঙ্গালার গবর্ণমেণ্ট সুদের যে হার ও ঐ টাকা শোধকরণ প্রভৃতির সময় সম্বন্ধে যে নিয়ম অনুমোদন করেন সেই হারে সুদ দিতে হইবে ও সেই নিয়ম পালন করিতে হইবে।

স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ করিয়া মিয়াদ বাড়াইয়া না দিলে কমিশ্যনরগণ উক্ত ভূমি যে তারিখে ক্রয় করেন বা পাট্টা করিয়া লন সেই তারিখ অবধি দুই বৎসরের মধ্যে পূর্ব্বোক্তরূপে ঐ ভূমি বিক্রয় করিতে বা পাট্টা করিয়া দিতে কিম্বা আপনারাই পূর্ব্ব বর্ণিত উৎকর্ষ সাধনের অনুমোদিত কোন কল্পনাপত্রমতে কার্য্য করিতে বাধ্য থাকিবেন। কিন্তু কমিশ্যনরগণ এই ধারামতে যে কোন ভূমি ক্রয় করেন বা পাট্টা করিয়া লন এই ধারার বিধানমতে তাহার পরিষ্কারকরণ ও উৎকর্ষ সাধন সম্পূর্ণ হইবার তারিখ অবধি পাঁচ বৎসরের অধিক কাল কিম্বা তাহার ক্রয় বা পাট্টা করিয়া লইবার তারিখ অবধি সাত বৎসরের অধিক কাল ঐ কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি না পাইলে সেই ভূমি আপনাদের অধিকারে রাখিতে পারিবেন না।

২৮৯ ধারা। কমিশ্যনরগণ ২৮১ কি ২৮৩ ধারামতে কোন কার্য্য না করিলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় তাঁহারা ঐ২ ধারার বিধান সফলকরণে ত্রুটি করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশের স্বাস্থ্য সম্বন্ধীয় কমিশ্যনর সাহেবের দ্বারা সেই বাঙ্গলা ঘরশ্রেণীর পরিদর্শন করাইতে পারিবেন, তিনি সেই স্থানের স্বাস্থ্যসম্পর্কীয় অবস্থার রিপোর্ট লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টে দিবেন। এবং ঐ স্থানের স্বাস্থ্যসম্বন্ধীয় অবস্থা বিবেচনায় তন্নিবাসিদের বা প্রতিবাসিদের রোগের সম্ভাবনা রিপোর্ট করিলে, রোগের ঐ সঙ্কট নিবারণার্থে যেই২ বাঙ্গলা ঘর উঠাইয়া দেওয়া ও যেই২ পথ ও নর্দ্দমা ও ময়লাজুলি প্রস্তুত করা ও যে নিম্ন ভূমি ভরাট করিয়া দেওয়া উচিত, তিনি এই সকল কথা সবিশেষ লিখিবেন।

কমিশ্যনরগণ ত্রুটি করিলে স্থানীয় গবর্ণমেণ্টের ঐ কর্ম্ম সম্পাদন করিতে পারিবার কথা।

২৯০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত রিপোর্ট পাইলে পর কমিশ্যনরদিগকে এই আজ্ঞা করিতে পারিবেন যে, তাঁহারা ঐ সকল ঘরের স্বামীদের কি প্রজাদের নামে কিম্বা ঐ ঘর যে ভূমিতে বাঁধা গেল সেই ভূমির স্বামীর নামে নোটিস দিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সঙ্গত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ রিপোর্টের নির্দ্দিষ্ট

স্থানীয় গবর্ণমেণ্ট রিপোর্ট পাইলে কমিশ্যনরগণকে স্বামীদের উপর নোটিস দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

সকল কি তন্মধ্য কোন কার্য্য কিম্বা ঐ২ কার্য্যের কোন অংশ সম্পাদন করিয়া ফেলিতে আজ্ঞা করেন। সেই নোটিস দেওয়া গেলে পর কমিশ্যনরগণ ২৮৪ ধারার বিধানমতে কার্য্য করিতে পারিবেন, ও ২৮৫ ধারার বিধানমতে তাঁহাদের প্রতি যে২ দায় বর্ত্তান গেল তাঁহারা সেই সকল কি তন্মধ্য কোন দায়ে দায়ী হইবেন।

কমিশ্যনরগণ সেই আজ্ঞা সকল করণে ত্রুটি করিলে স্থানীয় গবর্ণমেণ্টের তাহা সকল করিতে পারিবার কথা।

২৯১ ধারা। কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেণ্টের সেই আজ্ঞা সকল করণে ত্রুটি করিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা সফল করিবার উপলক্ষে কোন কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করিতে পারিবেন। তাহা হইলে, ২৮৩ ও ২৮৪ ধারামতে কমিশ্যনরগণের প্রতি যে২ ক্ষমত প্রদান করা গেলে তন্মধ্যে উক্ত কার্য্য সম্পাদন করিবার জন্যে যে২ ক্ষমতানুসারে কার্য্য করা আবশ্যক উক্ত কর্ত্তৃপক্ষ সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন, এবং ২৮৫ ধারামতে কমিশ্যনরগণের প্রতি যে২ দায় বর্ত্তান গেল তাঁহারই প্রতি সেই সকল কি তন্মধ্যে কোন২ দায় বর্ত্তিবে, ও সেই কর্ত্তৃপক্ষ উক্ত কার্য্য সম্পাদনার্থে যত টাকা ব্যয় করেন তাহা সেই ভূমির স্বামীদ্বারা দেওয়া যাইবে।

খরচা কিস্তি করিয়া লওয়া যাইতে কিম্বা দৈন্য প্রযুক্ত ক্ষমা হইতে পারিবার কথা।

পরন্তু স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত স্বামীর স্থানে কিস্তি করিয়া সেই টাকা লইবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা উক্ত স্বামী দীনতাপ্রযুক্ত সেই টাকা দিতে পারেন না, স্থানীয় গবর্ণমেণ্ট এমত বোধ করিলে সেই টাকা বা তাহার কোন অংশ মুনিসিপল ফণ্ড হইতে দিবার আজ্ঞা করিতে পারিবেন।

দ্বাদশ অধ্যায়।

স্বাস্থ্যজনক বিষয়ের কথা।

প্রথম পরিচ্ছেদ।—বুচরখানার ও আহারীয় ও পানীয় ও ভৈষজ্য দ্রব্যের ও আনষ্টজনক ব্যবসায়ের কথা।

কমিশ্যনরগণের স্থানে লাইসেন্স না পাইলে বুচরখানাস্বরূপ কোন স্থানের ব্যবহার না হইবার কথা।

২৯২ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থান বুচরখানাস্বরূপ ব্যবহার করিবার জন্যে সভাগত কমিশ্যনরগণের লিখিত লাইসেন্স না পাওয়া গেলে, জবাই করিবার জন্যে কোন স্থানের ব্যবহার হইবে না। কমিশ্যনরগণ সময়ে২ আপনাদের বিবেচনানুসারে সেই প্রকারের লাইসেন্স দিতে পারিবেন।

কোন ব্যক্তি ঐরূপ লাইসেন্স না পাইয়া বুচরখানাস্বরূপ কোন স্থান ব্যবহার করিলে তাঁহার বিশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

বুচরখানার স্থান কমিশ্যনরগণের নিরূপণ করিতে হইবার কথা।

২৯৩ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া সময়ে২ উচিত বোধ করিলে, মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে বুচরখানা বলিয়া ব্যবহার হইবার স্থান নিরূপণ করিতে পারিবেন। ও তাঁহারা ইতিপূর্ব্বে তদ্রূপ যে স্থান নিরূপণ করিয়াছেন তাহা এই ধারামতে নিরূপণ করা গেল বলিয়া জ্ঞান হইবে।

বাজারে ও বুচরখানা প্রভৃতিতে উপযুক্ত পয়ঃপ্রণালী করিবার কথা

২৯৪ ধারা। মুনিসিপালিটীর মধ্যে মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী বিক্রয় করিবার কোন বাজারের কি কোন বুচরখানার স্বামী কি প্রজা কি ইজারদার জলবাহির হইবার জন্যে কমিশ্যনরগণ যাহা উপযুক্ত বলিয়া জ্ঞান করেন, এমত নরদমা করিয়া দিবেন, এবং কমিশ্যনরগণ আজ্ঞা করিলে তাঁহারা সকল মেজ্যাতে ও নরদমায় পাত্থর কি পাকা ইট বসাইয়া দিবেন, এবং সেই স্থান কি দোকান কি বুচরখানা পরিষ্কার ও স্বাস্থ্যজনকভাবে রাখিবার জন্যে যত জলের প্রয়োজন হয় তত জলসম্পোষ্য করিয়া দিবার বিধান করিবেন।

দণ্ডের কথা।

উক্ত কোন বাজারে কি বুচরখানায় পূর্ব্বোক্ত কোন বিষয়ের অভাব আছে ও ত্রিশ দিনের কম না হয় এমত কোন মিয়াদের মধ্যে সেই দোষের প্রতিকার করিতে হইবে বলিয়া কমিশ্যনরগণ সেই বাজারপ্রভৃতির স্বামিকে কি প্রজাকে কি ইজারদারকে নোটিস দিলেও তিনি ঐ বিষয় ত্রুটি করিলে ঐ নোটিস জাহির হইবার পর সেই দোষ যত দিন হইতে থাকে দিনপ্রতি তাঁহার ৫০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

অস্বাস্থ্যজনক আহারীয় কি পানীয় দ্রব্য বিক্রয়ের কথা

২৯৫ ধারা। যে দ্রব্য পীড়াজনক করা গিয়াছে কিম্বা পীড়াজনক ও মনুষ্যদের আহারের কি পানের অনুপযুক্ত হইয়াছে এমত দ্রব্য বিক্রয় করিবার জন্যে কিম্বা বিক্রয়ার্থে দেখাইবার জন্যে কোন ব্যক্তির নিকট আছে, এমত জানিবার কারণ থাকিতে কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের কোন কার্য্যকারকেরা দরখাস্ত দিলে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিস ঐ ব্যক্তির বাড়ীতে গিয়া ঐ দ্রব্য তলাশ করিয়া ও ধরিয়া আনিবার পরওয়ানা দিতে পারিবেন।

ঐরূপ কোন দ্রব্য এই ধারামত ওয়ারণ্টক্রমে কি ওয়ারণ্ট বিনা প্রকাশিত হউক তাহা পীড়াজনক ও মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিস এমত বোধ করিলে তাহা বন্দ করিয়া লইতে ও আপনি যাহা উচিত বোধ করেন ঐ দ্রব্য লইয়া তাহা করিতে আজ্ঞা দিবেন।

হাট দোকান প্রভৃতিতে কমিশ্যনরগণের গিয়া দেখিবার এবং অস্বাস্থ্যজনক দ্রব্য বিক্রয় হইবার জন্যে থাকিলে তাহা ধরিয়া লইবার ক্ষমতার কথা।

২৯৬ ধারা। মাংস কি মুরগী প্রভৃতি কি মাছ কি শাকসবজী কি শস্য কি রুটী কি ময়দা কি মদ কি শরাব কিম্বা আহারীয় কি পানীয় অন্য দ্রব্য উদামজাত কি বিক্রয় করিবার জন্যে কি বুচরখানাস্বরূপে যে হাট কি ঘর কি দোকান কি চালা কি নৌকা বা অন্য জলযান কি ওয়ার্ফ কি উদাম প্রভৃতি স্থানের ব্যবহার হয় কমিশ্যনরগণ কিম্বা এই কার্য্যের নিমিত্তে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সঙ্গত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন, ও তাহার মধ্যে আহারীয় কি পানীয় উক্ত যে দ্রব্য থাকে তাহা পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত আহারীয় কি পানীয় কোন দ্রব্য মানুষ্যের আহারের কি পানের নিমিত্ত

বলিয়া সাজাইয়া রাখা গেলেও আহারের কি পানের উপযুক্ত নয় দেখা গেলে তাহা ধরিয়া লইতে পারিবেন, ও শান্তিরক্ষার্থ কোন জষ্টিস আহারীয় কি পানীয় উক্ত কোন দ্রব্য মনুষ্যের আহারের কি পানের অনুপযুক্ত জ্ঞান করিলে, তাহা নষ্ট করিতে, কিম্বা ঐ দ্রব্য যাহাতে বিক্রয়ার্থে সাজান না যায় কি মানুষে আহার না করে এই কারণে তাহা লইয়া অন্য কার্য্য করিবার আজ্ঞা দিবেন।

২৯৭ ধারা। এই আইনে বুচরখানার বিষয়ে যে বিধান আছে, শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে তাহার বিপক্ষে কোন ব্যক্তির অপরাধ কিম্বা এই আইনমত তদ্বিষয়ক যেই উপবিধি করা যায় তন্মধ্যে কোন বিধি না মানার অপরাধ নির্ণয় হইলে, এই আইনমতে ঐ ব্যক্তির যত অর্থদণ্ড হইতে পারে, তদ্ভিন্ন ২৯২ ধারামতে তাঁহাকে যে লাইসেন্স দেওয়া গেল তাহাও দুই মাসের অনধিক কালের নিমিত্তে স্থগিত রাখিতে পারিবেন ও কোন ব্যক্তির দ্বিতীয়বার কিম্বা তৎপশ্চাৎ অন্যবার সেই অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরগণ তাঁহার দের লাইসেন্স রহিত করিতে পারিবেন।

লাইসেন্স স্থগিত রাখিবার কি ফিরিয়া লইবার কথা।

২৯৮ ধারা। যে বুচরখানার লাইসেন্স দেওয়া যায় উক্ত কোন লাইসেন্স পূর্ব্বোক্তমতে স্থগিত কি রহিত করা গেলেও কোন ব্যক্তি তাহার স্থগিত থাকন সময়ের মধ্যে কিম্বা তাহা রহিত করা গেলে পর সেই বুচরখানায় গো-মেষাদি জবাই করিলে কি অন্যকে জবাই করিতে দিলে তাহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও তাহার অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন সেই অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

লাইসেন্স স্থগিত কি রহিত করা গেলেও বুচরখানার ব্যবহার করিলে দণ্ডের কথা।

২৯৯ ধারা। (১)। কমিশ্যনরগণের আফিসে রেজিষ্টরী করা না গেলে ব্রিটিশ ফার্মাকোপিয়ার লিখিত ভৈষজ্য দ্রব্য যদি সামান্য গার্হস্থ্য ব্যবহারের দ্রব্য না হয় তবে তাহা খুজরা বিক্রয়ের দোকানে বা স্থানে রাখিতে হইবে না। যে কোন ব্যক্তি ঐরূপ দোকান বা স্থান রাখেন তিনি যদি এই আইন বিধিবদ্ধ হইবার তারিখ অবধি অথবা ঐ স্থান স্থাপনের তারিখ অবধি দুই মাসের মধ্যে তাহা রেজিষ্টরী না করেন, তবে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। যে ব্যক্তি ঐরূপ দোকান বা স্থান রাখেন রেজিষ্টরী করা গেলে কমিশ্যনরগণ তাঁহাকে একখান লাইসেন্স দিবেন, তিনি তাঁহার বাটীর কোন সুপ্রকাশ স্থানে তাহা দেখাইতে বাধ্য থাকিবেন।

ব্রিটিষ ফার্মাকোপিয়ার গ্রাহ্য বণিকদ্রব্য বিক্রয়ের দোকান রেজিষ্টরি করিবার কথা।

(২) এতদর্থে স্থানীয় গবর্ণমেন্ট পরে যে বিধি প্রণয়ন করেন সেই বিধিমত পশ্চাদুক্ত কর্ম্মের ভার পাইবার উপযুক্ত ব্যক্তি বলিয়া নিয়মিতরূপে সর্টিফিকেট না পাইলে কেহই উক্তরূপ কোন রেজিষ্টরী করা দোকানে বা স্থানে কোন ভৈষজ্য দ্রব্য সংযুক্ত, মিশ্রিত, প্রস্তুত, বিতরণ বা বিক্রয় করিতে পারিবেন না।

(৩) কোন ব্যক্তি উক্তরূপ সর্টিফিকেটধারী না হইয়া ঐরূপ কোন রেজিষ্টরী করা দোকানে বা স্থানে কোন ভৈষজ্য দ্রব্য সংযুক্ত, মিশ্রিত, প্রস্তুত বা বিক্রয় করিলে যদি মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হয়, তবে প্রত্যেক অপরাধ নিমিত্ত তাহার ৫০ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে; এবং উক্তরূপ কোন দোকানের বা স্থানের স্বামী বা দখলীকার বা রক্ষক যাহার ঐ প্রকার সর্টিফিকেট নাই এরূপ কোন ব্যক্তিকে উক্তরূপ এক বা অধিক কর্ম্ম করিতে নিযুক্ত করিলে যদি মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হয়, তবে তাঁহার ২০০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তদতিরিক্ত মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাহার লাইসেন্স রহিত হইতে পারিবে।

কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট কলিকাতা গেজেটে ইহ মর্ম্মের জ্ঞাপনপত্র প্রকাশ করিবার পর ছয় মাস অতীত না হইলে এই ধারার (২) ও (৩) প্রকরণের বিধান কার্য্যকর হইবে না।

ব্রিটিষ ফার্মাকোপিয়ায় গ্রাহ্য হউক বা না হউক এতদ্দেশীয় চিকিৎসা শাস্ত্র ব্যবসায়ী বৈদ্যদের ব্যবহৃত ভৈষজ দ্রব্য, উক্ত ফার্মাকোপিয়ায় গ্রাহ্য ভৈষজ দ্রব্য যে দোকানে বা স্থানে ব্যবস্থাপত্রক্রমে প্রদত্ত হয় যদি তদ্রূপ কোন দোকানে বা স্থানে বিক্রীত না হয়, তবে উক্ত ভৈষজ দ্রব্য বিক্রয়ের প্রতি এই ধারার কোন কথা খাটিবে বলিয়া অর্থ করা যাইবে না।

৩০০ ধারা। ভৈষজ্য দ্রব্য বিক্রয়ার্থে যে স্থানে থাকে, কিম্বা যে স্থানে ভৈষজ্যদ্রব্য বিক্রয় হইয়া থাকে, কমিশ্যনরগণ কিম্বা এতৎপক্ষে তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যুক্তিসঙ্গত কোন সময়ে সেই স্থানে গিয়া দেখিতে পারিবেন; ও সেই স্থানে যে ভৈষজ্যদ্রব্য পাওয়া যায় অন্য দ্রব্যের সঙ্গে মিশাইয়া কিম্বা কালের বা জলবায়ুর গুণে শক্তিহীন ও অস্বাস্থ্যকর হইয়া বা প্রকারান্তরে অপকৃষ্টতা প্রাপ্ত হইয়া তাহার গুণ কমিয়া গিয়াছে বা তাহার ফল পরিবর্ত্তন হইয়াছে কিম্বা তাহা পীড়াজনক হইয়াছে তাঁহাদের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, যে প্রকারের যে পরিমাণের দ্রব্য ও তাহার ন্যূনাধিক যে মূল্য হয় এই কথা সম্বলিত রসীদ দিয়া তাঁহার ঐ দ্রব লইয়া যাইতে পারিবেন। আর পূর্ব্বোক্তমতে যে দ্রব্য লইয়া যাওয়া যায় তাহা উক্তপ্রকারে অন দ্রব্যের সঙ্গে মিশাল করা গিয়াছে বা শক্তিহীন, অস্বা স্থ্যকর বা অপকৃষ্টতা প্রাপ্ত হইয়াছে শান্তি রক্ষার্থ কোন জষ্টিস এমত বোধ করিলে ঐ দ্রব্য নষ্ট হই বার কিম্বা অন্যরূপে যাহা করা উচিত বোধ করেন সে দ্রব্য লইয়া তাহা করিবার আজ্ঞা দিতে পারিবেন তদ্রূপে যে দ্রব্য লইয়া যাওয়া যায় তাহা পূর্ব্বোক্তম মিশ্রিত নহে কিম্বা পূর্ব্বোক্তম শক্তিহীন, অস্বাস্থ্যকর বা অপ কৃষ্টতা প্রাপ্ত হয় নাই উক্ত জষ্টি সের এমত বিবেচনা হইলে, যাহার দোকান বা স্থ হইতে ঐ দ্রব্য লইয়া যাওয়া হয় তাহার সেই দ্র ফিরিয়া পাইবার অধিকার থাকবে ও যথার্থই যত হা হইয়াছে তাহার অনধিক যত টাকা ঐ ব্যক্তির হানি পূ হইতে পারে উক্ত জষ্টিস আপন বিবেচনামতে তাহ তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।”

ঐ দ্রব্য মিশ্রিত প্রভৃতি না হইলে হানি পূরণের কথা।

উক্ত প্রকারে যে ভৈষজ দ্রব্য বাহির করিয়া লওয়া তাহা শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে আনা না গে

যাহা দোকান কি স্থান হইতে বাহির করিয়া লওয়া গেল তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে, ও ঐ দ্রব্য লইয়া যাওয়াতে ঐ ব্যক্তির হানি হইলে যথার্থই যত হানি হইল তাঁহার তত টাকা হানিপূরণ পাইবার অধিকার থাকিবে। এই ধারামতে হানিপূরণ স্বরূপ যত টাকা দেওয়া উচিত এই বিষয় লইয়া কোন বিবাদ হইলে, হানিপূরণ ও খরচাবিষয়ক বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধি পশ্চাৎ করা যাইতেছে, ঐ বিবাদ সেই বিধিমতে নিষ্পত্তি হইবে।

দুর্গন্ধ ও আশঙ্কাজনক কোন২ ব্যবসায় মুনিসিপালিটীর মধ্যে চালাইলে তাহা রেজিষ্টরী করিবার কথা।

৩০১ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত নিম্নলিখিত কোন কার্য্য চালাইবার স্থান অর্থাৎ

(ক) চরবী গলাইবার,
(খ) কদর্য্য মাংস কি রক্ত পাক করিবার স্থান,
(গ) সাবানের ঘর,
(ঘ) তৈল পাক করিবার,
(ঙ) রঙ্গ রাজের ঘর,
(চ) চামড়া কশাইবার স্থান,
(জ) ইঁটের পাঁজা, পোয়ান কি চুণের ভাটি,
(ঝ) সাগু তৈয়ার করিবার স্থান,
(ট) যে ব্যবসায়দ্বারা অনিষ্ট কি অস্বাস্থ্যজনক গন্ধ বাহির হয় তাহার কারখানা কি স্থান,
(ঠ) কিম্বা শুষ্ক ঘাস কি বিচালী কি কাঠ কি কয়লা রাখিবার স্থান কি আড্ডা থাকিলে,

রেজিষ্টরী করিবার যে বহী কমিশ্যনরগণের নিকট থাকে, সেই স্থানের স্বামী কি প্রজা কমিশ্যনরগণের আফিসে সেই বহীতে তাহা রেজিষ্টরী করাইয়া দিবেন। উক্তরূপ কোন স্থানের স্বামী বা দখলীকার তাহা রেজিষ্টরী করিতে ত্রুটি করিলে তাহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না পাইলে তদ্রূপ কোন ব্যবসায় হইতে না পারিবার কথা।

৩০২ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে২ ব্যবসায়ের কথা আছে, কমিশ্যনরগণের নিকট লাইসেন্স না পাইলে মুনিসিপালিটীর মধ্যে সেই ব্যবসায়ের নিমিত্ত কোন নূতন স্থানের ব্যবহার হইবে না। কমিশ্যনরগণ সময়ে২ আপনাদের বিবেচনামতে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন।

দণ্ডের কথা।

৩০৩ ধারা। কোন ব্যক্তি লাইসেন্স না পাইয়াও উক্ত কার্য্যের নিমিত্ত উক্ত কোন স্থানের ব্যবহার করিলে, তাহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও ঐ ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিন প্রতি তাহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

স্থলবিশেষে দুচরখানার কার্য্য ও আশঙ্কা ও দুর্গন্ধজনক ব্যবসায় কমিশ্যনরগণের রহিত করিতে পারিবার কথা।

৩০৪ ধারা। ২৯২ কি ৩০২ ধারামতে যে স্থানের লাইসেন্স দেওয়া গেল, কিম্বা ৩০১ ধারামতে যে স্থান রেজিষ্টরী করা গেল, তাহা প্রতিবাসিদের অনিষ্টজনক বলিয়া কমিশ্যনরগণের হৃদ্বোধমতে প্রকাশ করা গেলে, তাঁহারা প্রজাকে নোটিস দিয়া ঐ নোটিসের তারিখ অবধি এক মাসের মধ্যে সেই স্থানে ঐ কার্য্য বন্ধ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

দণ্ডের কথা।

ঐ মিয়াদ ফুরাইলে পর, যাহাতে প্রতিবাসিদের অনিষ্ট জন্মে কোন ব্যক্তি এমতে ঐ স্থানের ব্যবহার করিলে কি ব্যবহার হইতে দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে। ও তাঁহার ঐ অপরাধ নির্ণয় হইলেপর আর যত দিন ঐ অপরাধ হইতে থাকে দিনপ্রতি তাঁহার আর এক শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে।

দ্বিতীয় পরিচ্ছেদ।—গোরস্তান ও শ্মশানের কথা।

গোরস্তান ও শ্মশান রেজিষ্টরী করিবার কথা।

৩০৫ ধারা। প্রত্যেক গোরস্তান ও শবদাহ করিবার স্থান ও তজ্জন্যে যে ভূমির ব্যবহার হয়, কমিশ্যনরগণ উচিত বোধ করিলে, সেই২ স্থান জরীপ করাইয়া তাহা মাপ করিতে পারিবেন, ও কমিশ্যনরগণ রেজিষ্টরী করিবার যে বহী রাখেন, উক্ত প্রত্যেক গোরস্তানের, ও শবদাহ করিবার প্রত্যেক স্থানের ও তজ্জন্যে যে ভূমির ব্যবহার হয় তাহার স্বামী কিম্বা তাহা যে ব্যক্তির অধীন থাকে তিনি সেই বহীতে সেই স্থান রেজিষ্টরী করাইবেন। স্বামী কিম্বা যাহার কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা থাকে এমত কোন ব্যক্তি না থাকিলে, কমিশ্যনরদের আজ্ঞাক্রমে ঐ স্থান রেজিষ্টরী করা যাইবে।

দণ্ডের কথা।

৩০৬ ধারা। ইহার পূর্ব্ব ধারায় যে২ স্থানের কথা আছে, রেজিষ্টরী করা না গেলেও কোন ব্যক্তি ঐ স্থানের ব্যবহার করিলে, তাঁহার একশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহার অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ হইতে থাকে দিন প্রতি তাঁহার সত্তর টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

৩০৭ ধারা। কবরস্থান কি শ্মশান বলিয়া যে ভূমির রেজিষ্টরী করা যায় নাই, কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ঐ ভূমিতে শব পুঁতিলে কি দাহ করিলে, কিম্বা পোতাইলে কি দাহ করাইলে, কি অন্যের দ্বারা পোতাইলে কি দাহ করাইলে, কি অন্যকে পুঁতিতে কি দাহ করিতে দিলে, তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ইহার পর কমিশ্যনরগণের অনুমতি না হইলে খিলানযুক্ত কবর কি গোরস্থান কি শ্মশান নির্ম্মাণ না হইবার কথা।

৩০৮ ধারা। নিয়মিত সভা ভিন্ন অন্য সভাগত কমিশ্যনরগণের নিকট লাইসেন্স পাওয়া না গেলে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের দত্ত অনুমতি ক্রমে যে গোরস্তান করা যায় তাহা ছাড়া কোন চর্চের কি চ্যাপেলের কিম্বা ঈশ্বরের ভজনার্থে সাধারণের গমনীয় কোন ঘরের মধ্যে কি নীচে খিলানযুক্ত কি অন্য কবর, কিম্বা সাধারণের কি ব্যক্তি বিশেষের গোরস্তান কি শ্মশান খোলা কি প্রস্তুত করা যাইবে না। কমিশ্যনরগণ ঐ কবরস্থানের কি শ্মশানের পরিমাণ ও সীমা নির্ণয় করিয়া সময়ে২ আপনাদের বিবেচনামতে তদ্রূপ লাইসেন্স দিতে পারিবেন।

দণ্ডের কথা।

৩০৯ ধারা। কোন ব্যক্তি উক্ত লাইসেন্স না পাইয়া কিম্বা পাইলেও সেই লাইসেন্সের নিয়মের বিপরীতভাবে খিলানযুক্ত কি অন্য কবর কি কবরস্থান কি শ্মশান খুলিয়া কি প্রস্তুত কি নির্ম্মাণ করিয়া তজ্জ

মধ্যে শব পুতিলে কি দাহ করিলে কি পোঁতাইলে কি দাহ করিতে অনুমতি দিলে, তাঁহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

গোরস্তান কি শ্মশান অনুপযুক্ত হইলে তাহার ব্যবহার নিবারণার্থে কমিশ্যনরগণের সর্টিফিকট দিবার কথা।

৩১০ ধারা। কোন গোরস্তানের কি কবর দিবার স্থানের, কিম্বা শব দাহ করিবার জন্যে যে স্থানের ব্যবহার হইয়া থাকে তাহার অবস্থা হেতুক আশপাশের লোকদের স্বাস্থ্যের বিঘ্ন জন্মিতে পারে, কিম্বা কোন গির্জাঘরে কি ঈশ্বরের ভজনার্থ সাধারণের গমনীয় কোন স্থানের মধ্যে কি নীচে কিম্বা তৎসংযুক্ত কোন গোরস্তানে খিলানযুক্ত কি অন্য যে সকল কবর আছে তাহার অবস্থাপ্রযুক্ত যে ব্যক্তিরা সেই২ ঘরে গিয়া থাকেন তাঁহাদের স্বাস্থ্যের বিঘ্ন জন্মিতে পারে।

সভাগত কমিশ্যনরগণ স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি ক্রমে নিম্নলিখিত বিধানমতে ইহার সর্টিফিকেট দিলে, ঐ সেই স্থান হইতে যুক্তিমত অনতিদূরে কবর দিবার কিম্বা বিশেষ বিশেষে শবদাহ করিবার উপযুক্ত আর এক স্থান পাওয়া যাইতে পারে, এই মর্ম্মেরও সর্টিফিকেট দিলে, ঐ সর্টিফিকেটের উল্লিখিত ভূমীতে কি গির্জাঘরে কি ঈশ্বরের ভজনার্থ স্থানে কি তাহার উপরে কি মধ্যে কি নীচে কোন ব্যক্তি ঐ সর্টিফিকেটের নির্দ্দিষ্ট দুই মাস অন্যূন কোন কালের পর শব কবর দিবেন কি দাহ করিবেন না ও অন্য কাহাকেও কবর দিতে কি দাহ করিতে দিবেন না কেবল ঐ সর্টিফিকেটে যতদূর অনুমতি দেওয়া যায় ততদূর কবর দিতে কি শব দাহ করিতে পারিবে।

উক্ত প্রকারের প্রত্যেক সর্টিফিকেট কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, ও গোরস্থান কি শ্মশান সম্পর্কীয় সর্টিফিকেট হইলে তাহার বাঙ্গলা অনুবাদ ঐ ভূমীর কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

দণ্ডের কথা।

৩১১ ধারা। উক্ত প্রকারের সর্টিফিকেট নিয়মিত রূপে প্রকাশ করা গেলে পর কোন ব্যক্তি এই বিধানের বিপরীতে তন্মধ্যে শব পুঁতিলে কি দাহ করিলে কি পোঁতাইলে কি দাহ করাইলে কি পুঁতিতে কি দাহ করিতে দিলে কি অনুমতি দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কোন২ স্থলে গির্জাঘরপ্রভৃতিতে কমিশ্যনরগণের কবর দিতে অনুমতি দেওনের কথা।

৩১২ ধারা। ৩১০ ধারামত কোন সর্টিফিকট দেওয়া গেলেও, যদি আচারমতে কি অন্য কারণে ঐ সর্টিফিকেটে উল্লিখিত কোন গির্জাঘরে কি তাহার নীচে কিম্বা ঐ গির্জাঘরের কি তাহার লাগাও গোরস্তানের কি অন্য গোরস্থানের কি কবর দিবার স্থানের খিলানযুক্ত কোন কবরে শব পুঁতিবার অধিকার কিম্বা কবর দিবার একাধিকার থাকে কিম্বা কবর দিবার জন্যে ভূমীর একাধিকার ক্রয় করা কি প্রাপ্ত হওয়া গিয়া থাকে, তবে কমিশ্যনরগণের নিকট দরখাস্ত করা গেলে, ও সেই অধিকারমত কার্য্য হইলে কিম্বা ঐ ভূমীর তদ্রূপ ব্যবহার হইলেও স্বাস্থ্যের বিঘ্ন হইবে না তাঁহারা এ বিষয়ে ইহা জানিলে, যত কাল ও যে নিয়ম ও সীমা নির্ণয় করা উচিত জ্ঞান করেন, তত কাল সেই নিয়ম ও সীমা মানিয়া ঐ অধিকারমত কার্য্য হইবার ও ঐ ভূমী তদ্রূপ ব্যবহারের লাইসেন্স দিতে পারিবেন।

শবদাহের স্থানে কাষ্ঠের দোকানের লাইসেন্স দিতে পারিবার কথা।

৩১৩ ধারা। শব দাহ নিমিত্ত ব্যবহৃত কাষ্ঠ ও অন্য দ্রব্যাদি শবদাহের স্থানে বিক্রয় করিবার লাইসেন্স পাইবার নিমিত্ত যে ব্যক্তিরা প্রার্থনা করে কমিশ্যনরগণ সময়ে২ তাহাদিগকে ঐ লাইসেন্স দিবেন এবং নিয়মিত সভাভিন্ন অন্য সভায় সভাগত হইয়া উক্ত দ্রব্যাদি বিক্রয়ের মূল্যের হারের তালিকা নির্দ্দিষ্ট করিয়া দিবেন। যে কোন ব্যক্তি উক্তরূপ লাইসেন্স প্রাপ্ত না হইয়া উক্ত কোন শবদাহের স্থানের তিন শত গজ মধ্যে উক্তরূপ কাষ্ঠ বা অন্যান্য দ্রব্যাদি বিক্রয় করে বা বিক্রয়ার্থ উপস্থিত করে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কমিশ্যনরগণ বিশিষ্ঠ ও উপযুক্ত কারণ দেখিয়া উচিত বোধ করিলে উক্তরূপ কোন লাইসেন্স ফিরিয়া বা কাড়িয়া লইতে পারিবেন; এবং যে ব্যক্তিকে উক্তরূপ লাইসেন্স দেওয়া যায় সেই ব্যক্তি উক্ত তালিকায় কোন দ্রব্যের যে হার অবধারিত থাকে তদপেক্ষা উচ্চ হারে ঐ দ্রব্যবিক্রয়ার্থ মূল্য লইলে কমিশ্যনরগণের বিবেচনামতে তাহার লাইসেন্স রহিত হইতে ও তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

এই ধারার বিধানমতে যে কোন ব্যক্তির লাইসেন্স ফিরিয়া বা কাড়িয়া লওয়া বা রহিত করা হয় কমিশ্যনরগণ তাহাকে নূতন লাইসেন্স দিতে বাধ্য হইবেন না।

ত্রয়োদশ অধ্যায়।

বাজার বিষয়ক বিধি।

কমিশ্যনরগণের বাজার প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

৩১৪ ধারা। মুনিসিপল বাজার বলিয়া যে স্থানে ব্যবহার হইবে, কমিশ্যনরগণ সময়ে২ বিহিত বোধ করিলে স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া সভাগত হইয়া মুনিসিপালিটির মধ্যে সেই স্থান নিরূপণ করিতে পারিবেন ও সেই বাজারের ব্যবহার করিতে দিবার নিমিত্ত ও দ্রব্য সাজাইয়া বিক্রয় করিবার অধিকারের নিমিত্ত ও তন্মধ্যে দোকান ও মাচা কি দাঁড়াইবার স্থানের নিমিত্ত কমিশ্যনরগণ খাজানা কি মাশুল কি ফী বলিয়া যত টাকা লওয়া উচিত বোধ করেন লইতে পারিবেন।

ফী আদায় করিবার কথা।

৩১৫ ধারা। উক্ত যে খাজানা কি মাশুল কি ফী পাওনা হয়, তাহা কোন ব্যক্তির স্থানে পাওনা থাকিলে, ঐ ব্যক্তির স্থানে কমিশ্যনরগণের রেট পাওনা হইলে ৬ অধ্যায়ের বিধানমতে যেরূপে আদায় করিতে পারেন, ঐ খাজানা প্রভৃতি ও সেই রূপে আদায় করিতে পারিবেন।

বাজার বসাইবার নিমিত্ত কমিশ্যনরগণের ভূমি লইবার ক্ষমতার কথা।

৩১৬ ধারা। মুনিসিপালিটির মধ্যে মুনিসিপল বাজারস্বরূপ যে স্থানের ব্যবহার হইবে সভাগত কমিশ্যনরগণ সময়ে২ বিহিত বোধ করিলে এমত স্থান নিরূপণ করিয়া দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া, ভূমি ক্রয় করিয়া কি পাট্টা করিয়া কি অন্য প্রকারে

করিতে পারিবেন, ও সেই সীমার মধ্যে এইরূপে বাজার বলিয়া যে ভূমীর ব্যবহার হইয়া থাকে কিম্বা বাজার স্বরূপ যে ভূমি রেজিষ্টরী হইয়াছে তাঁহারা সেই উদ্দেশে যে বিধি ও যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন তদনুসারে সেই ভূমি ক্রয় করিতে কি পাট্টা করিয়া লইতে পারিবেন ও এইরূপে তাঁহাদের প্রতি যে ভূমি বর্ত্তে কি তাঁহাদের যে ভূমি আছে তাহা ও ঐ কার্য্যে নিরূপণ করিতে পারিবেন, ও সেই সমুদয় ভূমি কি তাহার যে অংশ আবশ্যক বোধ করেন তাহা তদ্রূপ মুনিসিপাল বাজারের উপলক্ষে নিরূপণ করিতে পারিবেন। তাহা করিলে তাহারা সময়২ ঐ২ মুনিসিপাল বাজার নির্ম্মাণ ও রক্ষা করিয়া যে২ ব্যক্তিরা সর্ব্বদাই ঐ মুনিসিপাল বাজারে গিয়া থাকে মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার স্থান ও অন্য২ ঘর, ও ঐ মুনিসিপাল বাজারে যে২ দ্রব্য বিক্রয় হইয়া থাকে তাহা ওজন ও মাপ করিবার সুবিধাজনক উপায় করিয়া দিতে পারিবেন. ও সেই বাজারের মধ্যে কি তথায় যাইবার যে পথ প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করেন পূর্ব্বোক্ত ভূমীতে, কি অন্য ভূমি ক্রয় করিয়া সেই ভূমিতে, ঐ২ পথ প্রস্তুত করিয়া দিতে পারিবেন। ও নিম্নলিখিত সকল কি অন্যতর কার্য্যের

ও উপবিধি করিবার কথা।

নিমিত্তে উপবিধি করা উচিত জ্ঞান করেন ১৬ অধ্যায়ের বিধানমত উপবিধি ছাড়া, এই২ বিষয়ের উপবিধিও করিতে পারিবেন,—

(ক) বাজারের ও তন্মধ্যে ঘরের ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার দাঁড়াইবার স্থানের তত্ত্বাবধারণ ও ব্যবহার হইবার, ও বাজারের মধ্যে কিম্বা বাজারে যাইবার পথে অনিষ্টজনক বা বাধাজনক কার্য্য না হইবার উপবিধি।

(খ) বাজারের অপ্রকৃত কি কম ওজনের বাটখারা কি দাঁড়িপাল্লা কি মাপিবার পাত্রাদি ব্যবহার না হইবার উপবিধি।

(গ) অস্বাস্থ্যজনক মাংস কি মাচ কি অন্য আহারীয় দ্রব্য বিক্রয় না হইবার কি বিক্রয়ার্থে না সাজাইবার উপবিধি।

(ঘ) বাজারের নিরিখের ফর্দ্দ করিয়া প্রকাশ করিবার ও যে২ দ্রব্য যেরূপে অর্থাৎ মাপিয়া কি তোল করিয়া কি গণতি করিয়া কি টুকরা২ করিয়া বিক্রয় হইবে তাহার উপবিধি।

(ঙ) সেই বাজার পরিষ্কার ও উপযুক্তভাবে রাখিবার ও তথা হইতে জঞ্জাল ও ময়লা তুলিয়া ফেলিবার উপবিধি

৩১৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে উপবিধি করা

কোন ব্যক্তি বিধি না মানিলে তাঁহাকে তাড়াইয়া দিবার ক্ষমতার কথা।

যায় কোন ব্যক্তি কি তাহার চাকরেরা তৎ কোন উপবিধি। লঙ্ঘন করিলে ঐ লঙ্ঘন করণ অপরাধ নির্ণয় হইলে, কমিশ্যনরগণ তাঁহাকে কি তাঁহাদিগকে উক্ত কোন মুনিসিপাল বাজার হইতে বাহির করিয়া দিতে পারিবেন, এবং সেই ব্যক্তির কি তাহার চাকরদের ঐ বাজারে কোন বাণিজ্য ব্যবসায় করিতে কিম্বা তন্মধ্যে কোন মাচা কি দোকান রাখিতে নিবারণ করিতে পারিবেন, ও ঐ মাচার কি দোকানের পাট্টা পাইয়া থাকলে তাহা রহিত করিতে পারিবেন।

৩১৮ ধারা। কমিশ্যনরগণ নিয়মিত সভাগত

কমিশ্যনরদের বাজার বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

হইয়া যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন মুনিসিপাল বাজার কি বাজারের কোন অংশ বিক্রয় করিতে কি প্রজাদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন, এবং এই ধারার বিধান সফল করিবার জন্যে আর যে২ কর্ম্ম করা আবশ্যক তাহা করিতে পারিবেন।

৩১৯ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া যে নিয়ম করা

বাজার বন্ধ করিবার কিম্বা পূর্ব্বে বাজারের মত যে জমির ব্যবহার হইত তাহা বিক্রয় কি পাট্টা করিয়া দিতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন মুনিসিপাল বাজার কিম্বা তাহার কোন অংশ বন্ধ করিতে পারিবেন, কিম্বা মুনিসিপাল বাজারের মত যে ভূমির ব্যবহার হইয়া আসিতেছে সেই ভূমি কি তাহার কোন অংশ বিক্রয় করিতে কিম্বা প্রজাদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন। ও এই ধারার বিধান সফল করিবার জন্যে যাহা আবশ্যক তাহাও করিতে পারিবেন।

৩২০ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া মুনিসিপাল

বাজারের কর্ম্ম চালাইতে কমিশ্যনরগণের ক্ষমতার কথা।

ফণ্ডের টাকা, এবং এই আইনের বিধানমতে কর্জ্জ করিয়া যে টাকা লন তাহা, ও কোন মুনিসিপাল বাজারে যে২ ঘর ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষআদি রাখিবার দাঁড়াইবার যে২ স্থান থাকে তাহার ভাড়া বলিয়া যে টাকা তোলেন, ও কোন মুনিসিপাল বাজার হইতে যে ফী আদায় হয়, তাহা লইয়া, সেই প্রকারের মুনিসিপাল বাজার নির্ম্মাণ করিবার ও তাহার খরচ পোষাইবার ও তাহা সারাইয়া রাখিবার নিমিত্তে, ও সেই বাজার দৃঢ়মতে স্থাপন করিবার কি তাহার কার্য্য চালাইবার নিমিত্তে কি তদুপযোগী অন্য যে২ কাৰ্য্য করা আবশ্যক বোধ করেন সেই কার্য্যে ঐ টাকা খরচ করিতে পারিবেন।

৩২১ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া আপনাদের

বাজারের লাইসেন্স দিবার ক্ষমতার কথা লাইসেন্সের মিয়াদের কথা।

বিবেচনামতে মুনিসিপালিটির মধ্যে মাংস ও মাচ ও ফল ও শাক সবজি বিক্রয়ের নিমিত্তে বাজারস্বরূপ কোন স্থানের ব্যবহার হইবার লাইসেন্স দিতে পারিবেন। সেই লাইসেন্স প্রবল হইবার যে তারিখ ঐ পত্রে লেখা থাকে, সেই তারিখ অবধি তৎপশ্চাৎ আপ্রিল মাসে ১ তারিখ পর্য্যন্ত তাহা প্রবল থাকিবে।

১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের ৬ ধারামতে যে বাজার রেজিষ্টরী করা গিয়াছে, সেই বাজারের নিমিত্তে কোন ব্যক্তি লাইসেন্স লইতে যে বদ্ধ আছেন এই ধারার কোন কথায় এমত জ্ঞান করিতে হইবে না।

৩২২ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স

অনুমতি বিনা কোন স্থানে বাজার স্বরূপ ব্যবহৃত হইতে দিবার দণ্ডের কথা।

না পাইয়া ইচ্ছাপূর্ব্বক কি মনোযোগ না থাকাতে মুনিসিপালিটীর মধ্যে কোন স্থানে (১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের ৬ ধারামতে রেজিষ্টরী করা বাজার ভিন্ন) মাংস ও

মাচ ও ফল ও শাক সবজী বিক্রয় করিবার জন্য বাজার বসিতে দিলে, তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর যতদিন অপরাধ করিতে থাকেন দিনপ্রতি তাঁহার আর পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

যে স্থানের লাইসেন্স পাওয়া যায় নাই তাহা বন্ধ করিবার কথা।

৩২৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে একি বৎসরের মধ্যে একি স্থানের বিষয়ে তিন বার ঐ অপরাধ নির্ণয় হইলে কমিশ্যনরগণের প্রার্থনামতে কলিকাতার পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব সেই স্থান বন্ধ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই স্থানের তদ্রূপ আর ব্যবহার না হয় এই নিমিত্ত তথায় লোক নিযুক্ত করিবেন কিম্বা অন্য বিধান করিবেন। ও তদ্রূপে যে স্থান বন্ধ করা যায় কোন ব্যক্তি সেই স্থানে মাংস কি মাচ কি ফল কি শাকসবজী বিক্রয় করিলে কি বিক্রয় করিবার জন্যে সাজাইয় রাখিলে তাহার দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

বাজারে কমিশ্যনরগণের পথ নিরূপণ করিবার কথা।

৩২৪ ধারা। মুনিসিপালিটীর অন্তর্গত কোন হাটে কি বাজারে যে ব্যক্তিরা গিয় থাকেন তাহাদের যাইবার সুবিধার জন্যে যে রাস্তা কি পথপ্রভৃতি আছে, বাজারের কি হাটের কোন অংশ সেই পথ প্রভৃতির একাংশ হইবে, কিম্বা কোন অংশ লইয়া পথ প্রভৃতি করা যাইবে, কমিশ্যনরগণ সভাগত হইয়া ইহা নিরূপণ ও স্থির ও নির্ণয় করিবেন। এবং উক্ত বাজারের কি হাটের যের অংশ ঐ রাস্তা ও পথ প্রভৃতি স্বরূপে রাখা গিয়া ব্যবহার হইবে তাহার সীমার ও বর্ণনার নোটিস ঐ হাটের কি বাজারের কোন এক কি অধিক প্রকাশ স্থানে লাগাইয়া দিয়া তাহা জ্ঞাত করিবেন।

কমিশ্যনরগণের ঐ কার্য্য সম্পাদনার্থ আজ্ঞা দিতে পারিবার কথা।

কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হইয়া ঐ হাটের কি বাজারের স্বামির কি মালিকের কি পাট্টাদারের নামে নোটিস লিখিয়া দিয়া ঐ নোটিসে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ বাজারে যাইবার পথ প্রভৃতির ও তাহার অন্তর্গত রাস্তা ও পথ প্রভৃতি চিহ্ন দিয়া তাহা পরিষ্কার ও প্রশস্ত করিবার ও রাখিবার আবশ্যক সকল কর্ম্ম করিবার ও আবশ্যক আর সকল উপায় করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ও সেই কার্য্যে ত্রুটি হইলে আপনাদের চাকর ও কর্ম্মকারকদের দ্বারা উক্ত হাটে কি বাজারে কি কি প্রবেশ করিয়া ঐ হাটে কি বাজারে যাইবার গিয়া পথ কিম্বা তাহার অন্তর্গত পথ কি রাস্তাপ্রভৃতি পরিষ্কার করিয়া তাহার চিহ্ন দিয়া পারসর করিতে পারিবেন ইহাতে যে খরচ লাগে যাঁহার প্রতি নোটিস দেওয়া গেল তাঁহার সেই খরচ দিতে হইবে।

যাইবার পথ কমিশ্যনরগণের পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

উক্ত হাটে কি বাজারে যাইবার পথ কিম্বা তদন্তর্গত পথ প্রভৃতি কোন সময়ে পরিবর্ত্তন ও প্রকারান্তর করিবার প্রয়োজন থাকিলে, কমিশ্যনরগণ সময়ের সভায় অধিষ্ঠিত হইয়া উক্ত প্রকারের নোটিস দ্বারা সেই কথা জানাইয়া ঐ পথ প্রভৃতি প্রকারান্তর ও পরিবর্ত্তন করিতে পারিবেন।

দণ্ডের কথা।

উক্ত নোটিস দেওয়া গেলে পর কোন ব্যক্তি ঐ হাটে কি বাজারে যাইবার পথের কিম্বা তদন্তর্গত পথ প্রভৃতির অবরোধ জন্মাইলে কি স্থান যোড়া করিলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও কমিশ্যনরগণ তাঁহাকে বাধাজনক ঐ দ্রব্য স্থানান্তর করিবার কি স্থান যোড়া করিয়া না রাখিবার নোটিস দিলে পর তাহা যত দিন থাকে, দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

ন্যূনতম দণ্ডের কথা।

৩২৫ ধারা। কোন ব্যক্তির এই অধ্যায়মত কোন অপরাধ, কিম্বা বাজারের বিষয়ে এই অধ্যায়মতে যে উপবিধি করা গেল কি করা যাইবে তদ্বিপরীত অপরাধ নির্ণয় হইলে পর, যদি সেই বিধানের বিপরীত তাহার দ্বিতীয়বার অপরাধ নির্ণয় হইয়া থাকে তবে ঐ অপরাধের উচ্চতম যে দণ্ড নিরূপণ হইল, ঐ ব্যক্তির তাহার অর্দ্ধেকের ন্যূন দণ্ড হইবে না ও তাহার পর তৃতীয়বার কি আর যতবার ঐ অপরাধ করেন ততবার তাঁহার ঐ অতি উচ্চ দণ্ডের ন্যূন দণ্ড হইবে না।

চতুর্থ অধ্যায়।

কমিশ্যনরদের সাধারণ ক্ষমতাবিষয়ক বিধি।

প্রথম পরিচ্ছেদ।—প্রবেশ করিবার অধিকারের কথা।

এই আইনের কার্য্যের নিমিত্তে ঘরে ও ভূমিতে যাইবার ক্ষমতার কথা।

৩২৬ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন বিষয় দেখিবার কিম্বা জরীপ কি মাপ করিবার জন্যে, কিম্বা এই আইনমতে কমিশ্যনরগণের যে কার্য্য করিবার অনুমতি থাকে এমত কোন কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে, কমিশ্যনরেরা সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্যে কোন সময়ে নিজে কিম্বা তাঁহাদের কার্য্যকারকদের দ্বারা কোন ঘরে কি ভূমিতে প্রবেশ করিতে পারিবেন। তদ্রূপে প্রবেশ করা প্রযুক্ত ও এই আইন অনুসারে সেই ঘরে কি ভূমীতে কোন কার্য্য করা প্রযুক্ত তাঁহাদের নামে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে ও তাঁহাদের কোন কষ্ট দেওয়া যাইতে পারিবে না।

কিন্তু পশ্চাদ্ভাগে যে স্থলের বিধান হইতেছে সেই স্থল ছাড়া, যদি ঘরে কি ভূমিতে প্রজা থাকে, তবে সেই প্রজার অনুমতি না পাইলে, কমিশ্যনরগণ চব্বিশ ঘণ্ট থাকিতে প্রজাকে আপনাদের প্রবেশ করিবার কল্পনার নোটিস না দিয়া আপনারা কি তাঁহাদের কার্য্য কারকেরা সেই ভূমিতে যাইবেন না।

যে ভূমীতে কোন কর্ম্ম চলিতেছে তাহার নিকট ভূমীতে কমিশ্যনরগণের যাইবার ক্ষমতার কথা।

৩২৭ ধারা। এই আইনমতে কোন কর্ম্ম করিবার অনুমতি দেওয়া গেলে, ঐ কর্ম্ম যে স্থানে চালান যাইবে কমিশ্যনরগণ কি তাঁহাদের কার্য্যকারকেরা কি চাকরেরা তাহার নিকট কিম্বা এক শত গজের মধ্যে কোন ব্যক্তির ভূমিতে প্রবেশ করিয়া মাটি, কাঁকর, বালী, চুণ, ইট, পাথর প্রভৃতি সরঞ্জাম রাখিতে, কিম্বা সেই কর্ম্ম নির্ব্বাহ করণসম্পর্কীয় অন্য কার্য্য করিতে পারিবেন, ইহার জন্যে তাঁহাদের আগাম টাকা দিতে

কি দিবার প্রস্তাব করিতে কি আমানৎ করিতে হইবে না। ও এতদ্দারা তাঁহাদিগকে যে২ ক্ষমতা দেওয়া গেল, সেই২ ক্ষমতানুসারে কার্য্য করিয়া সাধ্যমতে হানি না করিতে চেষ্টা করিবেন, ও প্রত্যেক জিনের নিমিত্ত সেই ভূমি দখল কর কিম্বা তাহার কিয়ৎকালীন হানি কর প্রযুক্ত স্বামি ক ও প্রজাকে সময়ে২ সেই২ হানিপূরণ করিয়া দিবেন, ও তদ্রূপে যত বার কিয়ৎকালের নিমিত্ত কোন ভূমি দখল করা যায় কিম্বা কিয়ৎকাল তাহার হানি করা যায় ততবার সেই হানিপূরণ করিয়া দিবেন, এবং ঐ ভূমির একেবারে হানি করিলে স্বামির সেই হানিপূরণও করিয়া দিবেন।

হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে ও সেই টাকার মধ্যে যিনি যত পাইবেন, এই বিষয়ের বিবাদ হইলে নিম্নভাগে হানিপূরণের ও খরচ র বিবাদ নিষ্পত্তি করিবার যে বিধান করা যাইতেছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করা যাইবে।

পরন্তু উক্ত কর্ম্ম যে স্থানে চালান যাইবে কএক দিনের নিমিত্ত পূর্ব্বোক্তমতে তাহার লাগাও কি নিকট ভূমির ব্যবহার করিবার পূর্ব্বে তিন দিন থাকিতে, কমিশ্যনরগণ ঐ ভূমির স্বামিকে ও প্রজাকে আপনাদের ঐ কল্পনার নোটিস দিবেন, ও তদ্রূপে যত জমির ব্যবহার করিবার প্রয়োজন থাকে তাহার লাগাও অন্য জমিতে পৃথক করিবার জন্যে উপযুক্ত বেড়া দিয়া তাহা ঘেরিয়া রাখিবেন।

কমিশ্যনরগণ নগরের বাহিরে নরদমা কি পয়ঃপ্রণালী করিলে তাঁহাদের ক্ষমতার কথা।

৩২৮ ধারা। মুনিসিপালিটীর সীমার বাহিরের কোন স্থানহইতে মুনিসিপালিটীর মধ্যে জল আনাইবার নিমিত্ত নল বসাইতে কিপয়নালা করিয়া দিতে হইলে, কিম্বা ঐ সীমার বাহিরে কোন রাজকীয় নরদমার সঙ্গে কিম্বা কোন হ্রদের কি স্রোতের কি খালের কি জলপ্রণালীর সঙ্গে যোগ করিবার জন্যে, কি তন্মধ্যে জল পড়িবার জন্যে নরদামা কি পয়নালা করিতে হইলে, স্থানীয় গবর্ণমেন্ট সেই নল বসাইবার কিম্বা তদ্রূপ পয়নালা কি নরদামা কি জলনালার নকশা অনুমোদন করিলে, মুনিসিপালিটীর মধ্যে এই আইনমতে কর্ম্ম করণার্থে কমিশ্যনরগণের ও তাঁহাদের কার্য্যকারকদের ও চাকরদের যে সকল ক্ষমতা থাকে, দেশের যে২ স্থান দিয়া ঐ নল কি জলনালা কি নরদামা কি পয়নালা চলিয়া যাইবে, সেই২ স্থানেও সেই নল বসাইবার ও সেই জলনালা ও নরদামা ও পয়নালা প্রস্তুত করিবার জন্যে তাঁহাদের উক্ত যে ক্ষমতামতে কার্য্য করা আবশ্যক তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, ও তাহা করাপ্রযুক্ত তাঁহাদের নামে নালিশ হইতে পারিবে না ও তাঁহাদিগকে কষ্ট দেওয়া যাইবে না।

এবং মুনিসিপালিটীর মধ্যে কমিশ্যনরগণের কোন কার্য্য করিতে হইলে, তৎসম্পর্ক শান্তিরক্ষার্থ কোন যষ্টিস এই আইনমতে যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, যে মাজিষ্ট্রেট সাহেবের জিলার মধ্যে দিয়া ঐ নল কি জলনালা কি নরদমা কি পয়নালা যাইবে তিনিও তৎসম্পর্কে আপন জিলার সীমার মধ্যে সেই২ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

কমিশ্যনরগণের কর্ম্ম কারকদের কর্ম্ম করণ সময়ে তাহাদের বাধ দিবার দণ্ডের কথা।

৩২৯ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ২১ ধারায় রাজকীয় কার্য্যকারক শব্দের যে অর্থ করা গিয়াছে সেই অর্থানুযায়ি কার্য্যকারক ভিন্ন কমিশ্যনরগণ যে কার্য্যকারক অথবা তাহারা যে ব্যক্তি সঙ্গে করার করিয়া থাকেন, তিনি আপনার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ কি সম্পাদন করিতেছেন, কিম্বা এই আইনের বলে কি এই আইন প্রযুক্ত যে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন কি আজ্ঞাপ্রাপ্ত হন সেই কর্ম্ম করিতেছেন, এমন সময় কোন ব্যক্তি তাঁহাকে বাধা কি কষ্ট দিলে, কিম্বা এই আইনদ্বারা যে কার্য্য করিবার অনুমতি হয়, তাহা সম্পাদন করিবার জন্যে যে মাটাম ধরা কি যে দিক নিরূপণ করা আবশ্যক তাহা নিরূপণার্থে যে চিহ্ন দেওয়া যায়, কোন ব্যক্তি সেই চিহ্ন সারাইয়া দিলে তাহার দুইশত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কিম্বা শান্তির কার্য্য যে জষ্টিসের সম্মুখে তাহার অপরাধ নির্ণয় হয় তাঁহার বিবেচনামতে ঐ ব্যক্তির দুই মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে।

দ্বিতীয় পরিচ্ছেদ।—ভূমি ক্রয় বিক্রয়ের কথা।

এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণের ভূমি ক্রয় ও বিক্রয় করিবার ও পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

৩৩০ ধারা। কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হইয়া এই আইনের কোন কার্য্যের নিমিত্ত মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে ভূমি ক্রয় করিতে পারিবেন, এবং এই আইনের কার্য্যপক্ষে তাঁহাদের প্রতি যে ভূমি অর্পণ করা গেল তাহার আর প্রয়োজন না থাকিলে, তাহা বিক্রয় করিতে কিম্বা পাট্টা করিয়া দিতে পারিবেন, এবং যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে ঐ ভূমির খাজানা লইতে পারিবেন।

কমিশ্যনরগণের খাজানা কি পাট্টা করিয়া ভূমি লইতে পারিবার কথা।

৩৩১ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কোন ভূমির প্রয়োজন হইলে কমিশ্যনরগণ সভায় অধিষ্ঠিত হওয়া সময়ে২ যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মমতে ঐ ভূমি খাজানা কিম্বা পাট্টা করিয়া লইতে পারিবেন।

ভূমি গ্রহণার্থ আইনমতে ভূমি লওয়া যাইতে পারিবার কথা।

৩৩২ ধারা। এই আইনের কার্য্যপক্ষে ভূমির প্রয়োজন হইলে ভূমিগ্রহণবিষয়ক ১৮৭০ সালের আইনের বিধানমতে ঐ ভূমি লওয়া যাইতে পারিবে। এবং ঐ আইনের বিধানমতে হানিপূরণের যত টাকা দেওয়া উচিত কমিশ্যনরগণ মুনিসিপল ফণ্ড হইতে তাহা দিলে এই আইনের কার্য্যপক্ষে ঐ ভূমি তাঁহাদের প্রতি বর্ত্তিবে।

তৃতীয় পরিচ্ছেদ।—রেলওয়ের কথা।

রেলপথ প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

৩৩৩ ধারা। কমিশ্যনরগণের বিবেচনামতে এই আইনের কার্য্যপক্ষে রেলপথ প্রস্তুত করিয়া রাখা উপকারজনক ও আবশ্যক হইলে, তাহারা সভাগত হইয়া মুনিসিপলিটীর কোন সরকারী রাস্তায় কিম্বা

মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে যে ভূমি তাঁহাদের প্রতি অর্পিত হইল, সেই ভূমিতে, ঐ রেলপথ প্রস্তুত করিয়া কি সারাইয়া রাখিতে পারিবেন।

এবং ইহার পূর্ব্বে তাঁহারা যে রেলপথ প্রস্তুত করিয়াছেন কি পশ্চাৎ যাহা করিবেন, সেই পথ দিয়া তাঁহারা গাড়ী চালাইবার যে লোকোমোটিব ইঞ্জিনের কি অন্য কলের ব্যবহার করিতে ও তদ্দ্বারা আকৃষ্ট হইবার কি ঠেলিয়া লইয়া যাইবার যে গাড়ী কি মালগাড়ী চালাইতে স্থির করেন তাহার ব্যবহার করিতে ও তাহা চালাইতে পারিবেন।

এবং ঐ রেলপথ দিয়া যে চড়নদারেরা যাইতে চাহেন তাঁহাদিগকে ও যে মাল পাঠাইবার প্রস্তাব হয় তাহাও লইয়া যাইতে ও চালান করিতে পারিবেন,

ও তদ্ধেতুক সময়েং সঙ্গত যত খরচ লইতে স্থির করেন তাহাও লইতে পারিবেন।

রেলওয়ের উপর গাড়ী যাইবার অনুমতি দেওয়ার ক্ষমতার কথা।

৩৩৪ ধারা। কমিশ্যনরগণ ইতিপূর্ব্বে যে রেলপথ প্রস্তুত করিয়াছেন কি অতঃপরে যাহা প্রস্তুত করিবেন, সভাগত হইয়া অন্য ব্যক্তির কলের কি মালের গাড়ী কি অন্য গাড়ী আপনাদের সেই রেলপথ দিয়া যাইবার জন্যে সেই ব্যক্তির সঙ্গে সময়েং চুক্তি করিয়া, পরস্পর যত মাসুল কি খাজানা স্থির করেন ও যে নিয়ম ও সীমা বিষয়ক যে বিধান করেন তত মাসুল ও খাজানা লইতে ও সেই নিয়ম ও বিধান করিতে পারিবেন।

রেলপথের পাট্টা দিবার ক্ষমতার কথা।

৩৩৫ ধারা। পূর্ব্বলিখিত ধারার বিধানমতে কমিশ্যনরগণ যে রেলপথ করিয়াছেন বা করিবেন, সভাগত হইয়া অন্যের সঙ্গে পরস্পর যে নিয়ম ও যে শর্ত্ত ও সীমা বিষয়ক যে বিধান করেন সেই নিয়ম ও বিধানানুসারে তাঁহারা ঐ অন্য ব্যক্তিকে ঐ রেলপথ পাট্টা করিয়া দিতে পারিবেন। ও কমিশ্যনরগণ ঐ রেলপথ পাট্টা করিয়া না দিলে তাঁহাদের তৎসম্পর্কে যেং ক্ষমতা থাকিত, যাঁহাকে তাঁহারা পাট্টা করিয়া দেন, পূর্ব্বোক্ত নিয়ম ও বিধান মানিয়া সেই রেলপথ সারাইয়া রাখিতে, ও তাহার উপর দিয়া কলের গাড়ী, কিম্বা গাড়ী চালাইবার বলযুক্ত অন্য কলের ব্যবহার করিতে, ও তদ্দ্বারা আকৃষ্ট হইয়া কিম্বা ঠেলিয়া লইয়া যাইবার গাড়ী ও মালের গাড়ী চালাইতে, ও চড়নদারদিগকে ও মাল লইয়া যাইতে কি চালান করিতে, ও তৎসম্পর্কীয় খরচ লইতে ঐ ব্যক্তিরও সেইং ক্ষমতা থাকিবে।

কমিশ্যনরগণ সভাগত হইয়া মুনিসিপালিটীর মধ্যে কি বাহিরে কোন রেলওয়ে প্রস্তুত করিবার ও তাহা সারাইয়া রাখিবার ও তাহার কার্য্য চালাইবার জন্যে সময়েং কোন ব্যক্তির সঙ্গে চুক্তি করিতে পারিবেন।

চতুর্থ পরিচ্ছেদ।—হাস্পাতালের কথা।

হাস্পাতালের ব্যয়-পোষণ করিবার ক্ষমতার কথা।

৩৩৬ ধারা। কমিশ্যনরগণ যে কার্য্যপক্ষে উচিত বোধ করেন, নিয়মিত সভা ভিন্ন অন্য সভাগত হইয়া সেই কার্য্যের উপলক্ষে হাস্পাতালের ব্যয়পোষণ কি তৎপক্ষে যত টাকা উচিত জ্ঞান করেন তত টাকা প্রয়োগ করিতে পারিবেন।

পঞ্চম অধ্যায়।

মুনিসিপাল ঋণের কথা।

রেট ও টাক্স জামিনী রাখিয়া কমিশ্যনরদের ঋণ লইবার ক্ষমতার কথা।

৩৩৭ ধারা এই আইন মতে চিরস্থায়ি ভাবের যে সকল বিষয় করিতে হইবে, তাহা প্রস্তুত করিবার জন্যে কমিশ্যনরগণের যত টাকা প্রয়োজন থাকে, তাঁহারা সভাগত হইয়া মুনিসিপাল ফণ্ডের নিমিত্ত রেট ও টাক্স ও দাবী বলিয়া যাহা ধার্য্য ও আদায় করেন, স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া তাহা কিম্বা তাহার একাংশ জামিনস্বরূপ রাখিয়া ঋণপত্র লিখিয়া দিয়া ও তাহার উপর স্থানীয় গবর্ণমেন্ট সুদের যে হারে সম্মত হন ও ঐ ঋণ শোধ করিবার সময় প্রভৃতির বিষয়ে যে নিয়ম অনুমোদন করেন, তাঁহারা সেই হারে সুদ দিয়া ও সেই সময়ে শোধ করিবার নিয়ম করিয়া তত টাকা ঋণ লইতে পারিবেন।

জামিনীপত্রের পাঠের কথা।

৩৩৮ ধারা। এই আইনের ক্ষমতানুসারে পূর্ব্বোক্ত যে সকল ঋণপত্র লিখিয়া দেওয়া যায়, তাহা সপ্তম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লেখা যাইবে। পৃষ্ঠলিপি দ্বারা তাহা হস্তান্তর করা যাইতে পারিবে। ও উক্ত কোন ঋণপত্রে যে টাকা রাক্ষত হয় তাহার জন্যে নালিশ করিবার যে অধিকার আছে, ঐ পত্র যৎকালে যাঁহার নিকটে থাকে, তাঁহার সেই অধিকার থাকিবে, আর কোন এক পত্রের তারিখ অন্য পত্রের তারিখের পূর্ব্ব বলিয়া তাহার অগ্রগণ্যতা মানা যাইবে না।

পুরাতন ঋণপত্রের টাকা দেনা হইলে তাহা শোধ করিবার জন্যে নূতন ঋণপত্র দিবার কথা।

৩৩৯ ধারা। এই আইনের ক্ষমতানুসারে কিম্বা এতৎক্রমে অন্য যে আইন স্পষ্টরূপে রহিত করা গেল সেই আইনের ক্ষমতানুসারে যে ঋণপত্র প্রচলিত করা যায়, সেই পত্রের ঋণ শোধ করিবার জন্য যত টাকার প্রয়োজন থাকে, কমিশ্যনরগণ সভাগত হইয়া কোন সময়ে স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি লইয়া তত টাকা তুলিবার জন্যে, নূতন ঋণপত্র প্রচলিত করিতে পারিবেন।

টাকা ন্যস্ত করিয়া রাখিবার কথা।

৩৪০ ধারা। কমিশ্যনরদের প্রতিবৎসর যত টাকা আয় হয় তাহার কোন টাকা খরচ করিবার পূর্ব্বে তাঁহারা বৎসরং এইং কার্য্যের নিমিত্ত অর্থাৎ,—

প্রথমতঃ—এই আইনের বলে কিম্বা এই আইনক্রমে যেং আইন স্পষ্ট করিয়া রহিত করা গেল তন্মধ্যে কোন আইনের বলে যে ঋণপত্র দেওয়া যায় তাহার সুদের টাকা পৃথক রাখিবেন,

দ্বিতীয়তঃ—ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট কমিশ্যনরগণের যে টাকা দেনা আছে, কিম্বা ইহার পরে দেনা হয় তাহা ছাড়া, এই আইনমতে অন্য যে আইন স্পষ্টরূপে রহিত করা গেল সেই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরগণ মোটে যত টাকা ঋণ করিয়া লইয়াছেন, ঐ ঋণের উপর শতকরা ২৲ টাকা অন্যূন পৃথক করিয়া রাখিবেন। এবং বৎ-

সময়ের মধ্যে উক্ত কোন ঋণ কিম্বা আপনাদের প্রচলিত পত্রের টাকা দেনা হইলে, যত দূর প্রয়োজন হয় বা যত দূর চলে, তত দূর পৃথক করা টাকা হইতে ঐ ঋণ শোধ করিবেন।

৩৪১ ধারা। পূর্ব্বোক্ত টাকা শোধ হইলে পর উদ্বর্ত্ত থাকিলে, কিম্বা বৎসরের মধ্যে ঐ ঋণের কি ঋণপত্রের উপর কোন টাকা দেনা না হইলে কি দেওয়া না গেলে, কমিশ্যনরেরা উক্ত সকল টাকা লইয়া যাঁহারা যৎকালে রেবিনিউ ডিপার্টমেন্টে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী ও বঙ্গদেশের আকৌন্টান্ট জেনরল হন তাঁহাদের নামে গবর্ণমেন্টের সিক্যুরিটী (কোম্পানির কাগজ) কিম্বা গবর্ণমেন্ট যে সিক্যুরিটীর জামিন হন তাহা, কিম্বা কলিকাতার মুনিসিপল ডিবেঞ্চর (ঋণপত্র) ক্রয় করিবেন। কমিশ্যনরগণ যে টাকা ঋণ করিয়া লন কিম্বা যে ঋণপত্র প্রচলিত করেন সময়েং নিরূপিত তারিখে তাহা শোধ করিবার জন্যে, উক্ত সেক্রেটরী ও আকৌন্টান্ট জেনরল সাহেব ট্রষ্টীস্বরূপ ঐ সিক্যুরিটী কি ডিবেঞ্চর রাখিবেন। এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে যে টাকা ঋণ করা যায় তদ্ভিন্ন কমিশ্যনরগণের কোন ঋণ শোধ করিবার নিমিত্তে যে সকল টাকা ও সিক্যুরিটী এইক্ষণে তাঁহাদের পক্ষে কোন ট্রষ্টীদের হাতে আছে, তাহাও পূর্ব্ব নির্দ্দিষ্ট ট্রষ্টের উপলক্ষে তাঁহাদের নিকট থাকিবে।

উদ্বর্ত্ত টাকা লইয়া কোম্পানির কাগজ প্রভৃতি ক্রয় করিবার কথা।

ট্রষ্টীরা যে সুদ পান তাহাও তাঁহারা সময়েং সেই প্রকারে গচ্ছিত করিয়া তদ্রূপ ট্রষ্টের উপলক্ষে রাখিবেন।

৩৪২ ধারা। কমিশ্যনরগণ ৩৪০ ধারার আদেশমত সমুদয় টাকা দিবার বিধান করিবার পর এবং ৩৩৭ ধারামতে যে টাকা ঋণ করা যায় তদুপলক্ষে কমিশ্যনরগণের বা তাঁহাদের ট্রষ্টীদের হস্তে যে কোন সিঙ্কিং বা রক্ষিত ফণ্ড থাকে সেই ফণ্ডে অবধারিত টাকা দিবার বিধান করিবার পর, জল বিতরণ ও পয়োমালার বিধান কার্য্যে পারণত করিতে বা বিস্তৃত করিতে ১৮৮১ সালে আপ্রিল মাসের প্রথম দিবসের পর যে টাকা ঋণ করেন তদুপলক্ষে আপনাদের বার্ষিক আয় হইতে প্রতিবৎসর আপ্রিল মাসের প্রথম দিবসে ঐরূপ যত টাকা ঋণথাকে তাহার মোট নিট টাকার উপর শতকরা অন্যূন এক টাকা, অর্থাৎ, আপ্রিল মাসের প্রথম দিবসের পূর্ব্ববর্ত্তী বৎসরে শতকরা এরূপে এক টাকা রাখিয়া দেওয়াতে মোট যত টাকা উৎপন্ন হয় তাহা ঋণের টাকা হইতে বাদ দিলে মোট যত নিট টাকা থাকে তাহার উপর শতকরা অন্যূন এক টাকা বৎসরেং স্বতন্ত্র করিয়া রাখিবেন, এবং ঐ ঋণের কোন টাকা বৎসরের মধ্যে দেয় হইলে সেই টাকা শোধ করিতে যত দূর আবশ্যক হয় বা কুলায় উক্ত শতকরা এক টাকা তদর্থে প্রয়োগ করা যাইবে।

কোনং তারিখে ঋণ পরিশোধার্থ বিধানের কথা।

এবং ঋণ শোধ করিবার পর উক্ত টাকার যদি কিছু অবশিষ্ট থাকে তাহা কিম্বা বৎসরের মধ্যে ঐরূপ ঋণ উপলক্ষে যদি কোন টাকা দেয় বা প্রদত্ত না হইয়া থাকে তবে উক্ত সমুদয় টাকা গবর্ণমেন্ট সিকিউরিটী কিম্বা গবর্ণমেন্ট যাহার প্রতিভূ আছেন এরূপ কোন সিকিউরিটী কিম্বা কলিকাতার মুনিসিপল ডিবেঞ্চর বা ঋণপত্র যথাক্রমে রাজস্ব বিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী সাহেবের ও যৎকালে যিনি বঙ্গদেশের আকৌন্টান্ট জেনরল থাকেন তাঁহার নামে ক্রয় করিতে প্রয়োগ করা যাইবে; উক্ত কমিশ্যনরগণ পূর্ব্বোক্ত কার্য্য নিমিত্ত ১৮৮১ সালের আপ্রিল মাসের প্রথম দিবসের পর যেং ঋণ করেন সময়েং যথাকালে তাহা পরিশোধ করিবার নিমিত্ত উক্ত সেক্রেটরী সাহেব ও আকৌন্টান্ট জেনরল ট্রষ্টীস্বরূপে স্বতন্ত্র হিসাবে ঐ সিকিউরিটী বা ডিবেঞ্চর রাখিবেন।

৩৪৩ ধারা। কমিশ্যনরগণের কোন ঋণ কি ডিবেঞ্চর দেনা পড়িলে, ট্রষ্টীদের হাতে পূর্ব্বোক্ত যে সিক্যুরিটী থাকে তাঁহারা সেই সকল সিক্যুরিটী কিম্বা তাহার মধ্যে উপযুক্ত অংশ বিক্রয় করিয়া যে টাকা পান, তাহা লইয়া যত দূর চলিতে পারে তত দূর সেই ঋণ কি ডিবেঞ্চর শোধ করিবেন। ট্রষ্টীরা প্রতি বৎসরের শেষে কমিশ্যনরগণের সমীপে একখানি বর্ণনাপত্র অর্পণ করিবেন। বৎসরের মধ্যে ৩৪০ বা ৩৪১ ধারামতে যত টাকা গচ্ছিত করা গেলে ও সেই বর্ণনাপত্র দিবার পূর্ব্বে শেষ যে তারিখে সিক্যুরিটী ক্রয় করা গেল, তাঁহাদের হাতে মোট যত খানি সিক্যুরিটী আছে, এবং ঐ পত্রের তারিখ পর্য্যন্ত উক্ত ডিবেঞ্চর ও ঋণের পরিশোধে মোট যত টাকা দেওয়া গিয়াছে, এই সকল কথা ঐ পত্রে বর্ণিত থাকিবে।

ঐ ন্যস্ত টাকা যেরূপে প্রয়োগ হইবে তাহার কথা।

ন্যস্ত ধনের হিসাবের কথা।

ঐ বর্ণনাপত্র কমিশ্যনরগণের সম্মুখে অর্পিত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

ষোড়শ অধ্যায়।

উপবিধির কথা।

৩৪৪ ধারা। কমিশ্যনরগণ সময়েং এই আইনের বিধানের সহিত অসঙ্গত না হয় নিম্নলিখিত বিষয়ের এমত উপবিধি করিতে পারিবেন,—

উপবিধি করিবার ক্ষমতার কথা।

(ক) জলসম্পোষা ও জল ব্যবহারকরণ সম্পর্কীয় সকল বিষয়ের ও দ্রব্যের উপবিধি।

(খ) পুরুষের ও স্ত্রীলোকের স্নান করিবার জন্য যেং স্থান নিরূপণ ও পৃথক করিয়া দেওয়া যাইবে এমত স্থানের ও স্নান করিবার সময়ের উপবিধি।

(গ) জঞ্জাল ও ধূলা ও মল ও যে কোন প্রকারের ও চলা স্থানান্তর করিয়া লইয়া যাইবার ও যে স্থানে ফেলিতে হইবে তাহার, ও যে ব্যক্তি তাহা ফেলেন তাঁহার খরচে তাহা লইয়া যাইবার উপবিধি।

(ঘ) ২৪৬ ধারামতে টোলা মেতরদের যে সকল কর্ম্ম করিতে হবে ও যে সীমার মধ্যে তাহা করিতে হইবে তাহার উপবিধি।

(চ) ২৯০ ধারামতে যে স্থান বুচক খানা বলিয়া নিরূপণ করা যায় সেই স্থানের কার্য্যাধ্যক্ষতা করিবার ও খরচ লইবার উপবিধি।

(ছ) বাজার ও বুচরখানা দেখিয়া লইবার, ও তাহারমধ্যে কার্য্যাধ্যক্ষতা করিবার ও কার্য্য চালাইবার, ও সেই স্থান উপযুক্তরূপে ও পরিষ্কারভাবে রখিবার উপবিধি।

(জ) ২৯৯ ধারায় যেং কার্য্যের কথা আছে সেইং কার্য্য যে স্থানে করা যায় তাহা দেখিয়া লইবার ও সেই স্থানের কার্য্যাধ্যক্ষতা করিবার ও কার্য্য চালাইবার উপবিধি।

(ঝ) গোরস্তান ও শ্মশান দেখিয়া লইবার ও তাহার কার্য্যধ্যক্ষতা করিবার উপবিধি।

(ট) ও এই আইনমত অন্যান্য কার্য্য করিবার উপবিধি।

৩৪৪ ধারা। উপবিধি রহিত কি পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

কমিশ্যনরগণ, সময়েং আপনাদের উপবিধি রহিত কি পরিবর্ত্তন করিতে, কিম্বা তাহাতে নূতন উপবিধি সংযোগ করিতে পারিবেন।

৩৪৫ ধারা। উপবিধি করা গেলে কি পরিবর্ত্তন হইলে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবার কথা।

কোন উপবিধি করা গেলে, কিম্বা তাহা রহিত কি মতান্তর করা গেলে, কিম্বা তাহাতে নূতন কথা সংযোগ করিয়া দেওয়া গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট অনুমোদন না করিলে তাহা প্রবল হইবে না।

৩৪৬ ধারা। উপবিধি ও তাহার পরিবর্ত্তন অনুমোদন হওয়ার পূর্ব্বে প্রকাশ করিতে হইবার কথা।

কোন উপবিধি প্রণয়ন হইলে কি রহিত কি পরিবর্ত্তন করা গেলে কিম্বা তাহাতে নূতন কথা সংযোগ করিয়া দেওয়া গেলে, ইঙ্গরেজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে ন্যূনকল্পে তিনবার প্রকাশ করা না গেলে, ও প্রথমবার প্রকাশ হইবার তারিখের পর এক মাস গত না হইলে তাহা অনুমোদন করা যাইবে না। ইতিমধ্যে ঐ প্রস্তাবিত উপবিধি কিম্বা প্রস্তাবিতমতে তাহার রহিত হওনার কি পরিবর্ত্তনের কিম্বা তাহাতে সংযোগ করিবার নূতন কথার এক কেতা সকল কমিশ্যনরগণের আফিসে রাখা যাইবে, কোন ব্যক্তি দেখিতে চাহিলে ফী কি পারিতোষিক না দিয়া পূর্ব্বাহ্ণ ১০ ঘণ্টা অবধি অপরাহ্ণ ৫ ঘণ্টা পর্য্যন্ত কোন সময় তাহা দেখিতে পারিবেন।

৩৪৭ ধারা। অনুমোদন হইলে পর গেজেটে প্রকাশ হইবার কথা।

কোন উপবিধি, কিম্বা কোন উপবিধির রহিত কি পরিবর্ত্তন হওয়া কিম্বা তাহাতে নূতন কথা সংযোগ করিয়া দেওয়া অনুমোদন হইলে পর, ইঙ্গরেজী ও বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যাইবে, এবং ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় তাহার এক কেতা সকল তক্তায় রঙ্গ দিয়া লিখিত হইয়া কি তক্তায় লাগাইয়া দিয়া কমিশ্যনরদের আফিসের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে।

৩৪৮ ধারা। দণ্ডের কথা।

এই আইনমতে যে উপবিধি প্রণীত হইয়া অনুমোদন করা যায় কোন ব্যক্তি তাহা লঙ্ঘন করিলে তাহার বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলে পর আর যতদিন সেই অপরাধ হইতে থাকে দিন প্রতি তাঁহার আর দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে।

সপ্তম অধ্যায়।

নালিশের কথা।

৩৪৯ ধারা। কমিশ্যনরগণের নালিশ করিতে আজ্ঞা করিবার কথা।

কোন ব্যক্তি সাধারণের অনিষ্টজনক কর্ম্ম করিলে কমিশ্যনরগণ তাহার নামে নালিশ হইবার আজ্ঞা করিতে পারিবেন। এবং কোন ব্যক্তি এই আইনের কোন বিধানের বিপরীত অপরাধ করিলে তাহার দণ্ড হইবার জন্যে এবং এই আইনমতে যে অর্থদণ্ড ধার্য্য হয় তাহা আদায়ের জন্যে কার্য্যানুষ্ঠানের আজ্ঞা করিতে পারিবেন ও মুনিসিপল ফণ্ডহইতে সেই নালিশ ও কার্য্যানুষ্ঠান হইবার খরচ দেওনের আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু কোন ব্যক্তি অনিষ্টজনক কার্য্যের নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে চাহিলে, কিম্বা ইহার পশ্চাদ ধারামতে সন্ধান জানাইয়া মোকদ্দমা উপস্থিত করিতে চাহিলে এই ধারার কোন কথা ক্রমে তাঁহার বাধা হইবেনা।

৩৫০। শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে নালিশ হইবার কথা।

ধারা ৩৫২ ধারায় যে স্থলের বিধান হইয়াছে সেই স্থল ছাড়া এই আইনমতে যে নালিশ হয় তাহা শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে উপস্থিত করিতে হইবে।

এবং এই আইনমতে যে অর্থদণ্ড ধার্য হয় কমিশ্যনরদের আজ্ঞাক্রমে কোন সন্ধান জানাইতে সান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে সরাসরীমতে কার্য্যানুষ্ঠান হইয়া সেই অর্থদণ্ড আদায় হইতে পারিবে।

এবং ঐ অর্থদণ্ডের টাকা না দেওয়া গেলে, শান্তিরক্ষার্থ ঐ জষ্টিসের পরওয়ানাক্রমে অপরাধির অস্থাবর সম্পত্তি ক্রোক ও নিলাম করিয়া ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে, এতদর্থে কলিকাতার পোলীস বিষয়ক ১৮৬৬ সালের আইন মতে কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান বিষয়ক অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনমতে পোলীসের মাজিষ্ট্রেট সাহেব যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন উক্ত শান্তিরক্ষার্থ জষ্টিস ও পরওয়ানা জারী করণ বিষয় ও তাহার ওয়াপোস হইলে সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন।

দণ্ডের টাকা তদ্রূপে আদায় হইতে না পারিলে ভারতবর্ষের দণ্ড বিধি আইনের ৫৩ ধারায় সামান্য কি কঠোর যে কারাদণ্ডের বিধান আছে, শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিসের আজ্ঞাক্রমে অপরাধির দুই মাসের অনধিক কাল সেইরূপ কারাদণ্ড হইতে পারিবে।

৩৫১ ধারা। নালিশ হইলে কার্য্যে প্রণালীর কথা।

এই আইনমতে শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের সম্মুখে কোন নালিশ উপস্থিত করা গেলে তিনি অভিযুক্ত ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে আপনার

সম্মুখে উপস্থিত হইতে আজ্ঞা করিবেন ও সেই ব্যক্তি উপস্থিত না হইলে, ও তাহাকে সমন দেওয়া গিয়াছে ইহার প্রমাণ হইলে; ও অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না হইবার উপযুক্ত কারণ দর্শান না গেলে শান্তিরক্ষার্থ ঐ জষ্টিস তাঁহার অনুপস্থানে মোকদ্দমা শুনিয়া নির্ণয় করিতে পারিবেন।

কলিকাতার পোলীস বিষয়ক ১৮৬৬ সালের আইন কিম্বা কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেটদিগের আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক যৎকালে অন্য যে আইন প্রচলিত থাকে তদনুসারে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যেং ক্ষমতা প্রদান করা গেল, শান্তিরক্ষার্থ উক্ত জষ্টিস সমন করণ ও সাক্ষিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাওন ও দলীল আনয়ন বিষয়ে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

৪৪ ধারামতে নালিশ হইলে দণ্ডবিধির আইনমতে উপস্থিত করিবার কথা।

৩৫২ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধি আইনের ১৬১ ধারার যে প্রকারের অভিযোগ নির্দ্দিষ্ট হইয়াছে সেই অভিযোগের বিচার করিতে যে মাজিষ্ট্রেটের কি যে আদালতের ক্ষমতা থাকে, ৪৪ ধারমত উপস্থিত করিতে হইবে।

জষ্টিস দণ্ডের টাকা লইয়া যাহা করিতে পারেন তাহার কথা।

৩৫৩ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিস এই আইনমতে যে অর্থদণ্ডের আজ্ঞা করেন তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দাকে দিতে পারিবেন অবশিষ্ট টাকা, কিম্বা গোয়েন্দাকে কিছু না দিলে সমুদয় টাকা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দিতে আজ্ঞা করিবেন।

অপরাধ হইলে দুই মাসের মধ্যে নালিশ করিতে হইবার কথা।

৩৫৪ ধারা। শান্তিরক্ষার্থ জষ্টিস যে অপরাধের বিচার করিতে পারেন, ঐ অপরাধ করা গেলে পর দুই মাসের মধ্যে তাঁহার সম্মুখে নালিশ না হইলে, সেই অপরাধের জন্য এই আইনমতে কোন ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে না।

কিন্তু এই আইনমতে লাইসেন্স লইবার ত্রুটি হইলে যে মিয়াদের নিমিত্ত ঐ লাইসেন্স লইবার প্রয়োজন হয় যত দিন ঐ মিয়াদ না ফুরায় তত দিন ঐ অপরাধ দিনং করা যাইতেছে এমত জ্ঞান হইবে।

কোন ব্যক্তি কমিশ্যনরগণের সম্পত্তির হানি করিলে তাহার প্রতিকার করিতে হইবার কথা।

৩৫৫ ধারা। যে কার্য্য করা কি যে কার্য্য না করা প্রযুক্ত কি যে কার্য্যের ত্রুটি প্রযুক্ত এই আইনমতে কোন ব্যক্তির অর্থদণ্ড হয় যদি তদ্দারাই কমিশ্যনরগণের সম্পত্তির কোন হানি হইয়া থাকে, তবে ঐ দণ্ডের টাকার অতিরিক্ত সেই ব্যক্তির ঐ হানির ও প্রতিকার করিবার দায় থাকিবে।

ও হানিপূরণস্বরূপ যত টাকা দিতে হইবে এই বিষয় লইয়া বিবাদ উপস্থিত হইলে, শান্তিরক্ষার্থ যে জষ্টিস অর্থদণ্ডের আজ্ঞা করেন তিনিই সেই বিষয় নির্ণয় করিবেন।

ও হানিপূরণের টাকার দাওয়া হইলেও তাহা না দেওয়া গেলে, সেই টাকা ও অর্থদণ্ডের ন্যায় আদায় হইতে পারিবে।

অষ্টাদশ অধ্যায়।

হানিপূরণ ও খরচার টাকা আদায়ের কথা।

হানিপূরণের ও খরচার টাকা যেরূপে নির্ণয় করা হইবে তাহার কথা।

৩৫৬ ধারা। এই আইনমতে হানিপূরণের ও খরচখরচার টাকা দিবার আজ্ঞা হইলে, যত টাকা কিম্বা প্রয়োজন হইলে যাঁহার যত টাকা দিতে হইবে, এই কথা লইয়া বিবাদ হইলে, ক্ষুদ্র মোকদ্দমার আদালত তাহা নিশ্চিত করিয়া নির্ণয় করিবেন।

কিন্তু কোন ঘরের কি ভূমির স্বামির কি প্রজার যে কর্ম্ম করা কর্ত্তব্য, তাঁহার সেই কর্ম্ম না করা প্রযুক্ত কমিশ্যনরগণ এই আইনমতে সেই কর্ম্ম সম্পাদন করিলে, সেই কর্ম্মে যত টাকা খরচ লাগে কমিশ্যনরগণ ষষ্ঠ অধ্যায়মত রেটের ন্যায় তাহা আদায় করিতে পারিবেন।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের সম্মুখে কার্য্যপ্রণালীর কথা।

৩৫৭ ধারা। এই আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে কোন মোকদ্দমা নিষ্পত্তি করিতে হইলে, উক্ত আদালত কোন এক পক্ষের প্রার্থনামতে অন্য পক্ষের নামে সমন দিয়া ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

উভয় পক্ষ উপস্থিত হইলে, কিম্বা যদি তাহাদের মধ্যে কোন ব্যক্তি উপস্থিত না হন, তবে উপযুক্তমতে সমন দেওয়ার প্রমাণ হইলে, উক্ত আদালত ঐ বিবাদের বিষয় শুনিয়া নির্ণয় করিতে পারিবেন, ও তদর্থে শপথ করাইয়া উক্ত উভয় কি কোন পক্ষের ও তাঁহাদের সাক্ষিদের সাক্ষ্য লইতে পারিবেন ও উক্ত আদালত স্বীয় বিবেচনামতে উক্ত অনুসন্ধান হওয়ার খরচার আজ্ঞা করিয়া যত টাকা খরচা লাগিবে তাহা ও নির্ণয় করিবেন।

ক্রোক করিয়া হানিপূরণ পাইবার কথা।

৩৫৮ ধারা। হানি পূরণের ও খরচার টাকা পূর্ব্বোক্ত মতে নির্ণয় করা গেলে পর তাহা যে পক্ষের দেনা হয় তাহার নিকট দাওয়া হইলেও তিনি সাত দিনের মধ্যে না দিলে, উক্ত আদালতের পরওয়ানাক্রমে তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় লওয়া যাইতে পারিবে। ও সেই দ্রব্য নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে উক্ত পাওনার টাকা ও ক্রোক ও নিলাম করিবার খরচ শোধ করিয়া যাহা উদ্বৃত্ত থাকে, যেব্যক্তির সম্পত্তি ক্রোক করা গেল তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেওয়া যাইবে।

কমিশ্যনরগণ ক্রোক না করিয়া কিম্বা ক্রোক করিলে ও টাকা পাইতে না পারিলে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে তাঁহাদের নালিস করিবার ক্ষমতার কথা।

৩৫৯ ধারা। এই আইনের বিধানমতে যে খরচখরচা কি হানিপূরণস্বরূপ যে টাকা দিবার আজ্ঞা হয়, কমিশ্যনরগণ ক্রোক ও নিলাম করণদ্বারা তাহা আদায় না করিয়া কিম্বা ক্রোক করিয়া সমুদয় টাকা কি তাহার একাংশ আদায় করিতে না পারিলে যে ব্যক্তি সেই টাকার দায়ী হন উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালত তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

ঊনবিংশ অধ্যায়।

বিবিধ বিষয়ের কথা।

৩৬০ ধারা। কমিশ্যনরগণ কি তাঁহাদের কোন কর্ম্মকারক কিম্বা তাঁহাদের আদেশ মত কর্ম্মকারক কোন ব্যক্তি এই আইনমতে যে কোন কার্য্য করেন তজ্জন্যে তাঁহাদের কোন ব্যক্তির নামে নালিশ করিবার মানস থাকিলে, মোকদ্দমা যে কারণে উপস্থিত করা যাইবে এই কথা, ও যে ব্যক্তি নালিশ করিবেন তাঁহার নাম ও বাসস্থান লিখিয়া কমিশ্যনরগণের আফিসে কিম্বা সেই ব্যক্তির বাসস্থানে নোটিস দিলে কি রাখিলে পর এক মাস গত না হইলে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না।

কমিশ্যনরগণের কি তাঁহাদের কর্ম্মকারকদের নামে নালিশ করিবার তিন মাস মিয়াদের কথা।

তদ্রূপ নোটিস দেওয়ার প্রমাণ না হইলে আদালত প্রতিবাদির সপক্ষে নিষ্পত্তি করিবেন।

মোকদ্দমা উপস্থিত করিবার অধিকার যে সময়ে হয় সেই সময়াবধি তিন মাসের মধ্যে উক্ত প্রকারের মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, তাহার পরে নয়।

মোকদ্দমা উপস্থিত করিবার কল্পনার তদ্রূপ নোটিস কোন ব্যক্তিকে দেওয়া গেলে পর, যদি মোকদ্দমা উপস্থিত করিবার পূর্ব্বে সেই ব্যক্তি বাদীর উপযুক্ত প্রতিকার করিতে স্বীকার করেন, তবে ঐ বাদী নালিশ উপস্থিত করিলেও আদালতে ডিক্রী পাইতে পারিবেন না। প্রতিকার করিবার কোন প্রস্তাব করা না গেলেও, মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে ইস্যু নির্ণয় হইবার পূর্ব্বে কোন সময় ঐ মোকদ্দমার প্রতিবাদী সেই আদালতের অনুমতি লইয়া যত টাকা উচিত বোধ করেন তত টাকা আদালতে দিতে পারিবেন। তাহা হইলে অন্য যেং মোকদ্দমায় প্রতিবাদিরা আদালতে টাকা দিতে অনুমতি পান সেইং মোকদ্দমায় যদ্রূপ কার্য্যানুষ্ঠান হইবে।

৩৬১ ধারা। এই আইনমতে কমিশ্যনরগণের কি তাঁহাদের কর্ম্মকারকদের কি চাকরদের প্রতি যেং ক্ষমতা প্রদান করা গেলে, সেইং ক্ষমতানুসারে কার্য্যকরণদ্বারা কোন ব্যক্তির হানি হইলে, কমিশ্যনরগণ মুনিসিপল ফণ্ড হইতে সেই হানি পূরণ করিয়া দিতে পারিবেন।

কমিশ্যনরগণ যে হানি করেন মুনিসিপল ফণ্ড হইতে তাহা পূরণ করিবার কথা।

৩৬২। ধারা। ২৪৬ কি ২৯২ ধারায় যেং কার্য্যের কথা আছে, কোন স্থানে ঐং ধারামতে তদ্রূপ কোন কার্য্য করিবার লাইসেন্স দেওয়া গেলে কিম্বা ২১৪ ধারামতে কোন বিষয় আগাইয়া দিবার অনুমতি দেওয়া গেলে, কমিশ্যনরগণ সেই লাইসেন্সের কি অনুমতির নিমিত্তে ১০০৲ টাকার অনধিক ফী লইতে পারিবেন।

২৪৬ ও ২৯২ ধারামতে লাইসেন্সের ও ২১৪ ধারামতে যে অনুমতি দেওয়া যায় তাহার ফীর কথা।

২০। ধারামত কিয়ৎকালের নিমিত্তে কোন বিষয় তুলিয়া রাখিবার অনুমতি দেওয়া গেলে কমিশ্যনরগণ সেই অনুমতির নিমিত্ত প্রতিদিন ১০০৲ টাকার অনধিক ফী লইতে পারিবেন।

২০১ ধারামতে যে অনুমতি দেওয়া যায় তাহার নিমিত্ত দৈনিক ফীর কথা।

৩৬৩ ধারা। ২১৭ কি ২৭৬ ধারামতে অনুমতি দেওয়া গেলে, সেই অনুমতিক্রমে যে ভূমির ব্যবহার হয় কমিশ্যনরগণ সেই ভূমির খাজনা লইতে পারিবেন।

২১৭ ও ২৭৬ ধারামতে ও অনুমতির নিমিত্ত খাজানা লইতে পারিবার কথা।

৩৬৪ ধারা। এই আইনমতে যে কোন ব্যক্তিকে লাইসেন্স দেওয়া যায়, সেই লাইসেন্স প্রবল থাকন সময়ে কমিশ্যনরগণ কিম্বা তাঁহাদের হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যখন কোন সময়ে তাঁহাকে সেই লাইসেন্স দেখাইতে বলিলে তিনি কমিশ্যনরগণকে কিম্বা তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে দেখাইবেন।

লাইসেন্স দেখাইবার আজ্ঞা হইলে দেখাইতে হইবার কথা।

৩৬৫ ধারা। পূর্ব্বোক্ত কোন ব্যক্তির প্রতি লাইসেন্স দেখাইবার আজ্ঞা হইলে ও তিনি না দেখাইলে তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। ও তাঁর সেই অপরাধ সিদ্ধ হইলে পর ঐ অপরাধ যতদিন হইতে থাকে দিনপ্রতি তাঁহার আর দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দণ্ডের কথা।

৩৬৬ ধারা। এই আইনমতে কোন নোটিস কি বিল কি কারম কি সমন কি দাওয়ার নোটিস যে ব্যক্তির নামে বাহির হয়, সেই ব্যক্তিকেই দেওয়া কি দেখান যাইতে পারিবে, কিম্বা তাঁহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে চাকরকে কিম্বা তাঁহার কর্ম্ম স্থানে কোন কেরাণীকে দেওয়া যাইতে পারিবে।

নোটিসপ্রভৃতি যেরূপে দেওয়া যাইবে তাহার কথা।

তদ্রূপ দেওয়া কি দেখান যাইতে না পারিলে, তাঁহার বাস স্থানের

কিম্বা তাঁহার কর্ম্ম স্থানের

কিম্বা যে ঘর কি ভূমি সম্পর্কে ঐ নোটিস কি বিল কি কারম কি সমন কি দাওয়ার নোটিস দিবার অভিপ্রায় থাকে সেই ভূমির কোন প্রকাশ স্থানে, তাহা লটকাইয়া দেওয়া যাইতে পারিবে।

৩৬৭ ধারা। কোন ঘরের কি ভূমির স্বামিকে কি প্রজাকে নোটিস দিবার প্রয়োজন হইলে, স্বামির কিম্বা প্রজার নামে প্রয়োজনানুসারে নোটিস লিখিয়া ঐ ঘরের কি ভূমীর প্রজাকে দেওয়া যাইতে কিম্বা প্রকারান্তরে ইহার পূর্ব্ব ধারার লিখনমতে জারী হইতে পারিবে।

ঘরের ও ভূমির স্বামিদের ও প্রজাদের নামে নোটিস দেওয়ার কথা।

কিন্তু কমিশ্যনরেরা স্বামির নাম ও বাসস্থান জানিলে ও তাঁহার সেই বাসস্থান তাঁহাদের ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকিলে, ঘরের কি ভূমীর ঐ স্বামির নামে যে নোটিস দেওয়া প্রয়োজন তাঁহারা তাঁহাকেই কিম্বা তাঁহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে কি চাকরকে তাহা দেওয়াইবেন।

ঐ স্বামির বাসস্থান সেই সীমার মধ্যে না থাকিলে তাঁহারা রেজিষ্টরী পত্রদ্বারা ডাকযোগে তাঁহার বাসস্থানে সেই নোটিস পাঠাইবেন। তাহা হইলে নোটিস উপযুক্তমতে জারী হইল বলিয়া জ্ঞান হইবে।

স্বামির কি প্রজার নাম জানা না থাকিলে, যে ঘর কি ভূমিসম্পর্কে নোটিস দেওয়া যাইবে, সেই ঘরের কি ভূমির স্বামি কি প্রজা বলিয়া নোটিস লিখিলেই চলিতে পারিবে।

স্বামী কি প্রজা না থাকিলে কমিশ্যনরগণের প্রয়োজনমতে কর্ম্মসমাধা করিয়া খরচ আদায় করিবার কথা।

৩৬৮ধারা। এই আইনমতে কোন ঘরের কি ভূমির স্বামির কি প্রজার দ্বারা কোন কার্য্য সম্পাদন হইবার প্রয়োজন হইলে, ও সেই কার্য্যসম্পাদন হইবার ত্রুটি হইলে, সেই ত্রুটি হেতুক দণ্ডের বিধান থাকিলে বা না থাকিলেও কমিশ্যনরগণ সেই কার্য্য সম্পাদন করাইয়া দিতে পারিবেন।

ও তদ্ধেতুক যে খরচ লাগে, যে ব্যক্তির সেই কর্ম্ম সম্পাদন করা উচিত ছিল তাঁহারই সেই খরচ দিতে হইবে, ও না দেওয়া গেলে ৬ ষষ্ঠ অধ্যায়মতে ঐ খরচ রেটের ন্যায় আদায় হইতে পারিবে।

প্রজার নিকটে খরচ আদায় করিবার ও ভাড়া হইতে তাহা কাটিয়া লইতে পারিবার কথা।

৩৬৯ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখনমতে যে ব্যক্তি কর্ম্ম করিতে ত্রুটি করিলেন, তিনি যদি কোন ঘরের কি ভূমির স্বামী হইয়া থাকেন, তবে ঐ স্বামির নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে কিম্বা কোন কার্য্যানুষ্ঠানের উদ্যোগ হইলে বা না হইলেও, কমিশ্যনরগণের এই অন্য উপায় থাকিবে যে তৎকালে কিম্বা তৎপরে কোন সময়ে যে ব্যক্তি ঐ স্বামির অধীনে ঐ ভূমির প্রজা হন তাঁহাকে ঐ সমুদয় খরচ কিম্বা তাহার একাংশ দিবার আদেশ করিতে পারিবেন ও সেই প্রজার স্থানে দাওয়া হইলেও তিনি তাহা না দিলে ৬ ষষ্ঠ অধ্যায়মতে সেই টাকা রেটের ন্যায় আদায় হইতে পারিবে।

প্রজার সেই খরচার জন্যে প্রজা যত টাকা দিয়া থাকেন কিম্বা তাঁহার স্থানে যত টাকা আদায় করিয়া লওয়া যায়, স্বামীর নিকট তাঁহার যে ভাড়া দেনা হয় তাহা হইতে তিনি সেই খরচ কাটিয়া লইতে পারিবেন।

যত ভাড়া দেনা থাকে তাহার অধিকের জন্যে প্রজার দায়ী না হওয়ার কথা।

৩৭০ ধারা। এই আইনমতে কোন ঘরের কি ভূমির উপলক্ষে স্বামীর যে খরচ দেনা হয়, প্রজার স্থানে সেই খরচের দাওয়া হইলে তিনি যত টাকা ভাড়া কি খাজানা দিয়া থাকেন কমিশ্যনরগণ এই কথা, ও যাঁহাকে দিয়া থাকেন তাঁহার নাম ও ঠিকানা জানাইতে আদেশ করিলে তিনি তাহা যথার্থভাবে জানাইতে কৈফিয়ৎ কি অস্বীকার না করিলে, ঐ দাওয়া হওয়ার সময়ে ঐ ঘরের কি ভূমির নিমিত্ত তাঁহার যত টাকা ভাড়া কি খাজানা দেনা থাকে কিম্বা ঐ দাওয়া হইবার পর তাঁহার যে ভাড়া কি খাজানা দেনা পড়ে ঐ প্রজা তাহার অধিক টাকার দায়ী হইবেন না।

কিন্তু পূর্ব্বোক্ত কোন কার্য্যের খরচ দেওনবিষয়ে উক্ত স্বামীর ও প্রজার মধ্যে পরস্পর বিশেষ চুক্তি থাকিলে, এই ধারার কোন কথাদ্বারা তাহার ব্যতিক্রম হইবে না।

স্বামি না করিলে প্রজার সেই কর্ম্ম সম্পাদন করিয়া ভাড়াহইতে খরচ কাটিয়া লইতে পারিবার কথা।

৩৭১ধারা। ঘরের কি ভূমির স্বামীর দ্বারা কোন কর্ম্ম সম্পাদন হইবার আজ্ঞা হইলে ও যদি স্বামী তাহা না করিয়া থাকেন, তবে কমিশ্যনরগণের অনুমতিক্রমে ঐ ঘরের কি ভূমির প্রজা সেই কর্ম্ম সম্পাদন করাইয়া দিতে পারিবেন, স্বামীই তাঁহাকে সেই কার্য্য করিবার খরচ দিবেন, কিম্বা স্বামির নিকট প্রজার সময়ে২ যে ভাড়া কি খাজানা দেনা হয় তাহাহইতে প্রজা সেই খরচের টাকা কাটিয়া লইতে পারিবেন।

প্রজার এই আইনমতে কার্য্য করার প্রতিবন্ধক হইলে যে কার্য্যানুষ্ঠান হইবে তাহার কথা।

৩৭২ ধারা। কোন ঘরে কি ভূমিতে এই আইনের কোন বিধানমতে কার্য্য করা যাইবে বলিয়া স্বামী প্রজাকে নোটিস দিলে পর, যদি প্রজা সেই কর্ম্ম করিতে প্রতিবন্ধক হন, তবে এই আইন সফল করিবার জন্য ঐ ভূমিসম্পর্কীয় যে২ কার্য্যের আবশ্যক হয়, শান্তিরক্ষার্থ কোন জষ্টিস ঐ প্রজার নামে পত্র লিখিয়া স্বামীকে ঐ কার্য্য সম্পাদন করিতে দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ঐ আজ্ঞাপত্রের তারিখ অবধি আট দিন গত হইলেও সেই প্রজা স্বামীকে ঐ কর্ম্মসম্পাদন করিবার সুযোগ দিতে স্বীকার না করিলে, যত দিন স্বীকার না করেন তত দিন ঐ কর্ম্ম সম্পাদন করিবার ত্রুটিপ্রযুক্ত যে অর্থদণ্ড হইতে পারিত স্বামী সেই অর্থদণ্ডের দায় হইতে মুক্ত থাকিবেন।

দণ্ডের কথা।

৩৭৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে শান্তিরক্ষার্থ কোন জষ্টিস যে আদেশ করেন কোন ব্যক্তি ঘরের কি ভূমির প্রজা হইয়া সেই আদেশমত কর্ম্ম না করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহার সেই অপরাধ নির্ণয় হইলেপর তার যত দিন ঐ অপরাধ করিতে থাকেন প্রতিদিন তাঁহার জন্য ২০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দাঁড়ামতে কার্য্য হওয়ার ত্রুটি হইলেও টাক্স কি রেট ধার্য্য করা ব্যর্থ না হওয়ার কথা।

৩৭৪ ধারা। এই আইনমতে সম্পত্তির উপর যে টাক্স কি রেট ধার্য্য হয়, দাঁড়ার দোষপ্রযুক্ত তাহা অসিদ্ধ হইবে না। ও যে সম্পত্তির উপর টাক্স কি রেট ধার্য্য হইবে সেই সম্পত্তির সেই টাক্স কি রেট ধার্য্য করণে কিম্বা ঐ টাক্স কি রেট ধার্য্য করণের জন্যে সম্পত্তির মূল্য নিরূপণপত্র করণে, যাহাতে সাধারণমতে সম্পত্তি চেনা যাইতে পারে তাহার এমত বর্ণনা থাকিলেই হবে ঐ সম্পত্তির স্বামির কি প্রজার নাম লিখিবার প্রয়োজন নাই।

বিশেষ বাস্তিসম্পত্তি উৎকৃষ্টকরণ হেতুক খরচা ফিরিয়া পাইবার কথা।

৩৭৫ ধারা। ২০৪, ২৭৮, ২৮০ ও ২৮২ ধারামতে কোন ভূমির কি ঘরের স্বামীর প্রতি কার্য্যসম্পাদন করিবার আজ্ঞা হইলে যদি সেই কার্য্য সম্পাদন করিবার জন্যে কমিশ্যনরগণ টাকা খরচ করিয়া থাকেন, তবে তাঁহারা এই২ ধারার বিধানমতে সেই টাকা আদায় করিতে পারিবেন, কিম্বা

উচিত বোধ করিলে পাঁচ বৎসরের অনধিককালের মধ্যে ঐ খরচায় সমুদয় টাকা আদায় করিবার, ও বৎসর২ শতকরা ছয় টাকার হিসাবে সুদ লইবার তিন২ মাসের উপযুক্ত কিস্তি করিয়া ঋণের স্থানে ঐ টাকা লইবার করার করিতে পারিবেন। সেই টাকা বাকী পড়িলে ৯ ষষ্ঠ অধ্যায়মতে তাহা রেটের ন্যায় আদায় হইতে পারিবে।

কমিশ্যনরগণের নিকট অপরাধের রিপোর্ট করা ও অপরিচিত অপরাধিদিগকে ধরিয়া রাখিতে পোলীসের কর্ম্মকারকদিগের কর্ত্তব্যের কথা।

৩৭৬ ধারা। এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ করা গেলে, পোলীসের কোন কর্ম্মকারক অগৌণেই তাহা কমিশ্যনরগণকে জানাইবেন

পোলীসের কোন কর্ম্মকারক কোন ব্যক্তিকে এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ করিতে দেখিলে, ও সেই ব্যক্তির নাম ঠিকানা না জানিলে,

কিম্বা সেই ব্যক্তি আপনার নাম ও ঠিকানা না জানাইলে,

কিম্বা নাম ও ঠিকানা জানাইলেও তাহা যথার্থ নয় পোলীসের কর্ম্মকারকের এমত সন্দেহ করিবার কারণ থাকিলে, তিনি সেই ব্যক্তিকে ধরিয়া রাখিতে পারিবেন,

ও তাঁহার যথার্থ নাম ও ঠিকানা যত কাল নিশ্চয়মতে জানা না যায়, তত কাল তাঁহাকে থানায় আটক করিয়া রাখা যাইতে পারিবে, কিম্বা তাঁহাকে একেবারে শান্তিরক্ষার্থ কোন অফিসের সম্মুখে আনা যাইতে পারিবে।

এই আইনের কোন২ বিধানের ব্যাপ্তি বিস্তৃত করিবার কথা।

৩৭৭ ধারা। এই আইনে জল বিতরণ করিবার যে নিয়ম হইল স্থানীয় গবর্নমেণ্ট মুন্সিপালিটীর পার্শ্ববর্ত্তি কোন অংশ সেই নিয়মানুযায়ী বিধানের মধ্যে আনিতে স্থির করিলে এবং কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সেই অংশের সীমা নির্ণয় করিলে, ঐ রূপ জল বিতরণের বিস্তৃতি উপলক্ষে ১৩৮ অবধি ১৬৯ পর্য্যন্ত সকল ধারা ঐ সীমার মধ্যে ফলবৎ হইবে।

এবং উক্ত সকল ধারামতে ও এই আইনের বিধান অনুসারে খরচা ও হানি পূরণের টাকা বিষয়ক যে সকল বিবাদ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের দ্বারা নির্ণয় হইতে পারিবে, উক্ত সীমার মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালত ঐ সীমার অন্তর্গত সেই বিবাদ নির্ণয় করিতে পারিবেন। এবং ঐ সকল ধারার উপলক্ষে ও এই আইনমতে যে অর্থদণ্ড দেওয়া যাইবে, ঐ সীমার মধ্যে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে, তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩০৭ ধারার নির্দ্দিষ্টমতে সেই অর্থদণ্ডের আজ্ঞা প্রবল করিবেন।

ঈশ্বরের ভজনার্থে যে ঘরের ব্যবহার হয় তাহার রেট ও টাক্স না লাগিবার কথা।

৩৭৮ ধারা। এই আইনমতে নগরের অন্তর্গত ঘরের ও ভূমির উপর যে সকল রেট ও টাক্স ধার্য্য হইতে পারে, কেবল ঈশ্বরের ভজনার্থে যে ঘরের ব্যবহার হয় তাহার উপর উক্ত কোন রেট কি টাক্স লাগিবেনা।

ক্ষমতা রক্ষা করণের কথা।

৩৭৯ ধারা। এই আইনের কোন কথার এরূপ অর্থ করিতে হইবে না যে,

(ক) এই আইন না থাকিলে কোন ব্যক্তির যে কার্য্য করা কিম্বা যে কার্য্য না করা আইনমতে অনিষ্টজনক জ্ঞান হইত, তাহা আইনসিদ্ধ জ্ঞান হইবে;

(খ) কোন ব্যক্তি অনিষ্টজনক কার্য্যের অপরাধী হইলে তৎসম্পর্কে তাহার নামে মোকদ্দমা হইতে না পারে।

(গ) এই আইনমতে যে আইন স্পষ্টরূপে রহিত করা না গেল তাহার ব্যতিক্রম হইল।

প্রথম তফসীল।

পল্লীর সীমা।

(১৫ ধারা দেখ।)

১ নং পল্লী। ইহার উত্তর ও পূর্ব্বসীমা সরকুলর-খাল, দক্ষিণ সীমা গ্রেষ্ট্রীট, ও উল্টাডাঙ্গা রোড, পশ্চিমসীমা অপ্পর চিৎপুর রোড।

২ নং পল্লী।—ইহার উত্তরসীমা মহারাষ্ট্রীয় খাদা, পশ্চিম সীমা হুগলী নদী, দক্ষিণ সীমা নিমতলা ঘাট ষ্ট্রীট পূর্ব্বসীমা অপ্পর চিৎপুর রোড

৩ নং পল্লী।—ইহার উত্তরসীমা উল্টাডাঙ্গার প্রধান রাস্তা ও মহারাষ্ট্রীয় খাদা ও গ্রে ষ্ট্রীট, দক্ষিণ সীমা বিডন ষ্ট্রীট, ও মাণিকতলার পথ, পশ্চিমসীমা রোড চিৎপুর অপ্পর পূর্ব্বসীমা সরকুলর খাল।

৪ নং পল্লী।—ইহার উত্তরসীমা বিডনষ্ট্রীট ও মাণিক তলার পথ, দক্ষিণসীমা মেছুয়া বাজার রাস্তা পূর্ব্বসীমা সরকুলর খাল, নারিকেল ডাঙ্গার রাস্তা, পশ্চিমসীমা কর্ণওয়ালিস ষ্ট্রীট।

৫ নং পল্লী।—ইহার উত্তরসীমা নিমতলা ঘাট ষ্ট্রীট দক্ষিণসীমা কটনষ্ট্রীট ও মীর বহর ঘাটের রাস্তা পূর্ব্বসীমা অপ্পর চিৎপুর রোড্ পশ্চিমসীমা হুগলী নদী।

৬ নং পল্লী।—ইহার উত্তরসীমা বিডন ষ্ট্রীট দক্ষিণসীমা মছুয়া বাজার রাস্তা পূর্ব্বসীমা কর্ণওয়ালিস ষ্ট্রীট পশ্চিমসীমা অপ্পর চিৎপুর রোড।

৭ নং পল্লী।—ইহার উত্তরসীমা কটন ষ্ট্রীট ও মীরবহর ঘাটের রাস্তা দক্ষিণসীমা লাল বাজার রাস্তা ও ডেলহৌসি স্কুয়েরের উত্তরাংশ ও ফেয়র্লী প্লেস পূর্ব্বসীমা লোয়ার চিৎপুর রোড্ পশ্চিমসীমা হুগলী নদী।

৮ নং পল্লী।—ইহার উত্তরসীমা মেছুয়া বাজার রাস্তা দক্ষিণসীমা বহুবাজার রাস্তা পূর্ব্বসীমা কালেজষ্ট্রীট পশ্চিম সীমা লোয়ার চিৎপুর রোড।

৯ নং পল্লী।—ইহার উত্তরসীমা মেছুয়া বাজার রাস্তা ও নারিকেলডাঙ্গা রাস্তা দক্ষিণসীমা বহুবাজার রাস্তা ও বালিয়া ঘাটা রাস্তা পূর্ব্বসীমা সরকুলর খাল, পশ্চিমসীমা কালেজষ্ট্রীট।

১০ নং পল্লী।—ইহার উত্তরসীমা বহুবাজার রাস্তা দক্ষিণসীমা ধর্ম্মতলা রাস্তা, পূর্ব্বসীমা ওয়েলিংটন ষ্ট্রীট ও পশ্চিম সীমা বেণ্টিঙ্ক ষ্ট্রীট।

১১ নং পল্লী।—ইহার উত্তরসীমা বহুবাজার রাস্তা, দক্ষিণসীমা ধর্ম্মতলা রাস্তা, পূর্ব্বসীমা সরকুলর লোয়ার রোড পশ্চিমসীমা ওয়েলিংটন ষ্ট্রীট।

১২ নং পল্লী।—ইহার উত্তরসীমা লালবাজার রাস্তা ও ডালহৌসি স্কুয়ের ও কেয়ানীপ্লেস, দক্ষিণসীমা সপ্লানেড রোড, পূর্ব্বসীমা বেণ্টিঙ্ক ষ্ট্রীট, পশ্চিমসীমা হুগলী নদী।

১৩ নং পল্লী।—ইহার উত্তরসীমা ধর্ম্মতলা রাস্তা, দক্ষিণ সীমা কিড্ ষ্ট্রীট, ক্রীস্কুল ষ্ট্রীট, ও সৌথ কালিঙ্গা ষ্ট্রীট, পূর্ব্ব সীমা ওয়েলেস্‌লি ষ্ট্রীট, পশ্চিমসীমা চৌরঙ্গি রাস্তা।

১৪ নং পল্লী।—ইহার উত্তরসীমা ধর্ম্মতলা রাস্তা, দক্ষিণসীমা সৌথ কালিঙ্গা ষ্ট্রীট, পূর্ব্বসীমা লোয়ার সরক্যুলর রোড, পশ্চিমসীমা ওয়েলেস্‌লি ষ্ট্রীট।

১৫ নং পল্লী।—ইহার উত্তরসীমা সৌথ কলিঙ্গা ষ্ট্রীট, দক্ষিণসীমা থিয়েটর রোড, পূর্ব্বসীমা লোয়ার সরক্যুলর রোড, পশ্চিমসীমা ওয়েলেসলি ষ্ট্রীট ও উড ষ্ট্রীট।

১৬ নং পল্লী।—ইহার উত্তরসীমা কিড ষ্ট্রীট ও সৌথ কালিঙ্গা ষ্ট্রীট, দক্ষিণসীমা থিয়েটর রোড, পূর্ব্বসীমা ওয়েলেসলি ষ্ট্রীট ও উডষ্ট্রীট পশ্চিমসীমা চৌরঙ্গী রাস্তা।

১৯ নং পল্লী।—ইটিলী F পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

২০ নং পল্লী।—বেণীয়া পুকুর, G পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

২১ নং পল্লী।—বালীগঞ্জ ও টালিগঞ্জ H ও J পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

২২ নং পল্লী।—ভবানীপুর I পোলীস সেক্সনের সঙ্গে মিলে।

২৩ নং পল্লী।—আলিপুর K ও L পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

২৪ নং পল্লী।—একবালপুর N পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

২৫ নং পল্লী।—ওয়াটগঞ্জ ও মুটীখোলা; M ও O পোলীস সেক্সনের যে অংশ মুনিসিপল সীমার মধ্যে পড়ে সেই অংশের সঙ্গে মিলে।

দ্বিতীয় তফসীল।

(৭৩ ধারা দেখ।)

গাড়ীর ও জন্তুর উপর টাক্সের ফর্দ্দ।

অর্দ্ধ বৎসরের নিমিত্তে।
টাকা।

দুই ঘোড়ার ৪ চাকার প্রত্যেক গাড়ির ... ১২৲
তদ্রূপ দুই কি তদধিক গাড়ী থাকিলে প্রথম গাড়ীভিন্ন প্রত্যেক গাড়ির উপর ১২ টাকার তিন অংশের দুই অংশ

৪ চাকার এক ঘোড়ার কি টাটুর কি খচরের কি ৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ এক যোড়া টাটুর খচরের প্রত্যেক গাড়ির ... ... ৬৲

তদ্রূপ দুই কি তদধিক গাড়ী থাকিলে প্রথম গাড়ী ভিন্ন প্রত্যেক গাড়ির উপর ৬ টাকার তিন অংশের দুই অংশ

দুই চাকার প্রত্যেক গাড়ির ... ... ৬৲

ঘোড় দৌড়ের ঘোড়াভিন্ন প্রত্যেক ঘোড়ার কি টাটুর কি খচরের ... . ৬৲

ঘোড় দৌড়ের প্রত্যেক ঘোড়ার ... ... ১২৲

৪ ফুট ৪ইঞ্চির কম উচ্চ প্রত্যেক টাটুর কি খচরের ২৲

তৃতীয় তফসীল।

(৮৩ ধারা দেখ।)

বাণিজ্য ও ব্যবসায়াদির লাইসেন্স।

প্রথম শ্রেণী।

বৎসর। টাকা

প্রত্যেক জাইণ্ট ষ্টাক কোম্পানির ... ১০০৲

দ্বিতীয় শ্রেণী।

প্রত্যেক সওদাগর ও ব্যাঙ্কর ও পোদ্দার ও বণিক ও থোকে বিক্রেতা ও কমিশ্যন এজেণ্ট ও স্বং করাসুস্থতায়ি অস্ত্রচিকিৎসক ও চিকিৎসক ও দন্তরোগের চিকিৎসক ও গৃহাদির নক্সা কারক ও সিবিল ইঞ্জিনিয়র ও গৃহনির্ম্মাতা ও কনট্রাকটর ও মাল বহনের কোম্পানি ও বারিষ্টর ও আটর্ণি ও প্রকটর ও নোটেরি পবলিক এবং হাই কোর্টের উকীল ...
হাটের কি বাজারের স্বামী কি ইজারদার তুলার কি পাটের কি চর্ম্মের কি অন্য দ্রব্যের পেঁচের স্বামী, ও প্রত্যেক নীলাম কারক ... ...
যাঁহার দোকানের কি কর্ম্ম স্থানের উপর ৫ অধ্যায়মতে মাসে ১০০ টাকা কি তদধিক ভাড়া ধরিয়া টাক্স ধার্য্য হইল এমত প্রত্যেক হোটেল কিপর, কি বোর্ডিং হৌস কিপর, কি লজিং হৌস কিপর, কি দোকানদার কি প্লমর কি গ্যাসফিটর কি কারিগর কি খুচরা দ্রব্যের ব্যাপারি ... } ... ৫০৲

তৃতীয় শ্রেণী।

যে দালাল আমদানী কি রপ্তানী দ্রব্য কি দেশজাত দ্রব্য কি রেশমপ্রভৃতি বণিক দ্রব্য নোটে হস্তান্তর কি ক্রয় করণ কার্য্যে নিযুক্ত থাকেন তাঁহার ... } ... ২৫৲

নোট।—৪৪ ইঞ্চির ন্যূন উচ্চ ঘোড়া প্রভৃতির ও যে গাড়ির আড়ে ২৪ ইঞ্চির অধিক না হয় তাহার টাক্স নাই।

তৃতীয় শ্রেণী—(চলিতেছে)

বৎসর। টাকা।

প্রত্যেক জন দালালের অর্থাৎ যাহারা মণিমুক্তাদি ও গৃহাদি ও ভূসম্পত্তি ও কোম্পানির কাগজ ও শ্যার ও বিল অফ একসচেঞ্জ লইয়া ব্যবসায় করেন, কি জাহাজে মাল রপ্তানী করিবার ভাড়ার নিয়ম করেন এমত প্রত্যেক দালালের

চিকিৎসা ও ঔষধ প্রস্তুত করণের ও অশ্বাদির রোগের চিকিৎসা করণের লাইসেনশাট হইয়া যে প্রত্যেক ব্যক্তি ঐ ২ কর্ম্ম চালান তাহার

যে প্রত্যেক জন ঔষধের কি শরাবের কি মদের কি মাদকদ্রব্য বিক্রয় করিবার দোকান ও পঞ্চহৌস কি বিল্যার্ড রূম রাখেন কিম্বা তামাক কি পাট থোকে বিক্রয় করিবার গুদামের স্বামী হন তাহার ...

প্রত্যেক ষ্টীম ফেরি বোটের কি ভড়ের স্বামীর ... ... ২৫৲

যাহার দোকানের কি কর্ম্মস্থানের উপর ৫ অধ্যায়মতে মাসে ২৫ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার কম ভাড়া ধরিয়া টাক্স ধার্য্য হয় এমত প্রত্যেক হোটেল কিপর ও বোর্ডিং হৌস কিপর ও লজিং হৌস কিপর ও প্লমর ও গ্যাসফিটর ও গাড়ী ঘোড়ার ব্যবসায়ী ও দোকানদার ও কারিগর ও ব্যাপারির ...

বন্ধকী দ্রব্যের প্রত্যেক হাওলাত ও ঋণদাতা ও ২৯৩ ধারামতে যাহার দোকানের কি কর্ম্মস্থানের রেজেষ্টরী করা কি ২৯৪ ধারামতে লাইসেন্স দেওয়া গেল এমত প্রত্যেক জনের ...

যে উকীল কি মোক্তার কি লা এজেণ্ট দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য নহেন তাহার ...

চতুর্থ শ্রেণী

যাঁহারা হোটেল কি লোকদের আহার করিবার ও থাকিবার ঘর রাখেন ও ভাড়া দিবার জন্যে গাড়ী কি পাল্কীর স্বামী ও প্লমর ও গ্যাস ফিটর হন ও যাঁহারা বাদ্যকর করাইয়া দেয় ও যাহারা মালবহন করে ও ইষ্টাম্প বিক্রেতা ও গাড়ীর ঘোড়ার ব্যবসায়ী ও দোকানদার ও কারিগর কি ব্যাপারী হইয়া যাহাদের দোকানের কি কর্ম্মস্থানের ১০ টাকা কি তাহার অধিক কিন্তু ২৫ টাকার কম ভাড়া ধরিয়া ৫ অধ্যায়মতে টাক্স ধার্য্য হয় তাহার ... ১২

প্রতিদিনের বাজারে কি চকে যে প্রত্যেক ব্যক্তি স্থায়িরূপে মাচা রাখে তাহার ... ...

বৎসর টাকা।

প্রত্যেক পোদ্দারের ... ...

প্রত্যেক হকিমের ও কবিরাজের ও এদেশীয় যে ডাক্তারেরা চিকিৎসা করেন তাহাদের ... ...

যাহারা বাজার দ্রব্য যোগাইয়া দেয় কি মুটিয়া করিয়া দেয় ও শিপিং এজেণ্ট কি নৌকাদি করিয়া দেয় তাহাদের

পঞ্চম শ্রেণী।

যে প্রত্যেক দোকানদার অন্য শ্রেণীতে গণ্যনয় ও যে প্রত্যেক দালাল তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্যনয় তাহার ... ... ৪৲

প্রত্যেক ফেরিওয়ালা ও পাইকার ও বাক্সওয়ালার ও ধাত্রীর

ষষ্ঠ শ্রেণী।

যাহারা চুপড়ি কি খুঞ্চা প্রভৃতি লইয়া ফেরি করিয়া বিক্রয় করে তাহাদের

প্রত্যেক ১

মন্তব্য।—যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত দুই কি তাহার অধিক প্রকারের ব্যবসায় করিয়া এই তফসীলের নির্দ্দিষ্ট দুই কি তদধিক নামে খ্যাত হইতে পারে, তবে জষ্টিসদের বিবেচনামতে উক্ত কোন এক খ্যাতি অনুসারে তাঁহার উপর টাক্স ধার্য্য হইতে পারিবে। ব্যবসায়ের যে কুঠীতে দুই কি তদধিক জন অংশী থাকেন তাঁহাদের কোন এক জন ঐ টাক্স দিলে কুঠির দ্বারা টাক্স দেওয়া গেল বলিয়া বোধ হইবে।

চতুর্থ তফসীল।

(১৩১ ধারা দেখ।)

দাওয়ার নোটিস।

(যে সম্পত্তির কি দ্রব্যের উপর রেট কি টাক্স দায়া হয় তাহার বর্ণনা এই স্থানে লিখিতে হইবে তুমি এইং দ্রব্যের স্বামী (কি দখিলকার) হওয়াতে কলিকাতার কমিশ্যনরগণ তোমার স্থানে অমুক সালের অমুকং মাসের নিমিত্তে পাওনা *এত টাকা দাওয়া করিতেছেন জানিবা, ও এই নোটিস তোমাকে দেওয়া গেলে পর সাত দিনের মধ্যে যদি অমুক স্থানে কমিশ্যনরগণের আফিসে সেই পাওনা টাকা এবং এইনোটিসের নিমিত্তে আর এত টাকা না দেওয়া যায়, কি না দিবার উপযুক্ত হেতু তাঁহাদের নিকটে দর্শান না যায়, তবে সেই টাকা খরচা সমেত আদায় করিবার জন্যে ক্রোকী পরয়ানা বাহির হইবে।

সভাপতির কি প্রতিনিধির কি মোহর তারিখ

সক্রেটরীর কি আসেসরের স্বাক্ষর।)

* ১২৭ ধারামতে কোনঘরের প্রজার উপর দাওয়ার নোটীস হইলে স্বামির উপরও যে দাওয়ার নোটিস দেওয়া গিয়াছে ও পাওনা টাকা দেওয়া যায় নাই এই কথাও লিখিতে হইবে।

পঞ্চম তক্‌শীল।

(১৩১ ধারা দেখ।)

ক্রোকী পরওয়ানা।

(পরওয়ানা জারী করিতে যে আমলাকে দেওয়া যায় তাঁহার নাম এই স্থানে লিখিতে হইবে) সমীপেষু।

অমুক স্থানবাসি অমুকের নিকটে নিয়মিতরূপে লিখিয়া অমুক সালের অমুক২ মাসের পার্শ্বে লিখিত রেটের (কি টাকসের) কিম্বা রেটের ও টাকসের, নিমিত্তে পাওনা এত টাকা দাওয়া হইলেও সেই দাওয়ার নোটিস দেওয়া গেলে পর সাত দিন গত হইলেও উক্ত অমুক সেই টাকা দেন নাই, ও দিবার উপযুক্ত হেতু দেখান নাই. অতএব তোমাকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, তুমি উক্ত অমুকের (কিম্বা স্থল বিশেষে উল্লিখিত বাটীর মধ্যগত) উক্ত এত টাকা মূল্যের যে কোন অস্থাবর সম্পত্তি পাইতে পার তাহা ক্রোক কর ও সেই দ্রব্য লইবার ও রাখিবার ও নিলাম করিবার খরচ শোধ করণের উপযুক্ত দ্রব্যও লও, ও তদ্রূপ ক্রোক করণের পর সাত দিনের মধ্যে যদি সেই টাকা এবং সেই দ্রব্য ক্রোক করণের ও রাখিবার উপযুক্ত খরচের টাকা না দেওয়া যায়, তবে সেই দ্রব্য ও বিষয় নিলাম কর। নিলাম করিয়া যে টাকা পাইবা তাহা- হইতে উক্ত পাওনা টাকা এবং সেই ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও নিলাম করিবার খরচের টাকা কাটিয়া লইয়া, অবশিষ্ট কিছু থাকিলে উক্ত দ্রব্য ও বিষয় যাঁহার অধিকারে পাওয়া গিয়াছিল তাঁহার দাওয়ামতে তাঁহাকে দেও। ঐ টাকা যাহাতে আদায় হইতে পারে ঐ ব্যক্তির এমত অস্থাবর দ্রব্য পাইতে না পারিলে, তুমি সেই কথা লিখিয়া এই পরওয়ানার সহিত আমাদিগকে জ্ঞাত কর।

(সভাপতির কি প্রতিনিধি সভাপতির

কি সেক্রেটরীর স্বাক্ষর।)

(মোহর)

ষষ্ঠ তকশীল।

(১৩২ ধারা দেখ।)

দ্রব্যের তালিকা ও নোটিস লিখিবার পাঠ।

(যেং দ্রব্য ক্রোক করা গেল তাহার বিবরণ)

অমুক সালের অমুক২ মাসের পার্শ্বের লিখিত রেটের (কি টাক্সের) জন্যে তোমার নিকট পাওনা এত টাকা আদায়ের নিমিত্তে আমি অদ্য উক্ত তালিকার নির্দ্দিষ্ট দ্রব্য ও বিষয় ক্রোক করিয়াছি, জানিবা। এই নোটিসের তারিখ অবধি সাত দিনের মধ্যে কলিকাতার কমিশ্যনরগণের আফিসে তোমার সেই দেনা টাকা এবং এই ক্রোক করিবার খরচ না দিলে, সেই দ্রব্য ও বিষয় নীলাম করা যাইবে।

(ক্রোকি পরওয়ানা জারীকরণীয়া কার্য্যকারকের।

স্বাক্ষর)

তারিখ।

ক্রোক হইলে যে ফিস দিতে হইবে তাহার ফর্দ্দ।

(১৩৩ ধারা দেখ।)

যত টাকার নিমিত্ত ক্রোক হইলে।			যত ফী।
৫ টাকর কম	...	...	।০
৫ টাকা ও ১০ টাকার কম	...	...	।।০
১০ ঐ ১৫ ঐ	...	...	১৲
১৫ ঐ ২০ ঐ	...	...	১।।০
২০ ঐ ৩০ ঐ	...	...	২৲
৩০ ঐ ৪০ ঐ	...	...	৩৲
৪০ ঐ ৫০ ঐ	...	...	৪৲
৫০ ঐ ৬০ ঐ	...	...	৫৲
৬০ ঐ ৭০ ঐ	...	...	৬৲
৭০ ঐ ৮০ ঐ	...	...	৭৲
৮০ ঐ ৯০ ঐ	...	...	৮৲
৯০ ঐ ১০০ ঐ	...	...	৯৲
১০০ অধিক	...	...	১০৲

উক্ত ফর্দ্দের মধ্যে সকল খরচ ধরা গিয়াছে। কিন্তু ক্রোক করা দ্রব্য রক্ষা করিবার জন্য পেয়াদাদিগকে রাখিতে হইলে প্রত্যেক জনের দিন প্রতি চারি আনা লাগিবে।

সপ্তম তকসীল।

(১৩৮ ধারা দেখ।)

ঋণপত্রের পাঠ।

কলিকাতার কমিশ্যনরগণ।

কলিকাতা। ১৮

নং।

কলিকাতার ১৮৮৬ সালের সংগৃহীত মুনিসিপল আইনের বলে কলিকাতার কমিশ্যনর আমরা উক্ত আইন অনুসারে সমবায়িত হইয়া অমুক স্থানবাসি শ্রী অমুকের স্থানে এত টাকা পাইলাম, এবিদায় অদ্যকার তারিখ অবধি এতদিনে উক্ত শ্রী অমুকের কিম্বা তাহার আজ্ঞাক্রমে অন্য ব্যক্তিকে উক্ত এত টাকা ফিরিয়া দিব. এবং ছয়২ মাসে অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে সেই টাকার উপর বৎসর শতকরা এত টাকা হিসাবে সুদ দিব, এই প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলাম।

(সভাপতির কি প্রতিনিধি সভাপতির

এবং দুই জন কমিশ্যনরের স্বাক্ষর।

অষ্টম তফসীল।

(১৭৪ ও ১৭৫ ধারা দেখ।)

অমুক পল্লীতে অমুক সালের অমুক মাসে শিশুদের জন্ম।

নম্বর।	যে দিনে জন্মে।	যে দেশের কি জাতির।	নাম থাকিলে তাহার নাম।	পুরুষ কি স্ত্রী।	পিতার নাম।	পিতার ব্যবসায়।	সম্বাদ দাতার স্বাক্ষর ও বর্ণনা ও বাসস্থান।	যে সময়ে রেজিষ্টরী হয়।	রেজিষ্ট্রারের স্বাক্ষর।

নবম তফসীল।

(১৭৪, ১৭৫, ১৭৭ ও ১৮০ ধারা দেখ।)

অমুকপল্লীতে অমুক সালের অমুক মাসে মৃত্যু।

নম্বর।	যে দিনে মরে।	যে দেশের কি জাতির	নাম।	পুরুষ কি স্ত্রী।	বয়স।	ব্যবসায়।	মৃত্যুর কারণ	মৃত্যু কালীন বাসস্থান।	চরম পীড়ার পূর্ব্ব বাসস্থান।	সম্বাদ দাতার স্বাক্ষর ও বর্ণনা ও বাসস্থান।	যে সময়ে রেজিষ্টরী হয়।	রেজিষ্ট্রারের স্বাক্ষর।

এক্ষণে অধিকতর যত্ন প্রদর্শন করিয়া থাকেন ও মুনিসিপল কর্ত্তৃপক্ষেরা অধিকাংশ অধিবাসির নিকট পূর্ব্বাপেক্ষা প্রিয় হইয়াছেন। এই নিমিত্ত সাধারণ নির্ব্বাচন প্রণালীর অথবা নিযুক্ত ও নির্ব্বাচিত কমিশ্যনরদের মধ্যে যে অনুপাত আছে তাহার পরিবর্ত্তন করিবার অতি প্রায় নাই।

পক্ষান্তরে ১৮৭৬ সালের আইনে যাহার কোন বিধান নাই ও যাহা ১৮৮১ সালের মুনিসিপল আইন সংশোধনার্থ আইনে অতি সামান্যরূপে স্বীকৃত হইয়াছিল এরূপ একটী সভা এক্ষণে ক্ষমতাপন্ন হইয়া দাঁড়াইয়াছে। এই সভার নাম টৌন কৌন্সিল। আইনে কমিশ্যনরেরা সাধারণ সভায় যে সকল কার্য্য করিবেন বলিয়া অভিপ্রেত ছিল, টৌন কৌন্সিল সেই কার্য্য করিয়া থাকে, এই কৌন্সিল মুনিসিপালিটীর অবস্থার এরূপ উপযোগী হইয়াছে যে বৎসর বৎসর ইহার প্রতিপত্তি বাড়িয়া আসিতেছে ও এক্ষণে ইহা মুনিসিপল যন্ত্রের একটি প্রধান অঙ্গস্বরূপ হইয়া দাঁড়াইয়াছে। এই কৌন্সিলের সঙ্গঠন প্রণালী আইনদ্বারা নির্দ্দিষ্ট হওয়া বাঞ্ছনীয়, বিশেষতঃ এইকারণে অর্থাৎ কার্য্যগতিকে কৌন্সিলের যেরূপ সংগঠন প্রণালী উদ্ভূত হইয়াছে তাহা অনেক বিষয়ে ব্যবস্থাপক সভা যেরূপ সংগঠন প্রণালী নির্দ্দেশ করিতেন তাহা হইতে অত্যন্ত বিভিন্ন। মুনিসিপল কার্য্যে যাঁহারা যত্ন প্রদর্শন করিয়া থাকেন তাঁহারা সকলেই এই কৌন্সিলের কার্য্যে অংশ গ্রহণ করিতে স্বভাবতঃ ইচ্ছা করিয়া থাকেন, এই ইচ্ছা প্রশংসনীয়. এই কারণে কৌন্সিলে এক্ষণে ত্রিশজন সভ্য আছেন, কিন্তু কমিটীর কার্য্য সুবিধামতে বা নিয়মিতরূপে সম্পাদন করণপক্ষে এই সংখ্যা অত্যধিক। আবার যদিও কৌন্সিলের এক তৃতীয়াংশ সভ্যেরা নিযুক্ত কমিশ্যনর, ঐ কমিশ্যনরেরা সমুদয় কমিশ্যনর কর্ত্তৃক নির্ব্বাচিত হইয়া থাকেন। অবশ্যই শেষোক্ত কমিশ্যনরদিগের অধিক ব্যক্তিই নিযুক্ত কমিশ্যনর নহেন। সুতরাং বিবাদস্থলে ইহা সম্ভব যে নিযুক্ত যে কমিশ্যনরেরা যে নিযুক্ত কমিশ্যনরদিগের প্রায়ই প্রতিনিধি নহেন তাঁহারাই টৌন কৌন্সিলের জন্য নির্ব্বাচিত হইবেন। সুতরাং ইহা স্পষ্ট দেখা যাইতেছে যে যদি টৌন কৌন্সিল মুনিসিপালিটীর একটি প্রধান অঙ্গ বলিয়া আবশ্যক হয় ও যদি ইহার এক তৃতিয়াংশ সভ্যেরা নিযুক্ত কমিশ্যনর হন তাহা হইলে যে ব্যক্তি নিযুক্ত কমিশ্যনরদিগকে মনোনীত করেন তাঁহার কর্ত্তৃকই অর্থাৎ শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্ত্তৃকই ঐ নির্ব্বাচন সম্পন্ন হওয়া উচিত। বোম্বাইয়ে ইহাই আইন।

আবার ১৮৭৬ সালের আইনমত মুনিসিপালিটীর সঙ্গঠন প্রণালীর বিরুদ্ধে যে সকল আপত্তি উত্থাপিত হইয়াছে তন্মধ্যে এইটি বোধ হয় সর্ব্বাপেক্ষা বলবৎ, অর্থাৎ কাজের লোকেরা যাঁহাদের পক্ষে সময়ই টাকা তাঁহারা ঐ প্রণালীমতে কার্য্য নির্ব্বাহ যেরূপ অংশ গ্রহণ করা তাঁহাদিগের বহুদর্শীত্ব ও কলিকাতার স্বার্থ বিবেচনায় বাঞ্ছনীয় তাহা করিতে পারেন না। গবর্ণমেণ্টের নিকট সম্প্রতি যে আবেদনপত্র করা গিয়াছে বলিয়া ইতিপূর্ব্বে উল্লিখিত হইয়াছে তাহাতে ঐ আপত্তি এইরূপে বর্ণিত হইয়াছে।—“যে শহরে সাধারণতঃ এরূপ বলা যাইতে পারে যে প্রত্যেক ব্যক্তি সম্পূর্ণরূপে কার্য্যে ব্যস্ত তথায় যাহাদিগের কার্য্য করিবার অভ্যাস আছে এরূপ লোকেরা প্রতি সপ্তাহে দীর্ঘ অপরাহ্ন কাল কলিকাতা মুনিসিপালিটীতে সর্ব্বদাই যেরূপ বহুক্ষণব্যাপী তর্কবিতর্ক হইয়া থাকে সেই তর্ক বিতর্কে অতিবাহিত করিতে ইচ্ছুক ও সক্ষম হইবেন ইহা অসম্ভব। বর্ত্তমান প্রণালীতে অত্যধিক বিলম্ব ঘটিয়াথাকে ও ইহাতে যে ভদ্রলোকেরা আপন অবস্থা, বহুদর্শন ও কার্য্য ক্ষমতা গুণে মুনিসিপল কার্য্য সম্বন্ধে পরামর্শ দান করিতে বিশেষরূপ যোগ্য তাঁহাদিগকে মুনিসিপালিটীর কার্য্য সম্বন্ধীয় বাদানুবাদ হইতে বহিভূর্ত রাখিবার সম্ভাবনা। বোম্বাই নগরে যে প্রণালী প্রচলিত আছে তাহাতে সন্তোষজনক কার্য্য হইয়াছে বলিয়া কথিত হয়। ঐ প্রণালীতে শাসন কর্ত্তৃত্ব কার্য্য অল্প সংখ্যক লোকের হস্তে ন্যস্ত আছে, ঐ ব্যক্তিরা সভায় উপস্থিত হইবার জন্য ফী পাইয়া থাকেন। নিয়মিতরূপে উপস্থিত হন ও কলিকাতায় অধিক সংখ্যক কমিশ্যনর থাকাতেও তাহাদের সভায় উপস্থিত হওন বিষয়ে অনিশ্চিততা থাকাতে কলিকাতায় কার্য্য করিতে যেরূপ সময় লাগে তদপেক্ষা সত্বর আপন কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিয়া থাকেন।”

অতএব ইহা বাঞ্ছনীয় বলিয়া বোধ হয় যে, যেহেতু টৌন কৌন্সিল এক্ষণে মুনিসিপালিটীর একটি প্রধান অঙ্গ বলিয়া স্বীকার করিতে হইবে তজ্জন্য ইহার সভ্যসংখ্যা আইন দ্বারা এরূপ নির্দ্দিষ্ট হওয়া আবশ্যক যাহা কমিটীর সাধারণ কার্য্য নির্ব্বাহের সহিত সঙ্গত হয় ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুনিসিপালিটীর যতগুলি সভ্য মনোনীত করেন টৌন কৌন্সিলেরও ততগুলি সভ্য মনোনীত করিবেন ও টৌন কৌন্সিলের অধিবেশনে উপস্থিত হইবার নিমিত্ত মেম্বরদিগকে ফী দেওয়া উচিত। এই নিমিত্ত পাণ্ডুলিপিতে ঐ মর্ম্মের বিধান সন্নিবেশ করা গিয়াছে।

এইরূপ সুবৃহৎ ও গুরুতর একখানি পাণ্ডুলিপির প্রথম খসড়া উপস্থিত করণকালে ইহার অন্তর্গত ধারাগুলির ভাষাগত অনেক ত্রুটি দৃষ্ট হইবার সম্ভাবনা। যখন সিলেক্ট কমিটি পাণ্ডুলিপি খানি সবিস্তার ভাবে বিবেচনা করিয়া দেখিবেন তখন উক্ত ত্রুটিগুলি দূর করিবার সম্পূর্ণ সুযোগ পাওয়া যাইবে।

১৮৮৬ সাল ৮ আপ্রিল।

এচ, এল হারিসন।
গার্ডন লীথ,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

NARAYAN CHANDRA BHATTACHARJYA, M.A.,
Offg. Bengali Translator.

B Cha—[illegible] (490)—640.

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন।

সাল ও নম্বর।	বিষয়।	যত দূর রহিত হইল।
১৮৭৬ সালের ৪ আইন ...	কলিকাতার মুনিসিপল কার্য্য ব্যাপার বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।	সমস্ত।
১৮৮১ সালের ৬ আইন ...	কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ নামক ১৮৭৬ সালের আইন সংশোধনার্থ আইন	সমস্ত।
১৮৮২ সালের ১ আইন...	কলিকাতার মুনিসিপল আইন সংগ্রহ করণার্থ ১৮৭৬ সালের আইন আরো সংশোধন করিবার আইন।	সমস্ত।
১৮৮৪ সালের ৩ আইন...	মুনিসিপালিটী বিষয়ক আইন সংশোধন ও সংগ্রহ করণার্থ আইন।	দ্বিতীয় তফসীলে "কলিকাতা শাখানগর" এই কথা।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

কলিকাতা শাখা নগরের একাংশ কলিকাতা নগরের সহিত সম্মিলিত করিবার নিমিত্ত অনেকেই অনুরোধ করেন। ঐ বিষয় বিবেচনা করিয়া দেখিবার জন্য ১৮৮৫ সালে যে কমিটী নিযুক্ত হন তাঁহারা উক্ত প্রস্তাবের স্বপক্ষে রিপোর্ট করাতে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ রিপোর্টের সহিত একমত হওয়ায় ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট উক্ত প্রস্তাবের অন্তর্গত প্রধান২ বিষয়ে সম্মতি প্রকাশ করায়, যে সিদ্ধান্তে উপনীত হওয়া গিয়াছে তাহা কার্য্যে পরিণত করণার্থে এক্ষণে ব্যবস্থা প্রণয়ন করা আবশ্যক হইয়াছে।

অতএব কলিকাতার প্রচলিত মুনিসিপল আইনের এরূপ কতকগুলি আবশ্যক পরিবর্তন করিতে হইবে যাহাতে ঐ আইন যে পরিবর্দ্ধিত স্থানীয় চক্রের মধ্যে এক্ষণে বলবৎ হইবে তাহার উপযোগী হইতে পারে। ইহাই উপস্থিত পাণ্ডুলিপির প্রধান উদ্দেশ্য।

প্রচলিত মুনিসিপল আইনের প্রায় দশ বৎসর ধরিয়া কার্য্য চলায় যেরূপ অভিজ্ঞতা লাভ হইয়াছে তাহার সাহায্য গ্রহণ করিয়া এই সুযোগে ঐ আইন পুনর্ব্বিবেচনা করা যাইতেছে। সচরাচর যেরূপ হইয়া থাকে, ক্ষুদ্র২ বিষয়ে অনেক ত্রুটি রহিয়াছে কালক্রমে দৃষ্ট হইতেছে। যতদূর সম্ভব নূতন আইনে এই ত্রুটি গুলি দূরকরা বাঞ্ছনীয়।

যে বিষয়ে ব্যবস্থা প্রণয়ন করিতে হইবে তাহা রাজধানীর পক্ষে বিশেষ গুরুত্ববিশিষ্ট ও এই ব্যবস্থার মূল নীতি ও ক্ষুদ্র২ অন্যান্তর বিষয় লইয়া বিশেষ মতভেদ হইবার সম্ভাবনা। সুতরাং এরূপ ব্যবস্থাপ্রণয়ন স্পষ্টতঃই অনেক বিবেচনা করিয়া করা উচিত, তন্নিমিত্ত এক্ষণে কেবল প্রস্তাবিত আইনের প্রধান২ বিষয়গুলি লইয়া এক খানি খসড়া পাণ্ডুলিপি সঙ্কলন করতঃ সাধারণের বিবেচনার্থে অর্পণ করিবার চেষ্টা পাওয়া গিয়াছে। এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ করিবার পূর্ব্বে অনেক মাস কাটিয়া যাইবে।

কলিকাতার সহিত শাখানগরের সম্মিলন করা হইল বটে, কিন্তু যে নূতন স্থানীয় চক্র এক্ষণে কলিকাতার সহিত সংযুক্ত হইবে তাহার হিতার্থে যাহাতে কলিকাতাবাসী করদাতাদের প্রদত্ত কর ও টাক্স ব্যয়িত হইয়া তাঁহাদের ক্ষতি না হয় এই বিষয়ে সাবধান হওয়া গিয়াছে। পরিবর্দ্ধিত স্থানীয় চক্রের মধ্যে যে কর ও টাক্স আদায় করা যাইবে তাহা একই প্রকারের হইবে, এবং নূতন সমাবাশ্রিত সমাজের স্পষ্টতঃই এরূপ চেষ্টা করিতে হইবে যাহাতে সময় ও অবস্থা বিবেচনায় মুনিসিপালিটীর সকল অংশই সমান উপকার প্রাপ্ত হইতে পারে। এরূপ স্থলে যে প্রকার হইয়া থাকে সেই প্রকার ইহার স্বাভাবিক ফল এই হইবে যে, কেন্দ্রস্থান হইতে প্রান্ত ভাগের নিমিত্ত ব্যয় নির্ব্বাহ করিতে হইবে। ইহার ক্ষতিপূরণ স্বরূপ কলিকাতা নগর ও শাখানগর পোলীস সম্পর্কে এক্ষণে যে অর্থসাহায্য করিয়া থাকেন, গবর্ণমেণ্ট তাহা আর না লইবার প্রস্তাব করিতেছেন। এই সাহায্যর অনুমান বৎসর প্রায় তিন লক্ষ টাকা, ইহার দশ ভাগের নয় ভাগ কলিকাতা নগর হইতে দেওয়া হয়। এই টাকা রেহাই দেওয়াতে নগরের বর্ত্তমান করদাতারা যে লাভ করিবেন তাহা কলিকাতা নগরের সহিত স্বল্পতর জনপূর্ণ ও অপেক্ষাকৃত নির্ধন শাখানগরের সম্মিলন হইতে তাহাদের যে ক্ষতি হইবে প্রায় তাহার সমান হইবে এই রূপ অনুমান করা যায়

পোলীস রেটের তুল্য উচ্চহারে রাস্তাদি পরিষ্কার করণার্থ একটি রেট তুল্য শ্রেণীর করদাতাদের নিকট হইতে আদায় করিবার প্রস্তাব করা যাইতেছে। এই উপায় অবলম্বন করাতে নগরের করদাতারা কর সম্পর্কে এক্ষণ অপেক্ষা কষ্টকর অবস্থায় না পড়িয়া সম্মিলিত স্থানীয় চক্রের উৎকর্ষসাধনার্থ প্রায় বৎসর ২,৮০,০০০ টাকা দিতে সক্ষম হইবেন।

আরো প্রস্তাব করা যাইতেছে যে, মুনিসিপালিটীর সীমার মধ্যে গুদামজাত বা বিক্রয় করিবার জন্য যে পেট্রোলিয়ম আনীত হয় তৎসম্বন্ধে গুদামজাত করিবার জন্য ফী আদায় করিবার অনুমতি দেওয়া যাইবে। এই ফী গবর্ণমেণ্টের অনুমতি লইয়া বাক্স প্রতি চারি আনা পর্য্যন্ত করা যাইতে পারিবে, (যদিও দুই আনা করিয়া হার করিবার অভিপ্রায় আছে)।

কলিকাতা নগর সম্বন্ধে প্রস্তাবিত পরিবর্ত্তনের দ্বারা যাহাতে করদাতাদের ক্ষতি না হয় এইটিই প্রধান উদ্দেশ্য। অভিপ্রায় এই যে, পোলীস রেট রেহাই দেওয়াতে যে লাভ হয়, তাহা সমস্তই শাখানগরে প্রদত্ত হইবে। এই টাকা ও শাখানগরের পোলীস রেটের অবশিষ্টাংশ রেহাই দেওয়াতে যে লাভ হইবে তাহা এক করিয়া শাখানগরের আয় বৎসর তিন লক্ষ টাকা বাড়িবে। রেট ও কর অবশ্যই কলিকাতার করের সহিত সমান করা যাইবে। প্রস্তাবিত কার্য্যের ফল যেরূপ হইবে বলিয়া প্রত্যাশা করা যায় তাহা নিম্নলিখিত রূপে নির্দ্দেশ করা যাইতে পারে।—যে স্থানীয় চক্র কলিকাতার সহিত সংযুক্ত হইবে তাহার আয় প্রায় শতকরা দেড় শত টাকা বাড়িবে, ইহার মধ্যে সম্মিলিত স্থানীয় চক্রের অধিবাসিরা শতকরা একশত টাকারও কম দিবেন ও বক্রী টাকা গবর্ণমেণ্ট যে টাক্স রেহাই দিতেছেন তাহা হইতে পাওয়া যাইবে. সুতরাং নূতন সমাবায়িত সমাজের এই স্থানীয় চক্রের কার্য্যকরভাবে উৎকর্ষ সাধনার্থে সক্ষম হওয়া উচিত।

এই পাণ্ডুলিপি উপস্থিত করিবার সময় ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়ের যে সকল সংশোধন বাঞ্ছনীয় তাহার সকলগুলি ইহাতে সন্নিবেশ করা আবশ্যক নহে। যে গুলিতে বিশেষ মনোযোগ আকর্ষণ করিয়াছে ও যে গুলি কলিকাতার করদাতা ও অধিবাসীদের একখানি আবেদনপত্রে সংপ্রতি স্পষ্টরূপে উল্লিখিত হইয়াছে তাহারই বিধান করা গেল, কিন্তু অনেকগুলিই সাবহিতভাবে বিবেচনা করা কর্ত্তব্য. সুতরাং তাহা সিলেক্ট কমিটীর বিবেচনার্থে রক্ষিত হইবে। কিন্তু প্রচলিত আইনের অধিকাংশই উপস্থিত পাণ্ডুলিপিতে পুনরুদ্ধৃত হইয়াছে বলিয়া এরূপ অনুমান করিতে হইবে না যে, উহার পরিবর্ত্তন আবশ্যক নহে বলিয়া বিবেচিত হইল। প্রস্তাবিত কার্য্যের সহিত যে দুই মুনিসিপালিটীর সম্পর্ক থাকায় এরূপ ভরসা করা যায় যে তাঁহারা এরূপ সংশোধনের প্রস্তাব করিবেন যাহা ভূয়োদর্শনে আবশ্যক বলিয়া দৃষ্ট হয়, ঐ দুই মুনিসিপলিটীর মত অবগত হইবার পর ও স্বার্থযুক্ত অন্য সমিতি বা ব্যক্তি বিশেষের মত বিবেচনা করিয়া দেখিয়া ঐরূপ সকল পরিবর্ত্তন করা উচিত বলিয়া বোধ হইল।

কিন্তু দুইটি গুরুতর বিষয়ের অর্থাৎ নির্ব্বাচনের স্বাধীনতা ও ১৮৭৬সালের আইনের সাধারণসূত্র সম্বন্ধে যে সকল পরিবর্ত্তন আপাতদৃষ্টিতে বাঞ্ছনীয় বলিয়া বোধহয়, উপস্থিত পাণ্ডুলিপিতে তাহা ইতিমধ্যেই বিহিত হইয়াছে। যদিও নির্ব্বাচনের স্বাধীনতা সম্বন্ধীয় আইনের ধারাগুলি সম্পূর্ণরূপে পুনর্গঠিত হইয়াছে তথাপি নগরে এক্ষণে যে প্রণালী প্রচলিত আছে তৎসম্পর্কে মতগ্রহণ স্থানে মত প্রকাশ করিতে হইবে, কেবল এই আদেশ মাত্র সন্নিবেশ করণ ভিন্ন কোন মৌলিক পরিবর্ত্তন করিবার কল্পনা নাই। পূর্ব্বে ২৫৲ টাকা দিলেই যোগ্যতা হইত, ইহার পরিবর্ত্তে কার্য্যের সুবিধার জন্যে বার্ষিক ৩০০৲ মূল্যের সম্পত্তির স্বামিত্ব বা প্রজাস্বত্ব থাকিলে যোগ্যতা হইবে প্রস্তাব করা যাইতেছে। শতকরা আটটাকা রেট দিবার নিয়মে চব্বিশ টাকা দেওয়া ও এই বিধান সমানই। চলিত বৎসরে স্বামিরা শতকরা আট টাকাও প্রজারারা নয় টাকা রেট দিতেছেন। একাধিক সম্পত্তির স্বামি ও প্রজাদের সম্বন্ধীয় ধারাগুলি নূতন কিন্তু ঐ ধারাগুলি দ্বারা প্রচলিত প্রথা আইনসঙ্গত করিয়া উহার বিধান করাই অভিপ্রায় প্রচলিত প্রথা সম্বন্ধে বর্ত্তমান আইনে কোন উল্লেখই নাই যে অবস্থায় সংস্সৃষ্ট পরিবার ভুক্ত ব্যক্তিরা, অংশীদারেরা অথবা সংস্সৃষ্ট প্রজারা নির্ব্বাচন সম্বন্ধে মত প্রকাশ করিতে পারেন তাহা এক্ষণে সম্পূর্ণরূপে সভাপতির নিষ্পত্তির পেক্ষ হইয়া রহিয়াছে। স্বতন্ত্র প্রত্যেক সম্পত্তির জন্য ভয়বার আইনমতে মত প্রকাশ করা যাইতে পারিবে পাণ্ডুলিপিতে এই প্রস্তাব করা গিয়াছে। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ফেলো ও উপাধধারীদিগকে মত প্রকাশ করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে। কমিশ্যনরও নির্ব্বাচকদিগের যোগ্যতা একরূপ করা গিয়াছে। কলিকাতায় এই বিষয়ে প্রভেদ করিবার কার্য্যতঃ কোন আবশ্যকতা নাই।

১৮৭৬ সালের আইনের সাধারণ সূত্র সম্বন্ধে বক্তব্য এই যে ঐ আইনের দ্বারা নগরের মঙ্গল বিসর্জ্জন দেওয়া হইয়াছে একপক্ষে এই আপত্তি বিবেচনা করিয়া দেখা যেরূপ আবশ্যক হইয়াছে. ঐ আইন লোকের এরূপ হিতজনক যে উহা অধিকতর হিতজনক করিবার অভিপ্রায়ে পরিবর্ত্তন না করিয়া অন্য কোনপ্রকারে পরিবর্ত্তন করা আপত্তিজ কপক্ষান্তরে যাঁহারা এরূপ আশঙ্কা করেন তাঁহাদের উক্ত রূপ আশঙ্কাও বিবেচনা করিয়া দেখা আবশ্যক হইয়াছে।

পাণ্ডুলিপি যে আকারে উপস্থিত করা হইয়াছে তাহাতে এই উভয়ের মধ্যবর্ত্তী পথ অবলম্বিত হইয়াছে। এইরূপ অনুমান করিয়া লওয়া হইয়াছে যে ১৮৭৬ সালের আইনে, যেরূপ অনুমিত হইয়া ছিল সেইরূপ কিছুই অসুবিধা ঘটি নও পক্ষান্তরে বিশেষ সুবিধাও সংঘটিত হইয়াছে নগরের করদাতা ও অধিবাসীরা মুনিসিপাল কার্য্যে

Numb. 2471. [২৪৭১]

REGISTERED N. 130.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 7, 1886.

মঙ্গলবার, ১৮৮৬ সাল ৭ ডিসেম্বর।

CONTENTS.

নির্ঘণ্ট।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3391A.

The 30th November 1886.—Baboo Akhoy Coomar Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Bogra, is appointed to be also Sudder Sub-Registrar of Bogra, with retrospective effect from the 6th March last, *vice* Moulvi Mahomed Serajul Huq, transferred

NOTIFICATION.

The 30th November 1886.—Under the powers conferred upon him by section 101 sub-section 2, clause (*d*) of the Bengal Tenancy Act VIII of 1885, the Lieutenant-Governor is pleased to order that a survey shall be made, and a record of rights prepared, in respect of all lands included within the boundaries of the Government estate Nabipore Hossein Tala, pergunnah Bordakhat, district Tipperah.

The particulars to be recorded in the survey and record of rights shall be the following :—

The name of each proprietor, with the character and extent of his interest.

The situation, quantity, and boundaries of proprietors' private lands, as defined in chapter XI of the Act.

The name of each tenant.

The class to which he belongs, that is to say, whether he is a tenureholder, ryot holding at fixed rates, occupancy ryot, non-occupancy ryot or under-ryot, and, if he is a tenureholder, whether he is a permanent tenureholder or not, and whether his rent is liable to enhancement during the continuance of his tenure.

The situation, quantity, and boundaries of the land held by him.

The name of his landlord.

The rent payable.

The mode in which that rent has been fixed, whether by contract, by order of a court or otherwise. If the rent is a gradually increasing rent, the time at which, and the steps by which, it increases.

The special conditions and incidents, if any, of the tenancy.

P. NOLAN,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 30th November 1886.—Under the provisions of Rule III of the Rules of the 28th July 1879, made under section 25(*i*) of the Indian Forest Act (VII of 1878), the Lieutenant-Governor is pleased to sanction the closing of the Reserved Forests of the Darjeeling Terai and Lower Hills (Kurseong and Teesta sub-divisions of the Darjeeling Forest Division), as well as those of the district of Julpigoree (Julpigoree and Buxa Forest Divisions) against hunting, shooting, and fishing from the 1st December 1886 to the 1st June 1887.

P. NOLAN,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 26th November 1886.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the site of the cook sheds of the Treasury guard at Munshigunge, in the village of Kotegaon, thana Munshigunge, zillah Dacca, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 14¾ chittacks of the standard measurement, bounded on the north by the Government pound; on the west by the tank of Masjid; on the east by the main road; and on the south by the road and grass land, is required within the aforesaid village of Kotegaon.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

P. NOLAN,
Offg. Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th December* 1886.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৪৯৩ A নম্বর।

রেজিষ্টরী করণ বিষয়ক।—১৮৮৬ সাল ৩০ নবেম্বর।—শ্রীযুত মৌলবী মহম্মদ সেরাজুল হক খোনা-বারে প্রেরিত হওয়ায় বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায়, ভূত কাল সম্পর্কে গত মার্চ্চ মাসের ৬ তারিখ অবধি বগুড়ার সদর সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

এন, বি, পীকক্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ৩০ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ১০১ ধারার ২ প্রকরণের (ঘ) দফামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই আজ্ঞা করিলেন যে, ত্রিপুরা জিলার অন্তর্গত বরদাখৎ পরগনার নবিপুর হুসেন তালা গবর্ণমেন্ট মহালের সীমার অন্তর্গত সমস্ত ভূমি সম্বন্ধে জরীপ করিয়া স্বত্বের লিখন প্রস্তুত করা যায়।

জরীপ ও স্বত্বের লিখিলে এই২ বিশেষ বৃত্তান্ত লিখিতে হইবে।

প্রত্যেক জন ভূস্বামির নাম ও তাঁহার স্বার্থের ভাব ও যত দূর সেই স্বার্থ আছে।

আইনের ১১ অধ্যায়ে নির্দ্দিষ্ট ভূস্বামির নিজ জমির অবস্থান পরিমাণ ও সীমা।

প্রত্যেক জন প্রজার নাম।

তিনি যে শ্রেণীর অর্থাৎ তিনি মধ্যস্বত্বাধিকারী কি মোকররি হারে ভূমিভোগকারী রায়ত কি দখলী স্বত্ববিশিষ্ট রায়ত কিম্বা দখলী স্বত্ব শূন্য রায়ত কি কোর্ফা রায়ত এবং তিনি মধ্যস্বত্বাধিকারী হইলে কায়েমি মধ্য স্বত্বাধিকারী কি না ও তাহার মধ্য স্বত্ব থাকন কালে তাহার খাজানা বৃদ্ধি হইতে পারে কি না।

তিনি যে ভূমি ভোগ করেন তাহার অবস্থান, পরিমাণ ও চৌহদ্দী।

তাঁহার ভূম্যধিকারীর নাম।

দেয় খাজানা।

যেরূপে ঐ খাজানা ধার্য্য হইয়াছে, অর্থাৎ চুক্তিক্রমে বা আদালতের আজ্ঞাক্রমে বা অন্য প্রকারে।

খাজানা ক্রমশঃ বৃদ্ধি হইবার হইলে যে সময়ে ও যে ক্রমে বৃদ্ধি হয়।

প্রজাস্বত্বের বিশেষ কোন নিয়ম ও অনুষঙ্গ থাকিলে তাহা।

পি. নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৬ সালের ৩০ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ২৫ (ঝ) ধারামতে ১৮৭৯ সালের ২৮ জুলাই য় প্রণীত বিধির ৩ ধারার বিধানমতে ১৮৮৬ সালের ১ ডিসেম্বর অবধি ১৮৮৭ সালের ১ জুন পর্য্যন্ত পক্ষ্যাদি শীকার, বন্দুকদ্বারা পক্ষ্যাদি মারণ ও মৎস্যধরণসম্বন্ধে দার্জ্জিলিঙ্গ তরাইর ও নিম্ন পর্ব্বতর দার্জ্জিলিঙ্গ বন খণ্ডের অন্তর্গত কর্সিয়ঙ্গ ও তিস্তা উপখণ্ডে ও জলপাইগুড়ি জিলার অন্তর্গত (জলপাইগুড়ি ও বক্সা বন খণ্ডের) রক্ষিত বন বন্ধ করিবার অনুমতি দিলেন।

পি, নোলান,
বঙ্গদেশেরগবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ২৬ নবেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ঢাকা জিলার অন্তর্গত মুনশীগঞ্জ থানার শামিল কোটগাঁ গ্রামে মুনশীগঞ্জে রেজুরী গার্ডের রান্নাঘর করিবার স্থানের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক ভূমিলওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কোটগাঁ গ্রামে কচিৎতে ন্যূনাধিক ৬৩১৫ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা গবর্ণমেণ্টের খোঁয়াড়, পশ্চিম সীমা মসজিদের পুষ্করিণী, পূর্ব্ব সীমা প্রধান রাস্তা ও দক্ষিণ সীমা ঐ রাস্তা ও খাস জমি,

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৬। ৭ ডিসেম্বর।

NOTIFICATION.

Under the provisions of section 9 of the Bengal Excise Act VII of 1878, and with the sanction of the Board of Revenue, a distillery, in which spirituous liquors may be manufactured after the native process having been established at Giridhi, in the district of Hazaribagh, it is hereby notified that from and after the 1st December 1886, within the following limits, which have been fixed with the sanction of the said Board of of Revenue, no such liquors, unless manufactured at the said Sudder distillery shall be introduced or sold without a pass from the Collector, and no still shall be constructed or worked or spirituous liquors manufactured except at the said distillery.

Northern boundary.—A straight line drawn from Moheshmundu to Kormatand and thence to Khawa and from Khawa, to Muddunpore-Digwari post. The boundary includes the above places.

Western boundary.—A straight line drawn from Muddunpore to the Hazaribagh road at the Burrakur Ghât. The boundary includes both these places.

Southern boundary—The Burrakur river from the point where the Hazaribagh road crosses it at Burrakur Ghât to its junction with the Oosru. The boundary includes Burrakur Ghât village.

Eastern boundary.—A straight line drawn from the Burrakur river at its junctions with the Oosru river to Panchrukhee and thence to Moheshmundu. The boundary includes the places mentioned above.

HAZARIBAGH,
The 28th October 1886.

C. H. GARRETT, *Lieut.-Col.*,
Deputy Commissioner.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

RAILWAY.

The 29th November 1886.

No. 423.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, viz. requirement for the Assam-Behar State Railway, it is hereby declared that for the above purpose a strip of land measuring 3 roods 2 poles, situated in the undermentioned village, in the district of Purneah, is required.

This declaration is made, under the provisions of section 4 of Act X of 1870, to all concerned.

Name of village.	Pergunnah.	District.
Kusba ...	... Habeli ...	... Purneah.

The 30th November 1886.

No. 427.—*Declaration.* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for station purposes of the Eastern Bengal State Railway, in the village of Geuokhali, pergunnah Hijillee, zillah Midnapore, it is hereby declared that for the above purposes a piece of land measuring, more or less, 2 cottahs 11 chittacks of standard measurement, bounded on the north and east by the river Hooghly; south by the Government Irrigation bund; and west by the bazar belonging to the Raja of Mohashadal, is required within the aforesaid village of Geuokhali.

This declaration is made, under the provisions of section 6 of Act X of 1870, to all whom it may concern.

S. T. TREVOR, *Col.*, R.E.,
Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় ১৮৭৮ সালের আবকারী ৭ আইনের ৯ ধারার বিধানমতে এবং রেবিনিউ বোর্ডের অনুমোদনক্রমে যে ভাটীখানায় এদেশীয় রীত্যনুসারে উগ্র শরাব প্রস্তুত করা যাইতে পারে হাজারীবাগ জিলার অন্তর্গত গিরিধিতে এমত এক ভাটীখানা স্থাপিত হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, উক্ত রেবিনিউ বোর্ডের অনুমোদনক্রমে নিম্নলিখিত যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে সেই সীমার মধ্যে ১৮৮৭ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি উক্ত সদর ভাটীখানায় উক্ত শরাব প্রস্তুত করা না গেলে তাহা তথায় আনীত হইবে না কিম্বা কালেক্টর সাহেবের পাস বিনা বিক্রয় করা যাইবে না, এবং উক্ত ভাটীখানাভিন্ন কোন স্থানে কোন ভাটী প্রস্তুত করা বা তাহার কার্য্য চালান কিম্বা তাহাতে উগ্র শরাব প্রস্তুত করা যাইবে না।

উত্তর সীমা।—মহেশমুণ্ডু হইতে কোর্ম্মি তাণ্ড পর্য্যন্ত ও তথা হইতে খাণ্ডয়া পর্য্যন্ত এবং খাণ্ডয়া হইতে মদনপুর দিগওয়ারী স্তম্ভ পর্য্যন্ত টানা সরল রেখা। ঐ ২ স্থান এই সীমায় মধ্যে ধরা গেল।

পশ্চিম সীমা।—মদনপুর হইতে বরাকর ঘাটে হাজারীবাগ পথ পর্য্যন্ত টানা সরল রেখা। ঐ উভয় স্থান এই সীমার মধ্যে ধরা গেল।

দক্ষিণ সীমা।—বরাকর ঘাটের যে স্থানে হাজারীবাগ পথ বরাকর নদী পার হয় সেই স্থান হইতে উক্ত নদীর সহিত তাহার সংযোগ স্থান পর্য্যন্ত ঐ বরাকর নদী। বরাকর ঘাট গ্রাম এই সীমার মধ্যে ধরা গেল।

পূর্ব্ব সীমা।—উক্ত নদীর সহিত বরাকর নদীর সংযোগ স্থান হইতে পাঁচকথি পর্য্যন্ত ও তথা হইতে মহেশমুণ্ডু পর্য্যন্ত টানা সরল রেখা। উপরোক্ত স্থান সকল এই সীমার মধ্যে ধরা গেল।

হাজারীবাগ। সি, এচ, গার্ব্বেট, লেপ্টেনেন্ট কর্ণেল,
১৮৮৬ সাল ২৮ অক্টোবর। ডেপুটী কমিশ্যনর।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

রেলওয়ে বিষয়ক।

১৮৮৬ সাল ২৯ নবেম্বর।

৪২৩ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ আসাম বেহার ষ্টেট রেলওয়ের প্রয়োজনার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া অবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরণিয়া জিলার অন্তর্গত নিম্নলিখিত গ্রামে ৩ রুড ১ পোল পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

গ্রামের নাম।	পরগনা	জিলা।
কশবা ...	হাবেলি	পুরণিয়া।

১৮৮৬ সাল ৩০ নবেম্বর।

৪২৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত হিজিলি পরগনার গেওখালী গ্রামে ইষ্টর্ণ বেঙ্গল ষ্টেট রেলওয়ের ষ্টেশনের জন্য রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্ট কর্ত্তৃক ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত উক্ত গেঁওখালী গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক /২॥৴ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা হুগলী নদী, দক্ষিণ সীমা গবর্ণমেন্টের জল সেচন সম্পর্কীয় বাঁধ, এবং পশ্চিম সীমা মহিষাদলের রাজার বাজার।

ইহাতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

এস, টি, ট্রেবর কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

CIRCULAR AND EASTERN CANALS.

Approximate Return of Traffic for the week ending Saturday, the 27th November 1886 compared with the corresponding week of the previous year.

NATURE OF CARGO.	WEEK ENDING SATURDAY, THE 27TH NOVEMBER 1886.			WEEK ENDING SATURDAY, THE 28TH NOVEMBER 1885.		
	Number of boats.	Weight of cargo.	Tollage.	Number of boats.	Weight of cargo.	Tollage.
	No.	Mds.	Rs.	No.	Mds.	Rs.
Rice and paddy	357	48,440	780	289	28,390	4 2
Jute	209	1,14,305	1,987	167	88,275	1,530
Firewood	177	94,875	1,149	163	70,900	1,092
Other articles	1,062	2,47,580	3,923	1,129	2,15,000	3,570
Total ...	1,805	5,05,200	8,139	1,718	4,03,465	6,624

জলসেচন শাখা।

সরকুলার ও পূর্ব্বদিকের খাল।

১৮৮৬ সালের নবেম্বর মাসের ২৭ তারিখ শনিবারে যে সপ্তাহ শেষ হয় পূর্ব্ব বৎসরের ঐ সপ্তাহের সঙ্গে তুলনা করিয়া সেই সপ্তাহের বাণিজ্য কার্য্যের আনুমানিক রিটর্ণ।

যে প্রকার মাল।	১৮৮৬ সালের নবেম্বর মাসের ২৭ তারিখ শনিবারে যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহে।			১৮৮৫ সালের নবেম্বর মাসের ২৮ তারিখ শনিবারে যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহে।		
	নৌকার সংখ্যা।	মালের ওজন।	মাশুল।	নৌকার সংখ্যা।	মালের ওজন।	মাশুল।
	সংখ্যা।	মণ।	টাকা।	সংখ্যা।	মণ।	টাকা।
চাউল ও ধান্য ...	৩৫৭	৪৮,৪৪০	৭৮০৲	২৮৯	২৮,৩৯০	৪১২৲
পাট ...	২০৯	১,১৪,৩০৫	১,৯৮৭৲	১৬৭	৮৮,২৭৫	১,৫৩০৲
জ্বালানী কাষ্ঠ ...	১৭৭	৯৪,৮৭৫	১,১৪৯৲	১৬৩	৭০,৯০০	১,০৯২৲
অন্যান্য দ্রব্য ...	১০,৬২	২,৪৭,৫৮০	৩,৯২৩৲	১,১২৯	২,১৫,৯০০	৩,৫৭০৲
মোট...	১৮০৫	৫,০৫,২০০	৮,১৩৯৲	১,৭১৮	৪,০৩,৪৬৫	৬,৬২৪৲

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 7, 1886.

মঙ্গলবার, ১৮৮৬ সাল ৭ ডিসেম্বর ।

PART IIA.

Orders by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

The 23rd November 1886.—Whereas a notification, dated the 18th August last, declaring the intention of the Lieutenant-Governor to sanction the imposition, under section 85(*a*), Act III (B.C.) of 1884, by the Commissioners of the Chogda Municipality, in the district of Nuddea, of a tax on persons occupying holdings within the Municipality, according to their circumstances and property within the Municipality, was published at page 246, Part IB of the *Calcutta Gazette* of the 25th idem, and whereas no objection has been raised to the proposed measure, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 85 of the said Act, and in accordance with the recommendation of the Commissioners of the said Municipality made at a meeting, the Lieutenant-Governor sanctions the imposition by the Municipal Commissioners of Chogda of the said tax within the limits of the Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th November 1886.—Whereas a notification, dated the 2nd September last, was published at page 305 of Part IB of the *Calcutta Gazette* of the 8th idem, declaring the Lieutenant-Governor's intention to extend the provisions of the Bengal Vaccination Act V (B.C.) of 1880 to the Purulia Municipality, and whereas no objection has been raised to such extension within six weeks from the date of the publication of the notification within the municipality, it is hereby notified for general information that, in the exercise of the power conferred upon him by section 1 of the Act, the Lieutenant-Governor extends the said Act to the Municipality of Purulia, with effect from the 1st January 1887.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 29th November 1886.—Whereas a notification, dated the 27th March last, declaring the Lieutenant-Governor's intention to extend the provisions of Part VI of Act III (B.C.) of 1884 to the Bazitpore Municipality, in the district of Mymensingh, was published at page 86, Part IB of the *Calcutta Gazette* of the 31st idem, and whereas no objection has been raised to the proposal within one month from the date of the publication of the notification within the Municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the modified recommendation of the Commissioners of the Bazitpore Municipality, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of the provisions of sections 224 to 226, 229 to 233, 235, 249 to 251, 256, 259, 261 and 262 of Part VI of the said Act to the above Municipality.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 29th November 1886.—It is hereby notified for general information that, in the exercise of the power conferred upon him by section 11 of Act IX (B.C.) of 1880, as amended by Act III (B.C.) of 1885, the Lieutenant-Governor is pleased to direct that in the following

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশ।

মুনিসিপল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ২৩ নবেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত চাগদা মুনিসিপালিটীর মধ্যেস্থিত খোতের দখীলকার ব্যক্তিদের অবস্থা ও সম্পত্তানুসারে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৮৫ (ক) ধারামতে তাঁহাদের উপর উক্ত মুনিসিপালিটীর কমিশনরদের দ্বারা টাক্স ধার্য করিবার অনুমতি দেওনার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক গত আগস্ট মাসের ১০ তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ২৫ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ২৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেন্টের প্রতি উক্ত আইনের ৮৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত চাগদা মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের অনুরোধক্রমে তিনি উক্ত কমিশনরদের দ্বারা উক্ত মুনিসিপালিটীর সীমার মধ্যে উক্ত টাক্স ধার্য্য হইবার অনুমতি দিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ২৬ নবেম্বর।—পুরুলিয়া মুনিসিপালিটীতে বঙ্গদেশে গোবীজে টিকাদান বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৫ আইনের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক গত সেপ্টেম্বর মাসের ২ তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৮ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩০৫ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি ছয় সপ্তাহের মধ্যে তৎপ্রচলন সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি উক্ত আইনের ১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করি। তিনি ১৮৮৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখ অবধি উক্ত আইন পুরুলিয়া মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ২৯ নবেম্বর।—ময়মনসিংহ জিলার অন্তর্গত বাজিৎপুর মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ষষ্ঠ পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক গত মার্চ মাসের ১৭ তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৩১ তারিখের কলিকাতা গেজেটের প্রথম ১ B খণ্ডের ৮৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেন্টের প্রতি ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২০১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং উক্ত মুনিসিপালিটীর সভাগত কমিশনরদের পরিবর্ত্তিত অনুরোধক্রমে উক্ত আইনের ষষ্ঠ পরিচ্ছেদের ২২০ অবধি ২২৬ পর্য্যন্ত ও ২২৯ অবধি ২৩৩ পর্য্যন্ত ও ২৩৫ ২৩৯ অবধি ২৫১ পর্য্যন্ত ও ২৬৯, ২৬৯, ২৬১, ও ২৬৩ ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত হইবার আজ্ঞা করিলেন।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৬ সাল ২৯ নবেম্বর। সাধারণের অবগত্যার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮৮৫ সালের বঙ্গীয় ৩ আইন দ্বারা সংশোধিত ১৮৮০ সালের বঙ্গীয় ৯ আইনের ১১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি এই আজ্ঞা করিলেন যে, ১৮৭০ সালের জুলাই মাসের ২ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের ৭৯১ পৃষ্ঠায় প্রকাশিত ঐ

districts the "cess" year shall run from the 1st of April, in lieu of 1st October, the date fixed under Government notification, dated 25th June 1872, published at page 2489 of the *Calcutta Gazette* of the 26th June 1872:—

1. 24-Pergunnahs.
2. Nuddea.
3. Moorshedabad.
4. Jessore.
5. Khoolna.
6. Hooghly.
7. Howrah.
8. Burdwan.
9. Midnapore.
10. Bankoora.
11. Beerbhoom.
12. Dacca.
13. Furreedpore.
14. Rajshahye.
15. Pubna.
16. Patna.

COLMAN MACAULAY,
Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 7th December* 1886.

সালের জুন মাসের ২৫ তারিখের বিজ্ঞাপন ক্রমে কর সম্পর্কীয় বৎসর অক্টোবর মাসের ১ তারিখ অবধি প্রচলিত হইবার যে দিন স্থির করিয়া ছিলেন তৎপরিবর্ত্তে নিম্নলিখিত সকল জিলায় আপ্রিল মাসের ১ তারিখ অবধি প্রচলিত হইবার দিন স্থির করিয়াছেন।

১। ২৪ পরগনা।
২। নদীয়া।
৩। মুরশিদাবাদ।
৪। যশোহর।
৫। খুলনা।
৬। হুগলী।
৭। হাবড়া।
৮। বৰ্দ্ধমান।
৯। মেদিনীপুর।
১০। বাঁকুড়া।
১১। বীরভূম।
১২। ঢাকা।
১৩। ফরীদপুর।
১৪। রাজশাহী।
১৫। পাবনা।
১৬। পাটনা।

কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৬। ৭ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 7, 1886.

মঙ্গলবার, ১৮৮৬ সাল ৭ ডিসেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি

নিলামের ইস্তাহার।—জিলা নোয়াখালি।

এতদ্দারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে নোয়াখালি জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালে গবর্ণমেন্টের মালীকি স্বত্ব নিম্নলিখিত বিক্রয়ের শর্ত্ত অনুসারে নোয়াখালির শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারীতে ১৮৮৭ সনের ১০ জানুয়ারি মোতাবেক বাঙ্গালা ১২৯৩ সালের ২৭ পৌষ সোমবার, তারিখে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক।

ক্রেতাগণ নিম্নলিখিত নিয়মের অধীন হইবেক—

বিক্রয়ের অবস্থা।

১। নির্দ্দিষ্ট মূল্যের উপর অত্যুচ্চ ডাককারি ব্যক্তির নিকট মহাল বিক্রয় হইবেক। এই মহালের ক্রেতাব্যক্তিকে মহালের মালীক বলিয়া গণ্য করা যাইবেক। এবং চিরস্থায়ি রাজস্ব ধার্য্য হইয়া মহালে গবর্ণমেন্টের সম্পূর্ণ মালীকি স্বত্ব তাহার প্রতি অর্শিবেক।

২। বিক্রয়েরদ্বারা প্রচলিত পাট্টা সকল এবং বন্দোবস্ত দ্বারা ও প্রচলিত আইনমতে যে সকল স্বত্ব দেওয়া হইয়াছে তাহা সমুদয় প্রবল থাকিবেক। এবং রেবেনিউ কার্য্যকারকেরপ্রস্তুতি জমাবন্দি যে সকল অধিবাসী প্রজাগণ দস্তখত করিয়াছে ক্রেতা ব্যক্তি তাহাদের স্বত্ব প্রতিপালন করিতে বাধ্য হইবেক।

৩। যদি খরিদের মূল্য ১০০৲ এক শত টাকার অতিরিক্ত না হয় তবে সমুদয় টাকা এককালীন দাখিল করিতে হইবেক।

৪। খরিদের টাকা ১০০৲ এক শতের অধিক হইলে তাহার চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক, খরিদের তারিখাবধি গণনা করিয়া ১৫ দিবসের দিন দুই প্রহরের সময় কিম্বা ঐ দিবস আফিস বন্ধ থাকিলে যেই দিবস আফিস খোলা হয় সেই দিবস (২) দুই প্রহরের সময় বাকী টাকা দাখিল না করিলে ঐ বিক্রী রদ করা যাইবে এবং দাখিলী টাকা সরকারে জব্দ হইবেক এবং ঐ খরিদারের দায়িত্বে মহালপুনরায় প্রথম বিক্রীর ন্যায় ইস্তাহার জারী হইয়া বিক্রয় করা যাইবেক। ১৮৮৬ সন—১৭ সেপ্টেম্বর।

গবর্ণমেন্টের মহালের ষ্টেটমেন্টের নম্বর।	জিলার তৌজির নম্বর।	মহাল ও পরগনার নাম।	একর দ্বারা জমির পরিমাণ	ধার্য্য হওয়া গবর্ণমেন্টের রাজস্ব।	সরকারি ডাক।	খরিদের মূল্য।
৩০৪	১৫৮৫	পরগনে জিল্ল সন্দ্বীপ জিম্মে রামভদ্র চক্র।	এ: রু: পুঃ ০ ১ ৩০	১৲	২৲	...

R. M. WALLER, *Collector.*

জিলা রাজসাহী।

বাকী খাজনার জ্ঞাপনপত্রের পাঠ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা রাজসাহির মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল ১৮৮৬ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টর অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৮৬ সালের ২৯ ডিসেম্বর মোতাবেক সন ১২৯৩ সালের ১৫ পৌষ বুধবার তারিখে ঐ জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলাম ধরা যাইবে।

তপসীল।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকদের নাম।	অংশ বিক্রয় হইলে তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার যত বাকী।	অংশ বিক্রয় হইলে তাহার যত বাকী।
৩০৯	কুসলপুর পং খাদিম।	৫০৬ ৸৶	সম্পূর্ণ মহাল।	০	বৃন্দাবন বিহারি মজুমদার।	০	১৪০৸৴	০

C. R. MARRIOTT,
Covtd. Dy. Collector in charge.

জিলা বীরভূম।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৭ ধারা অনুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা বীরভূমের অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের অংশ সকল উক্ত জেলার কালেক্টর সাহেবের আপিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবি ১৮৮৬ সালের সেপ্টেম্বর মাসের ২৮ তারিখ দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৮৭ সালের ১০ জানুয়ারি মোঃ ১২৯৩। ২৭ পৌষ তারিখে নেলাম হইবে ইতি সন ১৮৮৬ সাল ৩০ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহালের ও পরগনার নাম।	সম্পূর্ণ মহালের সদর জমা।	সম্পূর্ণ মহাল নিলাম হইবে কি না।	অংশ বিক্রয় হইলে সেই অংশ বা অংশ সকলের বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকদের নাম।	অংশ বিক্রয় হইলে তাহার জমা।	সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার যত বাকী।	অংশ বিক্রয় হইলে তার বাকী।
৬২ নং	চুর্থী পঃ স্বরূপসিংহ	৮০৭৷৵০	সম্পূর্ণ	...	কৈলাসনাথ মুখোপাধ্যায়	...	৫২৲	...
১০৩ নং	থয়া পঃ খটঙ্গা	১৩৮৩৶০	ঐ	...	রাজেন্দ্রনারায়ণ ধর দিগর।	...	৪৯৷৵৬	..
১০৫ নং	কুলোড়া পঃ খটঙ্গা	১৪৭৫৷৶০	ঐ	...	ভগবানচন্দ্র সেন দিগর।	...	৭১৶০	...
১৬১ নং	ঠিকা পঃ কুতবপুর	৯০৭৷০	ঐ	...	কৃষ্ণামণী দাস্যা গোপীনাথ মুখোপাধ্যায় দিঃ	...	১৬৸৶	...
১৭৪ নং	বারাণশীবাটী পঃ স্বরূপ সিংহ	৭১৪৷৶০	ঐ	...	গণেশচন্দ্র সেন দিঃ।	...	১৷০	...
২১৭ নং	হেতিয়া পঃ ফতেপুর	৫৮০৷৵০	ঐ	...	উমেশচন্দ্র রায় ওরফে বঙ্কবিহারি রায় দিগর।	...	২৲	..

Beerbhoom Collectorate,

W. FIDDIAN, *Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৬। ৭ ডিসেম্বর।]

জেলা হুগলী।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলি।

সন ১৮৮৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সবলকে জানান যাইতেছে যে জেলা হুগলির অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের অংশ সন ১৮৮৬ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবী বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত সন ১৮৮৬ সালের ২০ ডিসেম্বর মোতাবেক বাঙ্গালা ১২৯৩ সালের ৬ পৌষ সোমবার দিবসে হুগলির কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৬। ২৯ অক্টোবর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল এবং পরগনার নাম।	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবে কি না।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকী রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
১০	রাধাকান্তবাটী পং পাণ্ডুয়া।	৬২৪৷৴১১	০	পৃথক হিসাবের সকল জামগ্রাম দিগরের ৬২৮১৷ বিঘা জমি যাহার জমা ২৭৷৷ টাকা তদ্বাদে বাকী অংশ নিলাম হইবেক।	শ্রীহরি নন্দী দিগর ...	৫২৭৷৴১১	০	১৮৮৶০
১১	জালালপুর পং পাণ্ডুয়া	৭০৭৷৶২	০	পৃথক হিসাব হওয়া অংশ বাদে রকম ৷/১৭৷= ৶ আনা।	হাবেদল হক দিগর ...	২৫৭৷৶২	০	৩৷৶০
৩৭	জয়দররামপুর পং চৌমুহা	৪৪৮৩৮৷৶৪	০	পৃথক হিসাব হওয়া অংশ বাদে মোট মহালের মধ্যে রামকৃষ্ণপুর মৌজার ষোল আনা বাকী ও মৌজা সকলের রকম ৶৪ আনা।	পরেশচন্দ্র মুখোপাধ্যায় দিগর স্বয়ং ও গার্জেন অলি অছি নাবালগ ভ্রাতা প্রবলচন্দ্র মুখোপাধ্যায় দিগর।	১৪৬৫৮৶৪	০	৯৷৶৬
২৯	মাখালডিহি পং পাণ্ডুয়া	৭২২৮৶১	০	পৃথক হিসাব বাদে রকম ৷৶১০৷৷ আনা ...	সৈয়দ আবল মজফর দিগর ...	২৯৬৮/১	০	২৮৶০

৯৫	মদ্দিন গ্রাম পং পাণ্ডুয়া	১১৭৫।/০	০	পৃথক হিসাব বাদে রকম।১৬ আনা …	গঙ্গামণী দেবী দিগর …	৫৭২॥৵৹	০	৩০/৬
১১৭	রাজহাট পং খোষালপুর	৭২৬৬৩	০	হরচন্দ্র বন্দ্যোপাধ্যায় দিগরের অংশের পৃথক হিসাবের জমি ও মৌজার অংশ যাহার জমা ৪৬০।/০ টাকা তন্মধ্যে বাকী অংশ।	জীবনকৃষ্ণ গোস্বামী দিগর …	২৬৫॥৵১	০	৩৯।০
১২৬	সিলামপুর কিসমত ডুমুরদহ দিগর পং সিলামপুর।	২১০৮॥৯	০	বিমলা দেবী দিগরের পৃথক হিসাবের সকল মৌজার অংশ যাহার জমা ৯৩৭৮০ টাকা তন্মধ্যে বাকী অংশ।	পার্ব্বতীচরণ রায় দিগর …	১১৭০৩৯	০	২০॥০
১৩৯	রায়পুর ও কৃষ্ণপুর পং আর্শা।	৫২৮॥/১	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবেক।	০	কালীপ্রসন্ন ঘোষ …	০	১৮৩১/৪	০
১৫১	মল্লীকহাটী পং বোর …	২৯৬৮৫৮	০	রকম ৸০ আনা পৃথক হিসাব হয় নাই …	এঃ বিঃ মিলর সাহেব রিশীবর হাই কোর্ট ষ্টেট ৺ রামচন্দ্র দে তস্য ওয়ারিষ, হরিশ্চন্দ্র দে দিগর।	২২২৬৬৮	০	২০৮।৶৭
				রকম ।০ আনা পৃথক হিসাব হইয়াছে …	রাধিকাপ্রসাদ গোস্বামী দিগর	৭৪২৲	০	১১১॥৶৬
১২৯	চাতরা বাদে ২ বোর…	৭৪০॥/৫	০	বামাসুন্দরী দেবী দিগরের পৃথক হিসাবের সকল মৌজার অংশ যাহার জমা ৫৩০৲ টাকা তন্মধ্যে বাকী অংশ।	এঃ বিঃ মিলার সাহেব রিশীবর হাই কোর্ট ষ্টেট ৺ রামচন্দ্র দে তস্য ওয়ারিষ হরিশ্চন্দ্র দে দিগর।	২৩০১/৫	০	৯॥০

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
তৌজির নম্বর।	মহাল এবং পরগনার নাম।	সমুদয় ষ্টেটের সদর জমা।	সমুদয় ষ্টেট বিক্রয় হইবে কি না।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ।	যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা।	যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তাহা হইলে তাহার বাকি রাজস্ব।	যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব।
১৭৯	বড়ামনিরামপুর পং বোর	৫৭৮॥/০	০	বড়ামনিরামপুর ওরফে কৃষ্ণবাটী ও কমলাপুর ও বহরমপুর যাহাকে ব্রহ্মপুর কহে ও পহলানপুর ও খলিসানি ও নন্দনবাটী ও সিলিম্পী এই কএক মৌজায় রকম /০ আনা নৈর্ঠা ও চিকরপুর রকম /৩॥৬ তিল ইহার পৃথক হিসাব হইয়াছে।	সুখময়ী দাসী ...	২৯।০	০	১১৯
১৯১	হরিপুর আয়মা পং চৌমুহা।	৮৬১৵২	০	মহিশ টিকুরি মৌজায় ৩৪১/০ বিঘা জমির জমা ১২৩/০ টাকা বাদে বাকী অংশ।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর	৭২৮৶২	০	১৪॥৶৪
২০৯২	কৃষ্ণবাটী ছেড়াচর পং রায়পুর।	৮৯৯॥০	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবেক।	০	শ্রীশ্রী৺ বৃন্দাবনচন্দ্র ঠাকুরের সেবাইত জ্ঞানানন্দ আশ্রম।	০	২২৫৯	০
৩৫৪১	খরসরাই পং বোর ...	১১১১॥৶৬	০	পৃথক হিসাবের অংশ বাদে রকম ॥০ আনা।	রামদয়াল বন্দ্যোপাধ্যায় ...	৬৫৫৸/৩	০	১৬২॥০
৩৮৭৩	মল্লীকপুর পং সিংহুর...	৮১৩৬॥২	সম্পূর্ণ মহাল বিক্রয় হইবেক।	০	মথুরানাথ বাবু দিগর ...	০	৮২১/০	০
৩৯৯৩	হাওড়াচর পং বোর ...	৭২৬।৮।	০	পৃথক হিসাবের অংশ বাদে রকম ।/১০ আনা।	সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর	২৪৯।।/৮।	০	১১৸/৬

G. TOYNBEE, *Collector.*

জেলা মুরশিদাবাদ ।

জমিদারী বিক্রয়ের ইস্তাহার ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মহাল সকল সন ১৮৮৬ সালের লাগাদ সেপ্টেম্বরের বাকী রাজস্ব আদায় জন্য সন ১৮৮৬ সালের ৮ ডিসেম্বর মোতাবেক সন ১২৯৩ সালের ২৩ অগ্রহায়ণ বুধবার জেলা মুরশিদাবাদের কালেক্টরী কাছারিতে প্রকাশ্য নীলামে বিক্রয় হইবেক। সন ১৮৮৬ সাল ১ নবেম্বর ।

শ্রেণীর নম্বর।	মহালের প্রকার।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	বাকী	কৈফিয়ত।
১	প্রথম শ্রেণীর মহাল।	৪০৩	কিং মৌজে রাজবাড়ি পং বিহড়োল।	বৃন্দাবনবেহারি দেবঠাকুর সেবাইত কুমার কক্মিণীবল্লভ রায় …	২৩৭৩।/৭	৩৭৭॥/৭	সমুদয় মহাল বিক্রয় হইবেক।
